সুমাজ-চিন্তা।

অথবা

ইয়োরোপীয় এবং স্বদেশীয় সমাজ-বিষয়ক প্রস্তাব

গ্রীপূর্ণচন্দ্র বস্থ প্রণীত।

শ্রীমহেন্দ্রনাথ রায় কর্তৃক প্রকাশিত।

"Liberty, Equality, and Love."

প্রথম সংস্করণ।

কলিকাতা।

দর্জিপাড়া, ১০ নং রামনারায়ণ ভট্টাচার্য্যের লেন, গ্রেট্ইডিন্ প্রেসে শ্রীগোপালচন্দ্র চক্রবর্ত্তী দারা মন্তিত




বিজ্ঞাপন।

স্বাধীনতার বিস্তারিত ক্ষেত্রে দাঁডাইয়া আমি মানবসমাজের প্রতি অবলোকন করি-য়াছি। সেই দৃষ্টিতে স্বদেশীয় ও ইয়োরোপীয় সমাজ যেরূপ প্রতীয়মান হইয়াছে, তাহারই ছবি এই গ্রন্থে প্রদর্শিত হইগ্রাছে। ইয়ো-রোপীয় সমাজের বর্ত্তমান উন্নতি ও সভাতার কারণ পর্যালোচনা করিয়া এতীত হইয়াছে বে, মানবপ্রকৃতির স্বাধীনতাই সেই উন্নতি ও সভ্যতার শ্রীর্হ্নির আদি কারণ। ইয়ো-রোপীয় সত্যভার রহৎ দশ্য-পটের অভ্যন্তরে আমি এই স্বাধীনতা-দেবীকে স্বদেশীসুরাগ ও বজাতিপ্রেমের মধ্যে জাজ্ল্যমাম দেখি-য়াছি। এসিয়াস্থ দেশ সমূহের প্রাচ্য সভ্য-তার সহিত ইয়োরোপীয় সভ্যতার বিভিন্ন-তারও কারণ এই স্বাধীনতা। বাস্তবিক. স্বাধীনতাতেই যে মানবপ্রকৃতির ও মানব-সমাজের ফুর্ত্তি এবং উন্নতিসাধন হয় এই আমার স্থির সিদ্ধান্ত। এই সিদ্ধান্ত অবলম্বন করিয়া, মানব-সমাজে সেই স্বাধীনতার ভাষ কতদূর বিদ্যমান আছে, তাহা পরীক্ষা করিঁতে ' প্রবৃত হইয়াছি। প্রীক্ষায় দেখিয়াছি, ইয়ো-

রোপীয় সমাজের মূলভিত্তি ক্রিক এই স্বাধী-নতার উপর স্থাপিত ু প্রবং শুপাচ্য সমাজের মূলভিত্তিতে ইহার বিলক্ষণ অসদ্ভাব। ভারত বর্ষীয় সমাজের এখন পরিবর্ত্তন কাল। এই কালে সমাজকে স্বাধীনতার উপর স্থাপিত করা একান্ত কর্ত্তব্য। সেই কর্ত্তব্যতা সাধারণ জনগণের মনে প্রতীত করিয়া দিবার জন্ম আমি এই পুস্তক প্রকাশে প্রবৃত্ত হইয়াছি। আমার মত যদি ভ্রান্ত হয়, আমার ভ্রান্তি প্রদর্শিত হইলে স্থাপনাকে উপকৃত জ্ঞান করিব। শুদ্ধ আমার উপকার কেন, আমার মতার্থলন্ত্রী সকল লোকেরই উপকার হইবে। আর আমার মত যদি অভ্রান্ত হয়, লোকে তাহা গ্রহণ করিয়া তদসুসারে কার্য্যপথ অবলম্বন করিলে, কুতার্থ হইব।

আয্যদর্শনে প্রকাশিত আমার কতিপর প্রবন্ধ একত্রিত, সম্বর্দ্ধিত, ও একভাব-সূত্রে সম্বন্ধ করিয়া এই গ্রন্থ প্রস্তুত করিয়াছি। স্তরাং সেই প্রবন্ধ সমূহ এক নৃতন আকার ধারণ করিয়াছে। আমার অনুমান, পাঠক-গণেরও নিকট তাহারা এক অপূর্ব্ব নৃতনভাবে প্রতীত হইতে পারিবে।

সমাজ-চিন্তা।



প্রথম পরিচ্ছেদ



প্রথম চিস্তা—সামাজিক ভাব।

আমরা বিদেশীয় ইংরাজগণকে স্বদেশ দিয়াছি সত্য,
কিন্তু তিনিময়ে যাহা লাভ করিতেছি, তাহা অম্লা
ধন। আজি ইংরাজগণ অল্ল স্বার্থসিন্ধির বিনিময়ে যে
ধন বিতরণ করিতেছেন, সেই ধনে ভারতবর্ধ যবে ধনী
হইবে, তথন ভারতের অদৃষ্ট ফিরিয়া যাইবে। ভারত
নবজীবনে চিরদিনের জন্য আবার জাগরিত হইয়া
উঠিবে। মৃতসঞ্জীবনী বিদ্যা ঘারা ইংরাজগণ ভারতের
মৃতদেহে অল্লে অল্লে চৈতন্য সঞ্চার করিতেছেন।
অসাড় ভারত এক এক বার কাঁপিয়া উঠিতেছে। বাত

শত বর্ষ ধরিয়া দিপের রাজত্ব দূ আমাদিগের আন্তরিক বাদনা, এই

স্থসভা রোম একদা অসভা ইয়োরোপে আপন আধিপত্য বিস্তার করিয়াছিল, তাহাতে রোমের লাভ অতি অন্নই হইয়াছিল; বরং রোমের ধ্বংসের তাহাই অন্যতম কারণ। কিন্ত অস্ভা ইয়োরোপ রোমের কাছে যাহা লাভ করিয়াছিল, তাহারই জন্য ইয়োরোপ আজি দীড়াইয়া আছে; আজি ইয়োরোপ পৃথিবীর গৌরব-ভূমি। এক রোমের ধাংস হইয়াছে, ইয়োরোপে শত শত রোম উত্থিত হইয়াছে। রোম ত বিধ্বস্ত হয় নাই, রোম স্থান ও মূর্ত্তি পরিবর্ত্ত করিয়া ইয়োরোপের প্রতি বিঘার নবজীবনে সমুখিত হইয়াছে। আজি রোমজাতীয় প্লিবিয়-त्नत ভाব ইয়োরোপীয় সামানা জনগণের হৃদয়ায়ি: পেটি সিয়ানের ভাব ইয়োরোপীয় উচ্চ বংশধরগণের গৌরব, ও ফ্রদয়ের প্রধান সম্পত্তি। রোমের স্বদেশ ও স্বজাতি-অমুরাগ ইয়োরোপীয়গণের বিশেষ ধর্ম ও বল। এই সমস্ত ভাব গ্রীদ রোমকে শিক্ষা দিয়াছে, রোম সমগ্র ইয়োরোপমণ্ডলে তাহা শিক্ষা দিয়াছে। শুধু শিক্ষা নয়, ইয়োরোপের অস্তরে অস্তরে তাহা প্রবিষ্ট করিয়া দিয়াছে। ইয়োরোপ এই অগ্নিতে আজি এত তেজমী যে, মে ভেজ সমস্ত পৃথিবীতেও ধারণা হয় না। সে অথি সং-ক্রামক: তাহার উষ্ণতা ও তাপ ইয়োরোপীয়গণের সঙ্গে লক্ষে পৃথিবীময় বিস্তার হইতেছে।

রোম রাজনৈতিক প্রভুত্ব হারাইরা প্রতিত হইল। কিন্ত যে রোম একবার পৃথিবীতে রাজত্ব করিয়াছে, সে রোম দহসা পতিত হইয়া থাকিবার নহে। রোম অন্যবিধ প্রভুত্ব স্থাপনের চেষ্টা করিল; পৃথিবীতে ধর্ম-রাজ্য ও শাসন স্থাপন করিল। ইয়োরোপ রোমের নিকট নত-শির হইয়া আবার প্রণাম করিল। প্রণত ইয়োরোপের শীর্ষদেশ রোম আবার পদ-দলিত করিল। রোম এই প্রভূত্বের গৌরবে উন্নত হইয়া উঠিল। উন্মন্ত ধর্ম্ম্য-রোমের শির টলিল। তাহার বৃদ্ধি বিবেচনা রহিত শাগিল। ধর্ম্ম্য-রোম জানিত না যে, তদীয় পূর্ব্বপুরুষ রাজনৈতিক রোম যে অগ্নি ইয়োরোপময় সঞ্চারিত করিয়া দিয়াছে, তাহাতে ইয়োরোপ এত তেজখী ও পরিপুষ্ট হইয়াছে যে, তাহার পরাক্রম আজি প্রতিরোধ कतिएक जाहात कम्या नाहै। त्यथात हैत्यादतान রোমের বিরুদ্ধে দাঁড়াইল, রোম অমনি তথা হইতে পরাস্ত रहेशा প्लारेशा आमिल; कानिल, त्य त्रुक श्राहीन त्याम হারাইয়াছে, সেই তেজ আজি ইয়োরোপের বল ও হুর্গ। তাহার সম্বথে দাড়ায় কাহার সাধ্য ?

ইয়োরোপ রোমের আইন ও ব্যবস্থা পাইয়াছিল; রোমের নিকট স্বদেশাসুরাগ ও স্বজাতি-প্রেম শিক্ষা করিয়া-ছিল। রোমের ব্যবস্থায় ন্যায়, অন্যায়, প্রতি লোকের স্বস্থ ও অধিকার তন্ন তন্ন করিয়া শিক্ষা করিয়াছিল। প্রিবিয়নদিগের যে তেজ ও স্বাধীনতার প্রতি অসুরাগ্য,

তাহা সংক্রামিত হইরা ইরোরোপমর বিভারিত হইয়া-ছিল। সেই তেজ ও অকুরাগ ক্রমশঃ সামান্য জনগণের मधा পরিপুষ্ট হইতে লাগিল। ইরোরোপীয়গণ আপন আপন স্বত্ব ও অধিকার এত তন্ন তন্ন বুঝিত, স্বাধীনতার প্রতি তাহাদিগের অমুরাগ এত প্রবল ছিল যে, তাহারা তাহাতেই চালিত হইয়া সকল অত্যাচার ও অন্যায় বাব-হারের প্রতিবিক্তকে দাঁড়াইত। একদা তাহারই বলে রোমের ধর্ম্মা-রাজ্যের বিরুদ্ধে উভিত হইল-প্রটেষ্টাণ্ট ধর্মের স্পষ্ট করিল; এই ধর্মের নব উৎসাহে উৎসাহিত হইয়া শত শত ধর্ম্ম্য-মঠ ধরাশায়ী করিল। হাজার হাজার উদাসীন লোক ধর্ম্মা-মঠের অন্ধকার হইতে উন্মক্ত হইয়া পার্থিব কার্য্যক্ষেত্র হস্তক্ষেপ করিল। ইহাতে ইয়োরোপের যে শুভফল ঘটিয়াছে, তাহা সমৃদ্ধ ইংলও অতি স্পষ্টিরূপে পরিচয় দেয়। আজি ইংলত্তের জনগণ স্বদেশকে স্বর্গতুল্য করিয়াছে। তাহাদিগের পরিশ্রমবলেদেশ স্বর্ণময় হইয়াছে। এইক স্থা ইংলও পরিপূর্ণ হইয়াছে।

ইংলগু আজি ভারতের শিক্ষা গুরু! ইংলগু ভারতকে বে বিদ্যা ও শিক্ষা দান করিতেছে, ভারত সে শিক্ষা কুত্রাপি পাইত না। মুসলমানগণ ভারতকে সে শিক্ষা দিতে পারে নাই, ভারতীয় ইতিহাসে, ভারতীয় সাহিত্যে সে শিক্ষা নাই। ইংরাজগণ যদি ভারতকে আপন বিদ্যাদান না করিত, আজি ভারত পূর্কের ন্যায় অনভিজ্ঞা পাকিত। ইংরাজগণ হইতে আমরা এই চারিট প্রধান ও নৃতন ভাব দাভ করিয়াছি।

- ১। ঐহিক স্থাপের প্রতি অমুরাগ।
- ২। সাধীনতার প্রতি অমুরাগ।
- ৩। স্বদেশের প্রতি অমুরাগ।
- 8। স্বজাতির প্রতি অমুারগ।

১। শঙ্করাচার্য্যের ঔদাসীনা বোধ হয় ভারতের যত অনিষ্ট সাধন করিয়াছে, এত দুর কিছুতেই করে নাই। সংসারের প্রতি বৈরাগ্য ভারতীয় সকল ধর্মের উপদেশ। শাংসারিক স্থথ তৃচ্ছ করিয়া প্রমার্থ-চিন্তা ও অমুধাবন করাই ভারতের সর্লপ্রধান ধন্মনীতি। এই ধর্মানীতি দারা পরিচালিত হইয়া ভারতবাসিগণ চিরকাল সংসার-কার্য্য ও ঐহিক স্থাথের প্রতি ওদাসীন্য প্রকাশ করিয়াছেন। ভারতবাদিগণ চিরদিন ভাবিয়াছেন, তাঁহারা পৃথিবীতে পৃথিবীর জন্য আদেন নাই, কিন্তু ঈশ্বরের জন্য আদিরাছেন। পৃথিবী উৎসন্ন যাউক, তাহাতে তাঁহা-দিগের ক্ষতি নাই, কিন্তু কিছুতেই ঈশ্বরচিস্তায় না ব্যাঘাত ঘটে, এইমাত্র আবশ্যক। সংসার, সমাজ, স্বদেশ তাঁহাদিগের চিন্তার কথন প্রবিষ্ট হয় নাই। তাহারা ঈশ্বর ঈশ্বর করিয়া চির্দিন লালায়িত হইয়াছেন। (मर्भंत প্রতি চাহেন নাই, সমাজের প্রতি চাহেন নাই, এমত কি, আপনার শরীরের প্রতিও চাহেন নাই। श्वामि विन ना, प्रकल ভाরতবাসীই বৈরাগ্যাবলম্বন করিয়া मन्नामी इहेग्राट्मन। आमि এই विनय हाहि, य ভারতবাদী সাধারণ-লোকের অহুরাগ বৈরাগ্যের দিকে যত ছিল, সংসারের প্রতি তত ছিল না। তাঁহারা সংসাব

অপেকা সংসারের প্রতি ওদাসীগ্রকে উচ্চতর জ্ঞান कतिएक। छाँशामिर्गत मत्नत गणि छेमामोत्नात मिरक যত ধাবিত হইত, সংসারের দিকে তত ধাবিত হইত না। সাংসারিক স্থুথ অতি নীচ বিষয় বলিয়া তাহা অমুধাবনে তত যত্ন করিতেন না। সাংসারিক স্থুপ হয় হউক, না হয় নাই হউক, এ**ই** রূপ ভাবিয়া সংসারধর্ম সম্পর করিতেন। সাংসারিক স্থপসমৃদ্ধি বৃদ্ধি করা, তজ্জন্য অর্থ ব্যয় ও পরিশ্রম করা তাঁহানিগের মতে অতি (श्रुखान हिल। याराजा (करल मःमात लहेशा राख, তাঁহাদিগের মতে তাহারা অতি নীচ ও অপদার্থ লোক। ভারতীয় সভাতার প্রবণতা এই ছিল। ধর্মামুষ্ঠান ও **ঈশ্বরামু**রাগই ভারতীয় সভ্যতার প্রধান চিহ্ন। ভারতীয় সভাতা সাংসারিক স্থাথে ব্যস্ত ছিল না। ব্রাহ্মণজাতি ভারতীয় সভাতার প্রধান জাতি। বৈশ্য ও ব্যবসায়ী শাতি তৃতীয় শ্রেণীভুক্ত। পরিশ্রম, ব্যবসা, বাণিজ্যকে ভারতীয় সভ্যতা অতি হেয়জ্ঞান করিয়াছে। ইহা কথন ष्पर्धित काना लालू १ रम नारे। ताका, धन, मण्यिक रेशत विषयीकृष्ठ नट्ट। '८ए विन्ता देश जात्नाहना করিয়াছে, তাহা পরমার্থ-বিদ্যা ও মোক্ষধর্ম। ভারতের ইতিহাসে মোক্ষধর্ম, দর্শনে মোক্ষধর্ম, পুরাণে মোক্ষধর্ম। পুরাণই তাহার প্রধান সাহিত্য। দেবালয়ে তাহার শিল্প চাতৃষ্য প্রদর্শিত হইত। পারমার্থিক ব্যয়ই ধনের সন্ধার। ইতর জাতির অনুষ্ঠান উচ্চ জাতির অবলম্বনীয় নছে। সংসার-ধর্ম্মের প্রয়োজনীয় বিষয় প্রস্তুত, নির্মাণ

ও অবলম্বন করিয়া থাকা ইতর জাতির কার্য। স্লেচ্ছ রীতি-নীতি অবলম্বনীয় নহে। স্লেচ্ছজাতি অস্পৃা। সিদ্ধ নদী পার হইলে জাতিন্রপ্ত হইতে হইত। যে দেশে একপ সভাতা প্রচারিত, সে দেশের কি কথন উন্নতি হর? উন্নতির সকল পথে ভারতীয় সভ্যতা কণ্টকার্পণ করিয়াছিল। স্কুতরাং ভারতীয় সভ্যতা কথন উন্নত হয় নাই। তাহাতে উন্নত ভাব প্রবিষ্ট হইতে পারে নাই। তাহার গতি এক দিকেই ছিল। একদেশ মধ্যে আবদ্ধ থাকাতে, আর কোন বিদেশীয় ভাব প্রবিষ্ট হইতে পারে নাই। ধর্ম হইতে তাহা উথিত হইয়াছে, চিরকাল ধর্ম ধর্ম করিয়াই তাহা ব্যস্ত ছিল। ইজিপ্ত, ফিনিসিয়, গ্রীসীয় সভ্যতার পত্তন-ভূমি সতন্ত্র স্বতন্ত্র ছিল বলিয়া যেমন তাহা স্বতন্ত্র দিকে ধাবিত হইয়াছিল, ভারতীয় সভ্যতার মূল তেমনি ধর্মশান্ত্র হওয়াতে, চিরকাল তাহা ধর্ম ধর্ম করিয়াই পাগল হইয়াছে।

আধুনিক ইয়োরোপীয় সভ্যতার প্রবণতা অন্তর্মপ।
সাংসারিক স্থথ-সমৃদ্ধি বৃদ্ধি করাই এই সভ্যতার লক্ষ্য।
ইহা মানব-মনের স্থথ-প্রবৃত্তির ক্ষুর্তি রোধ করিয়া তাহা
তক্ষ করিতে চাহেনা, কিন্তু নেই স্থথ-প্রবৃত্তির সম্পূর্ণ
ক্ষুর্তি নাধন করিতে চাহে। পরলোকের অদৃশ্য, ও
কাল্পনিক স্থর্গের দিকে ইহার লক্ষ্য নহে, ইহলোককেই
স্বর্গতুল্য করা ইহার উদ্দেশ্য। ধর্মশাস্ত্র ও ধর্ম্মচিস্তা
ইহার সাধন নহে; প্রকৃত ধর্মাস্ক্রান, পরিশ্রম, যত্ত্ব,
ব্যবসা, শিল্প, বাণিজ্য, উল্লতি-চিস্তা, দেশ-পর্যাটন, বহু-

দর্শন, চিন্তা, কল, কৌশল প্রভৃতি ইহার অসংখ্য সাধন। স্থভোগ, সমৃদ্ধি, উন্নতি, প্রভৃতি ইহার বিষয়। এ मजाजां अ नितीर्थत नरह। তবে ইহার ঈर्धत বনের ঈर्धत नटर, योर्गत क्रेश्वंत नटर, कल्लनात क्रेश्वंत नटर, धार्रात्व ঈশ্বর নহে। ইথার ঈশ্বর সংসার-ধর্মের ঈশ্বর, লোক-धर्मात नेभत, ममाक-धर्मात नेभत, ताज-धर्मात नेभत, ७ কার্য্যের ঈশর। চীরপরিধান করিয়া অসাড় হইয়া থাকিলে ইহার যোগদাধন হয় ন।। কিন্ত চীরপরিধান করিয়া কেবল কার্যা করিলে ইহার যোগদাধন হয়। मानव-প্রকৃতিকে निপীড়ন, শাসন, নিজ্জীব, ও বিশুষ করিয়া তাহাকে অধীন করা ইহার সাধনা নহে, কিন্তু মানব-প্রকৃতির সম্যক উন্নতি ও জার্ত্তি সাধন করিয়া তাহার প্রকৃত স্বাধীনতা দেওয়াই ইহার প্রধান সাধনা। ইহার দেবালয় বৃহৎ বৃহৎ কার্য্যালয়, বৃহৎ বৃহৎ অর্ণব্যান ও সমুদায় বিদেশ। ধর্ম ইহার পত্তনভূমি নহে, কিন্তু ইহার পার্শ-স্তন্ত। সংসারী হইয়া সন্ন্যাসী হও, এই ইহার আদেশ ও ধর্মনীতি। ইহার ধর্মনীতি কহে, যদি উদাসীন হইতে চাও, তবে সমাজের হিতের জন্য, স্বদেশের হিতের षना, विमात छन्नित जना, धकना छनामीना अवलयन কর। বিজ্ঞান, শিল্প, ইতিহাস, অর্থতত্ত প্রভৃতি এ সভ্যতার বিদ্যা ও ধর্মশাস্ত্র। লৌহবর্ম ও সমুদ্র ইহার বাহন। তাড়িত তার ইহার দূত। ইহার যোগিগণ দেশবিদেশে যাইয়া উন্নতির পথ পরিষ্কার করিতেছে। ইহার ঋষিগণ সংসারাশ্রমে বসিয়া জ্ঞানের উন্নতি সাধন

ও চিন্তার পথ প্রদারিত করিতেছে। এ সভ্যতা বে দেশে যায় সে দেশ হাসিতে থাকে। ইয়োরোপ হইতে আমেরিকার গিয়া ইহা আমেরিকাকে হাসাইয়াছে। আমেরিকার মৃত্তিকায় স্বর্ণ ফলিয়াছে। তাহার চির-তুষারারত দেশ সমূহে উন্নতির পতাকা রোপিত হইয়াছে।

এই সভাতার প্রধান বাহক ইংরাজগণ। ইংরাজগণ ইহাকে পৃথিবীর সর্বদেশে লইয়া যাইকেছেন। যেখানে তাহাদিগের অভ্যাদয় ও রাজত্ব, সেইখানেই ইয়োরোপীয় সভাতার হাস্যুময় বদন-বিকাশ। আমরা তাহাদিগের নিকটেই এই সভাতার নবভাব দেথিয়া চমৎক্বত হই-য়াছি। এতদেশীয় প্রাচীন সভ্যতার সহিত ইহার তুলনা করিয়াছি। তুলনা করিয়া ইহাকে শুদ্ধ শ্রেষ্ঠত্ব দিই নাই, ইহাকে আদরের সহিত অবলম্বন করিতে উদ্যত হইয়াছি। ইহা আমাদিগের চকু: ফুটাইয়া দিয়াছে। আমাদিগের দৃষ্টি এক নৃতন বিষয়ে নিয়োজিত করিয়াছে। এথন ঐহিক স্থথ ও উন্নতির প্রতি আমাদিগের দৃষ্টি পড়িয়াছে। এখন বুঝিয়াছি, সংসারকে পরিত্যাগ করা ধর্ম নহে, কিন্তু মহাপাতক। সংসারের কার্য্য করাই প্রধান ধর্ম, যোগ, ধ্যান ও জ্ঞান। যদি উদাধীন হইতে চাও তবে সংসারের কার্য্য করিবার জন্য উদাদীন হও। সংসারের কর্ত্তব্য माधन कतिरलई के चरतत उभागना, धान ७ मरस्राय इत। তিজ্ঞিল অন্য বোগ নাই, অন্য ঈশ্বর-দাধনা নাই। সংসার विष्ठित क्षेत्रंत नारे, मःमात्रक छाान कतिरलं कथन **ঈশরকে প্রাপ্ত হও**য়া যায় না। সংসার-ধামেই মানব দেব- ভাব প্রাপ্ত হয়; মানবের সর্ক্ষবিধ উন্নতি সাধিত হয়,
তাহার সকল উৎকৃষ্ট গুণের ক্ষর্ত্তি হয়। যিনি ঐহিক
ক্ষপ্রের বৃদ্ধি করিতে পারেন, তিনিই পারলোকিক ক্ষপ্রের
ভাগী হন; তিনিই যথার্থ পুণ্যবান, তাঁহারই জীবন
পবিত্র। যিনি ঐহিক ক্ষথ ত্যাগ করেন তিনি উভর
ক্ষপ্রেই বঞ্চিত হন। যে মানব পৃথিবীর অলঙ্কার ও শোভা,
যিনি পৃথিবীকে ক্ষর্গভূল্য করিবেন, নানা শোভায়
শোভিত করিবেন, নানা ক্ষপে পরিপূর্ণ করিবেন, তিনি
পৃথিবীর প্রতি উদাদীন থাকিলে পৃথিবীর ভাগ্য যে অতি
শোচনীয় হইবে তাহার আর সংশ্য কি?

২। এদেশে সাধীনতার ভাব যে কথন বিদ্যমান ছিল এমত বোধ হয় না। যে দেশ চিরকাল ভূপতির অলজ্যনীয় প্রভূশক্তির অধীন, যে দেশে রাজাই সর্ব্বেদর্শা প্রভূ, যে দেশে রাজা পৃথিবীতে দেবতা-স্বরূপ, যাঁহার বিক্ষাচরণ স্বপ্নেও আনা মহাপাপ, সে দেশে স্বাধীনতার ভাব কিরপে ফ্রন্ডি পাইতে পারে ? অধীনতার অলজ্য্য নিগড় যে দেশে প্রকৃতিবর্গের অলঙ্কার, সম্পূর্ণরূপে ভূপতির আজ্ঞাম্বর্ভী হওয়া যে দেশে প্রজামগুলীর প্রধান কর্ত্তব্য, যে দেশে রাজাজ্ঞাই শাসন, যে দেশে ধর্ম্ম ব্যতীত রাজ্মক্তির আর কোন শাসন নাই, সে দেশে স্বাধীনতার ভাব কিরপে ফ্রি পাইতে পারে ? সে দেশে যাধীনতার ভাব কিরপে ফ্রি গাইতে পারে ? সে দেশে স্বাধীনতার সাহিত যথেচ্চাচারিতার প্রভেদ জানিবার কোন উপায় নাই, সে দেশে কথন প্রকৃত স্বাধীনতার ভাব ক্রি

শাইতে পারে না। এ দেশে স্বাধীনতার অর্থ চিরকাশ

শাপেশিক ভাবে প্রয়োজিত হইয়াছে। বিদেশীয় রাজার

যাহা অধীন নহে তাহাই স্বাধীন। এই অর্থ ভিন্ন অন্য

অর্থে স্বাধীনতা শন্দ বোধ হয় ভারতবর্ষে কথন প্রয়োজিত

হয় নাই। রাজার একাধিপত্য থাকিতে ভারতে প্রকৃতিবর্গের স্বাধীনতা শন্দের অর্থ হয় না।

সাধারণ জনগণের অধীনতা যে শুদ্ধ রাজ সম্বন্ধেই এইরপ ছিল এমত নহে। এথানে আর এক প্রকার সামাজিক অধীনতা ছিল। জাতি ও বর্ণভেদে তাহার উৎপত্তি। ধর্মাসম্বন্ধে ব্রাহ্মণজাতির অপরিসীম ক্ষমতা। অন্য সর্বজাতি ব্রাক্ষণের পদানত, ধর্মশাস্ত্র ব্রাক্ষণের হস্ত-গত। ধর্মশাস্ত্ররূপ মহা অস্ত্রে সজ্জিত হইয়া ব্রাহ্মণগ্ৰ প্রমতভাবে সমাজকে আত্মশাসনে রাখিতেন। পৃথিবীতে রাজাই একাকী দেবতা নহে, ব্রাহ্মণগণ পরম আরাধ্য ও দেবার্চ্চনীয়। ভূপতিও ব্রাহ্মণকে শিরোধার্য্য করিয়া চলিতেন। ব্রাহ্মণ দেবতার দেবতা। তাহার বাক্য অলজ্বনীয়; তাহার আদেশই শাস্ত্র, তাহার জুকুটিই শাসন। তাহার অভিসম্পাতভয়ে সর্বজনই সর্বক্ষ শকাকল। যাঁহার যাহা বিপদ ও দৈবছর্বিপাক ঘটিত তিনি তাহা ব্রাহ্মণকোপের ফল বলিয়া নির্দেশ করিতেন। ব্রাহ্মণের যজ্ঞোপবীত রাজার শাসনদণ্ড অপেক্ষাও ভয়াহ। এই ব্রাহ্মণজাতির শাসনে সমাজ ধরহরি কম্পাবান্। ব্রাহ্মণাজ্ঞা লঙ্ঘন করেন ভূপতিরও ক্ষমতা নাই। স্বার্থপর ও ধর্ত ব্রাহ্মণজাতিও আপন স্বার্থ সাধন জন্য সমা**জকে**- যথেচ্ছা চালিত ও শাসিত করিয়া লইতেন। যথন তাঁহার
শক্তির আর অবধি রহিল না, তথন তিনি অগ্রসর হইয়া
এক নৃতন শাস্ত্রের প্রণেতা হইলেন। সেই শাস্ত্রের নাম
পুরাণ। চিরদিনের জন্য আপনাদিগের ক্ষমতা প্রবর্ত্তিত
রাথিবার জন্য এই মহাস্ত্র প্রস্তুত করিলেন। সেই মহাস্ত্র
ও ব্রহ্মাস্ত্রে তাঁহারা আজিও সমাজকে শাসন করিয়া
আসিতেছেন। যে দেশে এক জাতির এতদ্র প্রেচছ ও
শক্তি স্বীকৃত হয়, সে দেশে সামাজিক স্বাধীনতার ভাব
কথন ক্তুর্ত্তি পাইতে পারে না।

কিন্তু সমাজে যে ওদ্ধ আদ্ধণ জাতিরই শ্রেষ্ঠত্ব এমত
নহে। এদেশে এই জাতি-বিভাগ শ্রেণীবদ্ধ হইয়া আদিদ্বাছে। সমাজ নিক্কাই হইতে নিক্কাই জাতিতে বিভক্ত হইদ্বাছে। নিম্ন শ্রেণীস্থ জাতিগণ অত্যন্ত দ্বণাহ, অম্পূণ্য ও
নিতান্ত হেয়। সমাজে তাহাদিগের ক্ষমতা ও অধিকার
কিছুই নাই। তাহারা উচ্চ শ্রেণীস্থ জাতির অবজ্ঞাপাত্র
হইয়া নিতান্ত মনোবেদনায় ও সম্পূর্ণ অধীনতায় জড়ভাবে
দিন্যাপন করে। তাহারা এই নীচ ভাবে এতদ্র অবসদ্ধ ষে, তাহাদিগের উচ্চ কথা কহিবারও সাহস নাই।
তাহারা সমাজে অতি দীন ভাবে অবস্থান করে। অথচ
তাহারাই লোক সংখ্যায় অধিক। তাহাদিগেরই হাতে
কৃষি, বাণিজ্ঞা, ব্যবসা প্রভৃতি সমাজের নকল প্রয়োজনীয়
ও শুক্তর কার্য্যভার নাস্ত আছে। তাহারা যে যৎকিঞ্চিৎ উপার্জন করিবে, আদ্ধণ-সেবায় তাহার অর্কেক
শান্থিত হববে। দ্বাজ্বা যাহা পারিবেন কাড়িয়া লইবেন।

তাহারা নিতান্ত মূর্থ, অনায়াসেই প্রতারিত হইতে পারে, স্বতরাং প্রতারণা ও প্রবঞ্চনায়ন্ত তাহাদিগের বিজ বিলক্ষণ ব্যয়িত হয়। যে জাতিরা এত নিঃম্ব ও হেয় তাহারা কি কখন তেজম্বী ও বীর্য্যবান্ হইতে পারে? যে দেশের সামাজিক ও ধর্ম্ম্য অধীনতা এতদ্র, সে দেশে কি কখন স্বাধীনতার ভাব বিদ্যমান ছিল, এমত অমুমতি হয়?

এতদ্বির আর এক প্রকার অধীনতায়ও দেশ চিরকাল অনুশাদিত হইয়া আদিয়াছে। এই। অধীনতার নাম পারিবারিক অধীনতা। সমগ্র দেশের মধ্যে রাজার অধীনতা, সমগ্র সমাজের মধ্যে জাতীয় অধীনতা, আবার গৃহধামে কর্ত্তনের সম্পূর্ণ অধীনতা। কোন স্থানে লোকের একটু মাত্র স্বাধীনতার ভাব স্ফূর্ত্তি পাইবার যো ছিল না। সমাজে তাহার ঘোর অধীনতা, রাজদারে তাহার কুতাঞ্জলি, গৃহধামে তাহার একান্ত বশবর্ত্তি। এথানে আর এক প্রভুতার নিতান্ত অধীন হইয়া না থাকা মহাপাপ ও নিন্দার কথা। পিতৃগণ যে রূপই হউন না কেন. চিরদিন তাঁহাদিগের বশবর্তী হইয়া থাকিতেই इटेरव। छांटामिरगत जाब्जा जनज्यनीय ও भिरताशाया। তাঁহাদিগের বিরুদ্ধে তুমি কথা কহিতে সাহসীও হইতে পার না। তাঁহারা তোমার পরামর্শ জিজাদা করেন ভালই, সে পরামর্শ ভোমাকে অতি দীনভাবে তাঁহা-मिरा निक्रे निर्वान कतिए इटेर्व, नरह जाँदात्र যাহা করিবেন তাহার বিরুদ্ধে তোমার কোন কথা কহিবার যো নাই। তাঁহাদিগের সেবা শুক্রারা করাই তোমার একমাত্র কর্ত্তব্য। একান্তবর্ত্তী হইয়া পরিবার মধ্যে তাঁহাদিগের অধীন থাকা ভিন্ন তোমার আর অন্য পতি নাই। শৈশব হইতে তাঁহাদিগের এই সম্পূর্ণ অধীনতায় তোমার প্রকৃতি এত নিস্তেজ হইয়া পড়ে যে, বয়ন হইলে সে প্রকৃতির আর কিছুই তেজ থাকে না। যে সময়ে তুমি আবার কর্তৃত্ব পাও, তথনও নিজ সম্ভান সম্ভতিগণকে সম অধীনতায় অভ্যন্ত করিয়া আনিতে চাও। বংশ-পরম্পরায় এই ঘোর পারিবারিক অধীনতার ভাব সমাক্ ক্রি পাইতে পারে না *।

আর এক প্রকার অধীনতার দৃষ্টান্ত আমরা পরিবার মধ্যে দেখিতে পাই। তাহা স্ত্রীজাতির অধীনতা। আমাদিগের পুরস্ত্রীগণ একেবারে অধীনতার মূর্ত্তি বলিলে অত্যুক্তি হয় না। স্থামী তাহাদিগের দেবতা। স্থামী তাহাদিগের হর্ত্তা, কর্ত্তা, বিধাতা। স্থামীর বিপক্ষে তাহাদিগের উচ্চ বাচ্য কহিবার যো নাই। স্থামীর অত্যাচারে ও ব্যবহারে ভাহারা দিন্যামিনী ক্রন্দন করিলও কেহ তাহাদিপের আহা বলিবার লোক নাই। তাহারা যথন আবার বধ্ অবস্থায় গৃহমধ্যে অবস্থান করে, তথন তাহাদিগের যে উদ্ধ স্থামীর অধীনতা স্থীকার করিতে হয় এমত নহে, তথন পরিবার মধ্যে সকল

স্থলান্তরে এই পারিবারিক অধীনতা বিশেষরূপে বিবৃত হইবে।

বয়োধিকাগণের অধীনতা স্বীকার করিয়া থাকিতে হয়।
সন্তান সন্ততিগণ শৈশব হইতেই মাতার এই ঘোর অধীনতার দৃষ্টান্ত অহরহ দেখিতে থাকে। মাতার পক্ষে
তাহাদিগের কিছুই করিবার যো নাই, বলিবারও যো
নাই। মাতার সেই অধীনতার সঙ্গে সঙ্গে তাহাদিগের
প্রকৃতি নিস্তেজ হইয়া আইসে। সন্তানেরা আশৈশব যে
অধীনতার দৃষ্টান্ত দেখিয়াছেন, বয়স হইলে আবার আশন
আপন কলত্রকে তজপ অধীনতায় না রাখিতে পারিলে
স্থাইতি পারেন না। পরিবারের কর্তৃত্ব পাইলে, প্রক্রীগণকে যে অধীনতার বশবর্তিনী বরাবর দেখিয়া আসিয়াছেন, তাহারা আবার তাহাদিগকে সেই অধীনতার
রাথিয়া থাকেন *। চারিদিকের এই ঘোর অধীনতার
দৃষ্টান্ত মধ্যে কি স্বাধীনতার ভাব ক্রের্তি পাইতে পারে?

ব্যবসা বৃত্তিতেও এই অধীনতা। ভারতবাসিগণ জাতি অনুসারে জীবন-বৃত্তি অবলম্বন করিয়া আদিতে-ছেন। আমার প্রবৃত্তি, ইচ্ছা, ক্ষমতা যেরপ হউক না, আমি যদি রুষক হইয়া জন্মিয়া থাকি, তবে সেই কৃষিকার্য্য ভিন্ন অন্য পথে আমার যাইবার যো নাই। আমাকে কৃষক হইয়া থাকিতেই হইবে। অন্য লোক অন্য বৃত্তি অবলম্বনে কেন সম্পন্ন হইয়া উঠুক না, আমি ভাহাতে দর্শক মাত্র হইতে পারি, আমি তাহার মত কার্য্য করিতে পারিব না। আমি যে পিতার ঔরসে জন্মিয়াছি তাহার

বৃত্তি ভিন্ন অন্য বৃত্তি অবলম্বন করিতে যদি আমি না পারি তবে আমার স্বাধীন কার্য্য-শক্তি কোথায় ? শৈশব হইতে পিতৃ-ব্যবসায়ে আমাকে অভ্যন্ত হইয়া আসিতে হইবেই হইবে। ঘোর জাতীয় অধীনতার মধ্য হইতে কি কথন স্বাধীনতার ভাব ক্তর্ত্তি পাইতে পারে ?

এতপ্রকার অধীনতায় থাকিয়া ভারতবাদিগণের মনে কথন স্বাধীনতা-ভাব সঞ্চারিত হয় নাই। যাহাকে বাক্তিগত-স্বাধীনতা বলে, যাহাকে সামাজিক স্বাধীনতা বলে, যাহাকে রাজ্বনৈতিক স্বাধীনতা বলে, তাহার কোন लकात साथीन ठा द्य ভाরতবাদিগণের কথন ছিল না. এ কথা অনায়াদে বলা যাইতে পারে। আজি মিল যে বক্তিগত স্বাধীৰতা শিক্ষা দেন. -- যাহা সামাজিক স্বাধীনতা-ভাবের ক্রিডিও ফল, তাহা ভারতবাসিগণ কথন স্বপ্নেও আনিতে পারিতেন না। যে সামাজিক ও রাজনৈতিক স্বাধীনতার জন্য ইংরাজগণ জনের রাজ্ব কাল হইতে বরাবর সমান যুদ্ধ, বিগ্রহ, ও বিপ্লব করিয়া আদিতেছে, যাহার জন্য তাহারা স্বদেশ ত্যাগ করিয়া শত ममुख পারে আমেরিক অরণ্যে গিয়াও বাদ করিয়াছে, যাহার জন্য তাহারা স্বদেশীয় ভূপতিগণকে থণ্ড থণ্ড করিয়া বলিদান দিয়াছে, যাহার জন্য তাহারা ভিন্ন-দেশীয় রাজকুমারকে স্বদেশীয় বিংহাসনে অধিষ্ঠিত করিয়াছে, দে স্বাধীনতার যুদ্ধ, দে স্বাধীনতার বিপ্লব কি কোন কালে ভারতে ঘটিয়াছিল ? এই আন্তরিক স্বাধী-, নতার জন্য কি কখন ভারতে বিন্দুমাত্র রক্তপাত

ছইয়াছে ? কই ভারতীয় ইতিহাসে তাহার একটা মাঁত্র দৃষ্টান্ত দেখা যায় না। এই আন্তরিক স্বাধীনতার ভাৰ ক্ষূর্ত্তি না হইলে রাজনৈতিক স্বাধীনতার সম্পূর্ণতা হইতে পারে না, এবং স্বাধীনতার প্রতি দৃঢ় অনুরাগ জন্মিতে পারে না।

ভারতীয় ভূপতিগণ বিদেশীয় রাজগণের সহিত যে যুদ্ধ করিয়াছেন, তলিয়া দেখিলে প্রতীত হইবে, তাহা স্বাধীনতার জন্য নহে, তাহা স্বদেশের জন্য নহে। তাহা রাজত্বের জন্য, তাহা রাজকীয় ক্ষমতার জন্য, তাহা রাজ-ত্বের স্থথ-ভোগ জন্য, তাহা রাজত্বের বৃদ্ধি, না হয় রক্ষার জনা। ভারতীয় দৈনা কখন স্বাধীনতার জনা রণমদে মত হয় নাই; তাহারা চিরকাল যে রাজার লবণ থাই-য়াছে, যাহার অন্নে তাহাদিগের অন্ন, যাহার স্বার্থে তাহা-দিগের স্বার্থ, দেই রাজার রাজত্ব রক্ষা ও বৃদ্ধির জন্য তাহারা যুদ্ধে প্রবৃত্ত হইরাছে। এদেশে যুদ্ধ বিগ্রহ সম্পূর্ণ রাজকীয় ব্যাপার, তাহাতে রাজার স্বার্থ, ও রাজার প্রয়োজন। তাহাতে সাধারণ জনগণের কোন ক্ষতি লাভ নাই, কোন স্বার্থ নাই; স্নতরাং তাহাতে তাহা-দিগের তাদৃশ মনোযোগও নাই। আমরা যে রাজপুত-নার যুদ্ধ লইয়া এত গর্ব্ব করিয়া থাকি,তাহা কি বাস্তবিক স্বাধীনতা রক্ষা করিবার জন্য ঘটিয়াছিল; রাজপুত সেনানীগণ কি স্বাধীনতার মহিমা উচ্চ রবে ঘোষিত করিষাছিল ? স্বাধীনতা রক্ষা করিবার জন্য কি সৈন্যগণকে যুদ্ধে উত্তেজিত করিয়াছিল? যাহাতে আপনাদিপের

স্বাধীনতা রক্ষা হয়, এজন্য কি সৈন্যগণ রণরয়ে ধাবিত হইয়াছিল? রাজপুত কুলাঙ্গনাগণ কি আপনাদিগের স্বাধীনতা রক্ষা করিবার জন্য রণাগ্রিতে ঝম্প প্রদান করিয়াছিল ? ইতিহাসে বোধ হয় কোন খানে স্বাধীন-তার অক্ষর মাত্র নাই। রাজপুত ভূপতিগণ আপনাদিগের রাজত্ব ও কুলগৌরব রক্ষা করিবার জন্য মুসলমানগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হন। পাছে শ্লেচ্ছগণের বশীভূত হইতে হয় বলিয়া দৈন্যগৰ দিগুণ উৎসাহে যুদ্ধমুখে ধাবিত হই-য়াছিল। যাহাতে আপনাদিগের সতীত্ব ও ধর্ম রক্ষা হয় তজ্জন্য রাজপুত মহিলাগণ যদ্ধে যথাসর্বস্থ দিয়া অবশেষে আপনাদিগের প্রাণবিসর্জন করিয়াছিল। এতদ্বাতীত যদি আমরা বলি, রাজপুতনার যুদ্ধ স্বাধীনতার যুদ্ধ, তাহা আমরা জোর করিয়া বলি, তাহা প্রকৃত সত্য নয়। যে হেতু স্বাধীনতার ভাব ভারতে কথন উদয় হয় নাই। ভারতে কেন, ইহা এসিয়াস্ত কোন দেশে কথন উদয় হয় নাই। যে সমস্ত দেশে রাজ-ক্ষমতা অনিয়ন্ত্রিত, নিরস্কুশ, ও মুক্ত, যে সমস্ত দেশে রাজা দেবতার ন্যায় পূজ্য ও আরাধ্য হন, যেখানে রাজার একাধিপত্য, ও তাহার স্বেচ্ছাচারিতা নিবারণের কোন উপায় ও ব্যবস্থা নাই; যেখানে রাজাই সর্বেস্কা, যে সমস্ত দেশে সাধারণ জন-গণের ও প্রকৃতিবর্গের রাজত্বে কোন অধিকার ও ক্ষমতা নাই; রাজকার্য্যে কোন হাত নাই, দেশীয় রাজকার্য্য ও ব্যবস্থায় কোন স্বন্ধ নাই, যেথানে তাহারা রাজক্ষমতার প্রতিরোধ, শাসন ও দমন করিতে পারে না,

আপনাদিগের অধীনতা ক্রমশঃ বিমোচন করিতে পারে না, স্বাধীনতা কি তাহা বুঝিতে পারে না, তাহার আস্বাদ জানিতে পারে না, সে সমস্ত দেশে স্বাধীন-তার ভাব কিরপে সঞ্চারিত হইতে পারে? এসিয়াস্থ সমস্ত দেশে রাজার একাধিপতা ও অনিয়ন্ত্রিত ক্ষমতা; প্রকৃতিগণের কিছু ক্ষমতা, স্বত্ব ও অধিকার নাই; স্বতরাং সেখানে কখন স্থানিতার ভার সাধারণ জনগণের মনে সঞ্চারিত হয় নাই। স্বদেশীয় রাজত্বের সহিত তাহা-দিগের কোন স্বার্থ নাই, স্থতরাং সে রাজত্ব রক্ষার জন্য তাহাদিগের কখন প্রাণপণ চেষ্টা হয় নাই। এসিয়ার পঞ্চাশ হাজার দৈন্যবল ইয়োরোপীয় পঞ্চ সহস্র সৈনোর নিকট পরাজিত হইয়া প্লায়ন করিয়াছে। যিনিই রাজা হউন না কেন তাহাতে প্রকৃতিবর্গের ক্ষতি লাভ কিছুই নাই। যে রাজার অত্যাচার কম, তাঁহাকেই তাহার। ভাল রাজা বলিয়াছে। তাহার অধীনতায় থাকিতে চাহি-योष्ट । विदम्भी बाजा यनि अञ्चानाबी ना इन,यनि दम्भीय ধর্ম ও আচার ব্যবহার রক্ষা করেন, তাহার অধীনতা স্বীকার করিতে তাহারা উক্তিমাত্র করিবে না। সে অধী-নতায় স্থথসচ্ছন্দে দিন্যাপন করিবে। যে হেতু রাজ-পরিবর্ত্তে তাহাদিগের অবস্থার কিছু ইতর বিশেষ হয় নাই। তাহারা এক রাজার যেরূপ অধীন প্রজা ছিল, অন্য রাজার কাছেও তাই থাকিবে। সকল রাজাকে তাহাদিগের সমান সেবা শুশ্রাষা করিতে হইবে, সমান সম্মান করিয়া চলিয়া আসিতে হইবে। রাজকার্য্যে যে

প্রজাদিগের কিছু অধিকার হইতে পারে, রাজ্যমধ্যে রাজার ক্ষমতা যেমন, প্রজারও তেমনি ক্ষমতা ও স্বত্ব থাকিতে পারে, দেশীয় রাজত্ব যে দেশদাধারণ জনগণের রাজত্ব ভিন্ন আর কিছুই নহে, একথা কখন স্বপ্নেও তাহা-দিগের মনে উদয় হয় নাই। এ সমস্ত ভাব সম্পূর্ণ ইয়ো-রোপীয় ভাব। প্রাচীন গ্রীশে ইহার উৎপত্তি। প্রাচীন রোমেও ইহার বিকাশ দেখিতে পাওয়া যায়। দে সকল দেশে রাজা প্রজার প্রভু ছিল না, কিন্তু প্রজাই রাজার প্রভু ছিল। জক্সাধারণ ইচ্ছাপুর্মক রাজাকে রাথিত অথবা দিংহাসন-চ্যুত করিত। কত অমিতচারী ভূপতি-গণ প্রজাহত্তে নিহত হইয়াছে। প্রজার স্বহাধিকারে একটু মাত্র হস্তক্ষেপ করিলে, রাজার আর রক্ষা থাকিত না, তাহার জীবন সংশয় হইত , রাজ্যে বোর বিপ্লব উপ-স্থিত হইত। এজন্য প্রকৃতিবর্গের স্বার্থহানি করিতে কোন নূপতি সাহদী হইতে পারিত না। দেশীয় রাজত্বে প্রকৃতিগণের এতদুর জোর, এত ক্ষমতা, এত বিক্রম ছিল। সে রাজতে তাহারা যত স্বাধীন, নিজে রাজা তত স্বাধীন ছিলেন না। প্রকৃতিবর্গ যে পরিমাণে রাজার অধীন তদ-পেক্ষা রাজা প্রকৃতিবর্গের অধীন। উভয় পক্ষই পরস্প-রের অতিশয় ও অযথা বিক্রম প্রতিরোধ এবং নিবারণ করিত। উভয় পক্ষীয় ক্ষমতা সমতলে রক্ষা হইত। রাজাকে প্রজারা বাড়িতে দিত না, প্রজাবর্গকে রাজা বাড়িতে দিত না। প্রাচীন গ্রীশ ও রোমের এই অবস্থা ष्ट्रित । जािक हैरग्रारता भग्र अंहे ज्यवशा । त्नरभाित ग्रत्न अ

জয়ের দঙ্গে দঙ্গে ফরাশিগণ তাহার অমুধাবন করিয়া-**ছিল।** किन्न तिरक्ष तिर्भानियान कार्य आतिया यथम धका-ধিপতা ও অয়থা বিক্রম প্রকাশ করিতে উদ্যত ইইলেন, ফরাশিগণ সেই ছর্দ্ধর্ব ও গৌরব-রবি নেপোলিয়ান কেও (म॰ इटेरठ विश्विष्ठ कतिया निर्मन। जिनि कारमन গৌরব বৃদ্ধি জন্য যাহা করিয়াছিলেন তাহা কিছুই ভাবি-লেন না। ফ্রান্স ও ইংলতের ইতিহাসে এরপ ঘটনা কতবার ঘটিয়াছে। এই ইতিহাস আদ্ধি ইংলও ভারতকে প্রদান করিয়াছেন। যে স্বাধীনতার যুদ্ধ ও গৌরব ঘোষণা ইংলণ্ডীয় ইতিহাদের প্রতিপত্তে স্থবর্ণ অক্ষরে বর্ণিত আছে যে স্বাধীনতার অন্তরাগে ইংলওবাসিগণ পরিপূর্ণ হইয়া রহিয়াছেন, যাহার যুদ্ধে আজি আয়াল ওবাদিগণ প্রবৃত্ত হইয়াছেন, পালে মেণ্টের মহাসভায় যে স্বাধীনতার বাক্যুদ্ধ প্রতিদিন চলিতেছে, সেই স্বাধীনতার ইতিহাস रेश्ताज्ञ गण जामानिगरक मूळ रस्य अनान कतियार इन। ইয়োরোপীয় ক্ষুদ্র রাজ্যের অভ্যস্তরে যে স্বাধীনতার যুদ্ধ, নমগ্র ইয়োরোপ মণ্ডলেও সেই যুদ্ধ। এক রাজ্যের সহিত অন্য রাজ্যেও সেই স্বাধীনতার যুদ্ধ। সমস্ত রাজ্যের ক্ষমতা ও স্বত্বাধিকার যাহাতে সমতৃলে রক্ষিত হয় ইয়ো-রোপ মণ্ডলে ভজ্জন্য কত বৎসর ধরিয়া কত যুদ্ধ হইয়া গিয়াছে। বান্তবিক, সমগ্র ইয়োরোপীয় ইতিহাস আমা-দিগের নিকট কেবল স্বাধীনতা বিকাশের বৃহৎ ইতিহাস বলিয়া প্রতীত হয়, যে ইতিহাসের আদি প্রাচীন গ্রীশ, যাহার শেষ অনস্তকালেও হইবার সম্ভাবনা নাই। যাহা. ইয়োরোপে ঘটিয়াছে সমগ্র পৃথিবীতে তাহা একদিন ঘটিবার সম্ভাবনা। সমগ্র পৃথিবীতে মথন এই স্বাধীনতার যুদ্ধ বিগ্রাহ আরম্ভ হইবে, তথন পৃথিবীর এক যুগান্তর উপস্থিত হইবে। হায়, সে কাল কউ দিনে উদয় হইবে, কতদিনে জগৎশুদ্ধ লোকে এক মহা মানব-স্বাধীনতা-রণে প্রমন্ত হইয়া আপদ আপন স্বত্ব ও অধিকার গ্রহণ পূর্ব্ধক তাহার সম্ভোগে চিরস্থবী হইবে!

ইংরাজগণের ইতিহাসে, কাব্যে, সাহিত্যে, ও রাজ্য প্রণালীতে আমরা এই স্বাধীনতার ভাব দেখিতে পাই। ইহার উজ্জ্বল আলোকে ইংলও আলোকিত রহিয়াছে। এখন আমরা শিক্ষা করিতেছি স্বাধীনতা না থাকিলে মানব জাতির সমাকৃ উন্তি সাধন হইতে পারে না। মানব-মনের সমস্ত গুণ ও ধর্ম্মের ফ,র্ত্তি হুইতে পারে না। মানবের যে সমস্ত স্বর্গীয় গুণ আছে স্বাধীনতা না হইলে তাহার উদ্মেষণ হয় না। যে পরিমাণে মানব স্বাধীনতা পাইবে সেই পরিমাণে তাহার গুণ-গরিমার ক্রণ হইবে। স্বাধীন শিক্ষা নহিলে মানব-মনের উদারতা জ্বিতে পারে ना, शांधीन कार्यात्कल नहित्न मानवीय कमजात ममाक् প্রসার ও বিকাশ হইতে পারে না। মানব মন যেমন স্বাধীনতায় স্থথে ও অবাধে বিচরণ করিতে চাহে, মানব-কার্যাশক্তি এবং ক্ষমতাও তজ্ঞপ স্থাধীন কার্যাক্ষেত্রে অবাধে বিচরণ করিতে চাহে। ইহা না হইলে মানবের সমাক উন্নতি কথন সন্তবে না। এই উন্নতিপকে মান-বের আন্তরিক ও ব্যক্তিগত স্বাধীনতা চাই: এবং

সামাজিক, পারিবারিক, ও রাজনৈতিক স্বাধীনতার একান্ত আবশ্যক। মানব যথন একবার এই স্বাধীনতার আতাদ প্রাপ্ত হয়, তথন মানব ইহার রক্ষার জন্য প্রাণ পর্যান্তও বিদর্জন দিতে পারেন।

৩। স্বদেশামুরাগ বা পেট্রিটিশ্ম ভারতের ইতি-हारम कूळाशि शतिमृष्ठे रम्न ना। " बननी बन्न ज्रिकि कर्गा-দপি গরীরদী " এ বাক্য ভারতের প্রতি উক্ত হয় নাই। ভারতবাদিগণের জন্মভূমি ভারতবর্ষ নহে, তাহা কোন গ্রাম, পল্লী অথবা পল্লীয় সেই ক্ষুদ্র-প্রসর-স্থান মাত্র त्यथात्न जाहाता ज्ञिक हहेगार्छ। ज्ञामानिरणत जेनानी-নেরা এক যুগের পর একদিন জন্মভূমি দেখিতে আসেন। দে জন্মভূমি কি তাহাদিগের ভূমি**ষ্ঠ হইবার স্থান**মাত্র নহে ? যে গৃহধানে তাহারা অন্মগ্রহণ করিয়াছিল সেই গৃহধাম দেখিয়া গিয়া তাহারা সাত তীর্থের পুণ্য সঞ্চয় করে। আমরা ভারতবর্ষের যে কোন স্থানে বাস করি না কেন এই জন্মভূমি ছাড়িয়া থাকিলেই দে স্থান আমা-দিগের বিদেশ। সেই বিদেশের প্রতি আমাদিগের অণু-মাত্র অনুরাগ নাই। যে স্বদেশানুরাগ এত সঙ্কীর্ণ সে স্বদেশানুরাগ কথন ইয়োরোপীয় পেট্রটেস্মের সহিত তুলনীয় হইতে পারে না।

যে দেশে চিরকাল অবিসম্বাদী একাধিপত্য চলিয়া আসিয়াছে, সে দেশের লোকের স্থদেশের প্রতি কত অমুরাগ জনিতে পারে তাহা বোধ হয় আমরা পূর্ব্বে এক প্রকার বিশ্বরূপে প্রতিপন্ন করিয়াছি। রাজা ভিন্ন

দেশের উন্নতিকল্পে আর কাহার তত স্বার্থসিদ্ধি হইতে পারে না, স্বতরাং আর কাহার তত অমুরাগ জনিতে পারে না। এজনা ভারতে আমরা অনেক শাস্ত্রকারের नाम छनियाहि, अत्नक धर्म्मगः क्षांत्रत्कत नाम छनियाहि, কিন্তু কথন পেটি,য়টের দাম তুনি নাই। ধর্মশাস্ত্রের সহিত পার্থিব হিতের কোন সম্পর্ক নাই, যেহেত ধর্মশাস্ত্র কেবল প্রমার্থ লইয়াই বাস্ত। তবে ধর্মশাস্ত্র দ্বারা তদ্বাব-সায়ীরা যে ঐহিক স্বার্থসিদ্ধি করেন তদ্যতীত ইহাতে আর কোন দেশীর সাধারণ ইষ্টসিদ্ধি দেখা যায় না। এজন্য ধর্মসংস্কার্ষ্কগণকে আমরা পেটি য়টের মহৎ নামে অভিহিত করিতে পারি না। ধর্মশাস্ত্রকারগণ বরং বৈরাগ্যের উপদেশ দিয়া স্বদেশান্ত্রাগের মূলে একেবারে কুঠারাঘাত করিয়াছেন। সংসার-ধাম তুচ্ছ করিয়া যাহারা কেবল প্রমার্থ-হিতাকাজ্জায় সংসারকে প্রিত্যাগ করিয়া যাইতে পারেন, তাহাদিগের মনে কথন স্বদেশাল-রাগ জন্মিতে পারে না। অতএব কি রাজকীয় শাসন-প্রণালী, কি ধর্মীয় শাস্ত্র-প্রণালী, কি ঐহিক, কি পার-মার্থিক রাজ্য-প্রণালী কিছুতেই ভারতবাদিগণকে স্বদেশা-মুরাগী করিতে পারে নাই। ভারতবাদিগণ ভারতের প্রতি চিরকাল উদাসীন ছিল। বৈরাগ্য উপদেশক ধর্ম-শাস্ত্র ভিন্ন ভারতে অন্য বিদ্যার তত আদর ছিল না। ম্বতরাং ভারতবাদিগণ বিরাগী ভিন্ন অমুরাগী হইতে পারে নাই। তাহারা পরমার্থ বিষয়ে অমুরাগী, সংসার বিষয়ে চিরকাল বিরাগী ছিল।

আদিম আর্য্যগণের মনে কখন মদেশামুরাগ ছিল কি না, তাহা **আলোচনা করা বুধা। কিন্তু** দেশীয় রীতি নীতি ও আচার ব্যবহার প্রভাবে যথন তাহা আর্যাগণের হৃদয় হইতে একেবারে অন্তর্ধান করিয়াছে, তথন তাহা পূর্ব্বে ছিল বলিয়া আর গোরবের বিষয় হইতে পারে না। যথন ইহা একবার অন্তর্ধান করিয়াছে, তথন তাহার সঙ্গে সঙ্গে ভারতের উন্নতিলন্ত্রীও অন্তর্ধান করিয়াছেন। আর্যাগণ ভারতে আপনাদিগের আধিপতা স্থাপন করিয়া দেখিলেন তাঁহারা চারিদিকেই ইতর জাতি কর্ত্তক পরি-বেষ্টিত। অপর জাতির আচার ব্যবহার রীতি নীতি সকলই নিরুষ্ট ও পরিত্যজা। তাহারা নিজেই অপর জাতির আ**দর্শ ও শিক্ষাদাতা**। অপর জাতির নিকট তাহাদিগের কিছুই শিথিবার নাই। তাঁহারা সেই গৌরবে মত্ত হইয়া অপর জাতির সহিত সকল সংস্রব পরিত্যাগ করিলেন। আপনারা আর্যাধাম ভারতের মধ্যেই নিবদ্ধ রহিলেন। ভারতে যে সমস্ত আদিম অপর জাতি ছিল তাহারা আর্য্যগণের পরিতাজ্য হইয়া বনে, ও পর্বতে আশ্রয় গ্রহণ করিল। আর্য্যদিগের সহিত লাহা-দিগের কোন সংস্রব রহিল না। একমাত্র প্রবল জাতি আর্য্যগণই প্রভুত্ব করিতে শাগিল। তাঁহারা ভারতের প্রায় চারিদিকেই দেখিলেন সমুদ্র, একদিকে হিমাদ্রির অবভ্যা প্রাচীর। বেদিকে কেবল বিদেশীয়গণের সহিত সংস্রব ঘটিতে পারে সে দিকে তাঁছারা নিজে নিজে এক व्यवन्त्र थाठीरतत रुष्टि कतिरागन। निकृतमीरक तम

দিকের পরিসীমা করিলেন। তাহার পরপারে যাইলে জাতিভ্রম্ভ হইতে হ**ইবে এই ব্যবস্থা বাহির হ**ইল**া স্ল**তরাং আর্যাগণ ভারতে একাকী রহিলেন। একাকী ভারত মধ্যে নিবন্ধ থাকাতে তাঁহাদিগের নিঃসম্পর্কীয় ভাব ক্রমশঃ রৃদ্ধি হইতে লাগিল। দিছু নদীর সীমার সহিত তাহাদিগের উন্নতিও সীমাবদ্ধ হইয়া গেল। যাহাতে খদেশামূরাগ ক্র্র্মি পায় সে পথে তাঁহারা চিরদিনের জন্য কণ্টকার্পণ করিছেন। যে জাতি যত নিঃসম্পর্কীয় হইবে তাহাদিগের স্বদেশামুরাগ ততই শীতল হইয়া আদিবে। অপর দেশের সঞ্ছিত সংশ্রব না রাখিলে স্বদেশের প্রকৃত অবস্থার উপলব্ধি হয় না। অপরের সহিত প্রতিযোগিতা না থাকিলে আপমার উন্নতি পথে অগ্রসর হওয়া যায় না। প্রাচীন ভারতবাসিগণের কখন প্রতিযোগিতা ঘটে নাই। যেহেতু ভারতের প্রতিযোগী দেশ কথন নিকটবর্ত্তী ছিল না। ভারতবাদিগণ অপর দেশের কোন সংবাদ রাথিত না। অপর দেশের সহিত তাহারা কথন সংঘর্ষেও আসে নাই। স্বতরাং ভারতবাদিগণ নিতান্ত অন্ধ হইয়া আপ-নারাই যাহা ভাল বুঝিত তাহাই করিত। তাহাদিগের স্বদেশান্তরাগ যাহাতে ক্রি পাইতে পারে এমত ঘটনা শত সহস্ত বংসরেও একবার ঘটে নাই। অপর দেশের উন্নতি দেখিয়া যে স্বদেশের কোনরূপ উন্নতি সাধন করিবে সে পথে তাহারা একেবারে কণ্টকার্পণ করিয়া রাথিয়াছিলেন। স্বতরাং তাহাদিগের স্বদেশামুরাগ রূপ অগ্নি কথন ইন্ধন পায় নাই। তাহা ক্রমে ক্রমে নির্বা-

পিত হইতে শাগিল। অবশেষে তাহা এতদ্র শীতল হইয়া গিয়াছিল বে, যৎকালে তাহা একান্ত প্রয়োজনীয় হইল তথন দৃত হইয়া গিয়াছে। তদভাবে যাহা ঘটবার তাহা ভারতের ভাগ্যে ঘটিয়াছে। তদভাবে যাহা ঘটবার তাহা ভারতের ভাগ্যে ঘটিয়াছে। বছকাল হইতে ভারত পরাধীন হইয়াছে। পুর্নেষ্ব যদি কিছু থাকে, বছকালের দাসত্বে ভারত-বাসিগণের অদেশামুরাগ হৃদয় হইতে একেবারে উন্মূলিত হইয়াছে। এখন স্বদেশামুরাগ ও পেট্রিক্র তারতবাসিগণের নিকট একটা নৃতন ভাব। ইংরাজগণ ও ইংরাজী সাহিত্য যাহার শিক্ষাদাতা।

প্রাচীন গ্রীশ ইয়েরোপকে স্বদেশান্তরাগ শিক্ষা দিয়াছে। প্রাচীন গ্রীশে ইহার মহাগ্নি প্রজ্ঞানত হইয়াছিল। সেই মহাগ্নি ইয়োরোপময় ব্যাপ্ত হয়। প্রাচীন গ্রীশও এককালে ভারতের ন্যায় কেবল প্রীকজাতিতে পরিপূর্ণ ও বিভক্ত ছিল। তাহার ভিন্ন ভিন্ন অংশে গ্রীক জাতিরাই বাস করিত। এক এক গ্রীক জাতি এক এক স্বতন্ত্র রাজ্য স্থাপন করিয়াছিল। ভারতেও এইয়প নানা স্থলে আর্য্যগণের বিভিন্ন বিভিন্ন রাজ্য স্থাপিত ছিল। বিভিন্ন বটে কিন্তু স্বতন্ত্র নহে। আর্য্যগণের রাজ্য সমস্ত একতন্ত্র ছিল। স্পার্টা ও এপেনীয় রাজ্য প্রভৃতি গ্রীক রাজ্য সকল যে কেবল বিভিন্ন ছিল এমত নহে তাহা স্বতন্ত্রও ছিল। স্পার্টার ব্যবস্থাবলি ও রাজ্যশাসন-প্রণালী এথেনীয় রাজ্যতন্ত্র হইতে সম্পূর্ণ বিভিন্ন ছিল। কিন্তু এই স্বতন্ত্র রাজ্য সকল পরস্পর নিঃসম্পর্কীয় ছিল।

मा। जाहाता मकलहे हम देवन्नजाद, मा हम প্রতিষো-গিতার, না হয় মিত্রতায় সম্বদ্ধ ছিল। স্পার্টা ও এথে-ন্সের প্রতিযোগিতার পরম্পরের স্বদেশামুরাগের বৃদ্ধি হই-য়াছিল। গ্রীশের শ্রীবৃদ্ধি কালীন তদেশবাসিগণ বহু বহু দেশ দেশান্তরে উপনিবেশ স্থাপন করিয়াছিল। গ্রীক বাণিজ্যপোত নালা দেশে ভ্রমণ করিয়া আসিত। গ্রীক পণ্ডিতগণ দেশে দেশে পরিত্রমণ করিয়া নানাদেশীয় বীতি নীতি ও আচার ব্যবহার শিক্ষা করিয়া আসিত। গ্রীশ কেবল স্থানেশ মধ্যেই নিবন্ধ ছিল না, তাহা পৃথি-বীর সহিত নিঃসম্পর্কীয় ছিল না,তাহা ক্রমশঃ বহির্দেশের সহিত ঘনিষ্ট সম্বন্ধে আবদ্ধ হইতেছিল। গ্রীকেরা বিদে-শের সহিত আপনাদের দেশের পৃথকত্ব বিলক্ষণ অন্তত্তব করিত। তাহার উন্নতিকন্নে সকলই ব্যতিবস্ত ছিল। এইরপে গ্রীশের সকল রাজ্যই উন্নতির ধুমধামে পরিপূর্ণ হইতেছিল। সর্ব্যাজ্যই খদেশামুরাগে পরিপুষ্ট হইতে-ছিল। সকলই প্রতিযোগিতায় প্রাধানা লাভের জন্য একান্ত চেষ্টিত ছিল। ইহাই স্পার্টা, এথেন্স, করিষ্ট প্রভৃতি গ্রীক রাজ্যের খ্রীবৃদ্ধির একটী প্রধান কারণ। বিদেশের সহিত সংশ্রব থাকাতে তাহারা স্বদেশের মায়ায় वित्मवक्रत्भ अञ्चविक इटेग्नाहिल। अत्म जारामित्वव কত প্রিয়তর পদার্থ তাহা তাহারা বিলক্ষণ অমুভব করিত। বিদেশের সহিত স্বদেশের বলের পরীক্ষা করিত। এইরপ পরীক্ষারও অনেক অবসর ঘটিয়াছিল। এই পরীকাকালীন গ্রীশ স্বদেশামুরাগে পরিপূর্ণ হইয়া শতগুণ

বলে বৈরদল সমক্ষেদণ্ডায়মান হইত। বৈরদল তাহার বীর্যাও পরাক্তম-প্রভাবে পরাভূত হইত। ইহাতে গ্রীক-জাতির স্বদেশাল্রাগ শতগুণে বর্দ্ধিত হইত। এই স্বদে-শাল্রাগে পরিপূর্ণ হইয়া তাহায়া একদা পরস্পার প্রতি-যোগিতায় পরস্পারের শক্ত হইয়া উঠিয়াছিল। পিলপনি-দদ মধ্যে মহা গৃহ-যুদ্ধের প্রলয় বাঁধিল। ইতিহাসে তাহার ফলাফল বর্ণিত আছে।

ভারতীর আর্যাদিগের রাজ্যসমন্তের অবস্থা অন্যবিধ। আর্য্যজাভির রাজ্য সকল যদিও পরম্পর পৃথক ছিল বটে, কিন্তু সকলই এক তত্ত্বে আবৰ্দ্ধ। সর্বদেশেই একরপ রাজ্যতন্ত্র, ও এক প্রকার রাজ্যশাসন ছিল। এক শাস্ত্র, এক ধর্ম, এক প্রকার রীতি নীতি, ও আচার বাবহার সর্বতি বিদ্যমান ছিল। ভূপতিগণ সকলই স্বরাজ্য মধ্যে প্রধান বটে কিছু সকলই এক শাস্ত্র, এক ধর্ম ও এক রীতি নীতির অধীনতা স্বীকার করিত। রাজ্যসকল অভি দুর্ত্তিত ছিল। পরস্পরের সহিত কোন সম্বন্ধ রাথিত মা। কেছ কাহার প্রতি চাহিয়া দেখিত না। নিজ নিজ ভাগ্যে সম্ভষ্ট ছিল। পরস্পারের প্রতি চাহিয়া দেখিলেও বড ইবা র্দ্ধির কারণ ঘটিত না, কারণ, প্রার সকলেরই অবস্থা ও ভাগ্য সমান। যদি ঘটনাক্রমে কোন এক রাজ্য কথঞ্চিৎ পরাক্রমশালী হইয়া উঠিত, একবার দিখি-জয় করিতে পারিলেই যথেষ্ট জ্ঞান করিত। নির্দ্ধারিত কর ব্যতীত অধীন রাজ্যের সহিত আর কোন সম্পর্ক পাকিত না। একবার অবসর পাইলেই অধীন হাজা

সকল অমনি স্বাধীন হইয়া যাইত। প্রস্পারের সহিত এই মাত্র সম্বন্ধ। ভারত ব্যতীত অন্যদেশের সহিত ভারতের কথন সম্বন্ধ ঘটে নাই। ভারতের একান্ত অভ্য-দয় কালে কোন বিদেশীয় শক্র ভারতবর্ষ আক্রমণ করে নাই। স্মতরাং ভারতকে রক্ষা করিবার ভার ভারতবাসি-গণের স্কন্ধে কথন নিপতিত হয় নাই। ভারতের আভ্য-স্তরিক উন্নতি সাধনের চেষ্টায় ভারতবাদিগণ কথন উৎসাহিত হয় নাই। স্বদেশের প্রচুর ধনসম্পত্তি ও উৎ-পন্ন দ্রব্যজাত লইমাই নিজ ভাগ্যে সম্ভষ্ট ছিল। বহির্দেশে যাইবার আবশাকতা হয় নাই। কোন বহির্দেশীয় প্রভাব ও কারণ ভারতকে কোন অমুষ্ঠানে নিয়োজিত করে নাই। ভারতবাদিগণ কথন ভারতের বাহিরে বিদেশে বিদেশে ভ্রমণ অথবা বাণিজ্য ব্যবসায় করিতে যায় নাই। ভারতীয় পণ্ডিতগণ স্বপ্রণীত শাস্ত্রকলাপ ভিন্ন অন্য জ্ঞানে জ্ঞানী হয় নাই। বহুদর্শন কিরূপ ভারত-বাসিগণ তাহা জানিত না। অন্যের সহিত আত্ম অবস্থার তুলনা করা কিরূপ তাহা কথন শিক্ষা করে নাই। কেবল নিজ নিজ গৃহ ও দেশ মধ্যে নিবদ্ধ ছিল। ইহাতে কি উন্নতি হয়, না স্বদেশানুরাগের ক্র্রি হইতে পারে? পরের সহিত সম্বন্ধে না আদিলে কি কথন আপনার প্রতি অনুরাগ বৃদ্ধি হইতে পারে ? ভারত কথন পরের সম্বন্ধে আইদে নাই, স্থতরাং ভারতের স্বদেশামুরাগ ক্রমশ: লয় প্রাপ্ত হইয়াছিল। ইহা অবশেষে একেবারে যখন অন্তর্ধান হইয়াছিল তথন ভারত যবন কর্ত্বক আক্রান্ত হইল। তথন সেই অন্ত-রাগের একনা প্রয়োজন হইল। তথন ভারতের শীতল দেহে স্দেশান্ত্রাগের তাপ মাত্রও নাই। ভারত আন্তে আন্তে দাসত্বের শৃষ্ণল ধারণ করিলেন।

ইয়োরোপে জনসাধারণ কতদ্র স্বাধীন, তাহারা রাজার সহিত দলেশ মধ্যে কেমন সম স্বত্বাধিকারী, দেশ মধ্যে তাহাদিগের কতদ্র ক্ষমতা তাহা আমরা পূর্বে বিবৃত করিয়াছি। এই কারণে কতদ্র স্থদেশের প্রতি অসুরাগ জনিতে পারে তাহা অনায়াদে উপলব্ধি হইতে পারে।

ইয়োরোপে যথন আবার কিউডাল ব্যবস্থা সর্ব্বত্র প্রচারিত ও স্থাপিত হইল তথন জনসাধারণের এই স্বত্যানিকার আরও বৃদ্ধি হইয়াছিল। তাহারাও এক প্রকার স্বদেশের ক্ষুদ্র ক্ষুদ্র রাজা বা অধিকারী হইয়াছিল। ইহাতে যদিও গৃহয়ুদ্ধের বৃদ্ধি হইয়াছিল বটে কিন্তু ইহাতে তাহাদিগের স্বদেশাস্থরাগেরও বৃদ্ধি হইয়াছিল। স্বদেশের ভূমির প্রতি তাহাদিগের অধিকতর ক্ষর ও অধিকার হওয়াতে তাহারা সে স্বত্ব ও অধিকার সহজে পরিত্যাগ করিত না। এই স্বত্ব ও অধিকার রক্ষার্থ তাহারা সর্বাদারণপ্রত্বে থাকিত। এবং যাহার জন্য তাহারা প্রাণপণে যুদ্ধ করিত তাহার প্রতি তাহাদিগের অনুরাগ ক্রমশই বৃদ্ধিত হইত। তাহারা স্বদেশে যে শুদ্ধ প্রভূছিল এমত নহে, দেই স্বদেশ তাহাদিগের গৌরবের স্থল। তিক এক এক দেশ এক এক ক্যান অথবা উচ্চবংশীয়ের

मनवटलत रगीतरव शतिशृर्ग हिल। रमरे रमरम তাহারা সম্পূর্ণ প্রভু, তাহা তাহাদিগের বিগ্রহ ব্যাপারের ক্রীডান্তল, তাহা তাহাদিগের আত্মীয় স্বৈজন, ও অমুগত জনগণে পরিপূর্ণ। সে দেশকে তাহারা সম্পূর্ণ আপনার বলিয়া জ্ঞান করিত। তাহার জন্য কতবার রক্তপাত করিয়াছে, কত শত বীরের রক্ত তাহাতে নিপতিত হ'ই-য়াছে, কত শত বীর সম্ভান তাহার জন্য বিসর্জিত হই-য়াছে। সেই স্বদেশের হুর্গে দাঁড়াইয়া তাহারা জগৎশুদ্ধ লোককে অবজ্ঞা-দৃষ্টতে দেখিতে পারিত। সেধানে তাহাদিগের পরাক্রম ও প্রভাব হুর্জ্জয় বিংহের ন্যায় ছিল। প্রতি পার্বতীয় দেশ তাহাদিগের গৌরব প্রতিধ্বনিত করিত। প্রতি কাৰনে ও গৃহে বীরগান সঙ্গীত হইত। প্রতি ক্ষেত্র, প্রতি ভূমি, বীর-মশে পরিপূর্ণ ছিল। তাহারা এই স্বদেশের প্রক্তি অনুরাগে একেবারে উন্মত্ত হইয়া থাকিত। সে উন্মন্ততার বিপক্ষে দণ্ডায়মান হয় কাহার সাধ্য ? আজি যদি তুমি দেশ অধিকার কর, কালি হউক, পরশ্বই হউক তোমার দেহ থও বিথণ্ডিত হইবেক। যত मिन ना चटमटा उदांत हम, काहात निखात नाहे, স্বদেশবাসিগণের নিজা নাই। ততদিন স্বদেশামুরাগ প্রতি লোকের কাণে কাণে উৎসাহ-বাক্য বর্ষণ করিবে, প্রতি লোকের শিরায় শিরায় বল দিবে, এবং চতুগুণ উৎসাহে উন্মন্ত করিয়া তুলিবে। সর্ববত্যাগী হইয়া এক এক জন স্বদেশ-উদ্ধার-ব্রতে ব্রতী হইয়াছেন, এবং আপ-ৰার সহিত শত জনের প্রাণ বিসর্জন দিয়াছেন। বিনি

দিদ্ধি লাভ করিতেন, তিনি পেট্রিরট নামে চিরগৌরবে ভূষিত হইতেন। পেট্রিরটের জ্বলস্ত স্থানেশারুরাগ কিরূপ, একবার এই ইরোরোপীয় পেট্রিরটগণের জীবনে অবলোকন করে। অবলোকন করিয়া বল, ইহাদিগের কণান্মাত্র পেট্রিরটিদ্ম বে দেশে থাকে, সে দেশের কিছু মাত্র ভাবনা নাই। এই পেট্রিরটিদ্ম জ্বলস্ত বহিন্দ্ররূপ। তাহার তেজে দেশগুদ্ধ তিজীয়ান্ হয়। সে বহিতে হস্তক্ষেপ করে কাহার সাধ্য?

ইয়োরোপে এই স্বদেশামুরাগের ক্রমশঃ ক্রর্তি হইয়া আসিয়াছে। ইহার উদ্দীপনায় এক এক বার সেনানীদল উন্মত্ত হইয়া রণরয়ে ধাবিত হইয়াছে। ইহার উদ্দীপনায় জনসাধারণ ক্ষিপ্তপ্রায় হইয়া দেশের জন্য তুমুল কাও উত্থাপিত করিয়াছে। সেই ক্ষিপ্তপ্রায় লোকমণ্ডলীর উন্মত্তা দেখিয়া রাজনৈন্য কম্পিত হইয়া পলায়ন করি-য়াছে। সেই লোকমণ্ডলীর হস্তে কত নুপতির শীর্ষ দিপণ্ডিত হইয়াছে, কৃত রাজিসিংহাসন বিচূর্ণ হইয়াছে। ইয়োরোপের এক দেশে সদেশামুরাগের জ্বলস্ত অঘি প্রজ্ঞলিত হইয়া উঠিলে এক একবার তাহাতে ইন্নোরোপ-তদ্ধ উত্তপ্ত হইয়া উঠিয়াছে। তাহাতে হাজার হাজার লোকের আহুতি হইয়াছে। এবং সে বহি নির্বাপিত করিতে রুধির-প্রবাহের আবশাকতা হইয়াছে। এই স্বদেশাসুরাগ একজনে যখন ঘনীভূত হয়, তথন তাঁহাকে পেট্রিষট কহে। সেই পেট্রিয়টের তেজ অপরিসীম; তাহার তেবে দেশভদ্ধ উত্তপ্ত হইয়া থাকে।

নিপীড়নে এই স্থানে স্থাবি বাবি ও ভয়ন্ত্র মূর্ত্তি প্রকাশিত হয়। অত্যাচার নিবারণ জন্য ইহা অদি হস্তে যুদ্ধ করে। স্বাধীনতা রক্ষার জন্য ইহা দেশ শুদ্ধ জালাইয়া দেয়। বীরবর নেপোলিয়ানও ইহার জলস্ত বহির দমুখে মসকাউ হইতে অপমানের সহিত কাঁপিতে কাঁপিকে পলাইয়া আসেন। ইহা গোপনে বিখাস্থাতকতা করে এবং প্রকাশ্যে অদি হস্তে অগ্নিমূর্ত্তিতে প্রকাশিত হয়। কিন্ত ইহার শান্তভাবও আছে। সেই ভাবে দেখিকো ইহাকে অতি রমণীয় বোধ হয়।

সংদেশ মধ্যে যথন শান্তি বিরাজিত থাকে, তথন সদেশাস্থ্রাগ অক্তি নক্তল মৃতিতে কার্য্য করিতে থাকে। কিনে দেশের উক্লতি ও শ্রীবৃদ্ধি সাধন হয় তথন ইহার এই চেষ্টা। এই চেষ্টাতেও ইহার প্রাবল্য কিছু ন্যানকলে প্রকাশিত হয় না। ইহার নিঃস্বার্থ ও পবিত্র ভাব এই সময়ে দেথিয়া ইহাকে পূজা করিতে ইচ্ছা করে। বাস্তবিক যাঁহারা স্থানশাস্থরাগে উত্তেজিত হইয়া নিঃস্বার্থ ভাবে কেবল দেশের মঙ্গল সাধন করিয়া গিয়াছেন, ঠাহারা জগতে আরাধ্য হইয়া আছেন। ঠাহাদিগের ক্রেশার্জ্জিত স্থভোগে স্থবী হইয়া প্রতিদিন প্রতি গৃহে প্রতি পরিবার তাঁহাদিগকে আনীর্কাদ করেন। এই প্রাতঃম্বরণীয় পেট্রুরটগণের নামোচ্চারণ করিয়া লোকে শ্র্যাণুহইতে উথিত হয়। প্রতি পূজা-গৃহে,তাঁহাদিগের নাম অর্চিত হয়। তাঁহারা গৃহের দেবতা, দেশের দেবতা স্বরূপ। ঠাহাদিগের গর্মের দেবতা স্বরূপ।

আয়ুসুধ ও আয়ু-অর্থ বিসক্তর্ন দিয়া ওক সমাজের ও দেশের মক্ত্রল-সাধনে ব্রতী থাকা ইয়োরোপীয়গণের নিতাধর্ম ও নিতাব্রত। এই প্রকার নিঃমার্থ ধর্ম শুদ্ধ ইরোরোপে চলিত দেখা যায়। সামাজিক মঙ্গল ও यानीय मनन देखांदांशीयगानय छेशांमा त्मवजा। রাজ্যের সকল কার্য্য ও ব্যবস্থা এই লক্ষ্যে চালিত হয়। রাজা ও উচ্চ বংশধরগণের অবদান পরম্পরা এই লক্ষ্যে অনুষ্ঠিত হয়। বখন আত্ম অর্থের দহিত এই লক্ষা বিরোধী হইয়া পড়ে, তখন নিজ স্বার্থ অবিলম্বে পরি-ত্যজ্য হয়। কত শত লোক ইহার জন্য বিপুল ধন ব্যয় করিতেছেন। কত নিঃসন্তান লোক ইহার জন্য অপরি-সীম সম্পত্তি রাথিয়া মাইতেছেন। কত লোক ইহার জন্য দেশ দেশান্তরে ভ্রমণ করিতেছেন, এবং কত কষ্টে স্বদেশের মঙ্গল সাধন করিতেছেন। ইহার জন্য ভূপতিও স্ত্রধরের কার্যা করিয়া স্বরাজাকে উন্নতিপথে অগ্রসর করিয়া দিয়াছেন এবং অতুল গৌরবে উত্তোলিত করিয়া-আজি কশিয়ার উন্নতির পরিসীমা নাই।

ইয়োরোপে স্থানেশাস্থরাগ যে স্থানেশকে কত স্থানিল লক্ষারে ভূষিত করিয়াছে, কত স্থা দৌকর্য্যে পূর্ণ করি-য়াছে, কত দেশের কত স্থা দামগ্রী ও রত্নজাত আনিয়া স্থানেশর ভাণ্ডার পরিপ্রিত করিয়াছে, কত সমৃদ্ধি রাশিতে স্থানেশকে পরিশোভিত করিয়াছে, তাহা দেখিলে মন অতুল আনন্দরদে আর্দ্র ইইয়া যায়। যথন স্থানেশাস্থরাগকে এই সমস্ত অলকারদামে ভূষিত দেখা যায়

তথন ইহাকে কি রমণীয় বোধ হয়! এই স্বদেশামুরাগে প্রেরিত হইয়া কত ভ্রমণকারী আহলাদের সহিত আফি -কার নিবিড় অরণ্য ও মরুপ্রাস্তর, এবং আমেরিকার ভয়-সঙ্গ পার্কতীয় অরণ্যানী ও বিশাল তুষারময় ক্ষেত্র ভেষ করিয়া খদেশের জ্ঞানরাজ্য বিস্তার করিতেছে। কত সিংহ-পরাক্রমধারী বেলযোনি মিশর দেশীয় মৃত্তিকা ও পূর্ব্বরাজ্যের ভগ্নাৰশেষ ধনন করিয়া বৃহৎ বৃহৎ অভ্যুত দ্রব্যজাত উত্তো**লি**ত করিয়া স্বদে**শে**র সংগ্রহ-মন্দির শোভিত করিতেছে। কত অধ্যবসায়শীল লেয়ার্ড নিনি-ভার ক্ষেত্রে ভূতপূর্ব্ব রাজ্যের বিস্তার ও পরিসীমার পরি-মাণ করিতেছে। কত ক্লাইব ও উল্ফ স্বদেশীয় সামা জ্যের সীমা বিস্তার করিতেছে। কত হেষ্টিংস ও রাালে স্বদেশীরগণকে রক্সভাগুার ও স্বর্ণথনি দেখাইয়া দিতেছে। কত নেলদন ও বেুক রণতরির গৌরব দম্ভ্রমাঝে বিস্তার করিতেছে। কত ওয়েলিংটন স্বদেশীয় জয়পতাকা বিদেশমধ্যে গৌরবের সহিত অধিরোপণ করিতেছে। কত ওয়ালেস, টেল, ম্যাটসিনির চিত্ত অমুরাগে অগ্নি-পরীত হইয়া নানা কষ্ট সহ্য করিয়াও স্বদেশকে পরাধী-নতার শৃঙ্খল হইতে বিমুক্ত করিতেছে। কত বাণিজ্ঞা-পোত বিদেশীয় রত্নজাত-পরিপূর্ণ হইয়া স্বদেশীয় ধনাগার সমৃদ্ধ করিতেছে। স্বদেশামুরাগের এই সমস্ত মহৎ कार्या (पथित्न मत्नाभर्या (य विश्व जानमत्रामत्र সঞ্চার হয় তাহা আর কিছুতেই দিতে পারে না। মন তথন উল্লাসে বলিয়া উঠে, ধন্য স্থদেশামূরাগ, ধন্য

তোমার কার্য্যকলাপ, ধন্য তোমার প্রভাব ও মহিমা! এই স্বদেশামুরাণ বিরহে ভারত আজি রোদন করি-তেছে। এই স্বদেশামুরাগের কণামাত্র থাকিলে তাহার সম্পন্ন বিশাল রাজ্য মুসলমান ধবন হত্তে পতিত হইয়া ित-अधीन जा मुख्याल आवक्ष इटेंग्र ना। जाहात टेमना-বল মুসলমানের অল্পে পরিপুষ্ট হইয়া বিদেশীয় ও বিশর্মী মুসলমান রাজগণের জ্বন্য আপনাদিগের রক্তপাত করিতে অগ্রসর হইত না। তাহার নীচ সম্ভানগণ উৎকোচ গ্রহণ করিয়া স্বদেশকে পরহত্তে ন্যন্ত করিত না। স্বদে-শানুরাগ না থাকিলে মন্তব্য যে এইরূপ কত নীচ ব্যবসায়ে প্রবুর হয়, অধোগতির কত নিম্নতলে আনীত হয়, ভারতবর্ষ তাহা দপ্রমাণ করিতেছে। ইংরাজ-রাজ্য চিরস্থায়ী হউক, ইংরাজী সাহিত্য ভারতের চারিদিকে আলোচিত হউক. ইংরাজের উচ্চ ব্যবহার ভারতবাদিগণের আদর্শস্থানীয় হউক. তাহাদিগের উচ্চ গুণ ও শিক্ষা ভারতের গ্রহণীয় হউক, তাহাদিগের মহৎ বাবদায় ও কার্যাকলাপ ভারত-বাসিগণ অবলম্বন করুক, তাহাদিগের ম্বদেশারুরাগ শিক্ষা করুক, এই আমাদিগের প্রার্থনা ও একান্ত অভিলায।

৪। স্বজাতি-প্রেম ইয়োরোপীয়গণের একটা বিশেষ
ধর্ম ও লক্ষণ। ইহা তাহাদিগের মধ্যে এত প্রবল যে,
ইহাদারাই ইয়োরোপীয় জাতিসমূহ অগতীয় অপরাপর
মানব জাতি হইতে বিভিন্ন হইয়াছে। পৃথিবীর আরার
কোন জাতিতে এই বন্ধন তত স্লুদ্দু দৃষ্ট হয় না। অথবা
আর কোন জাতিমধ্যে ইহা সমপ্রবল আছে কি না তাহা

चागालि भतीकात्र भतिगृष्ठे दय नारे। त्यदर्जू, रेत्याद्वा-পীয় জাতি ভিন্ন আর কোন জাতির বিদেশীয় অধিকার ও রাজা নাই। আর কোন জাতি বিদেশীয় বাণিজা. ব্যবসায়, ও অপরাপর কার্য্যে প্রবৃত্ত নাই। অন্যান্য জাতি সকলেই স্বদেশ মধ্যে আবদ্ধ। কিন্তু ইয়োরোপীয়-গণ পৃথিৰীর চান্ধিদিকে বিক্ষিপ্ত থাকাতে, এবং পৃথিবীর নানা দেশীয় কাৰ্য্যকলাপে লিগু থাকাতে, তাহাদিগের জাতীয় প্রেম সময়ে সময়ে অতি স্পষ্টরূপে ব্যক্ত হয়। এমত কি, যদিও তাহারা পৃথিবীময় পরিব্যাপ্ত আছে, শুদ্ধ যেন এই বন্ধন তাহাদিগের সকলকে এক স্থত্তে আবদ্ধ করিয়া রাথিয়াছে এইরূপ বোধ হইতে থাকে। তাহা-দিগের মধ্যে যেন এক আত্মা, এক ভাব, এক সৌহার্দ্ধ, এক অন্ত সহামুভূতি ও অমুকম্পা হত্তে সকলকে গ্রথিত করিয়া রাথিয়াছে। কেহ কাহার পরিচিত হউক, বা নাই হউক, একজন স্বজাতীয়কে দেখিলেই অন্য স্বজাতী-মের হৃদয় উৎফ্ল বা কাঁদিয়া উঠিবে। তাহাকে আপনার বলিয়া জ্ঞান করিবে ও তৎপ্রতি আত্মীয়ের ব্যবহারে প্রবুজ হইবে। স্বজাতি-প্রেমের সহিত স্বদেশীয় গৌরব মনে পড়িবে। একজন স্ক্রাতীয়ের অপমানে দেশ শুদ্ধ লোক অপমানিত জ্ঞান করিয়া মাতিয়া উঠিবে। এই প্রবল শাতীয় তাব যেমন বিদেশীয় বিস্তারিত ক্ষেত্রে পরিদৃশ্য-মান হয় এমত স্বদেশ মধ্যে হইতে পারে না। স্বদেশ মধ্যে স্বজাতি-প্রেমের বরং বিনষ্ট হইবার সম্ভাবনা, তাহার দে ডি হইবার তত সহাবনা নাই।

ইংরাজগণ মধ্যে এই স্বস্থাতি-প্রেম বিশেষরূপে প্রবলতর দৃষ্ট হইয়া থাকে। ইছার জীবস্কভাব আমরা প্রতি
দিন তাহাদিগের ব্যবহার ও কার্য্যকলাপে লক্ষ্য করিয়া
আদিতেছি। তাহাদিগের সাহিত্য ও ইতিহাসে আমরা
অন্য শিক্ষা পাইতে পারি, কিন্তু স্বজাতি-প্রেমের শিক্ষা
গ্রন্থ-নিবদ্ধ নহে। ইহা দুষ্টর্য বিষয়; এবং ইহার দৃষ্টাস্ত জীবিতক্ষেত্রে আমরা অহরহ প্রত্যক্ষ করিয়া এই স্বজাতিপ্রেমের উদারতায় মোহিত হইয়াছি। এই ভাবটা যে
এদেশে একেবারে নাই তাহা বিলক্ষণ অন্থভব করিতেছি।

ভারতে এই ভাব বছকাল বিনষ্ট হইয়াছে। অতি প্রাচীন কালে একদিন যথন আদিম আর্য্যগণ পঞ্চনদ পার হইয়া ভারতে প্রবেশ করেন, তথন তাহাদিগের যে এই ভাব ছিল না এমত বলিতে চাহি না। কিন্তু তৎপরে যথন তাহারা ভারতময় বিন্তৃত হইলেন, চারিদিকে যথন আপনাদিগের রাজ্য স্থাপন করিলেন, তথন তাহাদিগের ব্যবস্থা ও নিয়মাবলীই তাহাদিগের অধােগতির কারণ হইতে লাগিল। যথন তাহারা হল ধরিয়া কেবল ক্ষবি ব্যবসায়ে আর্য্য নামে অভিহিত ও সম্মানিত হইয়াছিলেন তথন তাহাদিগের মধ্যে একভাব, আর যথন তাহারা বৃহৎ সামাজ্য বিস্তার কুরিয়া দেশের রাজা হইয়া দাড়াইলেন, তথন তাহাদিগের মধ্যে ক্রমণঃ আর এক ভাবের উদয় হইতে লাগিল। তাহাদিগের প্রবলতম ধর্মীয় ভাব, ও উৎক্কট জাতীয় গােরব, এবং গর্মাই তাহা-দিগের সর্বনাশের মূল। তাহাদিগের জাতি-বিভাগ এই

ধর্মীয় ভাব ও গর্বের ফল, এবং ইহা তাহাদিগের অধঃপতনের একটা প্রধান কারণ।

এই জাতি-বিভাগের ব্যবস্থা দারা যে সমস্ত কৃফল কলিরাছে এই স্থানে তাহার সমুদার আলোচনা হইতে পারে না। ইহা দারা আর্য্যগণের স্বজ্ঞাতি-প্রেমের যে একেবারে উচ্ছেদ হইয়াছে, তাহাই আমরা প্রদর্শন করিতে চাহি।

এই জাতি-বিভাগ প্রণালী যতদিন বাবসায় ও কার্যা-গত ছিল, অৰ্থা যতদিন কেবল বাবনায় ও কাৰ্য্য দেখিয়া যে, যে জাতিতে বিভক্ত হইবে এমত নিৰ্ণীত হইত, তত্দিন ইছাদারা ইপ্ত ভিন্ন অনিষ্ট হইবার সন্তাবনা ছিল না। কিন্তু ক্রমশঃ এই জাতিবিভাগ কুলকুমাগত হইরা প্রতিল। যথন ইহাতে ইতরত্ব ও ভদ্রতের ভাব প্রবিষ্ট হইন, তথন হইতেই যত অনিষ্টের স্থাত হইল। প্রথমকার চারিবর্ণেও আর কুলান হইল না। উৎকৃষ্ট হইতে ক্রমশঃ নিক্নষ্টের পর অসংখ্য নিক্নষ্ট জাতির স্বষ্টি হইল। এই নিকুপ্টতা গর্বা ও ঘণার চিত্র, ইহাতে পর-স্পরের বিদ্বোনল ক্রমশই রাড়িতে লাগিল। অবশেষে পূর্ব্বকার চারি বর্ণের আর চিহ্নমাত্র রহিল না। ক্রমে ভারত মধ্যে প্রায় দকলই ইতর জাতিতে পরিণত হইল। এক ব্রাহ্মণ সকলের উপরে বসিল। নিমুস্থ সকল শ্রেণী-কেই দেই ব্রাশ্বণের। নিতান্ত অবজ্ঞাচকে দেখিতে লাগল। ক্রমে ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়গণও তরিমুক্ত জাতি-দিগকে ঘুণা করিতে লাগিল। বৈশ্যগণ উভয়েরই ঘূণিত হইল। আবার যথন ক্ষত্রিয়, বৈশ্য, শুদ্র মিশিয়া অসংখ্য
সম্বর বর্ণের উৎপত্তি হইল, তখন আর এই বিবেবভাব ও
ঘ্রথার ইয়ভা রহিল না। ব্রাহ্মণকে ছাড়িয়া দিয়া, সকল
সম্বরণ ই আপন আপনাকেই প্রধান জ্ঞান করিত।
অপর বর্ণ অস্পৃশ্য ও ঘূণার্হ। এক জ্ঞাতি অপর সকল
জ্ঞাতিকে নিরুপ্ত বিবেচনা করিয়া ঘূণা করিতে লাগিল।
আবার এক জাতি-মধ্যেও যে সন্তাব ছিল, বল্লালনেন বঙ্গদেশে তাহাও বিনষ্ট করিয়া দিলেন। তিনি এক স্থাতিমধ্যেও আবার নানা শ্রেণী-বিভাগ করিয়া দিলেন। সেই
শ্রেণীমধ্যে কৌলীন্য প্রদান করিলেন। সৌভাগ্য এই,
ভারতের অপেরাপর দেশে বল্লালী প্রণালী মত অন্য
প্রণালী চলিত নাই। কিন্তু যাহা ঘটিয়াছিল, তাহাই কি
যথেষ্ট নহে ?

বেধানে ঘূণা সেথানে প্রেম কোথায় ? যাহারা পরস্পার অস্পৃদ্য ও ঘূণার্ছ কোহাদিগের মধ্যে সহাত্ত্তি ও
অমুরাগ জন্মিবার সম্ভাবনা কি ? আবার প্রতি জাতির
দহিত এক এক ব্যবদায় নির্দিষ্ট আছে। ব্যবদায়ের
অপক্ষতা ও উৎকৃষ্টতা নিবন্ধনও নিকৃষ্ট জাতি মধ্যে পরস্পার বিষেষ ভাব বিলক্ষণ বিদ্যানান দেখা যায়। স্বর্ণকার,
কুম্ভকার ও কর্মকারকে দ্বাচকে দেখিয়া থাকে। কর্মকার ঈর্ষানলে জ্বলিয়া স্বর্ণকারের পাশ দিয়াও যায় না।
তৈলকার, ক্ষোরকারকে দেখিতে পারে না। এক ব্যবদায়ী অন্য ব্যবদায়ীকে ঘূণা করে; কিন্তু স্বৃত্তিধারীকে
শক্ত জ্বান করে। একজন স্বর্ণকার জন্য জন স্বর্ণকারের

সহিত ব্যবসায়ের কাজ কর্ম হেতু প্রায় বৈরভাবে অবস্থিত। ব্রাহ্মণে ব্যাহ্মন লইয়া মহা কলহ ও পরম্পর বিদ্বেষ। কিন্তু সে কার্য্য কাহারও পরিত্যাগ
করিয়া অন্য বৃত্তি অবলম্বন করিবার যো নাই। ব্রাহ্মণকে
চিরকাল যাজন-কার্য্যেই ব্রতী থাকিতে হইবে। কুন্তুকার
ভাল কারীগর হইলেও স্বর্ণকারের ব্যবসায় গ্রহণ করিতে
পারিবে না। প্রেইরপে জাতি মধ্যে ঘ্লা, বিদ্বেষভাব ও
বৈরভাব বিলক্ষা সঞ্জাত হইয়াছে। কেহ কাহারও
সহিত সন্তাৰে মিলিত নাই। সন্তাবে মিলিত থাকা দ্রে
থাক, একে বরং অন্যের অনিষ্ঠ সাধন করিতে উদ্যত
হইয়া থাকে। কে দেশে অধিবাদিগণের মধ্যে এত বৈরভাব, বিদ্বেষ, ও ঘ্লাভাব সে দেশে কি জাতীয় প্রেম
সঞ্জাত হইতে পারে ? বরং যাহা থাকে তাহা ক্রমশঃ ধ্বংস
হইয়া যায়।

এই বর্ণ-বিভাগ ব্যতীত আর এক প্রকার জাতি-বিভাগও ভারতবর্ধে সমভাবে প্রবল ছিল, ও এক্ষণে বর্ত্ত-মান আছে। ভারতবর্ধ একটা বৃহৎ দেশ, এবং ইহা নানা প্রদেশে বিভক্ত হইয়াছে। এই বিভিন্ন প্রদেশবাসি গণও এক এক স্বতন্ত্র জাতিতে পরিণত হইয়াছে। ইহা-দিগের ভাষা বিভিন্ন, এবং কোন কোন বিষয়ে অল্লাংশে আচার ব্যবহারও বিভিন্ন হইয়াছে। কোন কোন হানে আ্যা রীতি-নীতির সহিত ভারতের আদিম অধি-বাসিগণের মেছে রীতি-নীতি মিশ্রিত হইয়াছে। এইরূপ

মিশ্রিত হইয়া এক এক দেশবাসিগণকে এক এক স্তন্ত্র জাতি করিয়া তুলিয়াছে। ষদিও সর্বাদেশেই প্রধানতঃ আর্যা-বাবহার চলিত আছে বটে, কিছু এক এক বিষয়ে একটু একটু প্রভেদ দেখা যায়। সেইগুলি স্থানীয় মিশ্রণ হেতু সমৃদ্রত হইয়াছে। উৎকলের দেশাচার বঙ্গদেশা-চাবের সহিত কিয়দংশে প্রভিন্ন দেখা যায়। যেমন উৎ-কলীয় ভাষা বঙ্গ ভাষা হইতে বিভিন্ন হইয়াছে, অথচ মূলত: এক; তদ্রূপ এই দেশাচারও মূলত: আর্য্যভাবা-পন্ন থাকিলেও স্থানীয় মিশ্রণে কিঞ্চিৎ বিভিন্নতা ঘটি-याटि । देशांत कल वरे (य, उंदकलवांत्रिशंग, वन्नवांत्रि-গণ হইতে সম্পূর্ণ বিভিন্ন জাতীয় হইয়া গিয়াছে। যাহা উৎকল ও বঙ্গদেশ সম্বন্ধে বলা গেল, এইরূপ ভারতবর্ষময় ঘটিয়াছে। এক্ষণে ভারতবর্ষে অসংখ্য বিভিন্ন জাতি বাদ করিতেছে। এই জাতিগণের মধ্যে কাহারও কোন সংস্রব এবং সম্বন্ধ নাই। কোন প্রকার বন্ধনে ও সম্বন্ধে পরস্পর সম্বন্ধ নাই। সকলই স্বতন্ত্র। কেহ কাহার সহিত সন্তাব রাখিতে ইচ্ছা করে না, বরং চিরকাল অস-স্ভাবে অবস্থিত আছে। বঙ্গবাদিগণ উৎকলবাদিগণকে ঘূণা করে। মহারাষ্ট্রায়গণ তৈলস্বজাতিকে অবজ্ঞা করে। রাজপুতগণ গুজরাটীকে স্পর্শ করিতেও চাহে না। এক জন রাজপুতের কাছে মহারাষ্ট্র যে, বাঙ্গালীও সে, এবং তৈলঙ্গবাসীও সে। তাহারা সকলকেই বিদেশী জ্ঞান এইরূপ ভারতের এক দেশীয় জাতি অন্য স্ক্ল দেশীয় জাতিকে বিদেশী জ্ঞান করিয়া থাকে; এবং

চিরকাল সেইরূপ জ্ঞান করিয়া আসিতেছে। তথন তাহাদিগের মধ্যে সম্ভাব ও জাতীয়-প্রেমের কথন প্রত্যাশা করা যাইতে পারে না।

আমাদিগের দায়ভাগের ব্যবস্থাও দায়াদগণের মধ্যে পরম শক্রতা ও বিদ্বেষভাব সঞ্জাত করিয়া দেয়। অন্যান্য কারণেও ভারতবাসিগণ পরস্পর বিচ্ছিন্ন হইয়াছে এবং বরাবর স্ব**তন্ত্র ছিল।** কেহ কাহারও সহিত কথন সদ্ভাবে মিলিত হয় নাই। সমুদ্র কারণ আমরা বলিতে চাহি না। যাহা উক্ত ইেল, ভাহাতে প্রতিপন্ন হইতেছে যে, ভারতবর্ষে কথন ছাতীয় প্রেম ও স্বজাতির প্রতি অনুরাগ সঞ্জাত ও বৃদ্ধিত হয় নাই। বরং ক্রমশই তাহা লয়প্রাপ্ত হইরা আসিয়াছে। এখন এই অনুরাগের বল আমরা ইংরাজগণের বাৰহারে দর্শন করিতেছি: দেখিতেছি— ইহা জাতীয় বলের একটী প্রধান উপকরণ। যে দেশ যত জাতীয় প্রেমে সম্বদ্ধ, সে দেশ তত বলিষ্ঠ ও তুর্জ্জয়। বে সমস্ত বন্ধনে স্বদেশ স্থারক্ষিত হয়, এই বল তাহার অন্যতম। ইহা স্বদেশীয় গৌরব ও সম্মান রক্ষা করে, এবং অনুরাগের বৃদ্ধি করিয়া স্বদেশকে দৃঢ় বন্ধনে আবদ্ধ क्तिया तार्थ। अरम्भ धरे वरण वणीयान रहेया अना দেশের সমক্ষে অজেয় ছর্গস্থরূপ প্রতীয়মান হয়। ভারতে ইহার অভাব থাকাতে সমগ্র ভারত কথন মিলিত হইতে পারে নাই; স্থতরাং তাহা মুদলমান-হস্তে পতিত ছইয়াছিল ●।

মহম্বদ ঘোরির আক্রমণ কালে একবার কেবল

একণে বোধ হয় প্রতিপন্ন হইতেছে যে, যে চারিটা বিষয় আমরা আলোচনা করিলাম, তাহা সম্দায় বিদে-শীয় ভাব ও তাহা ইংরাজগণের নিকট আমরা শিথি-য়াছি। ইয়োরোপে এই কতিপয় ভাব বিদ্যমান থাকাতে ইয়োরোপ কেমন উন্নতি-শিথরে উঠিতেছে, কেমন অজেয় বলে ক্রমশই বলীয়ান্ হইতেছে, কত অতুল সমৃদ্ধি-রাশিতে সম্পন্ন ও ভূষিত হইতেছে। ইয়ো-রোপ আজি স্থথ সম্পত্তির আকরভূমি। তাহার বল বিক্রম আর তাহাতে ধারণা হয় না। তাহা চারিদিকে প্রদারিত হইয়া পড়িতে চাহে। তাহা একদা জগতের ভীতি, গৌরব. ও আদর্শস্থানীয় হইয়া রহিয়াছে।

ভারতবাদিগণ, তোমাদিগের নিকট কি এই শিক্ষা বিফল হইবে ? তোমরা যে এত অভিনিবেশ সহকারে ইংরাজগণের সাহিত্য, ইতিহাস, ও বিজ্ঞান অধ্যয়ন করিতেছ, তাহার উপদেশ কি গ্রহণ করিবে না ? এই শিক্ষায় শিক্ষিত হইয়া কবে তোমাদিগের উদ্বোধন হইবে ? কবে ভারতের উদ্বতির পথ পরিষ্কার করিয়া দিবে ?

পৃথীরাজ নিজ রাজ্য রক্ষার্থ কতিপয় রাজপুত সামন্ত একত্রিত করিয়াছিলেন সত্য, কিন্তু তাহা সমগ্র ভারতীয়
কিন্তা জাতীয় অমুষ্ঠান নহে। অন্যদিকে জয়চাঁদ বিদ্বেষে
পরিপূর্ণ হইয়া পৃথীরাজের পক্ষ হীনবল করিতে জাট
করেন নাই।

দ্বিতীয় চিন্তা-চরিত্র-গুণ।



মহাজমে আচরণে দেন উপদেশ—
আমরাও হতে পারি সাধু সদাচারে;
ত্যজিয়া পৃথিবী তাঁরা রেথে যান শেষ,
নিজনিজ পদচিষ্ঠ কালের প্রান্তরে।"
লং ফেলো।

ভাদকোডি গামার আবিকার অবধি ইয়েরাপীয় জাতির দহিত ভারতবর্ষীয়গণের সম্বন্ধ অতি ঘনিষ্ট হইন্যাছে। প্রায় ছই শত বংদর হইতে এই সম্বন্ধ ক্রমশঃ ঘনিষ্টতর হইয়া আদিতেছে। ইয়েরাপীয়গণ বাণিজ্যের জন্য এদেশে ভিকুকের মত আদিয়া ক্রমশঃ এখানকার রাজা হইয়াছেন। তাঁহারা বছকাল ধরিয়া ভারত রাজ্য নিজ করতলম্ব করিবার জন্য পরম্পার যেরূপ বৈরতায় প্রস্তুত্ত হইয়াছিলেন তাহাতে তাঁহাদিগের চরিত্রের অনেক অনাধূভাব আমাদিগের নিকট প্রকাশিত হইয়াছে। ভারতে ইংরাজ জাতির বল বিক্রম রৃদ্ধি হইলে তাঁহারা অপরাপর ইয়েরারোপীয় জাতিকে পরাভূত করিয়া এতদ্বেশীয় রাজন্যগণের সহিত বৈরতাসাধনে

श्रापुष इरेलन। शर्स (य উन्हार्ग, मार्म, ७ वीर्यात আবশাক হইয়াছিল, একণে তাহা দূরে নিকেপ করি-লেন। চাতুরী, জাল ও কৌশলে সমুদায় ভারতরাজ্য অধীনস্থ করিলেন। সে দিন মাত্র তাঁহারা ভারতের একাধীশ্ব হইয়াছেন। সে যাহা হউক, এই ছুই শত বংসর আমরা ইয়োরোপীয়গণের সহিত একতে বাস করিয়া আনিতেছি। আমরা এতকাল তাঁহাদিগের চরিত্রের অনেক অসাধুভাব লক্ষ্য করিয়াছি। গৌরাঙ্গ-গণকে দেখিলেই ভয়ে কম্পিত হইয়াছি। তাঁহাদিগের চরিত্রের সাধুভাব দেখিতে সাহসও হর নাই, দেখিবার অধিক অবসরও ঘটে নাই। এক্ষণে ইংরাজ জাতি নির্বিঘে প্রভুত্ব করিতেছেন। যুদ্ধ বিগ্রহের অবসান হইয়া ভারতে শান্তির রাজ্য বিস্তার হইয়াছে। এথন আমাদিগের উৎকণ্ঠা ও ভায়ের সময় বিগত হইয়াছে। সবাই নির্ব্ধিন্নে সংসার ধর্ম করিতেছে, শাস্ত্রালাপ ও বিদ্যা লোচনায় প্রবুত্ত হইয়াছে, এবং নানাবিধ স্থুখনস্ভোগ করিয়া জীবন অভিবাহিত করিতেছে। পূর্ব্যকালের বিষয় এখন ভাবিতেছি; কি বর্ত্তমান আছে, কি কি মহামূল্য ধন হারাইয়াছি তাহাও সমুদায় দেখিতেছি। ইংরাজী বিদ্যাশিক্ষা করিয়া আমাদিগের জ্ঞানচকুঃ উন্মী-লিত হইয়াছে। আমরা সর্বস্থ বিসর্জন দিয়া এই মহা-রত্ন লাভ করিয়াছি। ইংরাজী বিদ্যালাভে একটা নৃতন পৃথিবী আমাদিগের নিকট প্রকাশিত হইয়াছে। এক কাল আমরা কেবল ভারতেই আবদ্ধ ছিলাম। তাহার হুট্ কিছুই জানিতাম না। আপনাদের জন্মস্থান বাতীত ममुनाय পृथिवी आमानिरगत निकछ अक्कात्रम्यी हिल। কলম্বদ এক মাত্র নৃতন পৃথিবী ইয়োরোপীয়গণের নিকট প্রকাশিত করিয়াছেন; ইংরাজী সাহিত্য শত শত নৃতন পৃথিবী আমাদিগের নিকট প্রকাশিত করিয়াছে। কলম্বস এক অসভা জাতির বিবরণ ইয়োরোপীয়গণের নিকট প্রকাশিত করিয়াছিলেন, ইংরাজী সাহিত্য এক স্থসভাতম ভাতির বিষয় আমাদিগের নিকট প্রকাশিত করিয়াছে। আমরা এই সভাতম জাতির চরিত্রে যে সমস্ত সদ্গুণের পরিচয় পাই, পৃথিবীর আর কোন জাতির চরিত্রে তাহা পাই না। यে मम्छ मम् छ ए । প্রভাবে ইয়োরোপীয় জাতি পৃথিবীতে সভাতম জাতি বলিয়া পরিচিত হইয়া-ছেন, এবং সর্বজ।তির অগ্রগণ্য হইয়াছেন, সে সমস্ত সদ্ভণ ইংরাজ জাতিতেও বর্তমান। আমরা সেই ইংরাজ জাতির সহবাসে এতকাল অবস্থান করিতেছি। সেই সদ্গুণ সমুদয় লক্ষ্য করিবার আমাদিগের শক্তি জিম্মাছে। এতকাল সেই জাতির সহবাসে থাকিয়া यि आमता छाँदानिराव मन्छन ममूनाव श्रद्धन कतिर्छ না পারি, তবে আমরা নিতান্ত অসার ও অপদার্থ। তাঁহাদিগের দোষ সমুদায় গ্রহণ করিতে আমরা যেরূপ তৎপর, গুণ-ভাগ গ্রহণ করিতে যদি তদ্ধপ হইতাম, তাহা হইলে আজি আমাদিগের অবস্থার অনেক উন্নতি সাধন শীয় স্থাতির বিষয় তর তর করিয়া জানিতে পারিতেছি;

কিন্তু আমাদিগের সেই জ্ঞান কি কেবল জ্ঞান মাত্রই থাকিবে ? সেই জ্ঞানের কি সাধুকল আমাদিগের চরিত্রে প্রকাশিত হইবে না ? আসরা কি চিরকাল জ্বজভাবাপন্ন থাকিব, একট উঠিয়া হাটিয়া পৃথিবীর উন্নতির দিকে অগ্রসর হইব না ৭ এই উন্নতির দিকে অগ্রসর হইতে ইয়োরোপীয় জাতির কতদুর বলক্ষ হইয়াছে; তজ্জ্য তাহারা পৃথিবীর কতদূরদেশে অসহা ক্লেশ বহন করিয়া ল্রমণ করিয়াছেন; কত্তের পর কন্ত, এবং ছুংখের পর ছুংখে নিপতিত হইয়। দর্মশেষে কেমন জয় লাভ করিয়াছেন— এই লোমহর্ষণ বুত্তান্ত-পাঠ যদি আমাদিগকে উদ্বোধিত করিতে না পারে, যদি আমাদিগের জড়তা অপনয়ন করিতে না পারে, যদি আমাদিগকে কার্য্যক্তে আকর্ষণ করিতে না পারে, তবে আমাদিগের অবস্থা নিতান্ত শোচনীয় বলিতে হইবে। তবে আর কিছুতেই আমা-দিগতে উৎসাহিত করিতে পারিবে না। আমরা চির-কালের জন্ম অধঃপাতে গিয়াছি। ইয়োরোপীয় মহাজন-গণের জীবন-বুন্ত, বিজ্ঞানের ইতিহাস, এবং আবিদিয়োর বিবরণ পাটে আমাদিগের এখন যত উপকার দর্শিবে, দর্শনাদির পর্যালোচনায় তত্ত্বর হইবার স্ভাবনা নাই। এই সমস্ত বিবরণে যাহাতে আমাদিগের অভিনিবেশ ভন্মে, আমাদিগের প্রবৃত্তি ও রুচি হয়, একণে তাহারই एठेश कहा कर्डवा। धर्मभाक्ष **धवः मर्ननामित** श्रालाहन। এক্ষণে কিছুকাল স্থগিত রাখা আবশ্যক। ভারতবর্ষ এই थृष्ठ नाञ्चानित **चा**टनांचनांत्र कार्यास्क हाताहेगाटक ह সে আলোচনা এখন কিছুকাল ভুলিয়া থাকা আবশাক হইয়াছে। এখন যাহাতে ভারতবাদিগণের কার্য্যশক্তির বৃদ্ধি হয়, যাহাতে তাহাদিগের উৎসাহের উদ্রেক হয়, যাহাতে সেই উৎসাহ কার্য্যে ও স্থফলে পরিণত হয়, এক্ষণে এমত বিবরণ, ইতিবৃত্ত, ও গ্রন্থাদির আলোচনা করা নিতান্ত কর্ত্তব্য হইয়া উঠিয়াছে।

ইয়োরোপীয় সভাতার ইতিবৃত্ত পর্য্যালোচনা করিলে প্রতীত হয় যে, বিশ্ব বিপত্তি অতিক্রম করিতে না পারিলে কথন উন্নতির প্রে অগ্রসর হওর। যায় না। যে সমস্ত লোক সমাজের উন্নতি সাধন করিয়াছেন, তাঁহারা গৃহে বসিয়া কেবল স্থুখ সম্ভোগ করেন নাই, কেবল তুগ্ধফেণ-নিভ শ্যায় শ্য়ন করিয়া থাকেন নাই, কেবল গ্হ-ভামিনীর অঞ্চল ধবিষা বেড়ান নাই; কিন্তু তাঁহারা উৎসাহে পূরিত হইয়া নানা দেশে ছবিষহ কণ্টে পড়িয়া কার্য্য করিয়াছেন, ক্লেশকে ক্লেশ জ্ঞান করেন নাই, এমত কি অনেকে কর্ত্তব্য সাধনে উৎসাহিত হইয়া প্রাণ পর্যান্ত বিসজ্জন দিয়াছেন। কলম্বদ এই রূপে একটা নৃতন পৃথিবী আবিহার করিষা গিয়াছেন; স্থমহৎ পিটা র কতিপর গণ্ডগান-পূর্ণ দেশকে বৃহৎ সমৃদ্ধিশালী সাম্রাস্ক্রে পরিণত করিয়া ছিলেন: বিশ্ব-প্রেমিক হাউয়ার্ড পীডিত ও আতৃরের হুঃথ মোচন করিতে করিতে ক্রসিয়ার বিদুর প্রান্তরে প্রাণত্যাগ করিয়াছিলেন।

্বু অসভ্য জাতির একটী লক্ষণ এই যে, অসভ্যেরা সাহস ক্রিয়া কোন বিঘু (বিপত্তির সক্ষ্মীন হইতে পারে না, কার্য্যক্ষেত্রে বিল্ল বিপত্তি উপস্থিত হইলে অমনি অমুষ্ঠান হইতে বিরত হয়; আর সে দিকে যাইতে চাহে না। স্বতরাং তাহাদিগের অবস্থারও উন্নতি হয় না। আমরা এইরূপ অসভ্যের মধ্যে এখন গণনীয় হইয়া আছি। পূর্ব্ব-সভ্যতা আমাদিগকে যেখানে রাখিয়া গিয়াছে, আমরা ক্রমশঃ বরং তাহা হইতেও অবনত হইয়াছি। পাছে কোনরূপ বিল্ল বিপত্তি ও কপ্ত ঘটে বলিয়া আমরা আর উন্নতির দিকে যাইতে চাহি না। যে সভ্যতার আমরা উত্তরাধিকারী হইয়াছি, তাহার গৌরব আমাদিগের নহে। আমাদিগের হস্তে বরং সে সভ্যতার অনেকাংশে বিধ্বংস ঘটয়াছে।

অসভ্যের আর একটী লক্ষণ এই যে, সে নিজ্ব আবস্থা সহসা পরিত্যাগ অথবা পরিবর্ত্ত করিতে চাহে না। অট্রেলিয়ার কোন শাসনকর্ত্তা একজন দেশীয় অসভাকে বিলাতে লইয়া গিয়াছিলেন। তথায় সেই অসভ্য বছকাল সভ্য হইয়াছিল। তাহার পরিচ্ছেদ ও আহারীয় সম্লায় পরিবর্ত্তিত হইয়াছিল। অনেক বড় লোক তাহাকে ভাল বাসিতেন। কিন্তু কিছুকাল অতীত হইলে আবার তাহাকে অট্রেলিয়ায় আনয়ন করা হইল। স্বদেশে পদার্পণ করিয়া সে সম্লায় পরিচ্ছেদ পরিত্যাগ করিল, আম মাংস ভক্ষণের জন্য ব্যস্ত হইল, এবং সর্কাংশে প্নরায় সেই অট্রেলিয়ার অসভ্য রূপে পরিদৃষ্ট হইল। আর একবার অট্রেলিয়ার ছইটী শিশুকে বিলাতে আনয়ন করা হয়। বারবৎসর পর্যন্ত তাইবাদিগকে সভ্য-প্রণালী

মতে যথাবিহিত শিক্ষা প্রদান করা হইরাছিল, তাহারাও সর্কাংশে বিলাতী হইরা গিরাছিল। বার বংসর পরে তাহাদিগকে নিজ নিজ ইচ্ছানুসারে স্বাধীন ভাবে থাকিতে বলা হইল। অননি তাহারা পূর্ব পরিচ্ছদাদি পরিত্যাগ করিল এবং স্বদেশে প্রত্যাবর্ত্তন করিয়া স্বজাতীয়ের মত অসভ্য নগ্ন হইয়া দাভাইল।

বিদ্ব বিপত্তিতে পড়িয়া যে স্থলে স্কুসভ্য জনগণ যথা সাধ্য চেষ্টা করিয়া উদ্ধার হয়েন, সে স্থলে অসভ্যের। নিরাশ হইয়া নিশে**র** হইয়া বদে। আবার অসভ্যের শারীরিক বল কিছুমাত্র ন্যুন নহে। এ ছুই জনে প্রভেদ थरे (य, **ठारां मिलाइ गां**निमक श्रेक्ठ म्यांन नरह। त्य মানসিক বল ও বিক্রম, যে অধ্যবসায় ও সাহস, বে দুঢ় প্রতিজ্ঞা ও সহিষ্ণুতা সহকারে একজন ইয়োরোপীয় বিঘ-বিপত্তির উপর জয়লাভ করিবেন, অসভ্যেরা তাহার শতাংশের একাংশও দেখাইতে পারিবে না। বৃহং কার্য্যের জন্ম বৃহৎকায় পুরুষের আবশ্রক নাই। তজ্জ্ব ব্রহৎ অন্তরের প্রয়োজন। ইরোরোপীয়ের। এই মানসিক ধর্মে ভূষিত হইয়া কত ছবান-পরম্পরায় সিদ্ধিলাত করিতেছেন। বে সমস্ত মহাজনেরা এই প্রকার অবদানে প্রবৃত্ত হয়েন, তাঁহারা কেমন সামাল্য স্কথস্বজ্ঞলতা অবজ্ঞা করিয়া একান্ত মনে সামাজিক মঙ্গলোলেশে কার্য্য করিতে করিতে প্রাণ পর্যান্ত পণ করিয়া থাকেন। তাঁহারাই প্রক্লন্ত বীর পুরুষ ও মহোদয় ব্যক্তি বলিয়া বিখ্যাত চইবার বোগা পাতা। তাঁহাদিগকে দেখিলেই ভূমি চিনিতে

পারিবে। উৎসাহ তাঁহাদিগের সর্বাঙ্গকে অগ্নিপরীত করিয়াছে। তাঁহারা দীন বেশে মহৎ ব্যবসায়ে প্রবৃত্ত হইতেছেন। তাঁহাদিগের অভিমান নাই, অহন্ধার নাই; কিন্তু তাঁহারা উৎসাহে পরিপূর্ণ; কার্য্য-উদ্ধারের জন্ম সব্দদা চিন্তা-পরায়ণ; এবং কার্য্যের প্রতি একান্ত অভিনিবিষ্ট; ভাবনা এবং দৃঢ়প্রতিজ্ঞা তাঁহাদিগের শলাউদেশ কুঞ্চিত করিয়াছে। তাঁহারা আতপ-তাপে ঘর্মাক্ত হইতেছেন, নিজ হত্তে রজ্জ্ ধরিয়াছেন, অদ্ধ পরিচ্ছদ পরিত্যাগ করিয়াছেন এবং ধূলায় ও কর্দমে মহা कष्ठे ভোগ করিতেছেন। মহৎ অন্তুষ্ঠান তাঁহাদিগকে মহৎ করিয়া রাথিয়াছে। বাঙ্গালী বাবু এত দূর অপমান খীকার করিতে, এত কষ্টভোগ করিতে, এবং মজুরের মত খাটিতে নিতান্ত লক্ষিত হইবেন। তিনি দিবা কার্পেটের জুতা পরিয়াছেন, ১৫০ নম্বর স্থতার দিব্য ফিন ফিনে কালাপেড়ে ধৃতি, গায়ে বৃক্মসলিনের কেয়ারি কাটা পিরাণ, এবং ফুলকোঁচান উজানি পরিধান করিয়া ও হাতে একগাছি হালকি ছড়ি লইয়া হাওয়া থাইয়া বেডাইতেছেন। তাঁহার শরীর নিভান্ত কোমল, অবয়ব সমস্ত গোল ও পূরিত, মুখে কামিনীর লাবণ্য প্রকাশিত ফুটতেছে। তিনি সেই বেশে কেশ বিভাগ করিয়া वाहित्र विहर्भक स्हेशार्हन। एमथिएन जास्त्रि अत्या, কোন কামিনী পুরুষ-বেশে পুরবাদের প্রান্তি দূর করিতে বাহিরে আসিয়াছেন। এই স্থকুমার বাঙ্গালী বাবু জাবার মহৎ হইতে চাহেন!

১। মানব যথন অসভ্যাবস্থায় বনে বাস করিতেন, ত্রপন বনবাদী ভয়ম্বর জীব জন্তু সকল তাঁহার শত্রু ছিল। এই সমস্ত জীব জন্তুর উপর প্রভুত্ব লাভ করিতে তাঁহার প্রথম বল ব্যয়িত হইয়াছিল। তিনি বাহুবলে উন্মন্ত হস্তীকে আপন অধীনে আনিয়াছেন, এবং ঘোটককে বাহন করিয়াছেন। কিরুপে বিড়াল কুক্কর প্রথমে মন্তুষ্যের বশীভূত হয়, কিরূপে মত্ত মাতঙ্গের মত জন্ত তাঁহার অধীনে আইদে, কিন্ধপে বন্ত হইয়া তাঁহার বশুতা স্থীকার করে—এসমন্ত বুল্লান্ত প্রকাশিত থাকিলে, তাহার অধ্যয়নে নিশ্চয় স্থথবাধ হইত। মৃগয়া পূর্বের নূপতিগণের বাসন একটা বলিয়া গণ্য হইত। আজিও ইয়োরোপীয়গণ মধ্যে মধ্যে পশুশিকারে যাতা করিয়া, কথন ব্যাঘ্রকে, ক্রমন ব্যা ব্রাহ্**কে** ব্র ক্রিয়া **আনিতেছেন।** যথন পনীগ্রামে ব্যাদ্রের ভয় হয়, এবং গ্রামম্ব সকল লোকে সর্বাদাই কম্পিত হয়েন, তথন কাহারা সাহদে ভর করিয়া সেই জনপদবাসিগণের জন্ম প্রাণ দিতে প্রস্তুত হয়েন গ এরপ স্থলে গ্রামবাদিগণ কি দৌড়িয়া গিয়া মাজিট্রেট সাহেবকে অগ্রে সংবাদ দেন না ? তাঁহারা ভানেন, বাঘমারা ও বাবের মুখে যাওরা মাজিট্রেট সাহেবের কাধ্য; এবং মাজিষ্টেটের কোন ক্রটি অথবা অত্যাচার হইলে জজ সাহেবের কাছে তাহার নালিষ করা প্রজাগণের কার্য্য। কিন্তু এমত সময়ে মাজিপ্টেট সাহেব অকুতোভয়ে কেমন ব্যাদ্রের সন্মুখে উপস্থিত হয়েন, এবং তাহাকে পুদ্ধ করিয়া দেশবাসিগণকে আপনার সাহস ও বিক্রমের

পরিচয় দেন। কিন্তু যাঁহাদিগের দায় ও বিপদ, তাঁহারা মাজিট্টে সাহেবকে বাঘের মুখে পাঠাইরা "বার শক্ত পরে পরে" ভাবিয়া নিশ্চন্ত থাকেন। যে বঙ্গদেশ নানা বন্তু ভয়ন্ধর পশুর আশ্রয়-স্থান, তাহার দেশবাসিগণের মধ্যে কয় জন সেই পশুশিকার করিতে সক্ষম আছেন? এবং কয়জনই বা উদ্যোগ করিয়া তাহাদিগের বধের জন্ম অগ্রদর হয়েন ৪ ইয়োরোপীয়গণের মধ্যে কেহ কেহ অক্ষম হইলেও তাঁহারা বন্ধু বান্ধবগণকে তৎকার্যো ডাকিয়া আনেন, এবং বাঁহারা শিকারে সক্ষম তাঁহাদিগের সঙ্গে সঙ্গে গমন করেন। ইয়োরে পীরগণের নিকট হইতে এই প্রকার উদ্যোগ ও সাহস কি আমাদিগের শিক্ষার বিষয় নয় ৪ এতদিন ইয়োরোপীয়গণের সহবাসে থাকিয়া আমরা কি তাঁহাদিগের এই উদ্যোগ ও সাহস গ্রহণ করিতে পারিয়াছি ৪ আমরা বোতল বোতল মদ খাইতে শিধিয়াছি, গোমাংস অস্তি সমেত ভক্ষণ করিতে শিপিয়াছি, কিন্তু বাব মারিবার বেলা অন্দরের জানালার ভিতর হইতে উকি মারিতেও সাহদী হই না। একজন মাতাল বলিয়াছিলেন যদি ফ্রাঙ্কো প্রাসিয়ান যুদ্ধটা বাড়ীর কাছে হইত, তাহা হইলে বেস জানালায় চিক ফেলিয়া মজার মজার যুদ্ধটা দেখিতাম। এ বাঙ্গালীর মত মেয়েমানুষের কথাই বটে।

२। ইয়োরোপীয়গণ যথন স্বদেশের অনেক দূর छेन्नि माधन कतिलान, यथन छाँशामित्यत छान-ज्या প্রবল হইয়া উঠিল, সমাগরা ধরিত্রীর অস্তান্ত দে ।

কোথার কি আছে জানিবার জন্য যথন তাঁহারা কোতৃহল-পরতম্ব হইলেন, তথন তাঁহারা নৃতন নৃতন দেশ আবিফারে বহির্গত হইলেন। কি কি মৃণ্য অথবা গোণ উদ্দেশ্যের প্রতি লক্ষ্য করিয়া তাঁহারা এই কার্য্য ও অবদান পরম্পরায় প্রবন্ত হয়েন তাহার আলোচনা করা আমাদিগের প্রয়োজন নহে। किন্তু তাঁহারা এই কার্য্যে প্রযুক্ত হইয়া কতদুর অধ্যবসায়, সাহস এবং সহিফুতার সহিত বিপদের মাঝে প্রাণ পর্যান্ত পশ করিয়াও নিজ নিজ কার্যাসাধন করিয়াছেন, ভাহার প্রতি যাহাতে স্বদেশের লক্ষ্য ফিরে তাহাই আমাদিগের উদ্দেশ্য। ইহারা পৃথিবীর নানা দেশ বিদেশ আবিকার করিয়া যে শুদ্ধ ভূগোলের জ্ঞান-রাজ্য বিস্তার করিয়াছেন এমত নহে, তদারা ইয়োরোপকে সর্কবিষয়ে সভাতার চরম শিখরে উল্লভ করিয়াছেন, ধন-ধান্যে পরিপূর্ণ করিয়াছেন, এবং সর্ব্বপ্রকার স্থাথের ভাগী করিয়াছেন। ইহাঁরা বাস্তবিক যেরূপ সন্মানভাজন ততদুর সন্মান আজিও ইহাঁদিগেকে প্রদত্ত হয় নাই। কিন্তু ভাবিয়া দেখিতে গেলে,বড় বড় যুদ্ধবীর অপেকাও ইইারা অধিকতর সম্মানের পাত্র। কুক এবং ভ্যানকাউভার, পাারি এবং রদ, মঙ্গো পার্ক এবং আউড্নে, কক্রেন এবং क्रमरवान्त्रे—हेंकां निरंशत धीत वीत्रज्ञ रमिश्रत तपवीरतत मममख বীরত্বও লঘু বোধ হয়। রণবীর রক্ত-হস্তে পুথিবীকে কেবল ছুংথে নিমজ্জিত করেন; কিন্তু ইহারা যেখানে গিয়াছেন, সমৃদ্ধিশালী বাণিজ্য, উন্নতিশাল বিজ্ঞান, এবং মুবানী সভাতা সেই থানে পশ্চাং পশ্চাং গিয়া উপস্থিভ

হইয়াছে। যেথানে ইহাঁদিগের জয়পতাকা রোপিত হইয়াছে, চির্দিনের জন্য সেই দেশের উদ্ধার সাধন ट्टेंगाट्ड। (य উল্যোগ, উৎসাহ, সাহস, অধ্যবসার, সহিষ্ণতা এবং প্রাণপণ দঢ-প্রতিজ্ঞা এই জয়-পতাকা রোপণের প্রধান সাধন, সেই সমস্ত মহার্ঘ গুণ-পরম্পরা যত দিন আমরা অর্জন করিতে না পারিব ততদিন আমাদিগের উন্নতি নাই; ততদিন আমরা সভাজাতি বলিয়া গণ্য হইব না; ততদিন আমরা জ্ঞান করিব, ইয়োরোপীয়গণ আমাদিগের অপেকা শতগুণে শ্রেষ্ঠ এবং তাঁহাদিগের নিকট এখনও অনেক বিষয় শিথিবার আছে। যতদিন না আমরা আত্মসারতা পরিত্যাগ করিয়া সমাজের এবং মানবকুলের ইপ্তমাধন জন্য প্রাণপণ চেষ্টা করিব, ততদিন কিছুতেই আমাদিগের উন্নতি হইবে না। একদিকে স্বার্থপরতা, অন্য দিকে সামাজিক ইষ্ট';— ইহার মধ্যে সকল জাতি, সকল ব্যক্তিই অবস্থান করিতেছেন। গাঁহারা স্বার্থপর হয়েন তাঁহারা সমাজকে ভূলিয়া যান। এতকাল আমরা বরাবর স্বার্থের প্রতি লক্ষ্য করিয়া স্বদেশ ও সমাজকে ভুলিয়া গিয়াছিলাম। তক্ষন্য সদেশ হারাইয়াছি, পথের ভিথারী হইয়াছি, অপচ আমাদিগের প্রকৃত স্বার্থ-সাধন হয় নাই। যতদিন না আমরা ব্রিতে পারিব, সামাজিক স্থথই প্রকৃত স্বার্থপরতা, মানব জাতির মঙ্গলেই প্রতি বাহ্নির মঙ্গল সাধন হয়, তত্দিন আমরা যে অবনতি ও ছঃথের অধঃস্থলে নিপ্তিত রহিয়াছি তদ্রপ্ট धाकित, जागानिरशंत्र जनुभाज धीतृहि माधन स्टेर्ट ना 📒

কাপ্তেন কক্রেন সাইবিরিয়ার ভ্রমণ-রভাত্তের এক স্থলে বলেন—"আমার খুব বিশ্বাস এই যে, মানব জীবনের অধিকাংশ হঃথের কারণ-প্রকৃত সংশিক্ষার অভাব, করুণামর ঈশ্বরের পালন-গুণে দৃঢ় বিশ্বাদের অভাব, অধ্যবসায়ের অভাব, শ্রান্তি এবং ক্ষুধা তৃষ্ণায় ধৈর্য্যের অভাব, এবং কর্ত্তব্য সাধনে দৃঢ় প্রতিজ্ঞার অভাব। যতক্ষণ পর্যান্ত জীবন ও শ্বাস থাকে, ততক্ষণ পর্যান্ত প্রাণ-পণে কর্ত্তব্য সাধনে চেষ্টা করা বিধেয়। আমি অনেক বার অনেক কণ্টে পজিয়াছি, অনেক ত্বরবস্থায় পরীক্ষিত হইয়াছি, শীতে জ্বর জ্বব, ক্ষুধায় কাতর এবং প্রাস্ত কলেবর হইয়া মূর্চ্ছিত-প্রায় হইরাছি; কিন্তু আমি সক্লতজ্ঞ চিত্তে নিশ্চর বলিতে পারি যে, আমি যথন এই সমস্ত তুঃথ ক্লেশ ও বিপত্তির হস্ত হইতে মুক্ত হইয়াছি, তথন যত দূর স্থ্যী হুইরাছি, সেরূপ কখনই হুই নাই।" এই ভীমকায় ভ্রমণকারী যে অসহ ক্লেশে এসিয়ার উত্তরাংশে ভ্রমণ করিয়াছেন, তাহার বিবরণ পড়িলে শরীর লোমাঞ্চিত হট্রা উঠে। তিনি মঙ্গোপার্কের ভ্রমণ-রীতি অবলম্বন করিয়া একাকী সেণ্টপিটর্সবর্গ হইতে বহির্গত হইয়া বরাবর দারুণ শীতে নগ গাত্রে নানাবিধ অসভা রাক্ষম জাতির মধ্য দিয়া বেয়ারিং প্রণালী পর্যান্ত ভ্রমণ করিয়াছেন। মঙ্গোপার্ক এক দল অসভ্য লোকের হস্তে নিহত হইয়াছেন; কিন্তু এই পরম সহিষ্ণু কাপ্তেন কৌশলপূর্বক রাক্ষসজাতীয় জাকুটীগণের হস্ত হইতেও ্ৰুকার পাইয়াছেন। তিনি কতৰার দস্তা-হস্তে লুষ্ঠিত হইয়াছেন, তথাপি এক বস্ত্রে ক্ষ্ণায় কাতর হইয়া দেশে দেশে ভ্রমণ করিয়া বেড়াইয়াছেন।

আফ্রিকার মরুভূমে এবং অরণ্য দেশে যাঁহারা ভ্রমণ করিয়াছেন, তাঁহাদিগেরও রুত্তান্ত পড়িলে উৎসাহে পুর্ণ হইতে হয়। লিয়ো আফিকেনস হইতে মেজর ডেন-হ্যামের ভ্রমণ-বুতান্ত পর্যান্ত বিস্তর প্রন্থ বির্চিত হইয়াছে. মেজর ডেনহ্যাম একবার কাপ্সেন ক্রেণের মৃত্ ফিলাটা-ভাতীয়ের একদল লোক কর্ত্তক বিলুষ্ঠিত হইয়া যেরূপ ছঃসহ কটে পড়িয়াছিলেন, তাহা তাঁহার ভ্রমণ-বুভান্ত মধ্যে বর্ণিত হইয়াছে। তথাপি তিনি সহর্ষচিত্তে ডাক্তার আউডনে এবং ক্ল্যাপার্টনের সহিত ভ্রমণ করিয়া আফিকার নানা গুহা প্রদেশ আবিষ্কার করিয়া গিয়াছেন, এবং তথাকার অনেক অসভ্য জাতির বিবরণ প্রকাশ করিয়া ছেন। এই সমন্ত বিবরণ পড়িতে পড়িতে উষ্ণপ্রধান দেশীর অরণা ও মকদেশ হইতে—একদা ত্যারমভিত আমেরিকার উত্তরাংশের প্রতি দৃষ্টি পড়ে, এবং মনে হয় এই ছুই বিপরীত দেশে বিভিন্নপ্রকার বিদ্ন বিপত্তিতেও ইয়োরোপীয় ভ্রমণকারীকে নিরস্ত করিতে পারে নাই। তিনি সমান উৎসাহে এই দ্বিবিধ দেশেই পর্যাটন করিয়া বেডাইয়াছেন।

১। নৃতন দেশ আবিদ্ধারের জন্ম যেনন একদল ছংসাহসিক ইয়োরোপীয়গণ নিরতিশয় কয় সহ্য করিয়াও লেশে দেশে ভ্রমণ করিয়াছেন, আর একদল সমোৎসাহী ইয়োরোপীয়গণ পুরাতন রাজ্য এবং নগরীর ভয়াবশেষ

मत्भा माक्रम करहे नाना श्राष्ठीन विषयात ममूक्षात कतिया। ছেন। পূর্মকালে এরূপ কার্য্যে কেহ কথন হস্তক্ষেপ करतन नारे; रेमांनी छन कारल रयमन विद्धारनत जारला চনা হইয়াছে, প্রাচীন ইতিব্রু জানিবার জন্ত যেমন মানবের লাল্যা জিমায়াছে, পূর্বতন শিল্প কৌশলের প্রতি যেমন সভাজাতির অনুরাগ বৃদ্ধি হইয়াছে, তৎসঙ্গে সঙ্গে প্রত্তত্ত্ববিৎগণ প্রাচীন স্থানের ভগাবশেষ পর্য্যবেক্ষণ করিবার জন্য দশ বিদেশে বহির্গত হইরাছেন। স্পবিখ্যাত বেলজোনী এই মহৎ ব্যাপারে লিপ্ত হইয়া সেরূপ দৃঢ় অফুরাগ, উৎসাহ এবং অধ্যবসায়ের সহিত মিশ্রদেশীয় প্রাচীন রাজ্যের ভন্মাবশেষ রাশি সমন্ধার করিয়াছেন. তাহার বিববণ পাঠে একদা সকলেরই বেলজোনীর মত কার্যা করিতে ইচ্ছা জয়ে। ব্রিটিশমিউজিয়মে মেম্-ননের যে প্রকাও প্রস্তরমূর্ত্তি অবস্থাপিত আছে, তাহা বেলজোনীর মহোদ্যোগে মিশর হইতে ইংলতে আনীত হটয়াছে। হোমরের শত্-তোরণ-বিশিষ্ট থীব নগরীর রাশি রাশি ভগাবশেষ হইতে এই প্রকাণ্ড দেবমর্দ্তি সমৃদ্ত হইয়াছিল। বেল্জোনী নিজে অত্যন্ত বলিষ্ঠ ছিলেন, তিনি নিজ বাছবলে কতিপয় আরবীয়ের সহায়-তায় অনেকণ্ডলি নিশর দেশীয় প্রকাণ্ড প্রকাণ্ড ভগ্নমূর্ত্তি উত্তোলন করিয়া আনিয়াছিলেন। গোণ্র পর্ব্বতগুহার মধ্যে প্রবেশ করিতে একবার তাঁহার জীবন হারাইবার मछातना रहेग्राहिल। हेराएठ इहेमहञ्च-वरमञ्जनिक्छ েপকাও বালুকারাশি ভেদ করিয়া তাঁহাকে ইপস্থামবুলের

মন্ত্রি মধ্যে প্রবেশ করিতে হইয়াছিল। প্রকাণ্ড প্রকাণ্ড প্রস্তর্থও সকল স্থানাস্তরিত করিয়া নুপগণের সমাধিদেশে প্রবেশ করিয়াছিলেন। কিন্তু সর্ব্বাপেক্ষা গ্রিজার প্রিমিডে প্রবেশ-পথ লাভ করিবার জন্ম তাঁহাকে যেরূপ গবিশ্রম ও কট্ট স্থীকার করিতে হইয়াছিল তাহার বিবৰণ পাঠ করিলে আশ্চর্যা হইতে হয়। এইরূপ পরিশ্রম ও কাই নিনিভার প্রস্তর সকল উত্তোলিত হয়। বে মছোদরগণ নিনিভার ক্ষেত্রে কার্য্য করিয়াছিলেন, যাত্র ও চেটা করাই তাঁহাদিগের মহাময় ও সিদ্ধিলাভের প্রধান উপায় হইয়াছিল। যত্ন ও চেষ্টা করিলে সর্বার্থ ই সিদ্ধ হয়, তাঁহারা এই আশায় যেরূপ ছঃসহ ক্লেশ বহন করিয়া আপন আপন কার্য্য সিদ্ধি করিয়াছিলেন, তাহার বিবরণ পাঠ কবিলে বাঙ্গালীরও শীতল শোণিত একদা উৎসাহে উষ্ণ হট্যা উঠে। এই আশায় যদি তাঁহার। উৎসাহিত ও সুর্ফিত না হইতেন, তাহা হইলে বেলজোনি, বোটা, এবং লেয়ার্ডের মত উদ্যোগী পুরুষসিংহগণকেও বিফল इन्टेट इन्छ।

৪। সভাতার উন্নতির সহিত ইয়োরোপীয়গণেব কার্য্য-ক্ষেত্র অধিকতর বিসারিত ইইয়াছে, এবং এই কার্যক্ষেত্রের বিস্তৃতির সহিত তাঁহাদিগের উৎসাহ, বল, উদ্যোগ এবং সাহসেরও দ্বিগুণতর বৃদ্ধি হইয়াছে। এক্সলে ইয়োগোপীয়গণ পর্বত কাটিতেছেন, বিস্তীর্ণ অর্ণ্যানী সমভূমি করিতেছেন, সহস্র-হন্ত-গভীর ধনি খনন করিয়া খনিজ দ্রবাদি উত্তোলন করিতেছেন, শত

ক্রোশ বিস্তৃত রাজপথ এবং লোহবন্ধ প্রস্তুত করিতেছেন, বৃহৎ বৃহৎ সেতু এবং উচ্চ উচ্চ আলোক-গৃহসকল নির্মাণ করিতেছেন; পৃথিবীর যে দিকে যাও এবং যে দিকে চাও, সেই দিকেই ইয়োরোপীয়গণের বাহবল, উদ্যোগ, সাহস এবং অধ্যাবসায়ের প্রকাণ্ড প্রকাণ্ড নিদর্শন সকল বিদ্যমান দেখিতে পাইবে। তাঁহাদিগের অর্ণবিষান এবং লোহ-ঘোটক সর্ক্রেশে গিয়া উপস্থিত হইয়াছে; উপস্থিত হইয়া উদ্যান এবং যত্ত্বে পৃথিবীর যুগাস্তর ঘটাইয়াছে। পুরুক্তালের সপ্ত অন্তুত কাণ্ড এখন আর তত অন্তুত বিলয়া বোধ হয় না। ইরোরোপীয়গণের উদ্যোগ, পৃথিবীর চারিদিক শত শত অন্তুত ব্যাপারে পরিপূর্ণ হইয়াছে। ভৌতিক স্পৃষ্টিকাণ্ডের ভিতর তাঁহারা আর একটা নৃত্ন জগং স্থৃতি করিয়াছেন। সকলই তাঁহাদিগের আশ্চর্য্য বৃদ্ধি, অসামান্ত কৌশল এবং অপরিনিত উদ্যোগ সাহদ, ও অধ্যবসায়ের সাক্য দিতেছে।

ভারতেরও এক সময়ে সকলই ছিল। তাহারও
উৎসাহ ছিল, বল ছিল, সাহস, যত্র সকলই ছিল।
তাহারও প্রকাণ্ড প্রকাণ্ড কীর্ত্তি-কলাপ তাহার সর্ব্বগাতে
বিদামান রহিয়াছে। যথন তাহার এই সমস্ত গুণ ছিল,
তথন তাহার স্বাধীনতা, বল, বীর্য্য সকলই ছিল। আহ্মণগণের একাধিপত্যে তাহার সকলই গেল। তাঁহাদিগের
নিপীড়নে সর্ব্বত্র মূর্বতা পরিব্যাপ্ত হইল। সামাজিক
অধীনতার তাহার বল, বীর্য্য সকলই গেল; এবং ভারত
কেবল আহ্মণ-সেবার নিরত হইলেন। সেই অবধি

ভারত একেবারে অধঃপাতে গেলেন। এখন ভারতের প্রব্ধ গৌরব স্মরণ করিলে আমাদিগের লক্ষা বোধ হয়। আমরা কি সেই আর্যাজাতি বাহাদিগের সংকীর্ত্তিকলাপ ভারতের সর্ব্বভূই বিদামান থাকিয়া তাঁহাদিগের শোর্যা, বীর্য্য এবং উদ্যোগিতার পরিচয় দিতেছে। তাহা যদি সতা হয়, তবে আমরা কি অপদার্থ হইয়া প্রিয়াছি। कर डेक्क भन इहेरा कर अथा निभित्र इहेरा हि। কি শোচনীয়, কি লাঞ্চনীয় আমাদিগের অবস্থা। হার. সাধীনতার সহিত আমরা সকলই বিসর্জন দিয়াছি। অথবা ঐ সমস্ত গুণ গিয়াছে বলিয়াই স্বাধীনতা-লক্ষ্যীও আমাদিগকে পরিত্যাগ করিয়াছেন। একণে ভারতের পর্বতন অবস্থা আমাদিগের বিশেষরূপ পর্যালোচনা করা কর্বা। ইহার প্রতন ইতিহাস আমাদিগের স্র্দাই অলায়ন করা আবিশ্রক। আবিশ্রক এই জন্ম (য, আমরা প্রক্রপুরুষগণের গৌরবে আত্মাকে পূর্ণ করিয়া ভাবিব,— যে আর্যাজাতি এককালে আত্ম-গরিমার পৃথিবী পরিপূর্ণ ক্রিয়াছিলেন, সেই আর্য্যজাতির শোণিত আমাদিগের শিরার অদ্যাপি প্রবাহিত হইতেছে, সেই আর্যাজতির মনীষা আমাদিগের অন্তরে অব্তান করিতেছে। আমরা এতকাল মোহ-নিদায় আছের ছিলাম। এখন আমহা দেই মোহনিদ্রা হইতে উত্থান করি, উত্থান করিয়া নব বলে এবং নব উৎসাহে পরিপূর্ণ হট্যা কীতিকলাপের গ্যোরবে আর একবার পৃথিবীকে চমৎকৃত করি।

দ্বিতীয় পরিচ্ছেদ।

স্বদেশয়ী সমাজ।

তৃতীয় চিন্তা--- দামাজিক অবসা।

"জীবন প্রবাহ বহি কাল সিদ্ধুপানে ধায়, কিরাব কেমনে।" "Each nobler aim, represt by long control, Now sinks at last, or feebly mans the soul; While low delights succeeding fast behind, In happier meanness occupy the mind."

আমার শ্বরণ হয়, কোন লেশক এক হলে শ্লেব করিয়া বলিয়াছেন, যে ইংরাজগণ যথন ভারতবর্ষ পরিত্যাগ করিয়া শাইবেন, তথন তাঁহাদিগের চিহ্নস্বরূপ ভারতে আর কিছুই থাকিবে না, কেবল রাশি রাশি বোতল ভারতের সর্ব্ব্রে পড়িয়া পাকিবে। এই বোতল ব্যতীত ইংরাজগণ কি ভারতে আর কিছুই মানেন নাই? ইংরাজগণ ভারত হইতে রাশি রাশি ধনসম্পত্তি পাইয়া গিয়াছেন সত্যা, কিছু তংপরিবর্দ্তি তাহাবা ভারতকে যে একটা মহার্হ রত্ন প্রদান করিয়াছেন, ভাহা সমুদায় ভারতবর্দের রত্নের সহিত তুলা-মূল্য হয় না। সে রত্ন পাশ্চাত্য বিদ্যা, পশ্চাত্য ভাবের প্রভাব। এই বিদ্যাদানে তাঁহারা সমুদায় মৃতপ্রায় ভারতবর্দ্ধকে নবজীবনে জীবিত করিয়াছেন। কতকার ধরিয়া, কত যুগ ধরিয়া, ভারতবর্দ্ধ স্বয়ুপ ও মৃতপ্রায় হইয়া রহিয়াছে তাহার ঠিকানা নাই। মুললমানদিগের

বিদ্যা বৃদ্ধি ভারতকে জাগরিত করিতে পারে নাই। कातन, तम विना। वृद्धि आमानितनत প्राठा ভाবে পরিপূর্ণ। তাহাতে এমত কিছুই নাই যাহাতে অচেতনকে চেতন করিতে পারে। তাহাতে এমত কিছুই ছিলনা, যাহা ভারতবাসিগণ নৃতন বলিয়া শিথিতে পারেন। পরীর গল, मांगाछ मांगाछ नींिश्र्न स्मत स्मत डेननान जिन्न मुत्रलमानशर्पत विमाग आत कि इटे हिल्ला। মুসলমানগণের বিদ্যা ও বৃদ্ধিতে এমত কিছুই ছিল না যাহাতে তাহার। সকল বিষয় তলিয়া বৃথিতে পারে। পাশ্চাত্য বিদ্যায় দেই ভাব আছে। তাহাতে আযুচিন্তা আছে, সকল দিক্ বুঝিয়া বিবেচনা আছে, পরের অবস্থার সহিত আপনার অবস্থার তুলনা করিবার শক্তি আছে। তুলনা ও আত্মচিন্ত। করিয়া, উচিত্মত ব্যবস্থা এবং নিয়ম প্রবর্ত্তিত করিবার শক্তি আছে। এবিদ্যার যে আন্তরিক বল আছে, তাহা প্রাচাপ্রভাব অতিক্রম করিতে বিলক্ষণ সমর্থ: বরং সেই বল ভারতে এক নৃতন শক্তি প্রদান করিয়াছে। ভারত তংপ্রভাবে নীয়মান হইতেছে। বিলাসী ভারত ইংরাজগণকে ভারতীয় করিতে পারেন নাই, বরং নিজেই रे ताजी रहेगा गारे ए एक ।

এই বিদ্যা শিক্ষায় আমরাও আত্মচিন্তা শিক্ষা করিতেছি।
আমাদিগের এক্ষণকার অবস্থা কি, ভাবিয়া দেণিতেছি।
কিরূপ হওয়া উচিত তাহাও বৃঝিতে পারিতেছি।
কি কি প্রভাবে আমরা অধঃপাতে গিয়াছি, ও চর্মল
ইইয়াছি, বৃঝিতে পারিতেছি। দেখিতেছি, আমাদিগের

ছর্বলতা এত অধিক যে তাহা বিমোচন করিবার আমাদিগের সামর্থ নাই। সামাজিক হীনতার এত নীচ গর্চে পড়িয়া রহিয়াছি, যে উচ্চদিকে চাহিতেও ভয় হয়, নিরাশ হইতে হয়। এখন সস্তাপ হয়, কেন এ আয়দৃষ্ট জনিয়াছিল। আবার আহলাদ হয়, আমাদিগের এই আয়দৃষ্টি জনিতেছে। আহলাদ হয় বটে, কিয় তৎক্ষণাং আমাদিগের ছর্বলতা ও নির্বীর্যতা ভাবিয়া নিতান্ত নিরুদ্য এবং নিরুদ্দাহ হইয়া পড়ি। ভাবি, পড়িয়াছি ত, বিলক্ষণ পড়িয়াছি, উঠিব কি প্রকারে ? উঠিবার ইছা মাত্র হয়, একবার এদিক্ ওদিক্ চাহিয়া দেখি, চাহিয়া একবার শিরোজলন করিতে যাই, আবার কোথা হইতে কোন্ প্রভাব আদিয়া নিজেজ ও ছর্বল শিরোদেশকে বসাইয়া দেয়। প্ররায়, সেই অধন্তলেই মৃহয়ান হইয়া পড়ি। এইরূপ শোচনীয় আমাদিগের অবহা! শোচনীয় আমাদিগের ছর্বলতা! শোচনীয় আমাদিগের অবহাণ তন!

এই অধঃপতন হইতে কি নিস্তার নাই ? তবে আমাদিগের এ অবস্থা জন্মিবার ফল কি ? পাশ্চাত্য বিদ্যা
ও ডাবের প্রভাব ত এরপ নয় ? তাহা সমৃদায় শরীরকে
উৎদাহিত করে, শিরে শিরে উৎদাহ-শক্তি প্রদান
করে, নব বলে সমৃদয় হাদয়কে উত্তেজিত করিয়া
দেয়। বারস্বার চেয়া করিতে বলে, সমৃদায় দেথিয়।
ভানিয়া উপায় নির্দার করিতে বলে, কি কি
কারণে বিফল হইতেছি তাহা অনুস্কান করিতে
বলে, এবং অনুস্কান করিয়া সমৃদায় প্রতিবক্কতার

প্রতিবিধান করিতে বলে। চিস্তাতে উৎসাহ দেয়, কার্য্যে উৎসাহ দেয়, এবং নিরুৎসাহিতাকেও একদা উৎসাহিত করিয়া তুলে। এই প্রভাব ভারতবাসিগণের অস্তরে যতকাল অবস্থান করিবে, ততকাল নিরাশ হইবার কোন কারণ নাই। আমাদিগের অধ্যপতন নিতাস্ত গভীর, শক্তি নিতাস্ত অল্ল, স্বতরাং সকল চেপ্তাই বিদল হয়। হয় ত কি কি কারণে আমরা বিদল হইতেছি তাহা আজিও নির্ণীত হয় নাই। নির্ণীত হয় নাই বলিয়া তংপ্রতিকারোপ্রোগী উপায়ও অবলম্বিত হয় নাই। স্বতরাং সকল চেপ্তা বিফল হইতেছে। অতএব আমাদিগের এই হীনাবস্থার উল্লিড সাধন করিতে উদ্যত হইবার পুর্ব্বে একবার ভাবিয়া দেখা উচিত, কি কি কারণে আমরা বারম্বার বিফল হইতেছি। কেন আমাদিগের সকল চেপ্তা ও য়ড়্প শিথিল হইয়া যাইতেছে ?

একণে বঙ্গদমাজে ছুইটী স্রোত চলিতেছে। এই স্রোত্ত্বর পরম্পর প্রতীপগামী। এক স্রোত সমাজের উপর দিয়া ভাদিয়া যাইতেছে; অন্যতর স্রোত ইহার মত্যস্তর দিয়া গোপনে গোপনে বিপরীত দিকে বিচয়া যাইতেছে। উপরের প্রবাহ যে দিকে সমাজকে আইই করে, নিম্নগামী প্রবাহ তদ্বিপরীত্দিকে সমাজকে লইয়া যায়। স্কৃতরাং উপরস্থ প্রবাহের বল ও প্রভাব নিম্নস্থ প্রবাহের বল ও প্রভাবে বিপর্যন্ত হইয়া পড়ে। বঙ্গ সমাজের গতি এজনা নিভান্ত মনীভূত হইয়াছে।

ইংরাজী সাহিত্য পাঠে যদি আমরা কোন অমূল্য

ভাব লাভ করিয়া থাকি, তাহা স্বদেশামুরাগ ও স্বাধীন-তার স্বনহং ভাব। যে "স্বাধীনতা ক্ষেদীর স্বথের স্থপন, যাহা করিব উদ্বোধন শক্তি, উৎসাহ ও উন্মত্ততা" সেই স্বাধীনতার ভাব যথন বঙ্গবাসীর মনে ক্রমশঃ প্রতিভাত হইতে লাগিল, বঙ্গবাসিগণ তথন যেন এক স্তরলোকের ঈষং আভা দেখিতে পাইলেন। তাহার হৃদয় মন সেই আলোকে আলোকিত হইল, উৎফল্ল इटेल, छेग्रख इटेश छिठिल। उपविध निजास वामना, কিরূপে সেই স্বাধীনতার স্থ্যভাগী হন। মনের ইচ্ছা সেইদিকে ধাবিত হ**ই**ল, অন্তরের মহৎভাব সমুদায় সেই দিকে উদ্রিক্ত হইল। যে অধীনতার ঘোর নিগভে বঙ্গদেশ আবদ্ধ, তাহা হইতে বিমক্ত হইবার জ্ঞা বাঙ্গালীর একান্ত বাসনা জিলা। সেই স্বাধীনতা লাভের জন্ম মে যে উপার আবশ্যক তাহা স্থিরীকৃত হইল। সমাজের জন্ম স্বার্থ-ত্যাগ, সাধারণ উন্নতির জন্ম একতা, এবং আছা-বলে প্রবশতা প্রিবর্জন না করিতে পারিলে প্রকৃত স্বাধীনতার পথ পরিষ্কৃত হইবে না। ইংরাজী শিক্ষা ও সাহিত্য আমাদিগকে সেই স্বাধীনতারই দিন দিন প্রায়াদী করিতেছে, তাহার মূলা ও স্থু আমা-দিগের কল্লনা-চক্ষে দিন দিন বর্দ্ধিত এবং স্পৃহনীয় করিতেছে। তজ্জভা স্বদেশামুরাগ মনে মনে ফুলিয়া উঠিতেছে। ইচ্ছা, यत्र তজ্জ्ख्य नियां জিত इहेबाह्य। মনের সকল ভাব ও সকল চেষ্টা, সেই উদ্দেশে উৎসাহিত ও প্রয়োজিত হইয়াছে। এই ভাবের স্রোত বঙ্গসমাজের

উপর নিয়া বহিষা যাইতেতে। আশার প্রসন্ন বায় অন্তক্ত নহিমা স্লোভেবেল প্রভাঙিত করিয়া দিতেছে। ইহাব खना कर लाक कर मांसु शर्छाता तरी रहेस्ट्रिंग। कर সমাজ প্রতিষ্ঠিত হইবাতে। কত স্থলেশারু বাদীর উৎসাহ। নল প্ৰস্থিত হইয়াছে। কত বাঞীর উন্মন্ত জদয় অনিপ্রীত বাক্যে সময়ে সময়ে সমাজকে উত্তপ্ত করিল ত্লিতেছে। কতবার কত কার্যোর স্ত্রপাত হুট্যাতে। है श्वाकी मार्थिता आभाभितात अनत्य त्य ममन्त्र मध्यस्य সঞ্চারিত করিয়াছে, তাহা কার্যো পরিণত করিবার ভন্য আমরা কত চেষ্টা করিতেছি। তজন্য আমাদিগের **क**नव त्कमन क्लीड इटेश উঠে। वास्त्रिक टे॰वाकी সাহিতা ও তৎপাঠের ফল আমাদিগের অন্তর্তক একটা নিদিষ্ট প্রবল স্রোতে কেলিয়াছে। সেই স্থোতে হলর ভাসিতে চাহে। সেই স্লোভ সন্দ, দেশ, স্কল্ড প্লাবিত করিতে চাহে। তাছাতে প্রব আচার, প্রব পদ্ধতি বিন্তু হয়, হউক। আম্বানে আভার ও পদ্ধিব ফলাফল বিলফণ দেখিয়াছি। ভাষাতে আমুৱা গত-স্ক্রিপাও মৃত-প্রায় হইয়াভি। আর আমরা গে সকল দেশাচার ও রীতির অন্নর্ভী হইতে চাহি না।

ইংরাজী সাহিত্য পাঠে আমালিগের মন এইরপে স্ব-দেশাচারের প্রতি নিতাত বিরাগী হইরাছে। দিরাপ হইরাছে এই জনা, যে সেই দ্বিত দেশাচার হেতৃ আমর। অতিনীত ও অধম জাতিরূপে পরিণত ঘটরাছি। বিরাগ এইজনা, যে তাহা স্বাধীনতা লাভের প্রে নিতাত প্রতি-

বিবোধী। বিরাগী এইজনা, যে ভাহাদিগের ফলাফলক্রে আনুৱা স্বৰ বিধ স্বাধীনতার বিস্কৃত্য দিয়াছি। তাতা-দিতের মধ্যে ছই একটা রীতি নীতি ভাল থাকিলেও থাকিতে পারে। কিন্তু একণে আমর। এক স্বতন্ত্র তলার তাহাদিগকে 'ওজন করিতে বসিরাছি। এই ওছনে ছনেকেরই শুক্ত ক্রিরা যার। স্বাধীনতা লাভের সাধন পথে যে সকল বীতি নীতি অন্তরার স্বরূপ হইবে, ভাহা কেন সহস্ররূপে মঙ্গলকরী হউক না, সেই এক কারণে তাহা নিজার পরিতাজা। দেশাচার, পাত ও কাল ভেদে পরিবর্টিত হওয়া চাই। আমরা যে কালে ভবাগ্রহণ করিয়াছি, সেই কালের সহং উদ্দেশ্য যাহা, যদারা তাহা সম্পর হয়, তাহাই অবলম্বন করা আমা-দিগের একান্ত কর্তবা। নহিলে আমরা মন্তবা নামের বোগা হটৰ না। নহিলে আমরা কর্ত্রা অবহেলায় দারণ পাত্রে লিপু হটব। তাহার ফলাফল আমা-দিপের ভবিষ্যুৎ পুক্ষে সম্ভোগ করিবা আমাদিগের উপর কেবল তাহার। গালি বর্ষণ করিবে। পৃথিবী 'ও মানব-সমাজের পরকাল বিন্ঠ হইবে। আমাদিগের পরবর্ত্তী কাল যদি মানব জাতির প্রকৃত পরবোক হয়, তবে সামাদিগের কার্যা-সন্তান নিশ্চর সেই লোকে প্রতি-ফল প্রাপ্ত হইবে *। এই পরলোকের প্রতি দৃষ্টি রাণিয়া

 ^{* &}quot;মানবজাতির পরলোক" নামক আনি বে একটা খতন্ত্র প্রবন্ধ বিশিষাভি, তাহা দেখ।

আমরা প্রচলিত রীতি নীতির বিচার করিব। স্বদেশ ও সনাজের মঙ্গলের প্রতি দৃষ্টি রাথিয়া আমরা দেশাচারের পরীক্ষা করিব। সেই পরীক্ষায় যাহা রক্ষিত
ক্টবে, তাহাই রক্ষণীয়, নহিলে সমুদায় বিনষ্ট করা উচিত।
আর আমরা পূর্বপুরুষের নামে বিকাইতে চাহি না।
আমাদিগের শিরে একটী বিশেষ কার্যাভার পড়িয়াছে।
সেই কার্যাভার অতি গুরুতর। আমরা যদি পূর্বপুরুষের
হায় মূর্য ও অজ্ঞ হইয়া কিছু না জানিতে পারিতাম,
আমাদিগের তত প্রত্যবায় হইত না। কিন্তু জানিয়া
শুনিয়া আমরা কিরুপে নীরব, নিন্তর্ব্ধ ও নিশেষ্ট থাকিতে
পারি। যাহারা থাকিতে পারে তাহারা মন্ত্র্যামের
যোগা নহে।

বঙ্গ সমাজের শিক্ষিত জনের মনে এক্ষণে এই মহা ভাব-স্রোত প্রবাহিত হইতেছে। তাহার আশা, ভরসা, চেটা এক্ষণে এই স্রোতে নিয়োজিত হইয়াছে। ইংরাজী-শিক্ষার প্রভাব তাহার মনকে এইদিকে ফিরাইতেছে। তিনি স্বাধীনতার একান্ত প্রয়াসী হইয়া সকল দেশাচার, সকল রীতি নীতি সেই উদ্দেশ্তর অন্তর্কুল কি না, এবং কতনূর উপযোগী, তাহা পরীক্ষা করিয়া দেখিতে চাহেন। তিনি স্বাধীনতার প্রয়াসী হইয়া যাহাতে বঙ্গসমাজ প্রকৃত স্বাধীনতার প্রয়াসী হইয়া যাহাতে বঙ্গসমাজ প্রকৃত স্বাধীনতার ভিত্তিতে প্রতিষ্ঠাপিত হইতে পারে, তজ্জ্য একান্ত বাস্ত হইয়াছেন। কিসে আমাদিগের ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক স্বাধীনতা পরিলক্ষ হয়, জাপাততঃ সেই উদ্দেশ্য প্রতি স্থাদেশানুরাগী ও স্থাশিক্ষত

ভানের মনকে উত্তেজিত ক্রিতেছে। এই বল বঙ্গসমান্ত্রের উপর একনে পতিত হুট্যাছে। এই বলে যে স্লোচ উল্লিড হুইয়াছে, আমাদিগের আশা, এক দিন সেই স্রোভ বঙ্গদেশকে প্লাবিত করিবে। এই বল বন্ধ সনাজকে ওতপ্রেত করিয়া আলোভিত করিবে। ইহা বঙ্গনাজে এক দিন মহা বিপ্লব উত্থাপিত করিবে: কিন্তু সে দিনের আজিও অনেক বিশ্ব আছে। রাষ্ট্র-বিপ্লব এক দিনে সম্পর হয় না। এক দিনে একটা বৃহৎ পুরাতন সমাজ আমল তোলপাড় হয় না। এক দিনে কোন সমাজ বিপর্যান্ত হয় নাই, বঙ্গদমাজই বা কেন হইবে গ যত দিন না এই বল বঙ্গসমাজের অভ্যন্তরে প্রবেশ করিবে, তত দিন প্রকৃত বিপ্লবের স্থ্রপাত হইবে না। যত দিন আমরা প্রতি কার্য্য, প্রতি সমুষ্ঠান, প্রতি আচার ব্যবহার. প্রতি রীতি নীতি ও ভাব, স্বাধীনতা লাভের পরীক্ষা দ্বারা পরিমাণ করিতে না শিথিব, তত দিন আমাদিগের স্বাধীনতা-লাভ আশামাত্র থাকিবে। তত দিন স্বাধীনতা লাভের প্রকৃত পত্না অবলম্বিত হইবে না। কিন্তু যে দিন হইতে আমরা সেই পরীক্ষায় অথ্যে প্রতি কার্যা বিচাব করিয়া তবে অমুষ্ঠানে প্রবৃত্ত হইব, সেই দিন হইতে সে আশা সম্পরণ হইতে আরম্ভ হইবে। একণে তাহা হইতেছে না বলিয়া আমাদিগের আশা কেবল আশামাত্র রহিয়াছে। আমাদিগের সমাজের উপরস্থ স্রোত কেবল ভাসিয়া যাইতেছে। তাহা অভ্যস্তরে প্রবেশ করিতে পারিতেছে না। কিন্তু অভান্তরে প্রবেশ করিতে না

পারিলে সমাজের অন্তর নিজ বল দারা ফিরিতে পারিবে না। প্রোত সমাজের শিরোদেশ দিয়া বৃথায় বহিয়া বাইবে। সমাজের সমুদায় দেহ অটল থাকিবে।

এফণে তাহাই ঘটতেছে। এই স্নোত সমাজের উপর দিয়া বহিয়া যাইতেছে; কিন্তু নিম্নে আর এক দরঙ্গে সমাজ প্রচালিত হইতেছে। উচ্চ উচ্চ পর্বভের শিরোদেশ যেমন স্বরলোকের জ্যোৎয়া অথবা রবিকরে হাসিতে গাকে, কিন্তু তাহাদের মধ্যদেশ যেমন কাদম্বিনী- ফালের যন তিমিরে আচ্ছন্ন থাকে এবং সময়ে সময়ে প্রবল ঝটকায় কম্পিত হয়, বঙ্গসমাজের একণে সেই দশা। ইহার উপরে উচ্চ আশা, উচ্চ অভিলাষ বিরাজিত রহিয়াছে, কিন্তু ইহার অভাত্তর ও মধ্যদেশ যত নীচতায়, অধীনতায় ও নীচকার্য্যে পরিপূর্ণ। এই জন্তু ইহার মঙ্গয় ও শীরুদ্ধি সাধিত হইতেছে না।

বহুকাল ধরিয়া আমরা যোর অধীনতার বশবতী হুইয়া আছি। শুদ্ধ রাজনৈতিক অধীনতা নয়, সামাজিক ও পারিবারিক অধীনতায় আমাদিগের প্রকৃতি অতি মৃত্ ও নিস্তেজ হুইয়া পড়িয়াছে। একে এই ঘোর অধীনতাম নিতান্ত নিস্তেজ হুইয়া পড়িয়া আছি, তাহাতে আমরা আবার এমত সকল ব্যবসায় ও কার্য্যে প্রবেশ করিয়াছিও করিতেছি যদ্বারা নেই অধীনতার শনৈঃ শনৈঃ বৃদ্ধি ইউতেছে; এবং আমরা অধিকতর মৃতপ্রায় হুইয়া পড়িতেছি। উচ্চ আশা ও অভিলাব, আমাদিগকে উচ্চ দিকে উন্নীত করিতে চায় বটে, কিন্তু ব্যবসায় ও কার্য্য

আমাদিগকে অধোগতিতে গাটতর নিমজ্জিত করিতেছে। উচ্চে উঠিতে যাইব কি, আমরা কার্য্য-গতিকে অধিকতর নামিয়া পড়িতেছি। আমাদিগের গতি নিম্নদিকে রহিয়াছে, আমরা এক এক বার পশ্চাৎ ফিরিয়া উপর দিকে দষ্টিপাত করি মাতা। যদি স্পামরা কথন এই নিমগতি হইতে প্রত্যাবত্ত হইতে পারি, যদি আমরা কখন উর্দ্ধদিকা-ভিমুখে পশ্চাং ফিবিয়া দাঁড়াইতে পারি, তথন আমরা এক দিন উন্নতির আশা করিতে পারিব। নহিলে যদি কেবল নিম্নাভিমুৰে বাইতে যাইতে এক এক বার উর্দ্ধদিকে ফিরিয়া চাই মাত্র[্]তাহাতে কি গতির কোন ব্যতিক্রম ঘটিবে ? যোর অধীনতা-স্রোতের প্রভাব ও বল আমা-দিগতে এই এপ নিয়ত্ত্ব অধ্যালে নামাইয়া আনিতেছে। দেই স্রোতের বিপরীত দিকে দাঁড়াই, আমাদিগের এমত বল নাই। তাহার বল অতিক্রম করিয়া বিপরীত দিকে উঠিতে যাত্রা আমাদিগের চেষ্টার অসাধ্য বলিলেও অত্যক্তি হয় না।

'আমাদিগের যদি এক্ষণে কোন বীরত্বের আবশুক হয়, তাহা এই বীরত্ব; তাহা সামাজিক অধীনতার বল অতিক্রম করিয়া উন্নতির দিকে উঠিতে পারার বীরত্ব। এই বীরত্বে মাতিতে পারিলে তবে আমরা এক দিন পুরুষ নামের উপযুক্ত হইব। এই বীরত্বে মাতিতে পারিলে আমরা সর্ক্ষবিধ বুদ্ধে ক্রমশং সমর্থ হইব। যে শক্র অতি গোপনীয় ভাবে অদৃষ্টরূপে আমাদিগের সমূহ অনিষ্ট করিতেছে, আমরা যদি তাহার সহিত যুদ্ধ করিয়া

জ্য়ী হইতে না পারিলাম, তবে আর কাহার সহিত যুদ্ধ कतित्व ममर्थ इटेव १ आत्माम-धामातम आमल इटेमा, আলস্তের শ্যাার শুইয়া, কামিনীকুলে পরিবেষ্টিত হইরা বাসনে ও নৃত্যগীতে অলম হইয়া, দাসতে প্রভুর সেবা ভশ্রমা করিয়া কি কথন বীরত্বের উপযোগী হইতে পারা यात १ किछ आसामिर्गत क्रिक এই लड्डांकत अवशा! चानानित्वत चाना वरहे. किर्म चन्नीन हात इस इटेट মুক্ত হই, কিন্তু চেষ্টা কি তাই ? চেষ্টা কৈরপে উচ্চ हाकती अ मामरखत त्यांत्र निशंद्ध निवक इटे । तम्भाहात त्वक्रभ नृगःभ्यात मिश्च आमानिशक भामन क्रांतर क्रांत्र क् এক এক বার তাহার বিরুদ্ধে উঠি, নিতান্ত অভিনাষ হয়. কিন্তু তৎক্ষণাৎ আমোদ-প্রমোদে পরিলিপ্ত হইয়া সকলই ভলিয়া যাই। নৃত্য ও গীতের মোহিনী শক্তিতে নির্বীর্যা হইয়া পড়ি। স্থল্বীর রূপ দেথিয়া ঢলিয়া পড়ে। ত্রৈণতা, আমোদ, প্রমোদ, ভোগ ও ব্যঙ্গন আমাদিগকে দ্বিগুণতর নিস্তেজ্ ও নিবীর্ঘা করিয়া আনিতেছে। অধীনতার নিগ্র অধিকতর আবদ্ধ করিয়া দিতেছে। ভাবি.— चामानिरात मन्नीज-विना। कि हमश्कात अनार्थ; हेशात ष्पाद्वाहना दाथा निराष्ट कर्खवा। किंद्र यथन श्रामहा (प्रहे प्रश्नीज-विमााय **এकान्छ अ**सूत्रक इहेगा পड़ि, त्यन তाहाई आभाषित्व श्रीयत्नत मात्रकार्या, छथन कानि ना, তাহার নিয়ত আলোচনায় আমাদিগের প্রকৃতি কত মুদুতর ও নিস্তেজ হইয়া পড়ে। তথাপি ইহাই আজ कालि आमानित्त्रत ज्यान-व्यवस्थात्व अक्मां आरमान,

স্ক্ৰিধ বিলাইসতা ও ভোগেছার এখন দিন দিন বৃদ্ধি হইতেছে। जाমাদিগের তরুণ-বয়ন্তপণের যদি কোন কাৰ্য্য থাকে, আনোচনা থাকে, চেষ্টা থাকে ভাষা এই ভোগ-বাসনা পরিভাপ্তি করিবার জ্বা। তাহারা যদি কথন আলম্ভের শ্রা। হইতে উপিত হন তাহা এই ভোগ-বাসনা চতিার্থ করিবার জন্ত। এই ভোগের মৃত্র প্রোত বঙ্গ সমাজকে নিয়ত তরকায়িত করিতেছে। এই প্রিল স্রোত বঙ্গদ্যাজের অভান্তর দিয়া তরতর বেগে প্রবাহিত হইতেছে। নৃত্যু, গীত, স্থরা, লাম্পট্য ও আমোদ প্রমোদের প্রবল বায় এই স্রোত প্রতাড়িত করিয়া দিতেছে। আমাদিগের তরুণ-বয়স্করণ উন্মত্ত হইয়া এই স্রোতে সম্ভরণ করিয়া বেডাইতেছেন, এবং স্রোত্যে-বেগে ক্রমশঃ অধঃপাতে ষাইতেছেন। আজিও চৈত্য হয় নাই, আমরা কি করিতেছি, কোথায় যাইতেছি। কোথায় ঘাওয়া আমাদিগের উদ্দেশ্ত, আর কোন পথে आमता आनिया পডियां छ। निर्मात आस्मान शरनान

ক্লা যে অন্তায়, তাহা আমি বলি না; তাহা একেবাৰে পরিবর্জন করিয়া কেহ থাকিতে পারে না: কিন্তু তাহাতে নিতান্ত অমুরক্ত হইয়া পড়া, যেন তদপেক্ষা আর কোন শুক্তর কার্যা নাই, আর কোন চিস্তা ও চেষ্টা নাই, এই আমোদ-প্রমোদে নিতান্ত নিমগ্ন হইয়া পড়া একান্ত দুয়ণীয়। ভাহাতে আমাদিগকে অধিকতর স্ত্রৈণ, মৃত্র-প্রকৃতি ও নির্বীর্ঘ্য করিয়া ফেলিবে। আমরা কোন গুরুতর উদ্দেশ্য সাধনের জন্ম নিতান্ত অসমর্থ হইয়া পড়িব। ইহা একালের উপযোগী নয়, এজন্ম পরিত্যজা। কালোপযোগী নয় বলিয়া যদি কোন বিদ্যার লোপ অথবা অনিষ্ঠ হয়. इ डेक, आमता (म निर्वीर्गकती, विस्माहिनी विमान आत আলোচনা করিতে চাহি না। তাহা ক্রমশঃ আমাদিগের জীবনী-শক্তি হরণ করিতেছে। সে বিদ্যা হারাইলে তাহা পুনর্রাভ করা যাইতে পারিবে। কিন্তু তাহাকে পুষিয়া রাখিয়া যে কোন মহামূল্য রত্নলাভে অক্তকার্য্য হইব हेश कान जानवान वाकि विविद्यमानिक विविद्यन ?

দিন দিন অবীনতার যত বৃদ্ধি হইতেছে, আমরা
তত্ত সাধীনতা লাভের পক্ষে অসমর্থ হইনা পড়িতেছি।
আমাদিপের অভিলাশ-স্রোত যে দিকে বহে, কার্গ্যের
স্রোত তাহার ঠিক বিপরীত দিকে থাক। এই হুই স্রোত
যথন একমুখী হুইবে তথন সমাজের গতি ছর্নিবার ও
প্রবল হুইবে। স্থাবৃত্তির উত্তেশ্বক্ষার সমাজের জনকত
লোক যে দিকে যাইতে চাহে, সাধারণ জনগণ অসমর্থতা
হেতু সে দিকে যাইতে চাহে না। স্বদেশাস্বাধী জন

গণের এখন কর্ত্তব্য এই, প্রাক্ত জনগণের আভ্যন্তরিক স্রোত দিরাইয়া দিয়া তাহাদিগকে সদভিলাবের স্রোতো-মুরী করিয়া দেন। যত দিন না ইহা সম্পন্ন হইতেছে, তত দিন তাহাদিগের সকল চেঠা ও অফুষ্ঠান বিফল হইয়া যাইবে। সকল সমাজ আভ্যন্তরিক বলেই প্রচালিত হয়। সেই আভ্যন্তরিক বল নিয়মিত করিয়া দিতে পারিলে সমাজ আপনাপনি উন্নতির দিকে চালিত হইবে। এই বল নিয়মিত করিয়া দেওয়াই সমাজ-সংস্কর্তার কায়্য।

আমাদিগের স্থানেশান্তরাগী সমাজ-সংস্কর্তগণকে সমা-জের উপরস্থ স্রেটত প্রতাড়িত করিতে যত যত্নবান দেধা যায়, নিমন্থ আভান্তরিক স্রোতের বিরুদ্ধে যাইতে তত দেখা যায় শা। সত্য বটে, তাহারা স্বাধীনতার মধ্ব রবে উলাদিত হইয়া একেবারে উন্মত্ত হইয়া প্রভিন্নাছেন; এই বব চারিধারে পরিঘোষিত করিতে **উদ্যোগী হই ছাছেন**; এবং এই রব বঙ্গদেশের যেখানে ধোষিত হইবে, সেধানে প্রবৃত্তি নিশ্চয় এই রবে আরুষ্ট হুইবে। কিন্তু সেই প্রসুত্তিকে ঈষৎ আরুঠ করাই কার্য্যের শেষ নহে। সেই প্রবৃত্তির রাগ ও বল কেমন কার্য্য ও অভ্যাসের শীতল প্রভাবে প্রশমিত হইয়া যায়, তাহা অমুসন্ধান করিয়া মেখা চাই। সমাজের অভ্যন্তরে প্রবিষ্ট ना इटेटल जार। बान। याहेटज शास्त्र ना। टकरन আপনিই জানিলে কার্য্যের শেষ হইল না। সমাজের তর্মলতা ও ক্ষীণতার কারণ যাহা, তাহা তন্ন তর করিয়া অনুসন্ধান করা উচিত, এবং সেই কারণ প্রতিজনের

মনে দৃঢ় প্রতীত করিয়া দেওয়া কর্ত্তব্য। রোগের কারণ না জানিতে পারিলে তাহার ঔষধ নির্নীত হর না। ক্রেক্স প্রতিজনের জানা চাই, কি জন্ম তিনি অসমর্থ ও ছর্ব্বল। যে যে কারণে আমরা অসমর্থ ও ছ্র্বল, আমা দিগের আজিও কাহার তাহা জ্ঞান নাই। সে দিকে চিন্তা ও ভাবনাই নাই। কেবল মুথে স্বাধীনতা স্বাধীনতা করিয়া বেডাই মাত্র।

প্রকৃত পক্ষে কি আমরা স্বাধীনতার অভিলামী হট্যা-ছি । তাহা বোধ হয় নহে। তাহা যদি হইত, আমর। প্রতি কার্য্য, প্রতি প্রবৃত্তি, প্রতি দেশাচার, প্রতি রীতি নীতি, প্রতি অভিলাব, চিন্তা ও ভাব সেই তুলে পরিমাণ করিতাম। স্বাধীনতা-লাভই যদি আমাদিগের একমাত্র বাদনা হইত, তাহা হইলে আমরা সকল ৰিষয় অগ্রে সেই উদ্দেশ্য ধরিয়া পরীক্ষা করিতে শিথিতাম। ভাষা কি আমরা করিয়া থাকি ৪ যত দিন না ততদুর করিতে পারিব, যতদিন না কেবল তন্মন হইব, ততদিন জ্ঞানিব আমরা আজিও স্বাধীনতা লাভের জন্ম প্রকৃষ্ট রূণে উদেয়াগী হই নাই। यতদিন না আমরা আত্মান্ধপকান করিয়া প্রতি কার্যা-প্রবৃত্তি এই স্রোচোমুখী করিয়া দিব, छछित्व आभाितात मकल (ठठी । ४ यह त्या ३३ मा যাইবে। এক সমাজে এই বিপরীত শ্রোত কথনই প্রবল ছইতে পারিবে না। এক স্রোক্ত আর এক স্রোক্তকে নিশ্চয় ফিরাইরা দিবে।

চতুৰ্থ চিন্তা-উদ্বোধন।

সংয়বরে পদিনী ভাসিতেছে অগ্রে দেখিলান।
দেখিবানাত্র লালসা জনিল পদিনীকে তুলিয়া আনি ।
লালসার পর সম্ভরণ দিয়া পদিনীকে তুলিয়া আনিলান।
এখানে দেখা যাইতেছে, অগ্রে দর্শন-শক্তি দারা মনে
ভানের উন্ম হইল, জানের পর লালসা, এবং লালসার
পর কার্যা। এইটা কার্য্যের স্বাভাবিক নিয়ম। কার্য্যের
পূর্ব্বে আকাজ্ঞা এইং আকাজ্ঞার পূর্ব্বে জ্ঞান। জ্ঞান
ব্যতীত আকাজ্ঞা মাই, আকাজ্ঞা ব্যতীত কার্য্য নাই।
একেবারে কার্য্যের কেহ প্রত্যাশা করে না। কোন
কার্য্যের প্রত্যাশা করিতে হইলে অগ্রে তাহার আকাজ্ঞা
উৎপাদন করা আবশ্বক, এবং আকাজ্ঞা উৎপাদন করিতে
হইলে, মনোমধ্যে তরিষরক জ্ঞানোংপাদন করা সর্ব্বাগ্রে
কর্তব্য। এরূপ না করিয়া বিনি অগ্রেই কার্য্য চান তিনি
নিশ্বের নির্ব্বোধ ও নিতান্ত অধীর।

অনেকে নির্জ্জীব শাঙ্গালীজাতিকে একেবারে কার্যাণীল দেখিতে চান। যে জাতি যুগযুগান্তর ধরিয়া নিম্পাল, মচেতন, মৃত-প্রায় হইয়া রহিয়াছে, সে জাতি কি সহসা সঞ্জীবিত হইয়া বীর কার্যাক্ষেত্রে একদিনে মহৎ ব্যাপার সম্পন্ন করিয়া উঠিতে পারে ? কিন্তু অনেকে এমনি অধীর যেন তাঁহাদিগের ইচ্ছা আজিই বাঙ্গালী জাতি কার্যা-ক্ষেত্রে অবতরণ করিয়া স্থনহৎ কার্য্য-পরম্পতা দারা পৃথিবীকে যশোগোরবে পূর্ণ করক। এরপ ইচ্ছা কি কথন ফলবতী হয় ? এবং ফলবতী হইল না বিলয়া বাহারা আবার ভ্যোদ্যম ও নিরাশ হন, তাঁহাদিগকে আমরা কি বলিব খুঁজিয়া পাই না। তাঁহারা যদি একবার মানবপ্রকৃতির বিষয় পর্যালোচনা করিয়া দেখেন, এবং ময়য়া-সমাজের ক্রমোল্লভিয় তত্ত্ব ও কারণ ভাবিয়া দেখেন, অবশু ব্রিতে পারিবেন তাঁহাদিগের নৈরাশু অকারণ এবং অধীরতা বাতুলতা মাত্র।

দশাধিক বংসর গত হইল, কোপায় কিছু নাই, একদা বিধবা-বিবাহের রীতি প্রচলিত করিবার উদ্যোগ হইল। বন্ধ সমাজ তথন বিধবা-বিবাহের নাম শুনিবা মাত্র একেবারে স্তম্ভীভূত। কে বেন তাহাদিগের ছাতি মারিতে আসিতেছে, তাহার। যেন এই ভয়ে জড়-সড়। সাধারণ জনগণ মূর্যতায় স্মাচ্ছর। চির্কাল তাহার। বে অভ্যন্ত পথে চলিয়া আদিতেছে, তাহারা সেই পথেই চলিতে জানে। চিরকাল যে প্রিত্তা ও পাপ-পুণ্যের ভাব তাহাদিগের স্কুদয়কে অধিকার করিয়া আছে, তথাতীত অন্ত ভাব সহসা তাহাদিগের সদরে স্থান পাইবে কেন ? তাহারা কপন কোন নৃতন ভাবের সঙ্গ-তাসমততা বিবেচনা করিয়া দেখে নাই: বিবেচনা कतिया कथन कान नुष्ठन कार्या अध्यमत इस नार्छ ; সামাজিক শাসন, ও পারিবারিক শাসন, কখন লজন করে নাই। জীবন, নদীর স্থায় এক স্রোতেই চিরন্থন প্রথার প্রণালী দিয়া বহিয়াছে। কথন সে প্রণালী উলজ্যন করিতে সাহস হয় নাই। রাজনৈতিক দাস্ত,

সমাজিক দাসত্ব ও পারিবারিক দাসত্বে তাহাদিগের জীবন বোর অধীনতা শৃত্বলৈ আবদ্ধ রহিয়াছে। এই অধীন-তায় তাহাদিগকে নিস্তেজ, নিবীর্য্য, নিঃসাহস ও জড-প্রায় করিয়া রাধিয়াছে। স্বাধীনতা কি, এবং স্বাধীন ভাবে চিন্তা ও কার্য্য করায় কত স্থুখ, তাহা তাহারা कथन खराउ ভाবে नारे। कथन हित्रस्र अथात विन् বিসর্গ অতিক্রম क्रितिया आधीन পথে দাঁডার নাই। স্থানস্থা ও স্থাবলম্বজ্ঞার ভাষ ভাহাদিগের মনেও কথন উनत्र इस नारे। क्रिवाशांशी वाकानी नितन निका यात्र। গে অলকণ জাগরিত থাকে, আহার বিহার, পরের নিন্দা, গ্রামের গোলবোর, সামাল সন্ধারণ, চাষবাসের কথা, মকর্দমার কথা, প্রভৃতিতে ব্যাপত থাকিয়া দিন কাটায়। याश निजा करत. याश bित्रकाल bितरा आमिरिटर , ভাহাই তাঁহাদিখের ধর্ম, কর্ম, চিন্তা ও জ্ঞানের পরি-সীমা। এই দীমার অতীত তাঁহাদিগের পক্ষে আর ধর্ম, क्य, हिसा, ७ छान नारे। अन्न कथा चाराहा वृत्य ना, বুঝিতে চেষ্টাও করে না, বুঝিবার সামর্থাও নাই।

এই নিদ্রাত্র জড়প্রার জাতির নিকট বিদ্যাসাগর মহাশর শাস্ত্র ধরিলেন। বিদ্যাসাগর মহাশর জানিতেন না যে, শাস্ত্রাস্থারী আমাদিগের ধর্ম কর্ম প্রচালিত হর না। শাস্ত্র আমাদিগের ধর্ম নহে, চিরস্তন প্রথা আমাদিগের ধর্ম। চিরস্তন প্রথার বশবর্তিতাই আমাদিগের নিষ্ঠা, যাগ, যজ্ঞ ও তপস্তা। হাজার শাস্ত্র দেখাইলেও বাঙ্গালী এ প্রথার বহির্দেশে তিলার্মণ্ড বিচরণ করিতে

পারে না। চির-অভ্যাসের হস্ত হইতে মুক্ত হওয়া আজিও বাঙ্গালীর কার্য্য নহে।

এই দেখুন এই নিশ্চেষ্ট বাঙ্গালীজাতির বিষয় একজন সংলেধক কি বলিয়াছেন। "গঙ্গার শত মুথের তীর-বাসী পর্কার বঙ্গদিগের মানস স্থাদেশের ভূমির ন্যায় হিমার্জ্ ও নিস্তেজ। তাহাদিগের আন্তরিক তেজের ক্লুলিঙ্গ, দেশের সজলতা দারা নির্কাণ-প্রায় হইয়া থাকে। এই তেজের ইন্ধন নাই, ইহার উদ্দীপন কিছুতেই হয় না। যত পদাবাত কর, মত ঘটন কর, ইহার উষ্ণতা কথন অহুভূত হয় না।" এজাতির নিকট শাস্ত্রই কি, ধর্মই কি, আর অধর্মই কি ? অগ্রে জিজ্ঞান্ত, সেই শাস্ত্র ও ধর্মাধর্ম্ম দেশের রীত্যস্থায়ী কি না ? তাহা যদি না হয়, তাহা অবলম্বনীয় নহে, তদ্বিপরীত প্রথায় কেন মহাপাতক থাকুক না, কিন্তু মথন তাহা দেশে প্রচলিত আছে, তাহা সহস্রবার অবলম্বনীয় ও পরিষেব্য।

বিদ্যাদাগর মহাশয় ইহা ব্ঝিতে পারেন নাই। তিনি
নিশ্চেই, জড়প্রায়, চির-অভ্যাদ-প্রিয়, অজ বঙ্গজাতির
নিকট শাস্ত্র ধরিলেন। যত টুলো পণ্ডিত, গ্রামের বর্দ্ধিই
ও মণ্ডলগণ হাদিয়া উঠিল। তাহারা ভাবিল, এ আবার
কি ? বিধবার আবার বিবাহ কি ? একথা তাহারা
কথন স্বপ্রেও ভাবে নাই। বিদ্যাদাগর মহাশয়
উপহাদাস্পদ হইলেন। বিদ্যাদাগর মহাশয় যৎপরোনান্তি
য়য় স্বীকার ও বহুল অর্থবায় করিয়া হই দশ জন নবা
দাম্পাদায়িকের ঘরে বিধবা বিবাহ দিলেন। কিন্তু সেই

পর্যান্ত; আর বিধবার বিবাহ শব্দ বংসরেও একবার শুনা যার না। বিদ্যাসাগর মহাশয় দেখিয়া শুনিয়া নিরস্ত হইয়াছেন।

বিদ্যাদাগর মহাশয়ের এই স্থমহৎ দামাজিক সংস্থার নিফল হইল কেন, খাঁহারা ইহার নিগৃঢ় কারণামুসন্ধান করিতে বাইবেন, ভাঁহারা স্থির বুঝিতে পারিবেন যে, বাঙ্গালীজাতি এই শংস্কারের জন্ত প্রস্তুত ছিল না। যে বাহালী জাতি সাহাজিক স্বাধীন কার্যাক্ষেত্রের সাগরে कथन विष्यु कतिहाँ कारन नाहे, विमानाशत महाभय সেই বাসালীজাতিকে একেবারে এক দিনে এই সাগরের মধ্যস্থলে আনিতে চাহিয়াছিলেন। বাঙ্গালী জাতি এ সাগরে কথন সন্তমণ দের নাই, সন্তরণ জানিত না, স্বতরাং **অ**ধিকাংশ লোকেই তীরবন্তী হইতে চাহে নাই। যাহারা বুক বাঁধিয়া তীরে আসিয়াছিলেন, সাগ্রের মহ। বিভীষিকা দেখিয়া কিরিয়া গেলেন। আর শীঘ্র এ তীরে প্রত্যাবর্ত্তন করিবেন না। অগ্রে তাঁহারা কুদ্র পুষ্করিণীতে সম্ভরণ শিখুন, অগ্রে কুদ্র কুদ্র পারিবারিক ও সামাজিক সংস্কার-ক্ষেত্রে স্বাধীন, চিস্তাশীল, ও কার্য্যশীল হইয়া স্বাতম্য অবলম্বন করুন, তবে বৃহৎ ব্যাপারে ও বৃহৎ কার্ব্যক্ষেত্রে অবতরণ করিবেন। যে শিশুর পদে উঠিবার বল হয় নাই, সে শিশু কি দৌড়িতে পারে ৪ বিদ্যাসাগর মহাশয় এইরূপ শিশুকে দৌড়িতে বলিয়াছিলেন। সে শিশু দৌড়িতে পারিবে কেন ? স্থতরাং বিধবা-বিবাহ প্রচলিত হইল না।

প্রকাশ্য সামাজিক কার্য্য-ক্ষেত্রে বাঙ্গালী জাতির কতন্ব কার্য্য করিবার শক্তি জন্মিয়াছে, তাহা বিধবা-বিবাহের উদ্যোগে বিশিষ্ট-রূপে প্রতীত হইয়াছে। তবু আমাদিগের সামাজিক কোন শাসনকর্ত্তা নাই। সমাজ বাহা বুঝিয়া ঠিক করিতে পারে, তাহা অনায়াসে কার্য্যে পরিণত করিতে সাহসী হইতে পারে; তাহার প্রতিবন্ধক কেহ নাই। তথাপি বঙ্গবাসিগণ স্বাধীন কার্য্যক্ষেত্রে অবতরণ করিতে সাহসী হয় না কেন ?

সামাজিক স্বাধীনতা গ্রহণ করিবার পূর্ব্বে বঙ্গবাসি-গণের মনে স্বাধীনতার ভাব উদিত হওয়া আবশুক। আঙ্গিও স্বাধীনতার জ্ঞান বঙ্গবাসীর মনে কিছুই উদ্রিক্ত হয় নাই। স্বাধীনতা কি অনুল্য নিধি, যত দিন না সাধারণ জনগণ সকলেই বঝিতে পারিবে, যত দিন না তাহাদিগের হানুয়ে স্বাধীনতা-প্রিয়তা স্বতঃই উদ্রিক্ত হইবে, ততদিন वक्रममाक नित्नुष्ठे, अमाज, अ निब्हीं व रहेश। थाकित्व। সমাজসংস্কার-পক্ষে যে সমস্ত মহৎ ভাবের প্রচারের আবশ্বক, আজিও সে সমস্ত ভাব সর্বসাধারণে অবগত নহে। বঙ্গসমান্ত আজি পর্যান্ত কেবল আমোদ-প্রমোদে অভিযাপিত করিতেছে। কয় জন স্বাধীনতা, স্বদেশ-প্রিয়তা, স্বাতম্ব্রা, স্বাবলম্বন প্রভৃতি উচ্চ ভাবাদির আলোচনা করিয়া থাকেন ? আজিও অনেকের জ্ঞান নাই, কিলে স্বলেশের অবমাননা হয়, কিলেই বা তাহার গৌরব বৃদ্ধি হয়। বঙ্গজাতি কেন, ভারতবর্ষীয় সমত্ত লাধারণ জনগণ আজিও নিতাম্ভ লক্ষাকর কার্য্য সমূহে

ত্রতী হইরা সম্ভ সভা সমাজের উপহাসাম্পদ হইয়। রহিয়াছেন। ভারতবর্ষের স্বদেশীয়গণ দারাই দেশের যত অনুস্তুল সাধিত হইয়াছে, এবং আজিও সাধিত হইতেছে, তত অপর জাতীয়পণ ছারা সাধিত হয় নাই, হইতেও পারে না। পর্যালোচনা করিয়া দেখিলে প্রতীত হইবে, যে এই সমক সাধারণ জনগণের মনে, তাহার। যে কি করিতেছে, আজিও এমত বিবেচনা ও জ্ঞানের छेनव इव नारें। **८कान कार्या अस्तरभव मू**थ छेड्ड न इव, কিনেই বা তাহাত্তে কলম্পাত হয়, তদ্বিয়ে আজিও माथातर्ग किছ् र महस्रात नारे। माधातर्ग धरे ममख ভাব প্রচারিত হইছে বহুকাল যাইবে। কিন্তু এই সমস্ত ভাব প্রচারের জন্ম জন ব্রতী হইয়াছেন ? শিক্ষিত জনগণের মধ্যে শাহারা উচ্চ ভাব সকল হৃদরঙ্গম করিয়াছেন, তন্মধ্যে কয় জ্ন সেই সমস্ত উচ্চ ভাব, ও উচ্চ অভিলাষ ম্বদেশ-মধ্যে প্রচার করিয়া পাকেন ? গণনা করিলে অঙ্গুলি মাত্রেই তাঁহারা গণনীয় হইতে পারেন। যত দিন না সর্ব্ব সাধারণে উচ্চভাব সকল সম্যক জদয়ক্ষম করিতে পারিবেন, ততদিন তাহাদিগের নিকট হইতে সং-কার্য্যের প্রত্যাশা করা অবিবেচনার ফল। গ্রামে গ্রামে গিয়া দেখ, সাধারণ সমস্ত জনগণই ঘোর অজ্ঞানতায় আচ্চন্ন।.কোন সাধু ভাব, কোন উচ্চ চিন্তা তাহাদিগের মনে স্থান পায় নাই। শত সহস্র জনগণের মধ্যে এক জনও উচ্চ শিক্ষা পাইয়াছেন কি না সন্দেহ। ভদ্র লোকের মধ্যে অর্দ্ধ-শিক্ষিতের দল অনেক। নীচ লোকের মধ্যে

শিক্ষার সংস্পর্শ নাই। স্থতরাং, সাধারণ জনগণ সচরাচর সামান্ত কথা-বার্ত্তার দিন যাপন করিতেছে। সেই কথা-বার্তার মধ্যে প্রবেশ করিয়া দেখ, তন্মধ্যে উচ্চ ভাব কিছুই নাই; বরং সমস্তই নীচ ভাবের পরিচায়ক। সেই সমস্ত কণা-বার্ত্তায় বিশিষ্ট্রন্থে প্রকাশিত হয়, আজিও আমাদিগের সাধারণ জনগণ মধ্যে নীচ ভাব সকল কত প্রবল। কাহাকে নীচতা বলে এবং কিসে নীচতা হয়. আজিও অনেকের এমত জ্ঞান নাই। সকলেই স্বার্থ-পরতায় ও আত্ম চেষ্টায় ফিরিতেছেন। এই স্বার্থপরতার উদ্দেশে অনেকে সমাজের বিশিষ্ট অনিষ্ট সাধনও করিতেছেন। তাহার। হয় ত আত্মস্থও আত্মোনতির সহিত সামাজিক স্থপ ও সামাজিক উন্নতির প্রভেদ জানেন না। সমাজ-সম্বন্ধে কোন কার্য্যের ফলাফল বিবেচনা করা তাঁহাদিগের ক্ষমতাতীত। সামাজিক ভাব আজিও তাহাদিগের মনে কিছুই ক্র জি পায় নাই। তাঁহারা সকল বিষয় আত্ম-সম্বন্ধে ও বর্ত্তমান কাল সম্বন্ধেই বিচার করিয়া পরিসমাপ্ত করেন। ভবিষা বিবেচনা ও সামাজিক ভাবে তাঁহাদিগের মন বিস্তুত হয় না।

অধীনতার আমাদিগের মন এত নীচ হইয়া গিরাছে বেদ, আর আমরা অধীনতার কোন লজা বোধ করি না। পরের গলগ্রহ হইয়া থাকিতে আমাদিগের কিছুই লজাবোধ নাই। আমার জ্যেষ্ঠ লাতা যদি কিছু সম্পন্ন হইয়া উঠেন, আমি অমনি নিশ্চেষ্ট হইয়া আস্তে আস্তে তাঁহার অধীন হইয়া বহিলাম। আমার সন্তানাদি সম্গ্র পরিবার

তাঁহার গলগ্রহ হইল। তাঁহার লাঞ্চনা অকাতরে সহ করি। তাঁহার কোন বিষয়ে ত্রুটি হইলে নিন্দা করিয়া বেড়াই। তিনি আমার নিকট যেন ঋণগ্রস্ত হইয়াছেন। তাঁহার কর্ত্তব্যসাধনে ত্রুটি আমার অসহ্ছ হয়। তাঁহার স্বোপার্জ্জিত বিষয়ের অংশে আমি স্ববাধিকারী।

অধীনতা আমাদিগের শুদ্ধ ব্যক্তিগত ভাব নহে, ইহা আমাদিগের জাতীর অবস্থা। চাকরি করা ও পরের দাস হুইয়া থাকা আন্নাদিগের জাতীয় ব্যবসায় ও জাতীয জীবনের ধর্ম। ভারতবর্ষীয় আর কোন জাতির চাকরি করা জাতীয় ব্যবসায় নহে, আর কোন জাতি এতদুর নীচ-প্রকৃতি নহে। চাকরি ভিন্ন আর কোন ব্যবসায়ে বাঙ্গালীর চিন্তাও বিস্তৃত হয় না। যাহার চৌদপুরুষ চাকরি ও গোলামি করিয়া আসিতেছে, সে কি অন্ত দিকে চিন্তা বিস্তৃত করিতে পারে ৪ বাল্যকাল অতীত হইয়া গেলে, জীবিকা নির্মাহের কাল উপস্থিত হইলেই বাঙ্গালীর মন চাকরির দিকে যেন এক স্বাভারিক সংস্কার প্রভাবে নীয়মান হইবে। সে প্রভাব বিধ্বস্ত করা বাঙ্গালীর পক্ষে বড় সহজ কথা নহে। শতবার স্বাধীন ব্যবসায়ের শত চিন্তা উদিত হইবে, বাঙ্গালী অমনি শত সহস্র বিভীষিকা দেখিতে থাকিবেন। কিছুতেই তাঁহার মন স্থান্থির হইবে না। অবশেষে চাকরি;—নিরীহ দাসত্ব वावमारा। ইহাতেই মন স্বস্থির হইল। শতকোটি দিন চাকরির জন্ম বাঙ্গালী পরের উপাসনা ব্রতে ব্রতী হইলেন। পরের পাদলেহনে ও উপাসনায় বাঙ্গালী বিলক্ষণ পটু।

সেকার্যো তাঁহাকে আর শিক্ষা দিতে হয় না। সে কার্য্যে যে চাত্রী, যে নীচতার আবশ্রক, তাহা বাঙ্গালী বিলক্ষণ জানেন। চাকরি হইলে, আবার সেই চাকরি কিরূপ চাত্রী ও নীচতার সৃহিত রক্ষা করিতে হয়, তাহাতেও বাঙ্গালী বিশিষ্টরূপে পারদর্শী আছেন। বাঙ্গালী আর কিছর জন্ম গৃহত্যাগী হইবেন না, কেবল চাকরিব জ্যু হইবেন। বাঙ্গালী আর কিছুরই জ্যু আত্মস্কন ও পরিবারবর্গ পরিত্যাগ করিয়া যাইতে ও গাকিতে পারেন না, কেবল চাকরির জন্ম পারেন। বাঙ্গালী কিছুতেই জাতিভ্ৰপ্ত হইতে স্বীকৃত হইবেন না, কেবল চাকরির জন্ম হইতে পারেন। আর কিছুর জন্ম বাঙ্গালীকে হদেশ ত্যাগ করিতে বল, বাঙ্গালী তিলার্দ্ধও নডিবেন না; কিন্তু চাকরির জন্ম তিনি সাত সমুদ্র তের নদী পার হইতে স্বীকৃত আছেন ও বাস্তবিক তাহাই করিতেছেন। তিনি সাত সমদ্র তের নদী পার হইয়া কি জন্ম সদেশে প্রত্যাগ্মন করিলেন

শবের চাকরি ও দাস্ত্র করিবার জন্ম। ভিনি ইংল্ডে যান, ব্যু চাকর হুইবার জন্ম। এই দাসত্ব বিশিষ্ট্রপে সম্পন্ন করিবার জন্য তিনি বিশিষ্ট্রতে শিক্ষিত হইয়া আসেন। স্বাধীন দৈশে প্লাপ্ণ করিয়া, চারিদিকে স্বাধীন ভাব বিরাজিত দেখিয়া, চারিদিকে স্বাধীন ব্যবসায়ের ধুমধাম, ও ঐশ্বর্যা দেখিয়া ও তিনি কণামাত্র স্বাধীনভাবে উদ্বোধিত হইলেন না; তাহার মন স্বাধীন বাবসায় ও স্বাধীন চিন্তায় এধাবিত হইল না। ভিনি সে সমস্ত ভাব পরাজয় করিয়।

মন্তকে অধীনতার ভার বহন করিয়া স্বদেশে আসিলেন; আাসিয়া এথানে গোলামি করিতে লাগিলেন। এথানে ইংরাজের অবজ্ঞাপাত্র হইতে আসিলেন। এথানে ইংরাজের পদসেবা ও তিরস্কার সহ্য করিতে আসিলেন। এথানে স্বদেশীয়গণকে দাসস্থ শিক্ষা দিতে আসিলেন। হায়! বঙ্গের অবস্থা কি হইবে ? ধিক্ বঙ্গের সন্তানগণ!

ইহাতে প্রতীত হইতেছে আজিও অধীনতায় বাঙ্গালীর লজ্জা ৰোধ হয় নাই। চির-অধীনতায় তাঁহার প্রকৃতি এরপ অসাত হইয়া গিয়াছে, যে তিনি শীঘ্র সে জড়তা, দে অঞ্জানতা হইতে মুক্ত হইতে পারিতেছেন না। কোন স্বাধীন বৃত্তি অবলম্বন করিয়া বাঙ্গালী বে খতনুভাবে কার্য্য করিবেন, তাঁহার জ্ডতা ও তাঁহার অধীনতা-প্রিয়তা তংপক্ষে ঘোর প্রতিবিরোধী ইইয়াছে। যত দিন এই জড়তা ও অধীনতা-প্রিয়ত। দুরীভূত না इट्रेंद, उठिभन विश्ववाशिगालत अञ्चामग्र इट्रेंद्र ना। अवीन হইয়া কোন জাতি মহত্তের সোপানে উঠিতে পারে मारे। अधीन वृद्धि अवनयन मा कतिरन, आधीन हिंछा সকল ফ্রিত হয় না; অধীনতার নীচতা ও অস্তব (वांधनमा इव ना। आमता शृत्संह विनेवा आमिवाहि, অগ্রে জ্ঞান, তৎপরে ভাবসন্ত আকাজ্ঞা, এবং সর্কশেষে কার্য্য। অগ্রে বঙ্গবাসীর মনে অধীনতার নীচতা বোধগম্য হওয়া চাই, অত্যে স্বাধীনতার স্থুপ ও গৌরব জ্ঞানগোচর হওয়া চাই, তৎপরে স্বাধীনতার আকাজ্ঞা ও তজ্জন্য

চেষ্টা। অগ্রে উচ্চভাব সকল জাতি মধ্যে প্রচারিত হওয়া আবশ্যক, তৎপরে কার্য্যের কথা।

অতএব বঙ্গদেশ মধ্যে অথে স্থমহং ভাব সমুদায় বাহাতে স্থাচারিত হয় তৎপক্ষে সমাজ সংস্কৃত্তার বিশেষ যত্নের আবশুক। অথ্যে মনকে ফিরান চাই, মন ফিরিলেই স্থান ভাববেগে পূর্ণ হইবে, এবং সেই বেগ কার্যাক্ষেত্রে স্বতঃই প্রকাশিত হইবে। বঙ্গবাসিগণের জড়তা ও অসাড়তা অপনয়ন করিবার এই প্রধান উপায়। তাহাদিগের মধ্যে মহংভাব সকল উত্তমন্ত্রপে প্রচারিত ও ফ্রম্মুকত হইলে কে তাহাদিগের ভাববেগ নিবারণ করিবে ? তথন ভাগবেগ স্বতঃই উচ্ছ্বুসিত হইমা উঠিবে, ভাববেগ প্রবল হইলে স্বতঃই কার্যাক্ষেত্রের দিকে প্রবাহিত হইবে। তথন তাহারা আপনারাই আপনানিগের জড়তা অপনাত করিবেন।

বঙ্গদেশের অধিকাংশ লোকেই উচ্চভাব সকলের বিষয় সম্পূর্ণ অনভিজ্ঞ। কাহাকে জাতীয় ভাব বলে, কাহাকে স্থানেকেরই বিদিত নাই। প্রকৃত বীরম্ব ও পুরুষকার, আত্মমর্য্যাদা ও সম্রম, গোরব ও উচ্চাকাজ্জার ভাব করজন বাঙ্গালী অবগত আছেন? এই সমস্ত উচ্চভাব দেশমধ্যে প্রচারিত হউক; স্বধু প্তকে নয়, স্বধু সন্তাধণে নয়, বাগ্মীর অ্থিপরীত বাক্যে প্রচারিত হউক, স্বন্ধ-মধ্যে স্থাচ্ছত অঙ্কিত হউক, তবে তাহাদিগের ভাববেগ বঙ্গবাসীর হৃদয়কে প্রতাড়িত করিবে। আজি বঙ্গবাসিগণের হৃদয়ে এ সমস্তের কোন

ভাবই জাগরিত নাই, আমরা কিরুপে তাঁহাদিগের নিকট হইতে অবদান-পরম্পরা প্রত্যাশা করিতে পারি ? দেশে দেশে, গ্রামে গ্রামে, ভ্রমণ করিয়া দেখ, বঙ্গবাসিগণ বিষন অজ্ঞান তার বোরে নিপ্রাভিত্ত হইয়া রহিয়াছেন। কাহার মনে জাতীয় ভাবের সংস্কার মাত্রও নাই, স্বাধীনতাও স্বদেশান্তরাগের স্কুলিঙ্গ মাত্রও নাই। কেবল অধীনতার ভাব জাজলামান; জড়তা ও উদাদীনতাই প্রবল।

যে মহাজনেরা বঙ্গের উন্নতির জন্য ব্যস্ত ও চিন্তা-প্রায়ণ, তাঁহারা কার্মনোবাকো চেষ্টা করন, যাহাতে এদেশ মধ্যে অথা ৰহং ভাব সম্লায় স্থপাচারিত হয়। একণে বঙ্গের বিশাস ক্ষেত্রে বাগ্মীর উৎসাহ-স্কুচক প্রবো-ধনার নিতান্ত আবভাক। যাহাতে বঙ্গবাসিগণের মন সম্ভাবে পূর্ণ হয়, যাহাতে তাহারা এই সম্ভাবে আরুষ্ট হন, যাহাতে তাঁহাদিগের হৃদয়ের অধঃস্থল পর্যান্ত উথলিয়া উঠে, যাহাতে তাঁহারা একণকার কালোচিত কর্ত্তরা সমুদায় ব্ঝিতে পারেন, এক্ষণে বাথীর এরপ উত্তেজন বাক্যের নিতান্ত আবশুক। বাঙ্গালীর পূর্বকালের ভাব দকল যেরূপ ছিল, তাহাতে কেবল নীচভারই পরিচয় দেয়; তাহাতে স্বদেশানুরার্গের চিহ্ন মাত্র নাই, জাতীয় ভাবের সংস্পর্শ নাই। সেই সমস্ত ভাব আজিও কিছুই উম্পিত হয় নাই। নীচ-শ্রেণীস্থ লোকের কথা দূরে থাক, অর্ছ-শিক্ষিত ভদ্রজনগণের মুখে আজিও সেই পূর্বকার ভাবের কথা ভনিতে পাওয়া যায়। এই সমন্ত ভাব বিষয়ে নীচ শ্রেণীস্থ জনগণ হইতে ভদ্রলোকের বড় প্রভেদ

নাই। তাঁহারা কেবল জাতিতে শ্রেষ্ঠ ; কিন্তু আর কিছ-তেই তাঁহাদিগকে শ্রেষ্ঠ বলিয়া প্রতীত হয় না। জাতিতে শ্রেষ্ঠ বলিয়া কেবল বাবসায়ে ভিন্ন। তাঁহারা জাতিতে শ্রেষ্ঠ বলিয়া, যে ব্যবসায় অবলম্বন করিয়াছেন, যে চাকরি, যে গোলামি করিয়া বেডান, তাহারই গৌরব বৃদ্ধি করিয়া থাকেন, এবং এই গৌরবে পূর্ণ হইয়া আত্মাভিমানে আপনাদিগকে বড-লোক বলিয়া জ্ঞান করিয়া থাকেন। তাঁহারা গোলামিকেও গৌরবে পূর্ণ করিয়াছেন। তাহাকে সালের পাকড়ী, ওয়াচগার্ড, ও মহামূল্য বেশ ভূষার ভূষিত করিয়া সন্মানিত করিয়াছেন। সেই পাকড়ীর মধ্যে সাহেবের পদাযাত লুকাইয়া রাখিযা তংপুরস্কার স্বরূপ বেতনের চাক্চিক্যে তাহা উচ্চ্লিত করিয়াছেন। সমাজে মান মুর্যাদা লাভ করিতে ইইলে এই চাকরি চাই। স্বাধীন ব্যবসায় অবলম্বন করিলে মান মর্যাদা নাই। বরং অনেক স্থলে তাহাতে মানের হানি হট্যা থাকে। তুনি যেরূপ লোক হওনা কেন, মুর্থ হও, পাপী হও, ঘণিত হও, যাই হওনা কেন, চাকরি পাকিলেই ভদ্রলোক। বাস্তবিক সকল মান মর্যাদ। এখন সমাজ এই চাকরির উপর তাপন করিয়াছে। ইহার ফল এই দাডাইয়াছে, শ্রেষ্ঠ জাতি সমুনায়কে চাকরি করিতে দেখিয়া নীচজাতীয় লোকেরাও সাধ্য হটলে আপনাপন স্বাধীন ও স্বতম্ব ব্যবসায় পরিত্যাগ প্রক্ষক চাক্রি ক্রিয়া ভদ্রলোক হইতে চেষ্টা ক্রিভেছেন। ইহাতে স্বাধীন ব্যবসায়ের বিলক্ষণ ক্ষতি হইতেছে।

यादारा निजास অজ. क्रमजारीन, मीन ও দরিদ তাহারাই কেবল স্বজাতীয় বৃত্তি অবলম্বন করিয়া রহিয়াছে। ক্ষনতাবানের। ভদ্রনোক হইয়া দাডাইয়াছেন। স্বতরাং স্থাধীন ব্যবসায়ের একান্ত হীনাবস্থা, ঘটিয়াছে। সমস্ত স্বাধীন বাবসায় নীচ হইতে নীচতর হইয়া যাইতেছে। একণে স্বজাতীয় ব্যবসায় করাও নীচ হইয়া দাঁডাইয়াছে। প্রাচীন কালের স্থবাবস্থা সকল এজণে বিপর্যান্ত হুইয়া যাইতেছে। যে সম্ক্রেণ্ডে এই ব্যবসায় সকল বংশ-পরম্পরা-ক্রমে পারাবাহিক করিয়া দেওয়া হইয়াছিল, যাহাতে জাতির সৃষ্টি হইয়াছিল, একণে সেই উদেশু বিফল হই-তেছে। একণে ৰঙ্গধামে আর শিল্পের চাত্রী, কৌশল ও উৎকর্ম দৃষ্টিগোচর হয় না। ব্যবসায়, জাতীয় এবং বংশ-প্রশ্পান-ক্রমে ধারাবাহিক ছিল বলিয়া, প্রাচীন কালে বঙ্গার শিল্প এত উৎকর্ম লাভ করিয়াছিল, এবং তাহার (शोतरत हैरत¹रताशीत विश्विश्वश्व आकृष्ठे हहेता किर्णन ∗। একণে সেই স্বাধীন বাবসায় সকলের গৌরব কমিয়া চাকরির গৌরব বৃদ্ধি হইয়াছে। ভদ্রলোকের নীচ ভাব সকল নিম্ন শ্রেণী মধ্যে প্রবেশ করিতেছে। কোণায় वक्रान्स हैरबारवाशीय कांगीन वांगिरकाव मः अरव राजीय বাৰসারের উন্নতি সাধন করিবে, তাহার গৌরব বৃদ্ধি করিবে, না সেই ব্যবসায় সকল পরিবর্জন করিয়া উৎসর যাইতেছে। আজি বঙ্গদেশ যদি ব্যবসায়ী হুইয়া ইংরাজী

^{*}Vide Appendix to Dr. Robertson's Historical Disquisition concerning the Knowledge which the Aucients had of India.

বাণিজ্যের ধুমধানে মাতিয়া যাইত, নিশ্চয় বলিতে পারি, তাহা হইলে বঙ্গদেশ সমৃদ্ধিতে পরিপূর্ণ হইত। স্থাধীন ব্যবসায়ের গৌরব বৃদ্ধি হইত। স্বাধীন চিস্তা প্রসারিত হইত। স্বাধীন ভাব সকল উন্মেষ্টিত হইত। সমাজ সাধীন ভাবে সংগঠিত হইয়া আসিত। বঙ্গবাসিগণের স্বাধীন কার্য্য-শক্তির বল বুদ্ধি হইত। তাঁহারা একটা গণনীয় জাতি হইয়া দাঁড়াইতেন। বঙ্গদেশের মুথ উজ্জল হইত। এইরূপ না ঘটিয়া একণে ইহার ঠিক বিপরীত ঘটিয়াছে। স্বাধীন বুত্তি সকল চাকরিতে লোপ পাইতেছে। দর্ব সাধারণে এক্ষণে নীচ প্রকৃতির লোক হইয়া দাঁডাই-তেছেন। দাশু বৃত্তিতে সমুদায় স্বাধীন প্রবৃত্তির লোপ করিতেছেন। দাশুকে গৌরবে পূর্ণ করিতেছেন। ক্রমে বাঙ্গালী জাতি একটা প্ৰকাণ্ড দাস জাতি হইয়া পড়ি-তেছেন। বাঙ্গালী জাতির এইরূপ গতি চলিলে আব শতাধিক বংসর পরে বঙ্গদেশ দাসের দেশ হইয়া पाड़ाहेरत। **अरमरम ठाकति ना कृठित्न, वाक्रानी**ता रमन দেশান্তরে চাকরি করিতে বহির্গত হইবেন। পুথিবীর দৰ্মত বাঙ্গালী দাদে পরিপূর্ণ হইবে। পৃথিবীতে বাঙ্গা-নীর নাম আর দাসের নাম এক হটয়া যাইবে।*

এই কি উন্নত ইংরাজী শিক্ষার ফল? এই কি সাবীন

^{*} আমাদিগের একথা বলা উদ্দেশ্য নহে, যে খাধীনর্ভি অব শ্বন করিলেই বাঙ্গালী জাতি সর্ববিধারে খাধীন হইবে। কিন্তু দান্ত-ইতির নীচতা, এবং সামাজিক ও মানসিক পুভাব পুদর্শন করাই শামাদিগের উদ্দেশ্য। দান্তবৃত্তি অবলখনে বাঙ্গালীজাতি অধিকতর নীচতা ও অধীনতায় নামিয়া পড়িতেছেন, এবং তাহাদিগের তেজ্পিতা ক্রমশই ক্রিয়া হাইতেছে।

ইংবাছ জাতির সহিত স্থালন ও সহবাসের ফল ? এই কি স্বাধীন-ভাবাপন ইংরাজী সাহিত্য শিকার, পরিণাম ? বালালী জাতি না গৌরব করিয়া থাকেন, তাঁহারা ইংরাজী সাহিত্য শিক্ষায় ভারতীয় অপরাপর জাতি অপেকা শ্রেষ্ঠতর ? ইংরাজী-সাহিত্য শিক্ষার কি এই শ্রেষ্ঠতর ফল ৪ ভারতের রাজধানীতে থাকিয়া ইংরাজী বাণিজ্য ব্যবসাক্ষের ধুমধামে পরিবৃত থাকিয়া বাঙ্গালী কি এই ফল লাভ করিলেন ? তিনি দাসত্তে কেবল নিপুণ হইলেন। এই কি বাঙ্গালীর বৃদ্ধি ও শ্রেষ্ঠতা। এই বৃদ্ধি ও শ্রেষ্ঠতা শইয়া তিনি আবার বড় হইতে চাহেন। আগে তিনি দাসত্ব পরিত্যাগ করুন; আগে তিনি আগনি স্বাধীন হউন; দাসের কলঙ্ক আপনার গাত্র হইতে প্রকালণ করুন, তার পর সমাজকে স্বাধীন করিতে যাই-বেন। তিনি নিজে যতক্ষণ চাকরি করিবেন, পরের দাসত্ব করিবেন, ততক্ষণ সমাজকে সেই দাসত্ব শিকা দিবেন, এবং সেই দাস্তে ক্রমে ক্রমে অপরকে আরু ই করিবেন। আপনি স্বাধীন হউন, পরকেও স্বাধীন করিতে পারিবেন। আপনি স্বাধীন হইয়া দেশ মধ্যে উপদেশ এবং কার্য্যে স্বাধীনতা শিক্ষা দিন, আপনার অদূর-প্রসর জীবন ক্ষেত্র মধ্যে স্বাধীনতার বীজ রোপিত করুন, নিজে चाधीन रुछन, निक भन्नीरक चाधीन ভाবে भूर्ग ककन, ক্রমশং সমাজ মধ্যে স্বাধীন ভাব আপনাপনি প্রচারিত হইবে। ইহাই কার্য্যের সোপান। ইহাই সমাজ সংস্কারের সহজ পন্থা। ইহাই উন্নতি ও স্বাধীনতার মূল।

পঞ্চমচিন্তা—উদ্যোগ।

আমার একটা পোষা পাথী ছিল, সে অনেকগুলি বুলী বলিত। আমরা যেমন ইংরাজ-লিখিত ভারতবর্ষের ইতিহাস (মন্তব্য-লিখিত সিংহের চিত্র) পড়িয়া স্থলব্ধ-ভারত-বিজয়ী ব্রিটিশ জাতিকে পৃথিবীর মধ্যে একটী বীর, ন্যায়পরায়ণ জাতি বলি, ভারতীয় ব্রিটিশ গ্রণ্মেণ্টকে मुनलमान त्राञ्च व्यर्भका व्यत्नक श्वर्ण छेश्कृष्टे विल, ननकुमारतत निना कति, उँ९ काठमाठा शलामी-विक्रती ক্লাইবকে বীরাপ্রগণ্য বলি, ম্যালকলমের সহিত ক্লাইবের স্থকৌশলের প্রশংসা করি, নানাকে নরাধম বলি, ঝান্সীর রাণীকে অভিসম্পাত করি, রাজী ঝিন্দুনাকে গালি দিই, এবং সিপাহী-বিদ্যোহকে ভারতের কলম্ব বলিয়া রাজভক্ত হই ও ইংরাজগণের নিকট হইতে মহামূল্য পুরস্কার লাভ করি: আমার পাধীটীও সেইরূপ যাহা যাহা শিথাইয়া-ছিলাম, তাহাই স্থলররূপে উচ্চারণ করিয়া আমার প্রীতি লাভ করিয়াছিল। ইংরাজভক্ত বাঙ্গালী জাতিকে বেমন ইংরাজগণ ভালবাসেন, আমিও তেমনি পাথীটীকে ভাল-বাসিতাম। একদিন অদৃষ্ট ক্রমে পাথীটা শুমাল কাটিয়া বাটীর ছাদের উপর গিয়া বসিল। ছাদে বসিয়া এদিক ওদিক চাহিতেছে, এমত সময়ে তাহাকে কতকগুলি কাক আসিয়া ভাড়া করিল। আমি ভাহাকে ডাকিতে লাগিলাম। পাথীটা ভাল উড়িতে পারিত না, স্থতরাং দে ভূপতিত হইয়া আমাকে ধরা দিল। আমি তাহাকে

পুনরার শুজাল-বদ্ধ করিলাম। সে আবার আমার হইল, আমার হইল বটে, কিন্তু শৃত্যল নিমুক্ত হইলে পাথীর ত্থাবিধ ভাব দেখিয়া আমার সেই অবধি মনে অন্তাপ হইতে লাগিল। ভাবিতে লাগিলাম, আমি তাহার স্বাধীনতা হরণ করিষাছি বলিয়া সে আর উড়িয়া বনে যাইতে পারিল না। ইহাতে কি আমার কিছু পাতক নাই ? আমি না স্বাভাবিক স্বাধীনতার অমুরাগী বলিয়া সাধারণ্যে পরিচয় কিই ? আমি না আত্ম-সাধীনতা লাভের জন্য নিতাঁত ব্যস্ত হই ? পারিবারিক ও সামাজিক স্বাধীনতা পরিস্থাপত্তের জন্য সকলকে উত্তেজন বাক্যে উদ্বোধন করি ? কিন্তু গ্রহে একটা বিহঙ্গকে অকারণ অধীন করিয়া রাথিয়াছি। তবে যাহার বল আছে, সে আমাকে কেন অধীন করিবে না ? বাস্তবিক যদি আমি স্বাধীনতার অমুরাগী ছইয়া থাকি, তবে একটা বিহঙ্গেরও স্বাভাবিক স্বাধীনতা হরণ করা আমার উচিত নহে। পেই বিহঙ্গের **অধীন**তার চিত্রে আমার মন নীচগামী হুইয়া যাইবে। আমি সেই দিন হুইতে প্রতিজ্ঞা করিলাম বিহন্ধকৈ ভাতিয়া দিব। কিন্তু আবার ভাবিলাম, ছাডিয়। मिटगरे एम कि उ९क्मगा९ वनहाती रहेएउ পातिरव। उदय (म यथन आंश्रनांशिन मुख्यल-विमुक्त इहेगां हिल, वतन যাইতে গারে নাই কেন ? শৈশবাবধি শৃঙ্খল-বদ্ধ থাকিয়া তাহার উড়িবার শক্তি গিয়াছে; গৃহ মধ্যে চিরকাল আবদ্ধ থাকিয়া একণে অনস্ত আকাশ দেখিলে সে ভয় পার। অধীনতাম তাহার প্রকৃতি বাঙ্গালীর প্রকৃতির

ভাষ বিক্লত হইয়া গিয়াছে। একণে সে সহনা ধনে যাইতে পারিবে না। যাহাতে তাহার স্বাভাবিক স্বাধীনতার ক্ষুর্ত্তি হয়, অগ্রে এরূপ চেষ্টা করিতে হইবে। এই ভাবিয়া আমার প্রিয় পক্ষীকে একদিন তরুর নিকট লইয়া গেলাম। পক্ষী সেই বৃক্ষ দেখিয়া বরং ভয় পাইল, त्म कोन माउ माँ छा छिल ना । हा ति निन भारत तम দাঁড ছাডিয়া একটা নিক্টপ্ত শাখার বসিল। কিয়দিন পরে সে এক শাধা হইতে শাধাস্তরে উডিয়া ঘাইতে চাহে। আমি তাহার শৃজ্ঞলে দড়ী বাঁধিলাম। গাথী উডিয়া একটা শাখার অগ্রভাগে আসিয়া বসিল। বসিয়া যেন উভিতে চাহে। আমি তাহার দড়ী লম্বা করিয়। দিলাম। সে সেই কৃষ্ণ হইতে নিকটস্থ আর একটী বুক্ষে উডিয়া যাইতে চাহে: আমিও তাহার সঙ্গে সঙ্গে গিয়া দেখিলাম, সে স্বচ্ছনে সেই বুক্ষান্তরে আদিয়াছে। তথন তাহাকে আবার বাজীতে লইয়া গেলাম। এখন সে আর দাড়ে বসিয়া থাকিতে চাহে না; কেবল উড়িয়া যাইতে চাহে। তথন আমি তাহার শুখল কাটিয়া দিলাম 🏓 সে অনায়াদে সেই বুকে উড়িয়া গেল। আমি তাড়া দিলাম, সে वृक्षांख्रत প्रवाहेशा (श्रव। সেথানে ও তাড়া দিলাম, ডাকিলাম; ডাক ভনিল না; সে তথন তাহার স্বাভাবিক ডাক ডাকিতে ডাকিতে অনস্ত মাকাশে উভিয়া গেল।

এই বিহক্ষের দৃষ্টান্তে আমি শিথিলাম, স্বাধীনতাই, স্বাধীনতার প্রস্থৃতি ও শিক্ষাদাত্তী। যে চিরকাল সধীন

অব্যায় অবস্থিত, সে সহসা কথন একদিনে .সম্পূর্ণ স্বাধীন হইতে পারে না। যে বঙ্গবধূ চিরকাল গৃহমধ্যে আবদ্ধা, তিনি একদিনে কথন স্বাধীন সমাজ মধ্যে সম্ভূদে বিচরণ করিয়া বেডাইতে পারেন না। যে ব্রিটনেরা চারি শত বৎসর রোমানদিগের অধীনস্ত ছিলেন. রোমানেরা সহসা আহাদিগকে পরিত্যাগ করিয়া গেলেও তাহারা তৎক্ষণাৎ স্বাধীনতা গ্রহণ করিতে পারেন নাই; তথন তাঁহাদিগকে অপর জাতির অধীনতার আশ্রয় গ্রহণ করিতে হইরাজিল। আজি যদি ইংরাজগণ সহসা ভারতবাসিগণকে পরিত্যাগ করিয়া যান, ভারতবাসিগণ कथनरे धकिन्त याचीनजा शहर कतिरज भातिरवन ना । আবার বিষম গওগেইল ও অরাজকতা আসিয়া উপস্থিত হইবে। অরাজকতা উপস্থিত হইবে সতা, কিন্তু সেইরূপ অরাজকতায় স্বাধীন ভাবে দাড়াইতে না শিথিলে তাঁহারা কথন স্বাধীন হইতে পারিবেন না। তীরে বসিয়া যিনি मखन-कोमन উত্তমরূপে শিক্ষা করিয়া জলে খাঁপ দিবেন. তিনি নিশ্চয় জলমগ হইবেন। কিন্তু যিনি সহস্র বার জলমগ্ন হইয়া সম্ভরণ-কৌশল জলে প্রিটা শিক্ষা করিয়াছেন, তিনিই মহানন্দে তরঙ্গ কাটিয়া তীরে উঠিতে পারেন। যে কোন বিষয়েই হউক, একদিনে কার্য্যশক্তি উৎপন্ন হয় না; কার্য্যশক্তির উৎপত্তির নিয়ম এই যে, তাহা কার্য্য ব্যতীত আর কিছুতেই জন্মিতে পারে না। জ্ঞান ও ইচ্ছা কার্যাশক্তিকে উদ্রিক্ত করিয়া দেয়, কিন্তু কার্যা ও অভ্যাদ কার্যাশক্তিকে বলবতী করে। জ্ঞান ও

ইচ্চা কার্য্যের পূর্বভাব মাত্র; কার্য্যই কার্য্যের স্থায়িত্র বিধান করে।

অধীনতাভাব বাঙ্গালী জাতির কতদুর অভ্যস্ত ও সাভাবিক হইয়া গিয়াছে, তাহা আমরা বিগত প্রসঙ্গে অনেকদুর প্রদর্শন করিয়াছি। আত্মনির্ভরের ভাব বাঙ্গালীজাতি মধ্যে একেবারে নির্শাল হইয়৷ গিরাছে বলিলে মত্যুক্তি হয় না। আপনার উপর নির্ভর করিয়া স্বতন্ত্র ও স্বাধীন ভাবে কোন কার্য্য করা বাঙ্গালীর সাধ্যাতীত। স্বাধীন বুদ্ধি ও ব্যাবসায়ে বাঙ্গালীর হস্তক্ষেপ করিতে নিতান্ত বিপদ বোধ হয়। তাঁহার বৃদ্ধিশক্তি হাজার মার্জিত হউক না কেন, সে বৃদ্ধি নিজ কার্য্যে নিয়োগ করিতে তাঁহার ভরসা হয় না। পরের চাকরি করিয়া তিনি সেই বৃদ্ধি, কিরূপ কৌশলে চাকরি রক্ষা कतिएक इस काशास्त्रहे अप्तर्भन कतिएक। अरत आधीन ভাবে কার্য্য করিবেন, বাঙ্গালী আঁহার দাস হইয়া পাকিবেন। তাঁহার আকাজ্ঞা, আনি দাসত্তে শ্রেষ্ঠত। লাভ করিব, আমি সর্ম্মপ্রধান চাকর হইব। তিনি কোন মতে চাক্রির গ্রী অতিক্রম করিবেন না। এই চাক্রি করিয়া তাঁহার প্রকৃতি এরূপ নীচ হইয়া গিয়াছে যে, তাঁহার হৃদ্য হৃইতে উচ্চাশা ও উচ্চাভিলাৰ সমুদাৰ নির্দ্ধাপিত হইয়া গিয়াছে। দে উচ্চাশা ও উচ্চাভিলাশ যদি কখন জাগরিত হয়, তাহা চাকরির জ্ঞা। প্রেপ পত সহস্র তিরস্কার তিনি অমানবদনে সহা করেন। অয়েসমান ও আন্মর্য্যাদাকে তিনি একেবারে ছলাগুলি

দিয়া বিদিয়া আছেন। তাঁহাকে যে সকল উক্তি ও যেরপ ব্যবহার এবং হতাদর সহ্ছ করিতে হয়, আয়-মর্য্যাদার ফুলিঙ্গ মাত্র থাকিলেও তিনি কথনই তাহা সহ্ছ করিতে পারিতেন না। কিন্তু এ সমস্ত ব্যবহারে তিনি এরপ অভ্যস্ত হইয়া গিয়াছেন যে তাঁহার অধীন প্রকৃতিকে একেবারে অসাড় ও নিস্কেছ করিয়া কেলিয়াছে।

আমাদিগের দাসম্ব কি একপ্রকার ৪ আমরা কি শুদ্ধ রাজনৈতিক দাসৰোৱ অধীন ? সত্য বটে এ দাসত্ব উন্মোচনের এক্ষণে উপায় নাই; বরং ইহার বশীভূত হুইয়া থাকা আপাততঃ কল্যাণকর। কিন্তু যে সমস্ত দাসত্ব উন্মোচন করিবার উপায় আছে, যে উপায় আমা-দিগেরই হত্তে সমর্পিত আছে, সে সম্পার দাসত্ব উন্মোচন করিতে আমরা উদ্যত হই নাকেন ৪ কেন আমরা সামাজিক ও পারিবারিক দাসত্বের চিরকাল অধীন থাকি ? এই অধীনতার কি আমাদিগের কার্য্যশক্তি পরিবদ্ধ করিয়া রাথে নাই ? আমরা দেখিতেছি আমাদিলের অনেক প্রচলিত আচার ব্যবহার দূষিত, আত্ম-স্বাধীনতার অন্তরায়, প্রকৃত মঙ্গলের ঘোর প্রতিবন্ধক। সে দকল আচার ব্যবহারের দাসত্তে কেন আমরা চিরদিন বণীভূত হইয়া রহিয়াছি ? তাহার কারণ এই, এই অধীনতায় থাকিয়া আমাদিগের প্রকৃতি এতদূর মৃত্ ও তর্বল হইয়া পড়িয়াছে বে, সেই অধীনতার প্রভাব অতিক্রম করা, আর আমাদিগের আয়ত্তির মধ্যে নাই।

আমরা সেই গোপনীয় প্রভাবে অজ্ঞাতসারে এঁরপ বশীভূত হইয়া আছি যে, সে প্রভাব অমুভব করিবার ও বুঝিবার আমাদিগের শক্তি নাই। মনে করিতেছি, অন্ত কারণে নিক্ষল হইতেছি। মনে করিতেছি, হয় ত উপযুক্ত धन नारे, मान नारे, कमा नारे, वृक्षि नारे, त्ररे जन्न मां ज़ारेट भारिना। किंद्ध (य अधीनठा-मुख्यम आमानिरगर হত্ত পদ দুঢ়ুরূপে আবদ্ধ করিয়া রাথিয়াছে, নড়িবার চডিবার শক্তি নাই, সেই অধীনতা-শৃজ্ঞল ভগ্ন করিতে না পারিলে যে আমাদিগের তিলার্দ্ধ উন্নতি সাধন হইবে না, তাহা আমরা একবারও ভাবিয়া দেখি না। ইহা রাজনৈতিক অধীনতা নহে, ইহা পারিবারিক ও সমাজের আচার বাবহারের অধীনতা। ইহাদিগের প্রভাব অন্ন লোকেই ব্ঝিতে পারে, কারণ ইহাদিগের প্রভাব অদ্খ-ভাবে কার্য্য করিয়া থাকে। স্মামাদিগের দূষিত স্মাচার ব্যবহারের অক্যান্ত অনিষ্ঠ অতি সামান্ত, কিন্তু এই সমস্ত আচার ব্যবহার আমাদিগের প্রকৃতিকে যেরূপ নিস্তেজ, তুর্দ্মল ও জড়ভাবাপন্ন করিয়া রাথিয়াছে, ততদূর অধীনতার প্রভাবই মহা অনিষ্টকর। আমরা জানিনা, আমরা সেই প্রভাবে কতনুর তুর্বল হইয়া রহিয়াছি। এই অজ্ঞানতাই মহা অনিষ্কর। আমরা এই প্রবন্ধে সেই প্রভাবের ম্থাম্প বর্ণন এবং সেই অজ্ঞানতার নিরসন করিতে চেষ্টা করিব।

যতদিন না বাঙ্গালীজাতি এই অধীনতা পরিত্যাগ করেন, এবং অলে অলে স্বাধীন ভাব অবলম্বন করিয়া আয়ুনির্ভর হয়েন, আয়ু-মর্য্যাদা শিক্ষা করেন, এবং আগ্রন্থরী হইয়া সকল কার্য্য আগ্রহন্তে গ্রহণ করেন, ততদিন তাঁহার অভ্যুদয়ের কোন সন্থাবনা নাই। এই অভ্যুদয়ের পণ পরিকার পড়িয়া রহিয়াছে। ইহার প্রথম নাপান আগ্র-মাধীনতা, দিতীয় সোপান পারিবারিক সাধীনতা এবং তৎপরেই সামাজিক সাধীনতা বিরাজিত বহিয়াছে। বাঙ্গালী জাতির প্রত্যেকেই এই সাধীনতার গথে অগ্রসর না হইলে তাঁহাদিগের সামাজিক সাধীনতার গথে অগ্রসর না হইলে তাঁহাদিগের সামাজিক সাধীন তালাভের কোন আশা নাই। একে একে স্বাধীন হইতে চেষ্টা না করিলে ক কা সাধীন হওয়া যায় না। সাধীন ছইতে চেষ্টা করাই স্কাধীন হইবার গরিষ্ঠ উপায়। স্বাধীন ভাব অবস্থার নাম, জাহা কার্য্য নহে; এবং সেই অবস্থার চিরদিন থাকিতে হছলৈ, তাহাতে ক্রমে ক্রমে অবস্থিত হইয়া আত্মনির্ভর শিক্ষা করা আবস্থাক। যিনি সাধীন অবস্থায় থাকিতে চেষ্টা করেন, তিনিই চির-স্বাধীন হইয়া থাকিতে সমর্থ হয়েন।

১। আয়-য়াধীনতা। আপনি স্থাধীন না থাকিলে পরকে স্থাধীন করিতে যাওয়া রুগা। আপনার মনে স্থাধীনতার ভাব এরূপ উজ্জ্বলিত থাকা চাই, যে অপরে তাহার নিকটবর্ত্তী হইলেই সেই ভাবে যেন উদীপিত হইয়া উঠেন। আপনার কার্য্যে স্থাধীন চেষ্টা এবং আপনার কর্তৃত্বে আয়নির্ভরের ভাব শিক্ষা না নিতে গারিলে অপরকে এই স্থাধীনতার নৃতন পথে অস্থুসারী করা ঘাইতে পারে না। যে ব্যক্তি বলিয়াছিলেন, আমি মহা মুখে বলি তাহা কর, যাহা কার্য্যে করি তাহা করিও

না, তিনি মানব প্রক্লতির কিছুই বুঝিতেন না; তিনি নিতান্ত অবজ্ঞের কথা কহিয়া গিয়াছেন। মনুষ্য-স্মাজ দুষ্টান্তের যত অনুগামী, শুদ্ধ উপদেশের ততে অনুগামী নহে। যে ভাব কেবল উপদেশেই নিঃশেষিত হয়, সে ভাবের কিছুই ফল নাই, কিন্তু যে তেজ কার্যাক্ষেত্রে উৎসাহের অधिকুও প্রজ্ঞলিত করে, তাহা মানবকুলকে কার্য্যক্ষেত্রে আনয়ন করিতে সমর্থ হয়। একা লিয়নিভাস গ্রীদের স্বাধীনতা রক্ষার পথে প্রথম নাম্বক স্বরূপ হট্যা শত সহস্র ব্যক্তির মনে স্বদেশামুরাগ উদ্দীপিত করিয়া দেন। একা এলেকজাণ্ডারের তেজ প্রাচীন পৃথিবীতে ধারণ করিতে সমর্থ হয় নাই। পিলপিডাস্ একাকী থিবের উদ্ধার সাধন করেন। টাইমোলিয়ান স্বাধীনতার অমুরাণে এতদূর পূর্ণ ছিলেন, যে তিনি একাকী শত শত স্বদেশীয়গণকে সেই ভাবে উত্তেজিত করিয়া পীড়িত मिनिलित **नामच (माहन करतन *। आकार्टक**प्र रा तन রোমে ধ্বনিত করিয়াছিলেন, আঞ্চিও ম্যাটসিনির রোমে সেই রব প্রতি বীরের সঙ্গীতে প্রতিধ্বনিত হইতেছে। ওয়ালেদ এবং ব্রুদের নাম গুনিবা মাত্র পঞ্চরদার বাঙ্গালীর শরীরও আজি লোমাঞ্চিত হয়। ইহাঁদিগের প্রতিজনের স্থান্য স্বাধীনতা ও স্বদেশানুরাগে এরূপ উৎসাহিত ছিল, যে তাঁহারা প্রত্যেকেই শত সহস্র জনকে সেই ভাবে উৎসাহিত করিয়াছিলেন। শুদ্ধ ভাবে নর, তাঁহারা প্রত্যেকেই কার্য্যক্ষেত্রে অবতরণ করিয়া

^{*} vide Plutarch's Life of Timolean.

সেই স্বাধীনতার তেজ চারিধারে বিকীর্ণ করিয়াছিলেন; এবং এক এক জন এক এক দেশকে সেই ভাবে উন্মন্ত করিয়া দিয়াছিলেন।

স্বাধীনতা লাভের প্রধান উপায় আয়-নির্ভর কর।। বিনি আপনার উপর নির্ভর করিয়া কার্য্য করিতে না পারেন, তাঁহাকে পরের আতুগত্য স্বীকার করিতে হইবেই হইবে. একং যে পরিমাণে পরের আন্তগত্য স্বীকার করিবেন সেই পরিমাণে পরাধীন হইয়া থাকিবেন। পরাধীনতার মানসিক শক্তি ও প্রবৃত্তি স্বাধীনভাবে কার্য্য করিতে পারে না; 🛊 ার্য্যশক্তি ক্ষুর্তিবিহীন হইয়া থাকে। কিন্তু বিনি আয়ু-মির্ভর করিতে পারেন, তাঁহার কার্য্য করিতে সাহস হয়, কার্যা করিতে সাহস হইলে ক্রমে সর্ব্যঞ্জার মানসি**ক শ**ক্তিরও ক্ষৃত্তি হইতে থাকে। আয়-নির্ভর করিতে পারিলে বিবেচনার উদ্রেক হয়, এবং বিবেচনার সহিত কার্য্য করিতে পারিলে স্ক বিষয়েই উন্নতি সাখন হয়। এই আত্ম-নির্ভর নাই বলিয়া বাঙ্গালী জাতির সাহস নাই, তাহাদিগের কতনুর শক্তি আছে তাহার জ্ঞান নাই। এই আত্ম-নির্ভর नाइ विषया वाकाली जाि कािन खातीन कार्या अवन হইতে পারেন না; ব্যবসায় ও বাণিজ্যের পথে অগ্রসর হইতে পারেন না। পরাধীনতা ও পরের চাকরি স্বীকার করিয়া চিরদিন ছঃথে ও মনস্তাপে কালাতিপাত করেন। পরাধীনতায় ও পরের চাকরি করিয়া তাঁহাদিগের স্বাধীন শক্তি ও প্রবৃত্তি সকল ক্রমশ: ক্র্রিবিহীন হইয়া

যাইতেছে, এবং তাঁহাদিগের শারীরিক হুর্বলতার সহিত মানসিক হুর্বলতারও বৃদ্ধি হইতেছে।

কার্য্যতেই কার্য্যের শক্তি বৃদ্ধি হয়। অল্লে অল্লে আয়নির্ভর করিতে না পারিলে বৃহৎ কার্য্যে আয়নির্ভর জন্মায় না। আয়নির্ভর করিয়া কার্য্য কিঃতে গুগলে, দে কার্য্য-পথে অনেক বার পদখালন হইবে তাহা নিশ্চয়, কিন্তু সেই প্রকার পদখালন না হইলে দাঁড়াইবার শক্তি জন্মিবে না। চিরদিন পরের হাত ধরিয়া চলিলে কি চলিতে শিথা যায়? স্বতন্ত্র হইয়া চলিতে শিথ, অনারাসে চলিতে পারিবে।

স্বাতন্ত্র্য আত্মনির্ভরের প্রধান অঙ্গ। বাঙ্গালীর স্বাতন্ত্র্য কোন বিষয়েই নাই। কি আত্মকার্য্যে, কি পরিবারমণ্ডলে, কি সমাজে, বাঙ্গালীর স্বাতন্ত্র্য কোন থানে নাই। তিনি আজীবন মৃত্যু পর্যন্ত পরের হাত ধরিয়া চলিরা বেড়ান। জীবনের অন্ন কালই তাঁহার স্বাতন্ত্র্য হ্র, স্কুতরাং তাঁহার আত্মনির্ভরের শক্তি জন্মায় না। একলে আমরা এই প্রস্তাবের বিতীয় বিষয়ে উপস্থিত হইতেছি,—তাহা পারিবারিক স্বাধীনতা।

২। আমাদিগের পারিবারিক ব্যবস্থা স্বতন্ত্রতার পথে বিষম অন্তরার। যে কোন কারণে এই পারিবারিক ব্যবস্থার উৎপত্তি হউক না, আমরা তাহার অন্তন্ত্রার পরে প্রত্তার চাহি না। এই পারিবারিক ব্যবস্থার আমাদিগকে জীবনের অধিকাংশ সমন্ত্রই পরাধীন হইয়া থাকিতে হয়, পরাধীন থাকিয়া আমামরা ক্রমশঃ নিস্তেজ

ও নিক্রীগ্র হইয়া যাই, তাহার আর সন্দেহ নাই। সেই विषय अनर्गन कता आभामित्शत छेत्मशा এकाञ्चवर्दी পরিবারমণ্ডলে যত স্থুখ, তাহা একণে সকলে জানিতে পারিতেছেন। ইহার অভাত দোবের বিষয় আমর। উল্লেথ করিতে চাহিনা। কিন্তু ইহাতে আমাদিগকে যে চিরকাল পরাধীন করিয়া রাখে, আমাদিগের স্বাধীন কার্যাশক্তি বিনষ্ট করে, ক্রমশঃ আমাদিগকে পরাধীনতার আত্তে আত্তে অভাব করিয়া আনে, এবং তৎসঙ্গে সঙ্গে নিব্বীর্য্য করিয়া কেলে, ইহাই আমরা উল্লেখ করিতে চাহি: ইহাই এই একান্নবর্তী পারিবারিক ব্যবস্থার একটা প্রধান দোষ, এবং এই দোষে বাঙ্গালীজাতি সমুদায় কেমন গুৰ্মল ও প্রাধীনতায় অভ্যন্ত হইয়া গিয়াছে, তাহা তাহাদিগের মধ্যে দেখা আবশুক। যত দিন জনক জননী অথবা অপর কর্তুপক্ষের অধীনে থাকা প্রয়োজনীয় ও বিধেয়, আমরা ততদিনের অধীনতা দোষই বলি না, किछ यथन स स जात शहरा मकरण ममर्थ हरवन, তংপরবর্ত্তী কাল হইতে পরের কর্ত্তত্বে ও সম্পূর্ণ অধীনতার থাকিলে নিজের স্বাধীন বৃত্তি ও প্রকৃতি এরূপ দমিত হইয়া পড়ে বে, আপনার সমুদায় তেজস্বিতা হ্রাস হইয়া যায়, এবং দর্কবিষয়ে পরের বশব্তিভায় আপনার স্বাধীন अस्तिष्-मभूनाय विनर्ध श्रेषा পড়ে। এতদুর বিনষ্ট श्रेषा পড়ে যে, সেই পরিবারমণ্ডলে আপনাকে জড়বং অবস্থান করিতে হয়। যিনি ত্রিশ অথবা চল্লিশ বংসর পর্যান্ত এইরপে অবস্থান করেন, তাঁহার জীবনে স্বাধীনতা ও

প্রকর্তন্তর আর কি <mark>থাকে ? একার</mark>বর্ত্তী পরিবারস্ভলে অনেকেরই কি এই দশা ঘটে না ?

অধিক ব্য়দ পর্যান্ত একারবর্তী পরিবার-মণ্ডলে জনক জননী অথবা অপর কতুপকের অধীনে থাকিলে সেই মধীনতা অল্লে অল্লে শান্ত প্রভাবে, এবং অজ্ঞাতসারে মনের তেজস্বিতা হরণ করিতে থাকে। সেই অধীনতায় আমাদিগের প্রকৃতি নিতান্ত মত ও নিশ্চেষ্ট হইয়া আইসে। ইহার সামাজিক ফল এই দাঁড়াইয়াছে যে, আমরা একটা বিষম নিশ্চেষ্ট জাতিরূপে পরিণত হইয়াছি। আমাদিগের প্রকৃতি জড়প্রায় হইয়া গিয়াছে। শুদ্ধ ইচ্ছায় আমাদিগের কার্য্য হয় না। কার্য্যের জন্ম যে প্রতিজ্ঞা, যে সাহস, যে উৎসাহ, ও বে অধ্যবসায়ের প্রয়োজন, তাহা অণ্নাত্র আমাদিগের শরীরে নাই। তেজস্বিতা কিরূপ বান্ধালী তাহা জানে না। কর্ত্তব্য-পরায়ণ হইয়া দৃঢ় প্রতিজ্ঞার সহিত কার্যা করায় যে বল আবশুক করে, তাহা আমাদিগের नारे। এই বল विरुत्न आंगानिश्वत रेष्ट्र। 'अ कर्डवा-विश्व কথন কার্য্যকারিতায় পরিণত হইতে পারে না। পারিবারিক শাসন ও প্রভুষ, সে কার্য্যকাবিতা ক্রমশঃ হরণ করিয়াছে। বাঙ্গালীর সাধ্য নাই, বাধা ও বিপত্তির সম্মথে দুভার্মান হয়; স্কুত্রাং সকল সামাজিক সদ্মুষ্ঠান ও সংস্কার, কল্পনা মাত্রে পর্য্যবসিত হয়। কাশ্রণ, সকল সংস্নারেই বিস্তর বাধা ও বিপত্তি আছে। স্বাধীনভাবে আপনার প্রতিজ্ঞাবলে দুঙার্মান হওরা বাঙ্গালীর কার্য্য নহে: কারণ, পারিবারিক একাধিপতা, সে স্বাধীনতা

ও প্রতিজ্ঞাবল একে একে সম্পূর্ণ হরণ করিয়াছে। স্কুতরাং, বে সমাজ-সংস্কারে এই প্রতিজ্ঞাবলের আদৌ আবশুক তাহা রথার হইয়া যায়। এই পারিবারিক একাধিপত্যের সামাজিক ফল কিক্কপ অনিষ্ঠকর, তাহাই এস্থলে প্রদর্শিত হইল।

একারবর্তী পরিবারমণ্ডলের এইরূপ একাধিপতো वाशिषित्वत अवशान कतित्व रय ना, अमाम कातत्व তাহাদিগের তেজস্বিকা বিনষ্ট হইয়া যায়। বাল্য-বিবাহ একটা প্রধান কারণ। বাল্য-বিবাহ নিবন্ধন অল্লবয়সেই আমরা স্ত্রী, পুল্র, কল্লাম্ম, পরিবেষ্টিত হইয়া পড়ি। নানাবিধ ভাবনা চিন্তা আমাজিকে ঘেরিয়া ফেলে। পরিবারের ভরণ-পোষণ, পত্রক্কার শিক্ষা ও বিবাহ-দান, প্রভৃতি কিরূপে সম্পন্ন হইবে এই ভাবনায় আমরা নিয়ত অল-বয়দেই নিতান্ত অধীয় ও ব্যাকুল হইয়া পড়ি। ইহাতে আমাদিগের নিজের স্বাধীনতা অতি অল্ল বয়স হইতেই বিনষ্ট হইতে থাকে। সেই স্ত্রী পুত্র কল্লাই আমানিগের স্ফাঁচিস্তার বিষয় হইয়া পডে। তাহাদিগকে ছাড়িয়া স্বাধীন ভাবে কার্যা করা নিতান্ত অসম্ভব ও অন্যায়। অল্লবয়দেই এই পারিবারিক অধীনতা-শৃঙাল আমর। আপনাপনিই ধারণ করি। অজ্ঞানাবস্থায়, পিতা মাতা আমাদিগতেক এই শুঙ্গল পরাইয়া দেন। পরাইয়া দিয়া চিয়দিনের জন্য আমাদিগকে অধঃপাতে দেন।

এই পারিবারিক অধীনতার প্রভাব অতি শাস্ত ও অক্সাতভাবে আমাদিগকে শাসন করে। ইহার শাসন আমাদিগের হৃদয়-রাজো। স্নেহ, মৃমতা ইহার এধান শাসন-রজ্জু। আমাদিগের উপর পরিবারের সম্পূর্ণ নির্ভর ও স্বানতা থাকাতে আসরা অতি দৃঢ় বন্ধনে তাহাদিগের অধীনতায় বশীভূত হই। আমোন্নতিকে তাহাদিগের অধীনতার জলাঞ্জলি দিতে হয়। স্বাধীনতাকে অগ্রে বলি দিয়া তবে বাল্য-বিবাহ করি। প্রতিজ্ঞাবল তাহা मिटगत ভাবনা **চিন্তা**য় কোথায় উড়িয়া যায়। বে পরিবারের স্থাথের জন্য ব্যতিব্যস্ত হই, এবং আত্মস্থথ বিসর্জন দিই, তাহাদিগের সেই স্থপাধনের উপায় সকলও স্বাধীনভাবে অবলম্বিত হইতে পারে না। যে সময়ে আপনাদিগকে কে ভরণ-পোষণ করে তাহার ঠিকানা নাই, সেই সময় হয় ত পাঁচজন পরিবার আমাদিগের গলগ্রহ হইয়া পড়িয়াছে। তুমি তাহাদিগের ভাবনা ভাবিবে, না—আত্মোন্নতির জন্য দেশ-দেশান্তরে ফিরিয়া বেডাইবে। তোমার সাধ্য নাই, সেই পরিবার-গণকে ফেলিয়া তুমি এক পদও সঞ্চালন কর। যতদিন তোমার বিবাহ না হয়, ততদিন তুমি স্ত্রী-স্বাধীনতার উপর, বালিকা-বিবাহের উপর, বেদ বক্তৃতা করিবে: কিন্তু যেই মাত্র তোমার বিবাহ হইল, অমনি তোমার কণ্ঠরব ক্রমশঃ ক্ষীণ হইরা আইদে। ভূমি অবশেষে সামাজিকতার ঘোরদাস হইয়া যাও। ইহার কারণ কি ? তুমি দেই পরিবারের ছঃখ দেখিতে পারিবে না বলিয়া সমাজের সঙ্গে মিশিয়া, যতদুর সাধ্য, তাহাদিথের স্তব্যের চেষ্টা করিয়া বেড়াও। পারিবারিক স্থপ তোমার

জনয়কে হরণ করিয়া রাথে; পাছে কোনমতে তাহার বিষ্ণ ঘটে, এই জন্য তুমি আপাততঃ ক্লেশকর সামাজিক সংস্কারে প্রবৃত্ত হইতে পার না। কিন্তু পূর্বের বাল্য-বিবাহ না হইলে অগ্রে আত্মোনতি সাধন করিয়া, সমাজে স্বাধীন ভাবে অগ্রে দাডাইবার শক্তি ধরিয়া, পরে বিবাহ-জনিত পরিবার-মণ্ডলে বেষ্টিত হইলে, তাহাদিগের স্থথের জন্য কিছু উৎসর্গ ও ত্যাপখীকার করিতে হয় না। তথন স্বাধীনভাবে দাঁডাইয়া বিলক্ষণ পারিবারিক স্থুখ সাধন করা যাইতে পারে। এই পারিবারিক স্থবের জন্য তুমি দেশাচারের বশবর্তী ₹ও। দেশাচারের বশবর্তী হইয়া বে দায়ে আপনি দিনজাত কাঁদিতেছ, সেই দায়ে আবার আপনারই পুত্রগণকে অনায়াসেই নিক্ষেপ কর। তাহা-দিগেরও বাল্য-বিবাহ দাও। তাহার কারণ এই, যত দিনে তাহারা বিবাহাবস্থা প্রাপ্ত হইয়াছে, ততদিনে তোমার অন্তর হইতে সকল তেজ্বিতা ও স্বাধীনতা यत् यत् विनष्टे स्टेशाट्ड। उनि जानिए शाव नाह, বে ধীরে ধীরে তুমি কেমন সমাজের দাস হইয়া পড়িয়াছ। কিন্তু বরাবর তুমি যদি তেজস্বিতা বজায় রাখিতে পারিতে, বরাবর যদি সাধীনভাবে কার্য্য করিতে পারিতে, এরপ কথনই ঘটিত না। তাহা ত হয় নাই, স্কুতরাং অভ্যাদের প্রভাব তোমাতে বিলক্ষণ প্রকাশ পাইয়াছে। তুমি সকল কার্য্য অভ্যাস বশতঃ যেমন দিক্তি না করিয়া व्यनायात्म नाथन कतिया व्यानियां ह, अहे त्यात व्यनगात কার্য্যে ও যে তদ্রপ করিবে, তাহার মার মাশ্চ্য্য কি ? কিন্তু একবার ভাবিয়া দেখ, তুমি কোথা হইতে কোশায় আদিয়াছ। পুল কন্যার বাল্য-বিবাহ দিয়া তুমি তাহাদিগকেও অধঃপাতে দিলে। তোমার ন্যায় শিক্ষিত জনেকের হস্তে পড়িয়াও তাহাদিগের কি ছর্দশা ঘটল ? জানিয়া শুনিয়াও ভুমি যে অন্যায় কার্য্য করিলে তাহার পাতক কোমার। না জানিয়া শুনিয়া শুনিয়াও সেই অনিষ্ঠ করিলে। তবে জোমার জানাতে এবং না জানাতে কি ফল ঘটল। বরং না জানিয়া এরূপ করিলে তোমার ততদ্র দোষ ছিল না। কিন্তু কি করিলে হুমি কি এখন আর তোমার আছ ? তোমার যে কিছু সারবতা ছিল, তাহা সমুদায় বিস্জিত হইয়াছে। তুমি এগন পরিবারের দাস, দেশাচারের দাস, সমাজের দাস। তুমি এই দাসামুদাস হইয়া অতি নীচ ও অবজ্ঞেয় হইয়াছ।

আর এক কারণে আমাদিগের পারিবারিক অধীনতার রিদ্ধি হইরাছে। এদেশে স্ত্রীজাতির বেমন অধীনতা, অন্য দেশে ততদূর নহে। আমরা স্ত্রীজাতির উপর একাধিপত্য বিস্তার করিয়া তাহাদিগের স্বাধীনতা সম্পূর্ণ হরণ করিয়াছি, কিন্তু এতরিবন্ধন যে সমস্ত সামাজিক অনিষ্ঠপাত হইরাছে, তাহাতে সেই পাতকের বিলক্ষণ প্রতিশোধ হইরাছে। আমরা তাহাদিগকে সম্পূর্ণ-অধীন করিয়া রাঝিয়াছি, তাহারাও আমাদিগের উপর সম্পূর্ণ করিয়া আমাদিগের স্বাধীনতা বিলক্ষণ হরণ করিয়াছে। সমাজের স্বাভাবিক অবস্থা যাহা, তাহার

বাজিক্রম ঘটিলে, অনিষ্ঠ কেবল এক পক্ষে ঘটে না। আমরা স্ত্রাজাতির যে অনিষ্ট সাধন করিয়াছি, সেই অনিষ্ট ঘুরিয়া আমাদিগের উপরেই আসিয়া পড়িয়াছে। আমা-দিগের প্রভূত-জোর; তাহাদিগের গোপনীয় শাসন জোর নহে, কিন্তু জোর অপেকা আর কিছু অধিক। কেছামত আমরা স্ত্রীজাতিকে প্রবিত্র রাখিতে চাই। অধীন স্ত্রীজাতি তাহাই রহিল। বিশ্ববার বিবাহ নাই। কিন্তু তাহার ফল এই দাঁড়াইল, 🕶 বিধবা, পুরুষের গলগ্রহ ও মহা ভাবনার বিষয় হইল। প্রায় এমত গৃহ নাই, যেথানে এই ভাবনার বিষয় বাই। বঙ্গ সমাজে সধবা যত, বিধবার সংখ্যা তদপেকা नुम्म मट्ट। এই विधवांशंग সমাজের মহা ভাবনার বিষয় । পুত্র কলত্র অপেকাও তাহাদিগের জন্য অধিক ভাবিত থাকিতে হয়। তাহাদিগকে ছাড়িয়া কোথায়ও যাইবার যো নাই। তোমার পুত্রকলত্রকে (मिथवात वत्रः अमा ताक आहि, किंख ट्यामात विधवा ভগী, कि ভाগिনেशी, कि शिषी, माष्टी, कि জननीति তুমি ভিন্ন দেথিবার আর কেহই নাই। ইহারা তোমার সম্পূর্ণ অধীন। কারণ, তুমি ভিন্ন এজগতে তাহাদিগের আর কেহই নাই। তাহারা তোমার উপর নির্ভর করিয়া দিবা নিশি অশ্রবর্ষণ করিতেছে। তোমার সাম্বনা বাক্য अनित्त, जोशंक्तिरात अनय-वाशा वतः कथिकः अभनी छ इस। ट्यामात मुथहल मा (मिथिटन छोशांता निमांकन करे পায়। তোমার উপর তাহারা এতদূর নির্ভর করে বে, নিজ উন্নতির জন্য তাহাদিগকে পরিত্যাগ করিয়া যাওয়া

তোমার কি সাধ্য ? তুমি একদিন বাহিরে গিয়াছ, তোমার হৃদয় তাহাদিগের জন্ম চঞ্চল হইতেছে। অতি হক্ষ হতে তাহারা তোমাকে শৃঙ্খল অপেক্ষাও দৃঢ় বন্ধনে বাধিয়া তোমার স্বাধীনতা সম্পূর্ণ হবণ করিয়াছে। তোমার আঞ্জিত করিয়া তোমাকে ব্যতিব্যস্ত করিয়াছে। তোমার বিবাহ হইবার পূর্কেই হয়ত তাহারা তোমার আঞ্জিন করিয়াছে। তাহারা তোমার পুত্রু কলত্র অপেক্ষা অধিক; তাহারাই তোমার প্রকৃত পরিবার।

ইহাদিগের ছঃপমোচনের নিমিত্ত হয় ত অতি বাল্যকাল হইতে উপার্জনের জন্য তোমাকে লালায়িত ছইতে হয়। আন্মানতির সকল পথা বিসর্জন দিরা ইহাদিগেরই সেবা শুশ্রারা নিযুক্ত হইতে হয়। ইহারা তোমাকে সেহও মনতা স্ত্রে এরপ অধীন করিয়া রাথে, যে তুমি তাহাদিগের অনভিমতে কোন কার্যের কথা সাত্র উত্থাপিত করিতে পার না। যতদিন তাহারা জীবিত থাকে, ততদিন তাহাদিগের মনোবেদনা দিয়া কোন কার্য্য করিতে সাহসী হও না। আন্মান্তরীরতি, কি সনাজ-সংস্কার, তাহারা মরিলে পারা। কিছু ইতিমধ্যে কত প্রস্তাব তোমার মনে উদিত হয়; কত ইছা তোমার স্কর্যকে উত্তেজিত করে; সাধ্য কি তুমি তাহার তিলাদ্ধ সম্পান কর। সে সমস্ত অন্তরে উদ্বত হইয়া, সম্ভরেই বিলীন হইয়া আইসে। কিছুকাল পরে, তোমার সকল তেজ বিনষ্ট হইয়া যায়। অবংশবে তোমার

প্রকৃতি ক্রমশঃ এরূপ জড়প্রায় হইয়া পড়ে যে, সময় কালে তোমার সমুদায় কার্য্যশক্তি আর উদ্রিক্ত হয় না।

পারিবারিক প্রভাব ও অধীনতা অতি হক্ষ বিষয়। ইহা অতিক্রম করা অতি কঠিন কার্য্য। অতি গোপন-ভাবে ইহা কার্য্য করে, এবং হৃদয়কে পরাভূত ও নিস্তেজ कतिशा आत्म; बीदत बीदत अठि नीर्यकाटन आमानिशदक সম্পূর্ণ বল-বীর্য্য-হীন করিয়া আনে। অবশেষে তাহারই দাসত্ত্বে আমাদিগকে শৃস্পূর্ণ অধীন করিয়া ফেলে। আমরা এই অধীনতার এত ক্লিস্তেজ হইয়া পড়ি যে, আমানিগের কিছুই কার্যাশক্তি থাকে না। সমাজের কোন অনুষ্ঠানে আমরা হস্তক্ষেপ করিতে পারি না। এই প্রভাব অতি-ক্রম করিতে না পারিলে আমাদিগের কার্য্যশক্তির বৃদ্ধি হইবে না। সামাজিক দেশটোরে আমাদিগের প্রকৃতিকে নিতান্ত মৃত্ব করিয়া কেলিয়াছে। এই সমন্ত দূষিত দেশাচারকে বিপর্যান্ত করিতে না পারিলে আমাদিগের मञ्जल नाहै। ইहापिराव वभी कुळ था किया आधीन छ। লাভে আমরা কথম কতকার্য্য হইতে পারিব না। এই দেশাচারই আমাদিগের অধীনতার ক্রমশঃ বৃদ্ধি করি-তেছে। এবং অধীনতা বাড়িতেছে বলিয়া তাহাদিগের শাসন হইতে মুক্ত হইতে পারিতেছি না। দেশাচার অধীনতার প্রতিপোষক, এবং অধীনতা দেশাচারের প্রতিপোষক। ইহারা পরস্পরের সাহায্যে উভয়েই পরি-পুষ্ট হইতেছে। আমাদিগের সমাজের এইরূপ বিক্লত গঠন; এইরূপ শোচনীয় স্ববস্থা। এসমাজকে সম্পূর্ণরূপ

বিলোড়িত না করিলে আর নিস্তার নাই। ইহার আঁীন্ল দূষিত। ইহাকে সম্পূর্ণরূপে পরিবর্তিত করিতে পারিলে তবে আমরা একদিন স্বাধীনতার আশা-পথে অবস্থিত হইব। নহিলে সমুদায় পঞ্জাম মাত্র।

আমরা এই পারিবারিক অধীনতার নিতান্ত বিরোধী। বিলোধী এই জন্ম, যে ইহার কুফল একটী সমগ্র জাতির তেজপিতা একেবারে বিনষ্ট করিয়াছে। এই কুফল এমন ধীরে ধীরে ফলে, প্রক্ষতিকে ক্রমে ক্রমে এমন নীচ ও বিন্দ্র করিয়া ফেলে, যে কেহই প্রায় ইহা ধরিতে পারে না। আমরা যদি জাতীয় উন্নতি খঁজি, যদি স্বাধীনতার স্বৰপ্ৰাৰ্থী হই, তাহা হইলে সেই উন্নতি ও স্বাধীনতার পথে যতগুলি কণ্টক আছে, তাহাদিগকে একে একে ছেদন করা আবশ্রক। ইহাদিগের কেহই সামাল নহে। নানা কারণে আমাদিগের জাতীয় অবনতি হট্যাছে। এক্ষণে একে একে সেই সমস্ত কারণ নিরাকরণ করা নিতান্ত কর্ত্তবা; এবং ক্রমশঃ যেমন এক একটীর নিরা-করণ হইবে, অমনি সেই শক্র-হস্ত হইতে উদ্ধারের চেটা করাও বিধেয়। নহিলে এক দিনে ও একেবারে কেহ উন্নতির উচ্চ শিথরে উঠিতে পারে না। জাতীয় উন্নতির গতি অতি ধীরে ধীরে হয়; এবং নানা উপায়ে তাহা সংসাধিত করিতে হয়। যিনি আত্ম-সাধীনতা ^{*}চাহেন, তাঁহার পারিবারিক স্বাধীনতা সংসাধন করা নিতান্ত আবশ্রুক। একণে আমরা এই প্রস্তাবের তৃতীয় অংশে আদিয়া পজিলান।

ত। বঙ্গদেশে কেন, ভারতবর্ষে কথন সামাজিক স্বাধীনতা ছিল না। ভারতবর্ষ চিরকাল সামাজিক অধীনতা ও দাদত্বে নিপীড়িত হইয়া উৎসন্ন গিয়াছে। ভারতবর্ষ চিরকাল কুচক্রী ব্রাহ্মণদিগের শাসনে দাসত্তের নিগড়ে নিবদ্ধ আছে। আর্য্যেরা যথন প্রথমে ভারতবর্ষে পদার্পন করেন তথন এই ব্রাহ্মণেরা রাজশাসন-ব্রতে ব্রতা হইরা প্রবল প্রতাপের সহিত প্রভুত্ব করিয়াছিলেন। তাঁহাদিগের একাধিকতা ও উৎপীড়ন দোষে ক্ষতিয়গণ তাঁহাদিগের বিক্দে অস্ত্রধারী হইলেন। নববল ও নব তেজে উন্মত্ত ক্ষাজ্ঞিগণ ব্রাহ্মণদিগকে সম্পূর্ণ পরাভূত করিয়া দিলেন। প্রাভৃত করিয়া ভারতবর্ষের শাসন-দণ্ড আপনাদিগের হস্তে গ্রহণ করিলেন। কিন্তু ইহাতে সেই একাধিপতা ও উৎপীড়নের কি প্রতিবিধান হইলং ব্রাহ্মণ জাতির পরিবর্ত্তে ক্ষত্রিয়কুল সমপ্রভাবে ভারতবর্ষ শাদন করিতে লাগিলেন। রাজবংশ ব্যতীত অপর সকলেই সামাজিক দাসতে সমভাবে নিপীড়িত হইতে লাগিলেন। পরশুরাম ক্ষেপিয়া উঠিলেন। কতিপয় জনপদ মাত্র নিঃ-ক্ষরিয় করিয়া পরভারাম জ্ঞান করিলেন সমগ্র ভারতবর্ধ নিঃক্ষত্রিয় হইয়াছে। অনতিবিলয়ে ভারতবর্ষ পুনরায় দোর্দণ্ডপ্রতাপশালী ক্ষত্রিয়কুলে পরিপূর্ণ হইল। ক্ষত্রিয়গণ নির্বিবাদে রাজত্ব ও প্রভুত্ব করিতে লাগিলেন। কিন্ত চতুর ব্রাহ্মণগণ পরাভূত হইবার নহে। তাঁহারা সিংহাসন বিসর্জন করিলেন। তাঁহারা অন্ত দিকে অন্ত উপায়ে ভারতবর্ধ শাসনের পন্থা দেখিতে লাগিলেন। রাজ্য-

শাসনের প্রিবর্তে তাঁহারা ধর্মারাজ্যের একাধিপত্য স্থাপিত করিলেন। এই কৌশলে ব্রাহ্মণেরা আবার সর্বেদর্মা হইয়া উঠিলেন। তাঁহাদিগের আদেশেই রাজ-বিধান, ধর্মণাস্ত্র, পুরাবৃত্ত এবং সকলই হইল। मामाजिक जाहात वावशत ७ नित्रमानि छांशनिरशः আদেশেই পরিবর্ত্তি, নিয়মিত ও পরিচালিত হইতে লাগিল। ব্রাহ্মণেরা একদিকে যে ক্ষতিগ্রস্ত হুইয়াছিলেন अग्रनित्क जाहात शृत्रभ कतिया नहेरनत । कि ताजकून, কি প্রাক্ত জনগণ, দর্ম সাধারণেই ত্রাহ্মণদিগের শাসনে শাসিত হইতে লাগিল। তাঁহারা সমাজে ঘোর আধিপতা সাপন করিলেন। ভারতবর্ষে দ্বিবিধ প্রভুত্ব স্থাপিত হইল। ক্ষুত্রিয়বর্গের রাজনৈতিক প্রভুত্ব এবং ব্রাহ্মণগুণের শাস্ত্রীয় প্রভূষ। জনসাধারণ ঘোর সামাজিক দাসতে আবদ্ধ হইন। এই দাসত্ব আজি পর্যান্ত চলিয়া আসিতেছে। আজি প্রান্ত ব্রাহ্মণ-কৌশল-প্রবর্ত্তিত জাতিভেদ ও সমস্ত শাস্ত্রীয় বিধান ভারতবর্ষের আচার ব্যবহার ও ধর্মকপে প্রচলিত রহিয়াছে, এবং জনসমাজকে প্রবলক্ষপে শাসন করিতেছে। ভারতে কত শত রাজকীয় পরিবর্তন হুইয়া গিয়াছে, তবুও ব্রাহ্মণদিগের এই সামাজিক শাসনের অণুমাত্র ব্যতিক্রম ঘটে নাই।

ব্ৰাহ্মণ জাতির এই প্ৰকার অবৈধ ক্ষমতা ও শাসনে বমাজের অস্তান্ত জাতি সমুদায় তাঁহাদিগের অধীনতা ও নাসতে নিতান্ত ছুব্ব লিও নিন্তেজ হইয়া গিয়াছে। ক্ষত্ৰিয়-কুল প্ৰয়ন্ত তাঁহাদিগের এই শাসনে ক্ৰমশঃ অনুশাসিত ছইনা আসিয়াছে। অবশেষে ইহার ফল এই ঘটি-য়াছে বে, ভারতে ব্রাহ্মণ জাতি সর্ব্ধ শ্রেষ্ঠ ও সর্ব্বার্থগণ্য হইর। দাঁ ছাইরাছেন। বে ক্ষত্রির জাতি দেশের বল ও তুর্গ স্বরূপ ছিলেন, জাঁহারা ক্রমে ব্রাহ্মণদিগের প্রতাপে প্রাভূত হইয়া সম্দায় মানসিক তেজ বিস্জান দিয়াছেন। ক্রিয়গণ যথন তুর্বল হইয়া পড়িলেন, যথন ত্রাহ্মণনিগের অধীনতার তাঁহারা জ্রমশঃ ভীক্র-স্বভাব ও মানসিক-তেজ্ব-বিরহিত হইয়া পজিলেন, তথন ভারতবর্ষ যে নিতান্ত নিব্বীর্য্য ইইবে, তাহার আর সন্দেহ কিং ব্রাহ্মণেরা তথ্ন তাঁহাদিগের শান্ত্রীক ও ধর্মীয় প্রভুত্বে এত উন্মত্ত হইয়া-ছিলেন যে, তাঁহারা অন্তবিধ প্রভুত্ত্বের আকাজ্জী হয়েন নাই। তাঁহারা বছকাল ধরিয়া যেরূপ নিক্রীয়া হইল প্রিয়াছিলেন, তাহাতে আর অস্ত্র-ধারণে তাঁহাদিগের প্রবৃত্তি হয় নাই। কেবল শাস্ত্রালোচনায় এবং বৈরাগ্য ধর্মে তাঁহাদিগের প্রকৃতি এরপ ছবর্গ হইয়া গিয়াছিল মে, সেই প্রকৃতি ও জ্ঞান-প্রভাবে তাঁহারা অস্ত্র-ধারণে **অক্ষম হইয়া ছিলেন। এ**রূপ অবস্থার ভারতবর্ষ নে অরক্ষণীয় হইয়া থাকিবে তাহার আর সন্দেহ কি প ভারতবর্ষ স্কুতরাং শক্র-হস্তে নিপতিত হইল।

ভারতের অবস্থা প্রাচীন মিশরেও ঘটিয়াছে। ভারতে বেমন রাহ্মণজাতির একাধিপত্য, মিশরেও তেমনি পুরোহিত জাতির ঘোর প্রভুত্ব ছিল। প্রাচীন মিশর কোথার ধ্বংস হইয়া গিয়াছে। রোমের ধ্বংসের কাবণও সমাটীয় শাসনের অবথা বিক্রম। রোমীয় সামাজ্যেব বোর একাবিপত্যে প্রজাগণ ক্রমশঃ নির্ব্বীষ্ঠ ও ছুইর্ল ছইরা উঠিল। পূর্ব্বকালের প্রভৃত পরাক্রমশালী রোমীয়-গণের অবোগতি ঘটিয়া আসিল। প্রজাগণ ক্রমশঃ সমস্ত ভার রাজকীয় ব্যাপারে উদাসীন হইল। রাজ্যের সমস্ত ভার ও পীড়ন, মধ্যম-শ্রেণী কিউরেলদের উপর নিপতিত হইল। কর-ভারাক্রান্ত নিপীড়িত কিউরেলগের অবোগতিতে রোমরাজ্য বীর্যাহীন হইয়া গেল। এই রোগে রোমরাজ্য যথন মৃতপ্রায় হইয়া রহিয়াছে, তথন বর্ব্বর্জাতি আসিয়া তাহা আক্রমণ করিল। স্ক্তরাং রোমরাজ্যও ভারতের মত অনায়াদে শক্র-হত্তে পতিত হইল। *

ভারতের ন্থায় প্রাচীন জুডিয়ায়ও পুরোহিতগণের বোর প্রভুছ ছিল। কিন্তু জুডিয়ার অবস্থা ঠিক ভারতের মত ছিল না। বতদিন জুডিয়ার রাজ্যে এই অবস্থাগত বিভিন্নতা ছিল, ততদিন জুডিয়ার ধ্বংস হয় নাই। জুডিয়াত দিবিধ প্রভুজ বিস্তারিত ছিল। ভারতে বেমন একদা ক্রিয়গণের রাজকীয় ক্ষমতা ও রাহ্মণগণের ধ্রীয় শাসনের ঘোর য়ৢড় হইয়া গিয়াছে, জুডিয়াও তত্রপ রাজকীয় প্রভুজ এবং পুরোহিতগণের প্রভুজে একদা জুড়িয়া রাজ্যের শাসন-দও দোলুল্যমান হইয়াছে। কিন্তু জুডিয়ায় কোন প্রভুজই নিতান্ত প্রবল হইয়া উঠে নাই। কোন প্রভুজই একদা সমগ্র জাতিকে অমুশাসিত করিয়া আনে নাই। সেথানে রাজকীয় ক্ষমতা বেমন প্রবল

^{*} Vide Mill's Review of M. Cuizot's work in his Dissertations and Discussions.

হইতে গিয়াছে, তদিপরীতে ধর্মীয় প্রভুত্ব সমপ্রবল হইয়া পডিয়াছে। একদিকে রাজসিংহাদনের উজ্জুলতা, অন্ত-দিকে প্রফেট্ বা ভরিষ্যন্তকূগণের শাসন-গৌরব। ইহুদীগণের ধর্মীয় বিশাস তাহাদিগকে কিছুকাল সম্পূর্ণ পতন হইতে রক্ষা করিয়াছিল। তাহারা মানিত যে. ঈশ্বরাম্বগ্রহ ও প্রত্যাদেশ তাহাদিগের প্রতি কথন নিঃশেষিত হইবে না ৷ চতুর পণ্ডিতগণ এই বিশ্বাসকে তাহাদিগের শাসনাক্ত করিয়াছিল। এক এক জন এই বিশ্বাস অবলম্বন করিয়া ঈশ্বরের অনুগৃহীত বলিয়া প্রফেট্ নাম গ্রহণ করিত। একেট্গণ রাজ্যের অন্তত্তর বল ছিল। তাহার৷ প্রায় রাজকীয় ক্ষমতা শাসনের জন্ম নানা দৈববাণী প্রচার করিত। স্থালভেডার (Salvador) বলেন, আধুনিক ইয়োরোপীয় মুদ্রাযন্ত্রের স্বাধীনতার কাৰ এই প্ৰফেট্গণ কৰ্ত্তক সাধিত হইত। প্ৰফেটগণ ধর্ম্মের ও প্রত্যাদেশের যে পবিত্র আসনে বসিয়া আপনা-দিগের প্রভুত্ব বিস্তার করিতেন, রাজকীয় দিংহাসনের ক্ষমতা তথায় হতবল হইত। তাঁহারা সেই পবিত্র আসনে বসিয়া ধর্ম্মের নব নব বিধান ও ধর্মশালের উন্নত ব্যাথা প্রদান করিতেন; এবং সেই সমস্ত বিধান ও ব্যাথা তৎপরে ধর্মশাস্ত্র মধ্যে নিবদ্ধ হইয়। যাইত। যতদিন জুডিয়া 'রাজ্যের এইরূপ ব্যবস্থা ছিল, ততদিন তাহা স্থরক্ষিত হইয়াছে *। কিন্তু যথন এই শাসন-তুলাদণ্ডের

^{* &}quot;Vide Mill's Representative Government." pp 41-42

এক দিক অধিকতর ভারাবনত হইল, তথন হ**ই**তে জুডিয়া রাজ্যের অধঃপতন আরম্ভ হইল।

আমরা মিলের সহিত স্বীকার করি যে, মানবজাতি ষ্থন অসভা অবস্থায় অবস্থিত থাকে, তথন তাহাদিগকে শাসনাধীনে জানিয়া বশীভূত রাথা কর্ত্তব্য। শৈশবে যেমন জনক জননীর অধীনতায় থাকা কর্ত্তব্য, ইহাও তদ্রপ। কিন্তু আমরা দেখিয়াছি, যতদিন এই বশুতা ও অধীনতা নিতান্ত দাসত্ত্বে পরিণত না হয়, ততদিন জাতীয় উন্নতি সাধিত হইতে পারে। কিন্তু রাজকীয় অধীনতা যথন ঘোর দাসত্ত্বে পরিণত হয়, তথন হইতে উন্নতির পথ অবরুদ্ধ হইয়া যায়। রাজ্য-তন্ত্র এরূপ হওয়া চাই, যেন বর্ত্তমান শাসন ও বাবস্থাবলি ভবিষা উন্তিব পথ ক্রদ্ধ না করে। रिष छात्र अहे का अविषा अमि जित्र भेष अवक्ष करेंगा है, সেম্বলে ক্রমশঃ বোর রাজকীয় অধীনতা আসিয়া প্রিয়াছে। এই মর্মভেদী ঘটনা ইতিহাসের অনেক হলেই পরিদৃষ্ট হইয়া থাকে। মিশরের পুরোহিতের প্রভুত্ব, (Hierarchy) চীনরাজ্যের জনকাধিকার (Paternal despotism) আদৌ সেই রাজ্যদ্মকে অনেকদুর সভ্যতামার্গে উন্নীত করিয়াছিল। এই উপায়ে প্রথমে তাহাদিগের অনেকদূর উন্নতি-সাধন ও রাজ্যের স্কুশুখলা ঘটিয়াছিল। কিন্তু এই উপায়ে সেই রাজ্যবয় त्य উन्नजि-मीमात्र উचिज इहेबाছिन, এवং यে मीमा অতিক্রম করা সেই উপায়ের অসাধ্য ছিল, যে সীমা অতিক্রম করিলে সেই ছুই প্রভূত্বের বিনাশ হইত, সমস্ত

রাজকীয় বাবস্থার গওগোল ও মহা বিশুঝলা ঘটিত. সেই গীমায় উন্নত হইয়া একদা চিরদিনের জন্য সেই রাজ্যদর দ্রায়্মান ছিল। এই উন্নতি-সীমার আসিয়া তাহারা আর অগ্রসর হইতে পারে নাই। এই সীমায় উপনীত হইয়া সেই ছুই প্রভুত্বের বল-বিক্রম প্রভূত হইয়া উঠিল। এই প্ৰভুত্বেৰ অধীনতায় সেই সেই রাজ্যের জাতীয় মানসিক স্বাধীনতা ও ব্যক্তিত্ব একেবারে বিনষ্ট হইয়া গেল। তাহাদিগের অধীনতা পূর্ণতা প্রাপ্ত হইতে লাগিল *। যতদি এই মানসিক স্বাধীনতা ও ব্যক্তিত্ব রক্ষিত ছিল, ততদির তাহাদিগের উন্নতি-সাধন হইয়াছে। লোকে যতদিন স্বামীন-ভাবে কার্য্য করিতে পারিয়াছে, ততদিন উন্নতির পথে অগ্রসর হইয়াছে। সভ্যতার গতি যে দিকে হউক না কেন, স্বাধীন কাৰ্য্য-ক্ষেত্ৰ পাইলে সেই দিকে উন্নতিসাধন হইবে। তবে, সভ্যতা যে পথ অবলম্বন করিয়াছে, সেই পথানুসারে, এবং তাহার প্রকৃতি যেরূপ, সেই প্রকৃতি অমুসারে তাহার উন্নতি-সীমা নির্ণীত হইয় থাকে। এই প্রকৃতি এবং পথামুদারে এক এক জাতির সভাতা উন্নত ও দীমাবদ্ধ হইয়া গিয়াছে। উন্নতির পথ একবার অবরুদ্ধ হইয়া গেলে সেই পথে যদি না কার্য্য করা যায়.মহাজনগণ সদমুষ্ঠানে সেই উন্নতিকে যদি না জীবিত রাথেন, তবে সভাতা ক্রমশঃই অবনত হইতে থাকে ও জাতীয় পতন সংসাধিত হয়। যে যে বাজ্যে ক্রমশঃ জাতীয় ধর্ম বিনষ্ট হইয়াছে, লোকের পাপ, ওদাদীন্য, আলস্থ ও

^{*} Mill's Representative Government. p 41

বিলাসিতার বৃদ্ধি হইয়াছে, তাহার ক্রমশঃ অধোগতি ও পতন হইয়াছে। সাধারণ লোকের গতি কেবল আলস্ত ও পাপের দিকেই পরিদৃষ্ট হয়। এই গতিকে অতিক্রম করিয়া সামাজিক স্রোতকে ফিরাইয়া না দিতে পারিলে উন্নতির পথ মুক্ত হয় না। এই স্রোতের প্রতিকলে না দাঁডাইতে পারিলে দেশের উন্নতি-সাধন হয় না। জন-সাধারণের ছক্রিয়া; পাপ, আলস্তা, অথবা মত্তার দমন করিতে না পারিলে, কখন দেশীয় সভ্যতা ও উন্নতি স্তর্কিত হয় না। এক এক সময়ে দেশের এক এক জন উন্নতচেতা সাধুব্যক্তি উঠিয়া স্থকীয় কাৰ্য্য, উদ্যোগ ও সদম্ভানে স্বদেশকে পূর্ণ করেন বলিয়া তাহার অধোগতি নিবারিত হয়। যে দেশে এই প্রভিতা-সম্পন্ন মহাজন-পণের অভাব, সেখানে অধোগতি অনিবার্য। সে দেশের ক্রমশঃই অধোগতি হইতে থাকে। অবশেষে এই অধঃ-পতন এতদূর সম্পন্ন হয় যে, সমগ্র জাতি একেবারে ঘোর বর্ম্মরতায় আসিয়া অবস্থিত হয়। তথন কিছুতেই সে অধঃপতন হইতে নিস্তার নাই। তাহা হইতে মুক্ত হওয়া এক প্রকার মানব-সাধ্যতীত হইয়া পড়ে। ভারতের এখন এই অবস্থা।

সমাজে এক জাতির অবৈধ প্রভৃতা থাকিলে এই রূপই ঘটিয়া থাকে। প্রাচীন সমস্ত রাজ্যে সমাজৈ এক জাতির এই প্রকার অবৈধ প্রভৃত্ব ছিল, স্থতরাং সমস্ত প্রাচীন রাজ্য অধঃপতিত হইয়াছে। মিশরে ভারতের ভায় প্ররোহিত জাতির অবৈধ ক্ষমতা, প্রাচীন পারস্ত রাজ্যের

সৈনিক একাধিপত্য, ফিনিসিয়ার ধন-সম্পত্তির প্রভুত।; গ্রীশ, রোম, ও জুডিয়ার এক এক জাতির অযথা বিক্রম,— এই সমুদায় প্রাচীন রাজ্যের বিনাশের কারণ হইয়াছিল। বিশেষ অনুসন্ধান ক্রিলে দেখিতে পাওয়া যায় যে, 'এই সমস্ত রাজ্যে সামাজ্ঞিক অসামা বিলক্ষণ প্রচলিত ছিল। সামাজিক সকল জ্বাতির সমান সত্ত ও অধিকার স্বীকৃত হইত না। এক জাতি অত্যন্ত প্রবল, এবং অপরাপর জাতি তাহাদিগের সম্পূর্ণ অধীন, সমস্ত প্রাচীন সমাজের এই নিয়ম। সর্ব[্]জাতির সমান স্বন্ধ ও অধিকার— এরপ মত কথনই গ্রাহ্ম হইত না। ভারতবর্ষ, মিশর ও জুডিয়ায় জাতীয় উচ্চ নীচতা বিধাতার বিধান বলিয়া গণনীয় হইত, সুজুরাং সে প্রভেদ অলজ্মনীয়। অপরা-পর প্রাচীন রাজ্যে এই প্রভেদ রাজ-শাসনে, রাজনৈতিক বিধানে প্রচলিত হইয়াছিল। যে কারণেই হউক, এই দামাজিক অদাম্য থাকাতে যে প্রাচীন রাজ্য সমুদার বিধ্বস্ত হইয়াছে, তাহার আর সন্দেহ নাই। প্রাচীন সমাজে যে ধর্মাধর্মের ভাব অন্তবিধ ছিল তা বলিয়া নয়, প্রাচীন সমাজে যে জ্ঞানালোকের এবং বীরতের অভাব ছিল তা বলিয়া নয়, প্রাচীন রাজ্যে বে সমৃদ্ধির অভাব ছিল তা বলিয়া নয়, কিন্তু এই সামাজিক অসাম্য প্রভূত পরিমার্ণে ছিল বলিয়া প্রাচীন রাজ্য সমুদায় একে একে বার প্রাপ্ত হইরাছে।*

^{*} আমি প্রথমে ১২৮৪ সালের আর্য্যদর্শনে " একে একে" নাম দিয়া এই প্রবন্ধটী প্রকাশ করি। আমার

ভারতবর্ষে বুদ্ধদেব একবার কেবল এই জাতীয় ভিচ্চ নীচতা বিনম্ভ করিবার চেষ্টা করিয়াছিলেন। মানব-জাতির সকলেই সমান—এই মত বুদ্ধদেব পৃথিবীতে

প্রিয় স্থছদ বাবু বোগেল্ডনাথ বিদ্যাভূষণ ১২৮৭ সালের আর্যাদর্শনে "অতীত ও বর্ত্তমান ভারত" নামক যে একটী বৃহৎ প্রবন্ধ প্রকটিত করেন তাহাতে তিনি এই ভারতীয় অসাম্য-ভাব আরও বিস্তারিতরূপে বর্ণন করিয়া-ছেন। তাঁহার সেই প্রবন্ধে এই অসাম্য-ভাবের সমুদায় অঙ্গ অতি স্থানররূপে প্রদর্শিত হইয়াছে। তজ্ঞাতিনি আমার নমস্কার-ভাজন। আমাদিগের এই মতের বিপক্ষে কেহ কেহ বর্ত্তমান সমুদায় প্রাচ্য রাজ্যের প্রতি নির্দেশ করিয়া বলিয়াছেন যে, সে সমুদায় রাজ্যে ত একজাতীয় প্রভুতা বিলক্ষণ বিদ্যমান রহিয়াছে, অথচ তাহাদিগের ত ধ্বংস হয় নাই। এতদুত্তরে আমাদিণের বক্তব্য এই যে, দেই সমন্ত রাজা যৈ আজিও দাঁড়াইয়া আছে, তাহার কারণ, সেই সমস্ত রাজ্য অন্ত বলে রক্ষিত হই-তেছে। সামাজিক অসাম্য অনেকাংশে জাতীয় তুর্কলতা সাধন করিয়া থাকে, এই কথা বলাই আমাদিগের উদ্দেশ্ত। প্রাচ্য রাজ্য সমুদায়ে যে এরূপ হর্বলতা আছে, তাহা আমরা স্বীকার করি। কিন্তু আমরা বলি, যে এই চুর্বলতা থাকাতেও অন্ত বলে রক্ষিত হইতেছে বলিয়া তাহার। লয় প্রাপ্ত হয় নাই। ইয়োরোপীয় রুশ হইতে প্রাচ্য চীন দেশ পর্যান্ত সমস্ত রাজ্যের এই অবস্থা। তথায় এক দিকে সামাজিক অসাম্য হেতু জাতীয় হর্পলতা আছে, অন্তদিকে রাজকীয় বল প্রভৃত পরিমাণে বর্ত্তমান রহিয়া-ছে। স্বাভাবিক স্বদেশামুরাগেরও তথায় অভাব নাই। দেখানে স্বজাতি-প্রেম ও জাতীয়-ভাবও অনেকাংশে বিদ্যমান রহিয়াছে। প্রতিরাজ্যে জাতি সমুদায় এক

প্রান্থার করেন। বিধাতার নিকট সকল মন্থ্যই সমান, সকলই তাঁহার সস্তান সস্ততি, এ সংস্কার পূর্বের কাহারও মনে উদয় হয় নাই। বুদ্ধদেব এই মত প্রচার করিয়া জাতিভেদ বিনাশ করিতে গিয়াছিলেন। কিন্তু বুদ্ধদেব এক বৈরাগ্য ও যোগ শিক্ষা দিয়া সকল শুভ উপদেশের মূলে কঠারাঘাত করিয়াছিলেন। তাঁহার সয়্যাদী ও যোগীগণ পৃথিবীর কোন কার্য্যে আইসে নাই।

धर्मावलधी, এक शांवावलधी, ও এक পরিচ্ছলাবলমী, স্থতরাং সমস্ত জাতি মধ্যে এক জাতীয়-ভাব বিদ্যমান রহিয়াছে। রাজকীয়-বল, স্বদেশামুরাগ, ও স্বজাতি-ু প্রেম—এই ত্রিবিধ∮বল থাকাতে তাহাদিগের সামাজিক অসাম্য হেতু হর্বলক্তায় রাজ্যের কোন হানি হইতেছে ना। य य ताखा এই वन-मकत्नत यु शनि इटेड খাকে, সেই দেই রাজ্য ততই পতনোমুগ হইতে থাকে। ভারতে নানাবিধ অসাম্য হেতু সামাজিক ও জাতীয় চুর্বলতা বিলক্ষণ সাধিত হইয়াছিল, স্বদেশামুরাগ ও স্বজাতি-প্রেম ক্রমশঃই তিরোহিত হইয়াছিল, এবং যথন ताझकीय वन ' ककाकी मां फाइट अनमर्थ इहेन उथन ভারত স্থতরাং পত্তিত হইল। সামাজিক অসাম্য কতদুর জাতীয় বল বিনষ্ট করে, তাহাই প্রদর্শন করা আমাদিগের উদ্দেশ্য। এই অসামা যে পরিমাণে কমিবে সেই পরিমাণে জাতীয় বল প্রবিদ্ধিত হইবে। সামাজিক স্থাধীনতা বিষয়ক প্রস্তাবে যাহা প্রাদঙ্গিক হইমাছে আমি তন্মাত্র প্রদর্শন করিয়াছি। ভারত-পতনের সমুদায় কারণ স্থতরাং এছলে নিণীত হয় নাই। তবে এই মাত্র বক্তব্য যে, যে কারণ নির্দিষ্ট হইয়াছে তাহা ভারতের জাতীয় ধ্বংস ও হর্মলতার একটা প্রধান কারণ।

দে যাহা হউক, বৌদ্ধের। যথন জাতিভেদ বিশাশ করিতে উদ্যত হইলেন, ব্রাহ্মণেরা বৌদ্ধর্মের ঘোর বিরোধী হইয়া উঠিলেন। এই বিরোধের পরিণাম কি, তাহা সকলেই অবগত আছেন। আজি ভারতবর্ষে বৌদ্ধ ধর্ম প্রচারিত থাকিলে, ভারতের ভাগ্য কিরূপ হইত তাহা অনুমান করা যায় না।

ব্দের পর নানকও চৈতন্তদেব ভারতে জাতিভেদ বিনষ্ট করিতে গিয়াছিলেন। কিন্তু হিন্দ্ধর্মের যোর প্রবলতা বশতঃ তাঁহাদিগের ধর্ম স্থপ্রচারিত হইল না। ইতিহাদ প্রতিপন্ন করে যে, যে আচার, ব্যবহার ও ধর্মানিরমাবলী যত অধিক লোক মধ্যে প্রচলিত থাকে তাহার আয়ুও বল ততোধিক *। হিন্দ্ধর্ম ভারতের একসীমাহইতে অপর সীমা পর্যান্ত স্থ্রপ্রচলিত থাকাতে তাহা এমনি বন্ধমূল হইয়া গিয়াছে যে, তাহার প্রভাব ও বল অতিক্রম করা হঃসাধ্য। এজন্য কি বৌদ্ধর্মা, কি শিথধর্মা, কি বৈষ্ণব-ধর্মা, কোন ধর্মাই ভারতে দাঁড়াইবার স্থল পাইল না। চৈতন্তদেবের বৈষ্ণব-ধর্মা কোথায় ভাসিয়া গিয়াছে। শিথ ও বৈষ্ণব-ধর্মের যে ছায়ামাত্র অবশিষ্ট আছে, তাহা অতি নিক্ষিভাবে জনকত লোক মধ্যে নিবন্ধ আছে, তাহা অতি নিক্ষিভাবে জনকত লোক মধ্যে নিবন্ধ

^{* &}quot;And it is a known social law, that the larger the space over which a particular set of institutions is diffused, the greater is its tenacity and vitality."——Sir. H. Maine's Ancient Law.

অপছে। ঐ ধর্মদয়ের মৌলিক পবিত্র ভাব তিরোহিত

হইরাছে। এক্ষণকার শিথ ও বৈষ্ণব-ধর্ম অনেকাংশে

হিন্দ্ধর্মের অঙ্গীভৃত হইয়া নিয়াছে। তাহারা হিন্দ্
ধর্মের সহিত এরূপ মিশিয়া গিয়াছে যে, তাহাদিগের আর

সতন্ত্র জীবন উপলব্ধি হয় না। হিন্দ্ধর্মের যে জাতিভেদ, সেই জাতিছেদ সমান প্রবল রহিয়াছে। শিথ ও
বৈষ্ণব-ধর্মের আভৃতাব কিছুই বর্ত্তমান নাই। কিয়

বৈষ্ণব-ধর্ম স্প্রচন্ধিত হইলেও তাহার আত্তাব সমাজমধ্যে তত প্রবল ছইত কি না, সন্দেই; কারণ, তাহার
মূল শিক্ষা ও উপর্কোশ সমস্ত সমাজের এত অনিষ্টকর যে
তদ্ধারা কোন সামান্ধিক শুভফল প্রত্যাশা করা র্থায়। *

বুদ্দের পর খৃষ্ট ছাই মত অন্য জগতে প্রচার করেন।
খৃষ্টীয় ধর্মের লাভ্ভাব তাহার অমূল্য উপদেশ। এই
ভাব প্রচার দারা ইয়োরোপীয় জনসমাজ এক নৃতন
ভিত্তির উপর স্থাপিত হইয়াছে। এই ভাব প্রচার দারা
ইয়োরোপের জনসমাজের সামাজিক স্বাধীনতা এখন
দাঁড়াইবার স্থল পাইয়াছে। আর্কমিডিস্ তাঁহার দণ্ড
স্থাপনের ভূমি পাইলেন।

^{*} বৌদ, শিথ এবং বৈষ্ণব-ধর্মের পতনের কারণ সম্দায় আমার প্রিয় বন্ধু যোগেন্দ্র বাবু তাহার " অতীত ও বর্ত্তমান ভারত " নামক প্রস্তাবে বিস্তারিত দ্ধপে বর্ণন করিয়াছেন। যাঁহারা তাহা দেখিতে ইচ্ছা করেন তাঁহারা যোগেন্দ্র বাব্র " হৃদয়োচ্ছ্বাস " নামক গ্রন্থ দেখুন।

খন্তের এই মত ইয়োরোপীয় সমাজে অল্লে আল্ল কেমন বন্ধমূল হয়, তাহা খুষ্টান্ধৰ্ম্মের ইতিবৃত্তে প্রকাশিত আছে। রোমে যথন এই মত প্রচারিত হইল, ইহার উদারতায় মোহিত হইয়া রোম তথন ক্লযককেও পোপের ধর্ম-সিংহাসনে উন্নীত করিতে লজ্জিত হয়েন নাই। জন হস এই অমৃতময় উপদেশ প্রচার করিয়া জিজ্ঞাসা করিলেন, পুরোহিতের সহিত সামান্য লোকের প্রভেদ কি গ ল্থার সকলের স্থাধীন মত প্রচারের জন্য ইয়োরোপে কি অগ্নিকাণ্ডই না প্রজালিত করিয়াছিলনে। ভলটেয়ার এবং বিশ্বাভিধানিকেরা (The Encyclopedists) সেই রব প্রতিধ্বনিত করিলেন। সেই রব আজিও উদেঘাধিত হইতেছে। আজি নির্ধন ও ধনী, সকলেই রাজার সহিত সমস্বত্বাধিকারী হইতে সচেষ্ট হইতেছেন। ইছদীরা সে দিন মাত্র রাজ্যের স্বতাধিকারী হইলেন। তজ্জনা ডিসরেলী মন্ত্রিত্ব পদে অভিবিক্ত হইয়াছেন। কিন্তু আজিও ইয়োরোপীয় সমাজে এই মতের রাজনৈতিক হন্দ পরিসমাপ্ত হয় নাই। সেই দল্ম আজিও বিলক্ষণ প্রবল। এ বিষয়ে আমেরিকা অনেকদুর অগ্রসর বলিতে रुटेर्विक *।

^{*} ইদানীন্তন আমেরিকার অবস্থা তদেশীয় কোন ভ্রমণকারীর বিবরণে পাঠ করিয়া বড়ই ছঃথিত হইলাম। তিনি ইংলণ্ডে আসিয়া ব্রিটিশ শাসন-প্রণালী পর্য্যালোচন-স্থলে লিথিয়াছেন যে, আমি দেথিয়া আশ্চর্য্য হইলাম যে, প্ররাতন রাজাতন্ত্রশীল ইংলণ্ড ক্রমশঃ সাধারণতন্ত্রোশ্বথী

• খৃষ্ঠ-ধর্মের অন্যান্য উপদেশ ও মতামত বেরূপ হউক না কেন, তরিষয় এখানে বিচার্য্য নহে। কিন্তু তাহার যে উপদেশে ইয়োরোপের ভাগ্য ফিরাইয়া দিয়াছে, যাহা ইয়োরোপের সামাজিক স্বাধীনতা-ভাবের মূলমন্ত্র ও বিধান, এবং যদ্বারা ইয়োরোপীয় সামাজিক অবস্থার দিন দিন উন্নতি-সাধন হইতেছে, সেই স্থমহৎ লাত্ভাব যতদিন ভারতীয় ক্ষমাজ মধ্যে প্রবিষ্ঠ না হইবে, ততদিন তাহার সামাজিক ক্ষল সাধন প্রকৃতপক্ষে আরক্ষ হইবে না। যতদিনে না এই মূলমন্ত্র বারা সামাজিক স্বাধীনতার বীজ রোপিত হইকো, ততদিন স্থদেশান্ত্রাগ ও জাতীয় ভাবের উদ্রেক প্রত্যাশা করা যাইতে পারে না; এবং যতদিন ভারতে স্বাধীনতান্ত্রাগ, স্থদেশান্ত্রাগ, ও স্বজাতি-প্রেমের উল্লেক না হইবে, ততদিন তাহার প্রকৃত সামাজিক ও পার্থির মঙ্গল সাধিত হইবে না।

অমরা এই চিক্তার যে তিন প্রকার স্বাধীনতার ভাব প্রকৃটিত করিলাম, যতদিন না আমরা স্বকীর উদ্যোগে সেই স্থাধীনতা লাভের জন্য যত্নশীল হইব, ততদিন আমাদিগের মধ্যে প্রকৃত সামাজিক ও জাতীর উন্নতি আরক্ত হইবে না। ইহার প্রয়াসী হইরা আমরা স্থাতন্ত্র

হইতেছে, এদিকে নৃতন সাধারণতন্ত্রশীল ইউনাইটেড্ ষ্টেট্ন ক্রমশঃ রাজ্যতন্ত্রোশুখী হইয়া আসিতেছে।— Vide Horace White's contribution to the Fortnightly Review Sep. 1, 1875 on "An American's Impressions of England."

অবলম্বন করিতে চেষ্টা করিব, স্বাবলম্বন শিক্ষা কন্দ্রিব, এবং স্বাধীন-বৃত্তি অবলম্বন করিয়া স্বতন্ত্রতার পথে অগ্রসর চুইব। যত দিন পারিবারিক অধীনতায় থাকা প্রয়োজন. ততদিন তাহাতে প্রবন্ধ হইয়া স্বাধীনতার জন্ম প্রস্তুত হইতে থাকিব। সেই পারিবারিক অধীনতায় সন্তান সম্ভতিগণকে স্বাধীনতার পথ শিক্ষা দিব এবং তাহারা সাধীনতার উপযুক্ত হইলেই তাহাদিগকে স্বতন্ত্রতার পথে স্থাপিত করিব। যাহাতে সমাজ মধ্যে স্বাধীনতার-ভাব প্রস্কুরিত হয়, যাহাতে প্রকৃত সামাজিক স্বাধীনতা-লাভে আমরা কুতার্থ হইতে পারি, এরূপ উপার সকল একণে অবলম্বন করা একান্ত কর্তবা। সমাজ মধ্যে যথন আমরা সাধীন ভাবে কার্যা করিতে পারিব তথন আমরা প্রকৃত আন্তরিক বলে বলীয়ান হইব। সমাজ মধ্যে স্বাধীনতার ভাব, কি কথোপকথনে, কি কার্য্যে, কি দৃষ্টান্তে, সর্বন্ বিধায়ে যতই উদ্রিক্ত করিতে পারিব, ততই এদেশের উন্নতির পথ পরিষ্কার হইয়া আসিবে, ততই আমরা সেই রাজনৈতিক স্বাধীনতার পক্ষে উপযুক্ত হইতে থাকিব, যে রাজনৈতিক স্বাধীনতা না হইলে, কোন মানব-জাতি গৌরবে উত্থিত হইতে পারে না.কোন দেশ স্বতন্ত্র দেশের প্রতিষ্ঠালাভ করিতে পারে না, এবং কোন সমাজ সম্পূর্ণ প্রকৃত স্থুখনাভে অধিকারী ছইতে পারে না।

স্থানীনতার ক্ষেত্রে দাঁড়াইয়া এতক্ষণ আমরা স্বদেশীয় সমাজের সাধারণ অবস্থার প্রতি দৃষ্টিপাত করিয়াছি। আমাদিগের এই সমাজ বে আর একটা বিশেষ দোষে দ্ধিত রহিয়াছে, তদিষয় এতকণ আমরা পর্যালোচনা করি নাই। এই দোষ অপনীত না হইলে সম্পূর্ণ সামাজিক স্বাধীনতা কথনই লাভ করা যাইতে পারে না। একণে আমরা দেখি আমাদিগের বামাজাতি কিরপ ঘোর অধীনতায় অবস্থিত আছে। এই ঘোর বামাজাতীয় অধীনতা য়তদিন সমাজ-মধ্যে বর্ত্তমান থাকিবে, ততদিন সমাজের অদ্ধিতাগ অবনতির নিমদেশে নিমজ্জিত থাকিবে। ততদিয় এই অধীনতার দৃষ্টান্তে সকল স্বাধীনতার ভাব বিনষ্ট য় কলঙ্কিত হইতে থাকিবে, ততদিন বামাজাতীয় প্রভাব সমাজ-মধ্যে বিলক্ষণ কার্য্য করিতে থাকিবে, এবং তত্তদিন সেই সমাজ কথনই সম্পূর্ণ স্বাধীনতা লাভে ক্তার্থ ছইতে পারিবে না।

ষষ্ঠ চিন্তা--বঙ্গবাম।।

--++00++---

क्करण वक्रवांना जना शतिबार करते। शूजम्खीन जना পরিগ্রহ করিলে সকল পুরন্ধনেই প্রফুল্লিভ হয়েন, কিন্তু কন্তা জন্মিলে সকলেরই মুথ মলিন হয়। প্রস্থৃতিও বিষমা ररात, जनरकत्र पूथ ज्ञान रहेश्रा यात्र । कम्रात जलात সঙ্গে পিতার মনে শত ভাবনা উপস্থিত হয়। বল-কামিনীর সমস্ত তুর্দশা বেন তাঁহার হৃদয়াকাশে একদা চিত্রিত হয়। তিনি নিজ ক্ঞার পক্ষে সকলই সম্ভাবিত জ্ঞান করেন। তাঁহার মন্তকোপরি বিনা মেঘে বক্সাঘাত হয়। পোরজন বলিয়া উঠে, "একটা মেয়ে হয়েছে" वाबीय ७ अिंटिविनिनीशन मूथ कितारेया हिनया यान । ব্যীয়সীগণ তামাসা করিয়া জনককে বলিতে থাকে "টাকার সম্বল কর।" জনক সে কথায় হয় ত হাসিয়া উঠেন। কিন্তু তাঁহার স্থানে শেল বিদ্ধ হইয়াছে। জননী পূর্বে স্পর্দ্ধা করিয়া বলিয়াছিলেন-আমার কথন কন্তা इटेर्टर ना, कला इटेरल जाहारक शला हि शिक्रा मातिया (फ्लिन। এथन जिनि (मरे क्या अमन क्रिलन। স্বাভাবিক স্লেহ বশতঃ এবং লোকলজ্ঞা ভয়ে তিনি কিছু করিতে বা বলিতে পারিলেন না বটে, কিন্তু মনে মনে लाँकात स्रमानत स्विता मात्रकलारम श्रीका धरत मा বলিয়া তিনি স্থতিকা গৃহেই শিশু-সম্ভতির প্রতি অনাদর প্রকাশ করিতে আরম্ভ করিলেন। প্রকৃতির হত্তে মতদূর

হয়, শিশুকস্তার পুষ্টিসাধন হইতে লাগিল। যাহার প্রতি জনক জননীর অনাদর, তাহাকে অন্ত কে যত্ন করিবে ?

কন্তার প্রতি জনক জননীর এ প্রকার ভাবের কারণ. আমাদিগের স্ত্রীজান্ডির তুরবস্থা। বাস্তবিক স্ত্রীজাতির অবস্থা আজিও কোন সভ্য সমাজে প্রকৃষ্ট রূপে উন্নত হয় নাই। সকল সমাজেই পুরুষজাতি অপেকা স্ত্রীজাতির অবস্থা হীনতর। 🐠ই হীনতা সমাজ বিশেষে কেবল ন্যুনাধিক রূপে অবস্থান করিতেছে মাত্র। নতুবা কোন সমাজে আজিও এই হীনতা একেবারে অপনীত হয় নাই। অপনীত হইবার বট উদ্যোগও নাই। কেবল বঙ্গদেশে কেন, সকল সভ্য সন্ধাজেই, কন্যা অপেকা পুত্র সন্তানের জন্ম-গ্রহণ **অধিকত**র আদরণীয় হয়। যে সমাজে স্ত্রীজাতির যে পরিমাণে তুর্দ্দশাঃ সে দেশে সেই পরিমাণে তাহার প্রতি অনাদর। কন্যা জন্ম পরিগ্রহ করিলে সকল সমাজেই ন্যনাধিক রূপে আহলাদের পরিবর্ত্তে বিষয়তার চিহ্ন উপলক্ষিত হয়। বে সমস্ত জাতি সভাতম বলিয়া ভাণ করিয়া থাকেন, তাঁহাদিগেরও মধ্যে স্ত্রীজাতির সমাক্ উন্নতি সাধিত হয় নাই বলিয়া এই 'বিষয়ভাবের অভাৰ দৃষ্ট হয় না। বঙ্গদেশে এরপ ভাব লক্ষিত হইবে তাহার আর আশ্চর্যা কি १

এই হর্দশার কারণাসুসন্ধান করিলে প্রতীত হইবে যে, পুক্ষজাতি সম্বন্ধে স্ত্রীজাতির অধীনতাই ইহার মূল। পৃথিবীর ইতির্ত্তে প্রকাশিত হয় ষে, পুক্ষজাতিই আবহ-মান কাল প্রভূত করিয়া আসিতেছে। কি সমাজ, কি

ষ্যবহার, কি রাজকার্য্য, সকল বিষয়ে পুরুষজাতিই এভু। পুরুষজাতির প্রবলতা হেতু স্ত্রীজাতির অধীনতা সংঘটিত হইরাছে। সমাজে যে সমস্ত ব্যবস্থা প্রতিষ্ঠিত আছে, দেশে যে সকল আচার ব্যবহার প্রচলিত আছে, এবং স্ত্রীজাতির প্রতি আমাদিগের যে সমস্ত ভাব হৃদরে অকিত चाह्य, तम ममन्छ भतीका कतित्व প্রতীয়মান হইবে यে, তংসমন্তেরই মূলে এই অধীনতার ভাব নিহিত আছে। দে সমুদায় ব্যবস্থা, আচার, ব্যবহার ও রীতি কেবল পুরুষজাতি কর্ত্তক সংরচিত হইয়াছে। তদ্বারা স্ত্রীজাতিকে ক্রমশঃ কঠিনতর অধীনতা-শৃত্বলে আবদ্ধ করা হইয়াছে। কেবল পুরুষজাতির অধিকতর স্থখ-সমৃদ্ধির জন্ম এই সমস্ত ব্যবস্থা নিণীত হইয়াছে। তৎসমস্ত পুরুষজাতির যতদূর প**দ্ধপাতী স্ত্রীজাতির ততদূর নহে। পু**রুষজাতির স্বার্থ ও প্রয়োজন সাধনোদেশেই ইহাদিগের স্বৃষ্টি। এজনা ইহারা স্বার্থপরতায় কলন্ধিত হইয়াছে। আবাৰ আশ্চর্য্যের বিষয় এই, ইহাদিগকে ধর্মতঃ বৈধ বলা হয় । কিন্তু কে বলে ? যাহারা ধর্মশালের প্রণেতা তাঁহারাই इंशामिशतक धर्मादेवध विनया निर्मिण करियार इन ।

এক্ষণকার স্ত্রী এবং পুরুষজাতি সম্বন্ধীয় নৈতিক সমাজ যে নিশ্চয় ভ্রমসঙ্কুল তাহা স্পষ্টই প্রতীত হইতেছে। স্ত্রীজাতিকে অধীন বিবেচনার পুরুষজাতি যে সমস্ত স্থার্থপর ব্যবস্থা নির্দেশ করিয়াছেন, সেই সমস্ত ব্যক্ষার অনুসাবে এক্ষণে উভয়জাতীয় সম্বন্ধ নিরূপিত ও পরিচালিত ইইতেছে। কিন্তু স্ত্রীজাতি ধর্মন স্থাধীনতাব ধারণ করিবে:

এবং সেই ভাবে যথন পুরুষজাতির ব্যবস্থা সকল পরীক্ষা কবিতে সক্ষম হইবে, তথ্ন যে মান্বীয় নৈতিক সমাজের কি গগুগোল ঘটিবে, কে বলিতে পারে ? স্ত্রীজাতি যথন নিজে নিজে বিচার করিতে শিথিবেন, পুরুষজাতির সহিত যথন তাঁহাদিগের অধিকার, মতামত ও কর্ত্বাা-কর্ত্তব্য বিবেচিত ও অবধারিত হইতে থাকিবে, তথন বাস্তবিক পথিবীর ৰে এক যুগান্তর উপস্থিত হইবে তাহার জার সন্দেহ নাই। তথন স্ত্রী ও পুরুষজাতি সম্বন্ধে প্রকৃত সত্যপথ, ধর্ম্মের পথঃ ও ব্যবস্থা নির্ণীত হইবে। এক্ষণে যে সমস্ত ব্যবস্থা প্রশ্নতিত রহিয়াছে, তাহা সম্পূর্ণ স্বার্থ-মলক। যাহা কেকা স্বার্থের জন্য প্রস্তুত হইয়াছে, সে वादका ও नियम कक्न धर्मादेवध इटेट्ड शास्त्र ना । वाधीन স্কীজাতির সহিত বিচারে এবং বিতঞায় যাহা স্থিরীকৃত হুইবে তাহাই নিঃস্বার্থ ও বৈধ। তদ্ভিন্ন স্ত্রী এবং পুরুষ-জাতীয় ব্যবস্থাবলি কথন স্বার্থপরতা-পরিশৃত্য হইতে পারে না। যে ব্যবস্থাবলি যত স্বার্থপরতা-পরিশৃন্ত তাহাকে তত ধর্মতঃ বিশুদ্ধ বলা যাইতে পারে। এজন্ম একণে যে সমস্ত ব্যবস্থা প্রবর্ত্তিত রহিয়াছে, তাহা কতদর স্থায়ামুগত ও বিশুদ্ধ তাহার স্থিরতা নাই। স্ত্রীজাতির জ্ঞানজ্যোতিঃ প্রবল না হইলে তাহার স্থিরতার সম্ভাবনাও নাই। পুরুষজাতি সহজে কথন স্ত্রীজাতিকে অধীনতা-শৃঙাল হইতে বিমুক্ত করিবে না। মহুষ্যসমাজ যদি কথন স্বার্থশূক্ত হয় তবে সেরূপ ঘটিবার সম্ভাবনা। স্ত্রীজাতির শ্বত ও অধিকার লইয়া আজি কাল সভাসমানে ঘোর

বিতণ্ডা উপস্থিত হইয়াছে। মিল্, স্পেন্দর, কিন্দিম্লে, এবং মরীস প্রভৃতি মহোদয়গণ স্ত্রীজাতির পক্ষে ঘোর বিচার উত্থাপিত করিয়াছেন। তাঁহাদিগের প্রবল ধ্বনি ক্রমশঃ দিগন্তব্যাপী হইতেছে। ইয়োরোপ ও আমেরিকার সভাসমাজে এত দিনের পর, ও এত কালের জ্ঞানা-লোচনার পর, এক্ষণে পুরুষজাতির সহিত স্ত্রীজাতির বিততা ঘটিবার স্ত্রপাত মাত্র হইয়াছে। আজিও স্ত্রীজাতির জানজ্যোতিঃ নিতান্ত হর্মল ও স্লান। ক্রমে যত এই জ্যোতি: প্রবল হইতে থাকিবে তত সমাজ সংস্কৃত ও পরিশুদ্ধ হইয়া আসিবে। ইয়োরোপ ও আমেরিকার স্ত্রীসমাজে তবু অনেক দূর স্বাধীনতা প্রদত্ত হইয়াছে। ভারতবর্ষের স্ত্রীসমাজের প্রতি দৃষ্টিপাত করিলে কে**বল অশ্রপাত করিতে হ**র। এথানে কেবল मांनीय ও পশুবং আচরণ সর্বত विमामान আছে। সমাজের সহিত স্ত্রীগণের কোন সম্বন্ধ নাই। গ্রহে তাহারা পত্তর স্থায় অবস্থান করিতেছে। পুরুষজাতির অধীনতা, সেবা ও শুশ্রষাই তাহাদিগের ধর্ম ও জীবনের সমুদার কর্ম। এই উদেশে কি তাহার। জন্মগ্রহণ করিয়াছে ? আহা। তাহাদিগের অবস্থা কি শোচনীয়। তাহাদিগের জানাদ্ধতা কি গভীর।

অতি শৈশবাবস্থা হইতেই আমর। নারীগণকে পুরুষ-জাতির অধীনতা শিকা দিই। জনক জননী তাহাদিগকে এরূপে লালন পালন করেন, যেন তাহার। খণ্ডরালয়ে সকলের সম্পূর্ণ অধীন হইয়া থাকিতে পারে। শিশু- কালেই তাহাদিগের সাহস, বিক্রম ও তেজঃ থব্বীকৃত করা হয়। বাস্তবিক সর্ব বিধামে মাহাতে তাহারা পিঞ্জরবদ্ধ হইয়া শভরালয়ে আবদ্ধ থাকিবার উপযোগিনী হয়, এরপ শিক্ষা প্রাপ্ত হয়। সহোদরের নিকট সহোদরা অতি তুর্বলা। জনক জননী তাহাদিগকে তুর্বলা করিয়া তুলেন। পুজ্রসন্তানক অধিকতর প্রশ্রম পায়। কন্যাগণ অধিকতর সংযমিত ক্রিইতে থাকে। শুদ্ধ ইহাই নহে, অতি অল্প বয়স ইইটেই ইহারা কুশিক্ষা প্রাপ্ত হইতে থাকে। অতি অল্প য়য়স হইতেই বালকগণের সঙ্গ ইইতে গাকে। অতি অল্প য়য়স হইতেই বালকগণের সঙ্গ ইইতে ইহাদিগকে বিভিন্না করা হয়। বালিকারা একটা স্বতম্প সমাজ সংগঠিত কর্ষর। গৃহিণী অথবা বয়য়া জীগণ ইহাদিগের আদর্শসক্ষ্ণ হয়। এই সয়য় হইতেই ইহাদিগের আদর্শসক্ষণ হয়। এই সয়য় হইতেই ইহাদিগের ক্রিক্রেক ক্রিটিছ হইতে থাকে।

এতদেশে বে বালিকাবিবাহ প্রচলিত আছে, তাহাকে কোন মতে বিবাহ বলা যাইতে পারে না। কারণ, অজ্ঞানাবস্থায় যাহা ক্বত হয় তাহা দিদ্ধ নহে। বালিকাণণ যথন বিবাহ করে তথন তাহারা জানেনা, আমরা কি করিতেছি। অপরাপর ক্রীড়ার ন্যায় পরিণয়সংস্কারও তথন তাহাদিগের নিকট একটা প্রমোদরূপে প্রতীয়মান হয়। শৈশবাবস্থায় থেলিবার সময় তাহারা আমোদ করিয়া এদ্ধপ কতবার বিবাহ করিয়াছে। প্রকৃত বিবাহ কালে তাহারা ইহার পুনরভিনর করে মাত্র। কোন ক্রীড়ায় প্রবৃত্ত হইবার পূর্বে তাহাদিগের সেই ক্রীড়ার প্রতি যে প্রকার ইছা পাকে, এই পরিণয়েও তাহাদিগের

তজপ ইচ্ছা ব্যতীত আর অধিক কিছু ঘটিবার সম্ভাৱনা নাই। দশ এগার বংসর বয়:ক্রম সময়ে ভাহাদিগের कान विषय्त्रहे टेहजना ७ विद्युहन। इन्न न। तम मगरम তাহাদিগকে বিক্রম্ন করিলেও তাহার৷ তদ্বিরুদ্ধে দ্বিকৃত্তি कतिए ममर्था नरह। ममर्था इहेरन माहिमनी नरह। পিতা মাতাও যে তাহাদিগকে সর্ব্ধ সময়ে সংপাত্তে थाना करतम अत्रथ नरह। जांशामिशरक एमरमत तीजि ও আচার ব্যবহারের অধীন হইতে হয়। তাঁহাদিগের অবস্থার উপরও **অনেকদ্র নির্ভর করে।** তাঁহাদিগের প্রকৃতি, লাভালাভ বিবেচনা, শিক্ষা ও রুচির উপরও অনেক পরিমাণে কন্যার বিবাহ নির্ভর করে। পিতা যদি অর্থলোলুপ হন, তাঁহার কন্যার বিবাহ কিরুপে সম্পন্ন হয় তাহা বোধ হয় সকলেই অবগত আছেন। পিতা যদি বৃদ্ধ হন তবে হয় ত মনে করেন, আমি ত मायमुक रहे, आभारक अधिककान किছूरे (मथिए) रहेरव ना, कनात्र कलात्न यो थारक छाठाई घरित। এই প্রকার বিবেচনায় ও নিজ অবস্থার সঙ্কীর্ণতা হেতু কন্তাকে হয় ত চিরদিনের জন্য জলে ভাসাইয়া দেন। যে ছত-ভাগিনী বালিক। আবার পিতৃহীনা, তাহার বিবাহ কাষ্য স্থসম্পন হইবার যতদুর সম্ভাবনা, তাহা আর বলিয়া দিবার আবশ্রক করে না। জীবনের একটা প্রধান কার্য্য বিবাহ,—তাহাতেও স্ত্রীজাতি এই প্রকার পরের নিকট अल्पुर्व अक्षीन। विवाह **ভागई इ**फेक, आब्र मसटे इंडेक, বালিকারা **জানে না কি হইতেছে।** তাহাদিপের তথন

विद्याहनात भक्ति नाहे, त्कान कथा वित्रवात भक्ति नाहे, चित्र तम कथा तक। इहेवांत्र मुखातना नाहे, दकह तुवाहेया मित्न **आश्रनामित्राद्ध** कान विश्विष्ठ । श्रीकिविधान করিবারও সামর্থ্য লাই। তথন তাহারা কর্ত্তপক্ষের নিতান্ত অধীন। স্কুতরাং তাহাদিগের এপ্রকার অবস্থায় अ ममरत्र विवाह (मक्सा (य निकास धर्मविक्ष अ अटेवध, তাহার আর অণুমাঞ্কু সংশয় নাই। দেশের রীতি নীতি ইহাকে বৈধ বলুক, শান্ধিবেচনায় ইহাকে কথন বৈধ বলা यारेट भातित्व 📲। त्य कार्या प्रकीम वित्वहना ७ ইচ্ছার অমুমত নহে যাহাতে আপনার কিছুই আয়তি নাই, পরের নিতা বাধা হইয়া যাহা সম্পন্ন করিতে হইতেছে, সে কার্যের কি কিছু ধর্মনৈতিক বন্ধন আছে ? বালিকাবিবাহের যি ধর্মনৈতিক কিছু মূল্য থাকে, তবে কোন কার্য্যেরই ধর্মনৈতিক মূল্য নাই। শুদ্ধ পশুবৎ বলপ্রয়োগে যদি ক্ষে তোমায় কোন গহিত অথবা ভভ কার্য্য করায়, তবে দে কার্য্য কি তোমার ক্বত বলিবে ? না সে কার্য্যে কোন ধর্ম অথবা অধর্ম আছে ? পরিণত-বয়ক্ষা অনেক রমণী অফুতাপ করেন, কেন পিতা মাতা তাঁহাদিগের সে প্রকার বিবাহ দিয়াছিলেন। অবিবাহিত। হইয়া অথবা বিধবা হইয়া চিরকাল অতিকটে অবস্থান করাও ঠাঁহাদিগের শ্রেমন্বর বিবেচিত হয়। কোন হিন্দুনারী যদি বয়স্কা হইয়া এইরূপ প্রশ্ন উত্থাপিত করেন, যে আমার অজ্ঞানাবস্থায় কর্ডপক্ষীয়েরা আমার ट्य विवाह निमाण्डन, छाङा आमात्र कानावश्राय

অন্ভিম্ত, অত্ঞ্ৰ তাহা সিদ্ধ কি অসিদ্ধ ? ১ ই প্রারে মীমাংসার আমরা নিশ্চর বলিতে পারি যে. আইনে যাহাই বলুক, বিচারপতি প্রকৃত বাবহার-তত্ত্বের উপদেশামুসারে সে বিবাহকে কথন সিদ্ধ বলিবেন না। বাস্তবিক এরপ বিবাহে যে নারী আবদ্ধ হইয়াছেন, স্থায় মতে তিনি পুনরায় বিবাহ করিতে পারেন। বেহেত্ প্রকৃত করে তাহার বিবাহ সম্পন্ন হয় নাই। বেদবিৎ দ্যানল সরম্বতী কহিয়া গিয়াছেন এপ্রকার বিবাহসংস্কার (तनविश्व नरह। देविषक ममरत्र देश थाठनिय छिन ना। ठिक् दकान ममरद रेश अञ्चलन প্রবর্তিত হয়, তাহা একণে নির্ণয় করা স্থকটিন। অনুসান হয়, ইহা পৌরাণিক কালের ফল। রঘুনন্দন, বোধ হন্ন ইহা এতদেশে পুনঃ-প্রবর্ত্তিকরেন। যে সময়েই হউক, ইহা যে ন্যায়ামু-মত নহে ও যথার্থ ধর্মবিকৃদ্ধ তাহা পুরুষজাতি না হউক জ্ঞানবতী স্ত্রীলোকমাত্রই মৃক্তকণ্ঠে উচ্চরবে বলিয়া উঠিবেন। পক্ষপাতশুন্য সদাশম পুরুষগণও ইহা স্বীকার করিবেন।

কেবল স্বার্থপর প্রক্রজাতীর সাধারণ জনগণ ইহার প্রতিবাদে উদ্যত। তাঁহারা অগ্রসর হইয়া বলিতে আসিবেন, রুতসংশ্বার স্ত্রীগণের পাণিগ্রহণ করিতে আমা-দিগের ইচ্ছা হয় না, তাহাতে স্থণা বোধ হয়। অধিক বয়স পর্যান্ত অবিবাহিতা থাকিলে তাহাদিগের কলঙ্কিতা হইবার সন্তাবনা। বালিকাবস্থা হইতে গ্রহণ করিলে তাহাদিগের পবিত্রতা স্থরক্ষিত হয়। এজন্ম তাহাদিগের অর বয়সেই বিবাহ হওয়া উচিত। •এই কথাগুলিতে ঘোর স্বার্থপরতা প্রকাশ পাইতেছে।
স্থানা ভার্যাকে নিস্পাপ ও নির্মাণা চাই। আমরা নিজে
বা ইচ্ছা তাই হই লা কেন, তাহাতে কোন ক্ষতি নাই।
পাপী হই বা নিস্পালী হই, বৃদ্ধ হই বা অরবয়য় হই, আর
ছই বা ততোধিক বার দার-পরিগ্রহ করিয়া থাকি,
আমরা অবশু প্রক্রীয়। কিন্তু নারীজাতি দানশ বা
ভ্রেরাদশ বর্ষ বয়য়য়য় অতিক্রম করিলে আর প্রহণীয়া
নহে। কন নহে, কারণাম্সদ্ধান করিলে মূলে দেখিতে
পাওয়া যায় যে, শুরুবজাতির প্রবৃত্তি নাই এই জ্ঞা।
পুরুবজাতি প্রবল কাতি, তল্লিবদ্ধন তাঁহাদিগের প্রবৃত্তি
অবশু প্রবলা হইবের তাঁহাদিগের বাকাই নিয়ম, তাঁহাদিগের ব্যবস্থাই শ্রম। কি স্বার্থপরতা। ধর্ম কি স্বার্থ-পরতার প্রতিবাক্য মাত্র ?

বালিকাবিবাহেশ্ব ফলাফল গণনা করির। আমরা তাহার ওচিত্যানোচিত্য বিবেচনা করিতে চাহিনা। সে বিষয়ে ইতিপুর্ব্বে বিচার হইয়া গিয়াছে। কিন্তু আমানিগের স্ত্রীজাতির আধুনিক ধর্মনৈতিক অবস্থা কি, ইহা আলোচনা করিতে পেলে প্রতীত হইবে বে, প্রুষজাতি তাহাদিগকে যে বোর অন্ধ ও জড়ভাবে অবস্থাপিত করিয়া রাথিয়াছেন সেই অস্বাভাবিক অবস্থাই তাহাদিগের বৈধ, তদ্বিপরীত অবস্থা অবৈধ বলিয়া সমাজে পরিগৃহীত হইয়া থাকে। এবিষয়ের দ্বিতীয় প্রমাণ আমাদিগের বামাগণের সতীত্ব ধর্মা।

আমরা ভাণ করিয়া থাকি, আমাদিগের রমণীগণ

সভীত্ব ধর্মে শ্রেষ্ঠতমন বহুকামিনীকে সতী বলিবার পুরে বিবেচনা করা উচিত, জাহার ধর্মকৈজিক অবস্থা কি, এবং আমাদিশের সভীত্ব ধর্মের ভাব কি প্রকার প

বালিকার পাণিপ্রতণ ক্ষরিরা আমরা তাহাকে যেন পিজনবন্ধ করিয়া রাখিন :বছকাল-ধরিয়া অস্তঃপুরী মধ্যে विनि अवश्वक्रेनवजी ब्रह्मनः। **४७ बानाय जा**नक निन অতিবাহিত না করিলে দেশের রীত্যস্থসারে কাহারও সহিত তাঁহার বাক্যালাপ করিবার যো নাই। পুরুষ-জাতীয় কোন ভক জনের সহিত কথা-বার্তা কওয়া দরে থাক, তাহাদিগের সমকে অবস্তর্গন বিমুক্ত করিয়া যাইতেও পারেন না। । অসাবধানতা বশতঃ কনিষ্ঠ ভ্রাত-জায়ার **ছায়া স্পর্ণ করিলে জ্যেষ্ঠ ত্রাতাকে প্রা**য়শ্চিত করিতে হয়। তজ্ঞপ, ভ্রাতৃখন্তরের কোন দ্রব্য স্পর্শ করিলেও ভ্রাতৃষ্ণর প্রায়শ্চিত্ত করিবার বিধান আছে। গুরুজন বতক্ষা আহরোধ মধ্যে অবস্থান করিবেন, ততক্ষণ নববধুর উচ্চ রবে কথা কওয়াও দুষ্ণীয়। একলা এক দণ্ড অপর পুরুষের সহিত কথা কওয়া তাঁহার পক্ষে নিতান্ত निम्मनीय । कथा कछत्रा मृत्त्र थाक, मन्त्र्य गां क्या ३ देव्स নছে। বাহিরের পরিভদ্ধ**িবা**য়ুসেবন করিবার নিমিত প্রাক্ষ-ছারে ক্ষ্পকাল অব্ভান করিলে, তাঁহার অপ্যশ হয়। প্রীর মধ্যে তাঁহার কোন লম্বর নাই। জনসমাজ কেমন তাহা নারীজাতি কিছুই অবগত নহে। প্রেম-বিধেষ-পরতর হইয়া আমরা নারীজাতিকে নিতান্ত অধীন করিয়া রাথিয়াছি। তাহারা কেবল জ্ঞানে অন্ধ নহে, পৃথিবীর

সমত বিষয়েই অন। তাহার। অন্ধকারে জীবন পরিগ্রহ করিয়া, অন্ধর্কারেই সমগ্র জীবন অতিবাহিত করে। জন-স্মাজের সহিত যাহাদিগের কোন সম্পর্ক নাই: চির্দিন একাকিনী গ্রহমধ্যে বাহাদিপের পশুবৎ অবক্লা থাকিতে হয়, তাহাদিগের জীবন নিতাম অধীন ও জড়বৎ নিশ্চেই বলিতে হইবে। যালাদিগের এতদর অধীনতা ভাহাদিগের আবার সরা কি প্রতাহারী জনসমাজের কিছুই অবগত नटर, याशिमिरशत कील मन्त अवर मनम् विद्वहना किछूरे নাই, স্বার্থপর পুরুষ্ট্রর ছই চারিটা উপদেশ বাহাদিগের জ্ঞানের পরিদীমা, গৃহ-ধামের একটা কূটার মাত্র যাহাদিগের কার্য্যক্ষেত্র, যাহাদিরগর কোন শক্তি নাই তাহাদিগের অধীন জীবনের গৌলব কি ৪ ক্রীত দাসীর স্থ্যায় বাহার। পরাধীনতার শৃঞ্জে আবদ্ধা থাকিবে, তাহাদিগের কার্য্যের নিন্দা অধ্বা প্রশংসাই বা কি ৪ স্বামী ভিন্ন কাহারও সহিত স্ত্রীজাতি বিশ্রদ্ধ আলাপ করিতে পায় না। **অন্তের সহিত বিশ্রর আলাপনে তাহাদি**গের শত সহস্র প্রতিবন্ধক। স্বাসী ভিন্ন স্বভারাক্রে বন্ধবধর আর ্কহই নাই। স্বামী যে প্রকার হউন, তাঁহার নিতান্ত আশ্রিত ও দাঁসীর নাায় অধীন থাকিতেই ইইবে। কারণ সামী ভিন্ন তাঁহার কোম গতি নাই। সামীকে পরিত্যাগ করা স্ত্রীর সাধা নছে, কিন্ধ স্ত্রীকে পরিত্যাগ করিয়াও পামী অনায়াদে ভদ্রশমাজে পুজনীয় হইতে পারেন। সামী জনারাদে পরিত্যাগ করিয়া রাখিতে পারেন বলিয়া, পাছে তাঁহার বিরাগ-ভাজন হন, এই ভয়ে স্ত্রী

ভাঁহার দর্বাথা মনস্কৃত্তি দাধন করিতে ক্রেটি করেন না। পাছে সামীর কোন বিষয়ে জ্ঞাটিত্বর, তক্ষর স্ত্রী তাঁহার मल्पूर्न ताथा ७ अकीन क्ट्रेंटि कीक्ट इन। ्रेट्या प्रभाव আশঙ্কার পদ্ধী সহরহঃ স্বামীর পদাশ্রিত থাকেন। দিবা রাত্তি তাঁহার স্বাধীর ক্ষমই ভাবনা। প্রবের উপর যাঁহার এতদূর নির্ভর, পরের স্থার্থের সহিত খাহার নিজ স্থার্থ দম্পূর্ণ সংশ্লিষ্ট রহিয়াছে; তাঁহার ক্লমুরাগ ও পতিপ্রায়ণ্ডা कजमृत विश्वक ७ अमन्नभक, जाहा आमना ठिक विश्वति পादि ना। निराष मधीनरा निरम्न, क्षीत भवम विक्क প্রণায়ের প্রতিও আমাদিলের একদা সন্দেহ উপস্থিত হয়। তাঁহার পৰিত্র প্রাধের হুখে জামর। সম্পূর্ণ স্থবী হইতে পারি না। আমাদিশেরই দোবে আমরা এই স্থায় কিয়ৎ পরিমাণে বঞ্চিত হইভেছি। বাস্তবিক আমাদিগের দ্রীজাতির পতিপরায়ণতায় এতদুর স্বার্থপরতা বিদ্যুমান দেখি বে, তাহা বিশুদ্ধ ও পরম পবিত্র কি না তাহা অনারাসে অনুমান করা বাইতে পারে। এরপ পতি-পরায়ণতা ক্রীনতার নামান্তর মাত্র। স্বার্থপর পুরুষজাতি এইজন্ত ইহাকে ধর্ম নামে অভিহিত করিয়া ইহাকে স্ত্ৰীজাতির একমাত্র ধর্ম্ম ৰলিয়া: নির্দেশ-করিয়াছে। এর্দ্ম ব**লিয়া অনতিজ্ঞা স্ত্রীজাতি ইহা অবলম্বন ক**রিয়া রহিয়াছে। সনাজের রীতি, নীতি, ও অবস্থার গতিকে বাধ্য হইয়া তাহারা এই পাতিব্রত্য ধর্মের ব্রতী হইয়াছে। কিয বদি দাসীত্বের গোরৰ থাকে তবে স্ক্রীন্সাতির পাতিব্রত্য ধর্ম্মের ও পৌরব আছে।

নেখানে স্বাধীনতা নাই, সেথানে ধর্ম নাই। যেথানে পাপ করিবার ক্ষমতা নাই, সেথানে পুণ্যের গোরব নাই। বেথানে নড়িবার শক্তি নাই, সেথানে পুণ্যের গোরব নাই। বেথানে নড়িবার শক্তি নাই, সেথানে স্থিরভাবে পাকিতেই হইবে। সেরপ জড়ভাবের আবার প্রশংসা কি? যে স্বাধীন হইতে না পারে, তাহার স্বাধীনতা নামান্তর মাত্র। বাস্তবিক ঘিনি স্বাধীনতা, অধীনতাই নামান্তর মাত্র। বাস্তবিক ঘিনি স্বাধীনতাবে এবং ক্ষেত্রামত কার্য্য করিতে না পারেন, পর্যাজগতে তিনি জড়ক্ষ ও মৃতবং অবস্থান করিতেছেন; তাহার ধর্মনৈতিক স্ক্রা কিছুই নাই।

আমাদিগের স্থাজাতি সম্বন্ধে জ্বন্ধ বাকানিচর সম্পূর্ণকপ প্রযুক্ত হইতে পারে। স্থাধীনজার পথে তাঁহাদিগের
বে প্রকার মাশের কাইক, তাহা আমরা প্রতীত করিয়াছি।
বংগজাচারিতা কাহাকে বলে, তাহা তাহাদিগের অক্তবও
নাই। যদি কিছু স্থাধীনতা দেওয়া যায়, তাহারা দে
স্থাধীনতা গ্রহণ ক্রিতে সাহিনিনী নহে। চির-মভ্যস্ত
অধীনতা গ্রহণ ক্রিতে সাহিনিনী নহে। চির-মভ্যস্ত
অধীনতা ও প্রবন্ধতা তাহাদিয়ের নিত্য ও এক প্রকার
বাভাবিক ভাব হইয়া পড়িয়াছে। এ অবস্থা হইতে
ক্রমশঃ তাহাদিয়ের অগ্রারিশী করাও সামান্য কথা
নহে। কত যুগান্তর অতীত না হইলে আর আম্মাদিগের রম্বীগণের প্রকৃত্ত উন্নতি-সাধন হইবে না।
তাহাদিগের আধুনিক প্রত্বং এও দাসীর অবস্থার
প্রকৃত ধর্মজীবন অসম্ভব। তাহাদিগের এমত জ্ঞান ও
বিল্যাবৃদ্ধি নাই, যদারা ভাল মন্দ বিচার করিয়া লয়।

নিজে দদদৎ বিবেচনার যাহারা সমর্থা নহে, অগ্রা তাহাদিগকে অপরের বিবেচনার উপর নির্ভর করিতে হয়। কিন্তু ক্লোভের বিষয় এই বে. যাহাদিগের বিবেচনার উপর রমণীগণ নির্ভর করিবে তাহারা অপর জাতি ও একপ্রকার বিপক্ষ জাভি। কারণ, হুই জাতির স্বার্থ কথন এক হইতে পারে না। পুরুষ জাতির বাহাতে সম্পূর্ণ ক্লখ-সম্ভন্দতা, ত্রীজাতির ভাছাতে ঘোর অস্লুথ ও অধীনতা। নারীকুল সম্বন্ধে পুরুষ জাতি যে সমস্ত ব্যবস্থা নির্দিষ্ট করিয়া দিবে, সে সমস্ত বাবহু। কথন নিসাগ ধর্ম-সঙ্গত হইতে পারে না। প্রকৃত প্রস্তাবেও আমর। এই কথার যাথার্থ্য উপলব্ধি করি। সংসার-ক্ষেত্রে দেখা याम, त्र शूक्य, नातीत्क अजनुत अधीन कतिशाष्ट्र (ग, नातीत चात चठत चार्थ, चठत कीवानत आयाकन, এবং সভন্ন রথ নাই। পুরুষের স্বার্থ,প্রয়োজন এবং স্থার সহিত তাহা একীভূত হইরা গিরাছে। এক জাতির প্রভূত্বে অপর জাতির সন্ধা বিলুপ্ত হইয়াছে। প্রতরাং প্রীজাতির স্বতম ধর্মনৈতিক স্বস্থা ও জীবন किছ्हे नाहै।

বেখানে স্বাধীনতা আছে, সেধানে যথেচ্ছাচারিতার সন্তাবনা আগরা অস্থীকার করি না। বাতবিক বথেচ্ছাচারী হইবার শক্তি না থাকিলে কেহ 'স্বাধীন হইতে পারে না। কিন্তু তা বলিয়া স্বাধীন হইলেই ফে সর্ক্রসাধারণে যথেচ্ছাচারী হইবে একথাও অসন্তব। একথা ধদি সত্য হর, তবে অবশ্য স্বীকার করিতে হইবে

্ন, প্রমগ্র পুরুষ জাতি যথেচ্ছাচারী। তাহা যদি সত্য হয়, তবে পুরুষ জাতির জাধীনতা অতো হরণ করা আবশ্রক। কিন্তু একথার প্রস্তাব করিতে কে সাহসী হইবে ? কাহার সাধ্য পুরুষ জাতির স্বাধীনতা **হ**রণ করে ? পুরুষের জাতি-শাধারণ স্বাধীনতা পাইয়া তাহার এক সামাল অংশ মাল যথেচ্ছাটারী হইয়াছে বলিয়া স্বাধীনতার পৌরব কিছু বিনষ্ট হয় নাই। বরং তাহাতেই প্রতীত করিয়াছে বে, স্বধীনতা ও যথেজাচারিতার অপেক। স্বাধীনতা কজ্পপ্রেষ্ঠ ও স্থেকর। যথেচ্চাচারিত। থাকাতে, স্বাধীনতার কৌরবের বরং সমধিক বৃদ্ধি হইয়াছে। ইহাতে স্বাধীনতার স্কুফল ও মঙ্গল যেমন দেদীপামান হইয়াছে, কেবল অধীনতার তেমন ঘটবার সন্তাবনা ছিল না। স্ত্ৰীকাতি-সবদ্ধেও একথা প্ৰামাণা বলিয়া স্বীকার করিতে হইকে। স্ত্রীজাতি স্বাধীন হইলে যে তজ্জাতিসাধারণ ঘথেছচারিণী হইবে, একথা আমরা খীকার করিতে পারি না। • আমর। ইহার ঠিক বিপরীত পক্ষ অবলম্ম: করি । কিম্দংশ পতিত হুইয়াও যদি জাতিসাধারণ স্বাধীন হইয়া প্রক্লত ধর্মপথে উপিত হয় তাছ। कि (अत्रक्षत नरह १ किइ शुक्त कांछि निजां विद्विधी. নিতান্ত স্বার্থপর ও অহকারী। বামাকুণের স্বাধীনতা ও রধেষ্ঠাচারিতা তাহার অসহ। পুরুষের স্বাধীনতা ও ৰপেচ্চাচারিতা নারীর অসহ হইলেও তাহার সহিষ্ণুতার শ্লেণে ভাছাতে সকলই সঞ্ করিতে ছইবে। পুরুষে সে ध्यकात महिकू इटेरफ शारतम ना, कातण जिनि अज़।

পুরুষ জাতি দহ্দা আপুনাদিগের একাধিপতা বিনষ্ট করিতে পারে না। আমরা বলি, পুরুষ জাতি যে এতকাল ধরিয়া একাধিপতা সভোগ করিয়া আসিয়াছে, ইহাই र(थष्टे, ইहाई छोहामितात गर्या। गर्य-ना कनक १ हात्। এতকালের পর বৃশ্ধি সেই একাধিপত্যে কুঠারপাত আরম্ভ হইরাছে। যিনি আমেরিকার স্ত্রীসমাজের প্রতি দৃষ্টি করিবেন তিনি দেখিতে পাইবেন, সেখানে স্ত্রীজাতি যে প্রকার স্বাধীনভাব অবলয়ন করিয়াছে: তাহাতে आमता निकात विवारक भाति: अबतात आटमतिकात धर्म-নৈতিক সমাজে যুগান্তর উপস্থিত হইবে। "আমাদিগের রমণীগণ যথেচ্ছাচারিণী হইল" বলিয়া এখনই আমেরিকার পুরুষগণ চীৎকার আরম্ভ করিরাছেন। কিন্তু তথাকার স্ত্ৰীজাতি সে রবে ভীত নহে। তাহারা বুঝাইয়া দিতেছে(य, যাহা পুরুষজাতি যথেজাচারিতা বলিয়া রটনা করিতেছে তাহা কেবল অপেকাক্তত অধীনতার হ্রাসমাত্র। আমরা ত্বীকার করি, স্ত্রীজাতিকে স্বাধীনতা দিলে প্রথমে অনেক প্রিমাণে যথেছাচারিভার সম্ভাবনা বটে, বেহেতৃ ভাহা প্রকৃতির স্বাভাবিক নিরম। শৃঙ্গলভয় পশু একবার मिखिया विष्ठत्रण कतित्रा **भारेता। मतम क्ला**व धकवात তৃণজ্ঞাত উদ্ধানিত হইয়া উঠে। বৌবনকালে রিপুগণের आवना इत । हेहा शांखांविक नित्रम, हेहा अनिवार्श। কিন্তু তা বলিয়। কি করিব ! কিছুকার পরেই পশু বশু চয়, ক্ষেত্ৰ ফলবড়ী হয়, এবং যৌবন প্ৰীয়াৰস্থায় পরিণত হয়। এতকাল বাহাদিগকে ঘোর অধীনভাশুখনে

আবিদ্ধ করিয়া রাথিয়াছিলাম, কিছুকাল তাহাদিগের যথেচ্ছাচারিতা সহ করিতে আমরা এত কাতর হই কেন? আমরা যে কুকর্ম করিয়াছি, সেই হছতির ফল-ভোগের জন্ত আমাদিগের শক্ষিত হওয়া উচিত নহে। আমরা যদি একবার এই ফলভোগ করিয়া সহিয়া থাকি, অনতিবিলম্বেই চিরদিনের জন্ত প্রকৃত স্থাথের সন্তোগী হইব। কিছুকাল অতীত হইছেই, স্ত্রীফাতি প্রকৃত স্বাধীনভাব অবলম্বন করিবে। প্রধান যদি তাহারা বহুসংখ্যার মধেচ্ছাচারিণী হয়, জন্মশঃ তাহাদিগের উক্ষ শোণিত শীতল হইবে।

আমেরিকাতে এখনই স্থালাতির জ্ঞান-ধানি উথিত হইরাছে। এখনই শভ সহজ্ঞ বামাগণ প্রবের সহিত আপনাদিগের অধিকার দ্বদ্ধে কোর বিতওা উথাপিত করিয়া জনসমাজ বিলোগিত করিয়া দিতেছে। প্রকার জনসমাজ মধ্যে যে পরিমাণে পাপত্রোত প্রবাহিত ছিল, তাহা নিবারণ করিতে চেটা করিতেছে। এই বিতভার ভাহারা অনেক সমস্ত জ্ঞানবলৈ আপনাদিগের শক্ষ চমৎকার কৌশলে সমর্থন করিতেছে। অনেক বার ভাহারা জ্যুলাভর্ত করিয়াছে। এদিকে পুরুষজাতি তাহাদিগের কলম্ব রটনা করিয়া কতই পুত্তক প্রচার করিতেছে। যামাগণ দেই সকল গ্রন্থের দ্বায়া আপনাদিগের পোর আলান করিতেছে। এখন এই জ্ঞান-মুদ্ধ বছকাল চলিবে। ইহার প্রপাত মার্ল এই। জ্ঞামাদিগের আলম্বাহ্য হইতে ভবিষ্যতে

ঘোর গওগোল উপস্থিত হইবে। সামাজিক বিপ্লবে বৈ সমস্ত অনিষ্টাপাতের সম্ভাবনা তাহা, সকলই ঘটিবে। কিছু সেরূপ ঘটিয়া যদি পরিণামন মঙ্গল হয়, তাহাও শ্রেয়। ইয়োরোপে এই তরঙ্গ একদিন উথিত হইবে, ইহাও আমাদিগের বিশাস। কিছু এসিয়ায় য়য়ন এই তরঙ্গ উথিত হইবে, তখন বোধ হয়, প্রহে প্রহে বিঘর্ষণ হইবে কেমন ভীষণ গোলমোগ হইবার সম্ভাবনা, তরূপ ভরানক সামাজিক তুষয়নে দেশ আক্রোলিত করিয়া ঘোর প্রালম্ম উৎপন্ন করিবে। এপ্রকার সামাজিক বিপ্লব না ঘটিলে, ভারতবর্ষের কপন প্রক্লত উন্নতির সম্ভাবনা নাই।

প্রকৃত ধর্মের পথে সহস্র কণ্টক স্থাপিত থাকুক, প্রকৃত সত্যের পথ ঘোর তমসায় সমাছের থাকুক, প্রকৃত ভারের পথে সহস্র প্রতিবন্ধক থাকুক, দে পথ ক্রমশঃ আবিদ্ধৃত ও মবলম্বিত হইবেই হইবে, এই আমানিগার ধ্বের বিশ্বাস। পৃথিবী বছকাল ক্ষ্মানান্ধকারে আছের থাকুক, বছকাল ধরিয়া-পাশকল্বিত ব্যবহাবলি তাহাতে প্রভূত্ব কক্ক, কিন্তু প্রমত সময় উপস্থিত হইবে, যথন সেই তিমিরাবলি জ্ঞানবিন্ধার ঈবং কটাকে ক্রেনে তিরোহিত হইতে থাকিনে, বথন ধর্মের জয় এমত উচ্চের্রের প্রতিয়ান ক্রিরারগুপ্থ পাইবেনা। জনসমাজের শত সহস্র লোক কেন কুপথে পদার্পণ করুক না, শতসহস্র লোক সম্বেত হইয়া কেন কোন দূবিত মতের পোষকতা

কর্ক না, কিন্তু সত্য মত যদি পৃথিবীতে একবার ক্ষীণ-রবেও ধ্বনিত হয়, সে রব অক্সশঃ উচ্চতর হইয়া সর্বত্র স্তপ্রচারিত হইবে। কিছুতেই তাহার গতিরোধ করিতে পারিবে না। গালেশিও কারাবাসে নিয়ন্তিত হইল বটে, কিন্তু তদবলম্বিত শত্য মত অপ্রচারিত রহিশ না। প্রমাদ বশতঃ জনগণ মনে করিয়াছিল আমরা স্থিয় বহিরাছি, কিছা তা ৰন্ধিয়া পৃথিবীর কিছুতেই গতিরোধ জন্মিল না। পৃথীবানিজনের বিরুদ্ধ মত সম্বেও মেদিনী गानिनि अत कथा **धन्न**गार्थ हे त्यन क्रांत्र हर्ज़ित দৈনন্দিম গতিতে ভ্রম করিতে লাগিল। ডেকার্টের মতাবলি যথন প্রথম প্রচারিত হয়, তথন নান্তিক বলিয়। তিনি इन् क करें का निशीखि इहेग़ हिल्ला। ইউটেটের সেই পাষ্ট ভোয়িট্স তাঁহাকে অগ্নিদগ্ধ করিতেও উদ্যত হইয়াছিলেন। হার্ভি একদা বিজ্ঞাপের জালায় জালাতন হইলেও জনস্মাজ ক্রমশ: বজেব চলাচলের সভ্যতা উপলব্ধি করিতে লাগিল। বাস্তবিক সত্য যদি একবার পৃথিবীতে ধ্বনিত হয়, সে সত্য কথন অপ্রকাশিত থাকিবার নছে। দ্বীজাতি যদি এতকাল নিপীড়িত হইয়া থাকে, ভাছাদিগের অধিকার যদি পুরুষ-জাতির সহিত ঘান্তবিক সমান হয়, তাহারা যদি স্বাধীনতা পাইবার উপবোগিনী হন; আমাদিগের ক্রব বিশ্বাস এই, তাঁহাদিগের অবস্থা অবস্থা উন্নত হইবে। আজি কেন জনসমাজে বিক্লমত প্রচলিত খাকুক না, সে মত কথন সত্য, স্থায় ও ধর্ম মতের প্রভাবে তিষ্ঠিতে পারিবে না।

ঐ শুন কবিবর ভিক্টর হিউগো কি বলিতেইন।

দে দিন ইরোরোপীয় বামাকুল-উন্নতি-সাধিনী সভা
তাহাকে একথানি পত্র লেখে। স্ত্রীজাতির সহারতায়
কবিবর যদি তাঁহার লিপিনৈপুণ্য প্রকাশ করেন, যদি
তাহাদিগের পক্ষ অবলম্বন করিকা তিনি জনসাধারণকে
তংপক্ষে উত্তেজিত করেন, এইরপ অস্থ্রোধ করিয়া উক্ত সভা কবিবরকে যে একখানি পত্র লেখেন তাহার
প্রভ্যান্তরে দেখুন ভিক্টর হিউগো কেমন সন্তাবদক্ষর
একথানি প্রতিলিপি প্রেরণ করেন।

"মান্তা মহিলাগণ! আপনাদিগের পত্র পাইয়া আমি আপনাকে সন্ধানিত জ্ঞান করিয়াছি। আপনাদিগের বে সমস্ত উচ্চ অধিকার, যাহার অভাবে আপনারা যথার্থ ই অসম্ভোষ প্রকাশ করিতে পারেন, আমি ভাহা বিলক্ষণ অবগত আছি। আজি পর্যান্ত আমাদিগের সমাজ যেরূপে সংগঠিত হইয়াছে, তাহাতে বাস্তবিক স্ত্রীজাতির অভাস্ত হীনাবস্থা স্বীকার করিস্তে হয়। এজন্ত আপনাদিগের উন্নতি-প্রার্থনা নিশ্চয় যুক্তিসিদ্ধ। আমি যদিও পুরুষ বটে, কিন্ত আপনাদিগের যে সমস্ত ভাষা অধিকার ভাহা আমি জানি, এবং সেই সমস্ত সামাজিক অধিকার যাহাতে আপনারা প্রাপ্ত হন, তৎসাধনে বত্বশীল হওয়া আমার কর্ত্তর্য। অত্ঞব আপনারা আমার সদভিপ্রায়ের উপর নির্ভর করিয়া আমার সাহাব্য প্রার্থনা করিয়া ভালই করিয়াছেন। পুরুষজাতি বেমন অষ্টাদশ শতাকীর আলোচ্য বিষয় ভিল, ক্রীজাতি তেমনি উনবিংশ শতাকীর

আঞ্লাচা বিষয় হইয়াছে। এই বিষয় অতাত গুরুতর। ত্রার বিদ্ধান্তের উপর ভবিষ্যতের সমুদার সামাজিক 'গবর। নির্ভর করিতেছে। ইহাতে একটা প্রকাভ সামাজিক সংগ্রাম উপস্থিত হইবে। এপ্রকার সংগ্রানে মন্ত্রধানামের গৌরব আছে। আমাদিগের সামাজিক অবস্থা কি বিচিত্র। কি অসঙ্গত! বাস্তবিক পুরুষজাতি, দ্বীজাতিরই উপর সম্পূর্ণ নির্ভর করে। পুরুষ জাতিব হ্রদয়ের রশ্মি স্ত্রীজান্তিরই হস্তে। কিন্তু সামাজিক ব্যবস্থাবলি নারীকুলকে ধ্যুন নাবালক জ্ঞান করে। অক্ষম, নামাজিক-শক্তিবিহীন, রাজকীয়-অধিকার-শুল, এমত कि, छांशांता किछूरे ना, विनात अछा कि रहा ना। किह গুহধানে ও পরিবারমঞ্জলে নারীগণের কর্তৃত্বই অধিকতর, সেথানে তাহারাই সর্বেদর্কা। কারণ, তাহারাই সন্তান সম্ভতির জননী। **তাহাদিগেরই হস্তে** পারিবারিক জভাতভ, ও স্থুথ ছঃথ সকলই নির্ভর করে। যে ব্যবস্থাবলি সেই দরলা বামাগণকে এত তুর্বল করিয়াছে, সে ব্যবস্থা-ৰলি নিতান্ত দৃষিত। নিশ্চয় তাহাদিগের সংস্কার আবশ্রক। একণে বামাজাতির সামাজিক হর্কলতা আমাদিগের স্বীকার করা উচিত, এবং সেই ছর্মলতা হইতে তাহাদিগকে রক্ষা করাও বিধেয়। প্রকৃত মামুদেব এই কণ্ডবা। এ কর্ত্তবা-সাধ্যে তাহার লাভও আছে। আমি চিরকালই বলিব যে, আপনাদিগের বিষয় একংগ বিচার্য্য এবং সেই বিচারের সিন্ধান্ত আবশ্রক। যাহা-मिलात **উপর দকল বিষয়েরই অর্দ্ধেক** ভার রহিয়াছে,

তাহাদিগকে অবশ্য সামাজিক সমস্ত অধিকারেরও অর্কভাগী করা বিধেয়। এবড় আশ্চর্য্য বে, মানব-জাতির অর্কভাগ হীনতর হইয়া রহিয়াছে। সমান অধিকার তাহাদিগকে অর্পণ করা নিতান্ত কর্ত্তর। এ যদি সম্পন্ন হয়, উনবিংশ শতাব্দীতে তাহা হইলে একটা স্থমহং অনুষ্ঠান হইয়া যাইবে। পুরুষ জাতির অধিকার যেরপে, স্ত্রীজাতিরও অধিকার তজপ প্রবলভাবে স্থরক্ষিত হয়, এবং সামাজিক ব্যবস্থাবলি যেন দেশ কাল পাত্র বিবেচনায় নিয়্মতি ও স্থনীতির অন্থামিতি হয়, এই আমার প্রার্থনা। আপনারা অনুগ্রহ পুরংসর আমার নমস্কার গ্রহণ ক্রন।"

ইরোরোপীর ইদানীন্তন বানাকুলের অবস্থা, তথাকাব সহদর জনগণের সদভিপ্রায়, সময়ের গতি এবং সামাজিক ব্যবস্থাবলিব প্রকৃতি,—এ সমস্তই এই প্রিকায় প্রতীত হইতেছে। তাহার সমগ্র পরিচয় দেওয়া আমাদিগের উদ্দেশ্য নহে। ইরোরোপে বহুকাল ধরিয়া বানাগণের হানাবস্থা জনসমাজে অবিদিত ছিল না। বৃদ্ধিমান্ ব্যক্তিমাত্রেই তাহার রহস্ত ভেন করিয়াছিলেন। কিন্তু এতকাল ধরিয়া কিসের চেপ্তা হইয়াছে গু যাহাতে সেই হানাবস্থা হইতে বামাগণ উঠিতে না পারেন, তাহারই আমুষ্ঠান করা হইয়াছে। মিল্ প্রভৃতি স্থানীগণ যে খাধানতার উচ্চরব উদ্বোধিত করিয়াছেন, তাহা সকল সহদর জনগণের হৃদ্ধে প্রতিধ্বনিত হইয়াছে। যথন অগ্রির ফ্লিঙ্গ মাত্র দেখা দিয়াছে, সে অগ্রি কথন

নির্মাপিত হইবার নহে। অনতিবিলমে সেই অগ্নি হইতে প্রমাংপত্তি হইবে। ধ্যোংপত্তির পর তাহা ক্রমশঃই প্রস্থিত হইতে থাকিবে।

সতোর জয় যদি অবওনীয়, তবে সে সভাের গতি लिटिराय करा निर्दर्शास्त्र कार्या। तम निम विनादन ্ৰজ্ঞীয় মহাসভায় বামাজাতির "অমুমতি দিবার" ক্ষতা লইয়া বে যোৱ বিত্ঞা হইয়া গিয়াছে, তাহাতে আপাততঃ স্বীজাতির পরাঙ্গর বলিতে হইবে বটে, কিও ্চোতে মহিলাগণের পক্ষ আবিও প্রেলভব প্রভাব ধারণ করিয়াছে। স্লোতঃ প্রতিক্ষার হইলে তাহা দ্বিগুণ বলে পাৰিত হয়। ইহা কাৰ্ষোর স্বাভাবিক গতি, ইহা খনিবার্য্য। এতকেশে স্ক্রীজাতির প্রস্তাব একণে উত্থাপিত করা অনেকে অসাম্যাক বলিবেন বটে, কিন্তু তংপ্রতি-বিরোধে যুত্ই আপত্তি উত্থাপিত হুইবে, তাহাতে বাম্য-তংশের পক্ষ বলস্কর করিবে এই আমাদিগের বিশাস। ্যামরা জানি আমাদিগের মত, সাধারণ মতের বিরোধী। কিন্ত সাধারণমত বহুকাল ধরিয়া একই ভাবে স্কৃত্তির হইয়া প্রিয়াছে। সেই মতের একলার সঞ্চালন আবিশ্রক। দ্ঞালন হইলে তন্মধ্যে যাহা কিছু দ্ধিত আছে, অন্যন ্দেই দ্বিত াংশ বিদ্রিত হুইবে। এক্ষণে সর্বসাধারণে এই প্রস্তাবের আন্দোলন করেন, এই আলাদের ইচ্ছা। আমরা যদি ভান্ত হই, অবশ্র আমাদিগের ভান্তি বিদ্রিত হঠার, এবং আমাদিগের পূর্ব্ধক্ষ পাষাণের উপর গ্ৰিস্থাপিত ইইবে।

সামাজিক সকল বিষয় হইতেই আমরা বামাশণকে দূরে রাখিরাছি। সাধারণ জনগণের মত ও বিশ্বাস এট যে, সমাজের সহিত নারীগণের সম্পর্ক নাই। তাহারী গুহধানে আবদা থাকিয়া গুহকার্য্যেই ব্যাপত থাকিবে। এই মতারুমারে আমাদিণের সমাজ সংগঠিত হইরাছে. রম্ণীগণকে আমরা কথ্য বাটীর বহিদ্বারে আসিতে দিই না। তাহাদিগের রক্ষার জন্ম নপ্রসাকর সৃষ্টি হইবাছে। কিন্ত এত করিয়াও কল কি ? বোধ হয় অনেকেট শুনিয়া থাকিবেন যে, এক জন রাজার নিকট কোন ও্রতর মুক্রমা উপ্তিত হুইলে, তিনি অমনি জিছাসা করিতেন-ইহার মলে কোন স্থীলোক আছেন ও সময় उटर व्यापारवत भूरत रा खीरनाक पारक, वहमभरन छ। 🖂 তই সংস্থার জনিয়াছিল। স্তীলোক নহিলে কথন কেতি ভ্যানক কাও সংঘটিত, এবং সমাজের শাতি-ভঙ্গ ২৭ না। স্বীজাতিকে নিতান্ত গোপন করিয়া রাখাই ইহাত কারণ। স্ত্রীজাতিও যদি পুরুষের স্থায় স্ক্রিয়াপী ও সক্ষপ্তানে প্রকাশ্য ভাবে গ্রমনাগ্রমন করিতে এবং নিশ্রিত হটতে পারিত, তাহা হইলে তাহারা কথন মামাজিক শান্তিভঙ্গের কারণ হইত না। পুরুষের মত তাহানিগ্রেও সামাভ জ্ঞান হইত। এক্ষণে রম্পীল্ল যেমন প্রক্ষের উপভোগ্য সামগ্রীর ভার বিবেচিত হয়, ভাইনিগেব স্থানীনতা হইলে সেরপে ঘটিবার সন্থাবনা নাই। তখন প্রয়জাতিও রম্ণীগণের স্মান স্তোগ্যরূপে প্রতীয়মান इहोद्वा उथन छन्त्री ललना श्रुप नर्गनीय शनःश

অবলাগণকে আমরা একণে যে অবস্থার স্থাপিত করিয়া রাথিয়াছি, এবং ভাহাদিগকে আমরা যে চক্রে দেথিয়া থাকি, তজ্জন্তই পৃথিবীতে নানা গণ্ডগোল উপস্থিত হইয়াছে। ইহাদিগেরই জন্ত সময়ে সময়ে পৃথিবী শোণিতপাতে ভাসিয়া গিয়াছে। কত রাজবংশ ধ্বংস হইয়াছে, এবং কত দেশ উৎসয় হইয়া গিয়াছে। ট্র ও লক্ষার ধ্বংস হইবার কারণ কি ?—স্বন্দরীর কৃপাক্টাক লাভের জন্ত। স্থবিখ্যাত "গোলাপ যুদ্ধকে" কে সঞ্জীবিত করিয়া রাথিয়াছিল ?—মার্গেরেট অব আঞ্জু। ফুণ্ডার যুদ্ধ-বটনার কারণ কি ?—ফ্রাশি রাজ্প্রাসাদে স্থানীর মন্ত্রণা ও কুহক্জাল। হোয়াইটহলে প্রথম

চার্লেদের ফাঁসি হইবার মূলে কে ছিল ?— তাঁহার রাজ্ঞী—হেনরারটা মেরিয়া। প্রকাণ্ড ফরাশি বিদ্যোহের অধিনায়কেরা কাহাকে তাহাদিগের পরম শক্ত বলিয়া তির করিয়াছিল ?—য়ন্দরী রাজ্ঞী মেরায়া এন্টনেট। সপ্তবর্ষ ধরিয়া যে প্রকাণ্ড যুদ্ধ ব্যাপারে ইয়োবোপ কবির্প্রোতে ভাসিয়া যায়, কাহার মজেয় রিপুর কারণে তাহা সম্থিত হয় ?—পঞ্চদশ লুই নূপতির বিখ্যাত বাভিচারিলী। আর আমরা দৃষ্টান্তের সংখ্যা বদ্ধিত করিতে চাঁহি না। আমরী অবলাগণকে যে ভাবে রাথিয়াছি, তাহারই ফল-ভোগ করিতেছি। সমাকে আমরা তাহাদিগকে হস্তক্ষেপ করিতে দিব না, কিছ তাহারা কেমন আমাদিগের দাসত্মূজ্ঞাল ভগ্ন কবিয়ে আমাদিগকে সমুচিত শান্তি প্রদান করিতেছে এবং অশেষ ত্রঃপ্রাগরে নিম্মা করিতেছে।

সাধীনতার সহিতই লোকের সংগ্রম ও বলর্দ্ধি হয়।
সাহস ও বলর্দ্ধির সহিত লোকের গৌরবও রুদ্ধি হয়।
এখন বিবেচা এই, কোন্সময়ে স্বাধীনতা প্রদান করা
আবশ্রক। যিনি বলেন, স্বাধীনতা দিবার সময় এখনও
উপস্থিত হয় তাই, তিনি স্বাধীনতার প্রকৃতি ও নিয়ম
অবগ্রত নহেন। অনেকে মনে করেন, অগ্রে বামাগণের
সাহস ও বল চাই, তৎপরে স্বাধীনতা প্রদান করা উচিত।
আমরা ইহার ঠিক বিপরীত মতাবলম্বী। আমরা বলি
অগ্রে স্বাধীনতা দেও, তৎপরে স্বাধীনতা ক্রমার বল্প ও
সাহস্ জন্সাধ্ধ স্কৃত্যই জনিয়া উঠিবে। স্বাধীনতাই

স্থাঞ্চনতার শিক্ষার স্থল। স্বাধীনতা থাকিলে জ্ঞান, वृक्ति, तल, माहम ও क्लुर्छि मकलई ज्ञाया। यिनि कथन না স্বাধীন হইয়াছেন, তিনি স্বাধীনতায় কতদূর বল ও সাহস আবশুক করে, কিছুই জানেন না। শিশুগণ যথন হাঁটিতে শিথে, তথন সহস্রবার নিপতিত হইয়া ক্রন্দন করিতে করিতে তবে পদগতি অভ্যাস করে। একদিনে তাহাদিগের পদন্বয়ের বলস্কার হয় না। শিশুগণের পকে হাঁটিতে শিখা যদ্রপ, স্বাধীন হইতে শিক্ষা করাও তদ্রপ। অবলাগণকে স্বাধীন হুইতে দিলে তাহারা যে প্রথমে সহস্র বার নিপতিত হইবে তাহা আমরা স্বীকার করি। কিন্তু ইহাও আমাদিগের স্থিরসিদ্ধান্ত যে, তদ্রুপ সহস্রবার নিপতিত না হইলে কথন তাহারা প্রকৃষ্টরূপে अधीन जा-लाट मगर्थ इक्टर ना, এवः प्यत्य अधीन হইতে না দিলে তাহাদিগের সম্যক ধর্মবল ও সাহস সঞ্জাত হইবে না। অনেকে মনে করেন, অগ্রে তাহা-मिशरक **मण्यु**र्गजार धर्मावरल ও माहरम वलवं कति, তৎপরে তাহাদিগের অবগুঠন বিমক্ত করিয়া দিব। তথন তাহার। সমাজে যথেচ্ছা ভ্রমণ করিতে সমর্থ হইবে। हेश मम्पूर्ण व्यमस्तर, अभन मभग कथनहे छेपछिछ इहेरव না। গৃহমধ্যে আবদ্ধা থাকিয়া বামাগণ সম্পূর্ণ ধর্মবলে বলবতী হইতে কথনই পারিবে না। বাহিরে না আসিলে তাহারা জানিতে পারিবে না, কি কি আপদ তাহাদিগকে অতিক্রম করিতে হইবে। সমাজপথে ভ্রমণ না করিলে কেছ জানিতে পারে না, সে পথে কি প্রকারে পদখলন হইবার সম্ভাবনা। পাঁচবার পদশ্বন না হইলে কেহ জানিতে পারিবে না, পথপ্র্যটনে কত সাবধানতা ও বলের আবশ্বক। তবে যদি স্ত্রীজাতির পদশ্বলনে কিছু দোষ হয়, তৎপক্ষে আমরা দরিদ্র গোল্ডিশ্বিথের বচন উদ্ধৃত করিয়া বলিব যে "কথন পতিত না হওয়া মানবের পক্ষে তত গৌরবের বিষয় নহে, কিন্তু যতবার পতিত হইবে ততবার সমুখান করাতেই তাহার গৌরব।"

এই বঁচনে যে সারতত্ত্ব নিহিত আছে, তাহাই মানবপ্রকৃতি-সঙ্গত ও মানবীয় ধর্ম। যে ধর্ম কহে—"মানব,
তুমি একেবারে নিম্পাপী হও" সে ধর্ম মানবের জন্য নহে।
তাহা মন্ত্রয় অপেক্ষা কোন উচ্চতর প্রাণীর উপবোগী
হইতে পারে বটে, কিন্তু মানুষের সহিত তাহার সম্পর্ক
নাই। যেহেতু, সে ধর্ম মানব কথন পালন করিতে
সমর্থ হইবে না। মানব-প্রকৃতি কথন একেবারে নিম্পাপী
হইবার নহে। মানব সহস্রবার পাপে পতিত হয়, সহস্রবার পাপ হইতে উথিত হয়। যে না উঠিতে পারে
তাহারই অধর্ম। ধর্মের এই প্রকার ভাব জানিয়া
শুনিয়াও আমরা অবলা স্ত্রীকাতির প্রতি বড় কঠিনতর
নিয়ম নির্দেশ করিয়াছি। তাহাদিগকে মামরা একেবারে
নিম্পাপী ও নিক্ষলক্ষ চাই। কি বিষয়ে ?—সতীত্ব,বিষয়ে।
তবে আমরা সতীত্ব কাহাকে বলি তাহাই এক্ষণে বিচার্য্য
হইতেছে।

আমরা সতীত্ব ধর্মের প্রস্তাব গ্রহণ করিয়া স্ত্রীজাতীয়

সাধীনতার কথার অবতারণ করিয়াছি। কারণ, বন্ধিশীল প্রাণী মাত্রেরই ধ্যানৈতিক অবস্থা বিবেচনা করিতে হইলে তাহার কত্রর স্বাধীনতা আছে, তাহা অগত্যা বিচায্য হইয়া পড়ে; যেহেতু, স্বাধীনকৰ্ত্ত্ব নহিলে ধর্মাধর্ম সন্থা-বিত হইতে পারে না। আমাদিগের বামাগণের এক্সকার কর্ত্ত আছে কি না, তাহাই বিচার করা আমাদিগের অভিপ্রেত। এই নিমিত্ত এই বিষয়ে আমরা বামাজাতির সাধীনতার পক্ষ সমর্থন করিতে উদ্যুত হইয়াছি। অত্যাগ্র বিষয় বিবেচনা করিতে হইলেও সাধারণতঃ স্ত্রীস্বাধীনতা হইতে কোন প্রকার সামাজিক অনিষ্ঠাপাতের সন্তাবনা নাই, ইহাও আমাদিপের শংস্কার। আমরা তির্ভিতে বিবেচনা করিয়া দেখিয়াছিঃ স্ত্রীজাতির স্বাধানতা প্রদান করা সর্বাথা কর্ত্তবা। প্রদান করা ?—কে প্রদান করিবে? আমরা কি প্রদান বা গ্রহণ করিবার কর্ত্তা ৪ তবে যে আমরা তাহাদিগের স্বাধীনতা হরণ করিয়াছি, তাহা কেবল বলেও কৌশলে। স্বাধীনতা বৃদ্ধিজীবী প্রাণী মাত্রেরই স্বাভাবিক ভাব ও সম্পত্তি। ক্রেণা বলিয়াছেন, মানব সাধীন হইয়াই জন্মগ্রহণ করে। তিনি একথা প্রতিপন্নও করিয়াছেন। তবে যে প্রকৃতির অয়গা প্রবলতা ও প্রতাপ সুশাসন করা কর্ত্তব্য, তাহা আমরা স্বীকার ক্লরি। কিন্তু প্রকৃতিকে স্থশাসনে রাখিতে হইলে, তাহাটিক যে একেবারে বিনষ্ট করা কর্ত্তব্য, এ কথা আমরা স্বীকার করি না। প্রকৃতির স্থশাসন ও বিনাশন এ তুই মতত্র কথা। প্রকৃতির স্থশাসন স্বাভাবিক, প্রকৃতির

বিনাশন অস্বাভাবিক। স্বাধীনতা-সমুৎপন্ন যথেচ্ছাচারি-তার স্থাসন করা স্বাভাবিক, স্বাধীনতার বিনাশন অধীনতা-अञ्चालिक। यावजीय श्रावीन প্রাণী বে সর্বাদা স্বাধীনতা রক্ষা করিতে সমর্থ হইবে, অথবা তাহা স্থাসনে রাখিবে ইহা সম্ভাবিত নহে বটে, কিছু তা বলিয়া অপর কাহারও যে ভাহা অপহরণ করার অধিকার আছে. ইহা আমরা স্বীকার করি না। সে যাহা হউক, স্ত্রীজাতির স্বাধীনতার প্রস্তাব আন্দোলন করিতে হইলে যে এক-থানি বৃহৎ প্রন্তেও তাহার সমাপ্তি হয় না তাহা বলা অনাবগুক। এই স্বাধীনতার বিপক্ষে সমগ্র পুরুষজাতি বৈর সাধন করিতেছেন। ইহার প্রসঙ্গ উত্থাপিত না হইতে হইতে অমনি সমগ্র পুরুষজাতি উচ্চরবে গজাহস্ত হইলা উঠেন। কতই গুরুতর ও সামার পূর্বপক উত্থাপিত করিতে থাকেন। কিন্তু দেখিতে গেলে, কোন আপত্তিরই সারবত্তা নাই; সকল আপত্তিরই মূলে স্বার্থ-প্রতাকে প্রজন্ন দেখা যায়। আজি প্রয়ন্ত কতশত পুর্দ্মপক্ষ উত্থাপিত হইয়াছে, এবং ভবিষ্যতে যে কতশভ কটপক উত্থাপিত হইবে তাহারও গণনা নাই। এই সমস্ত পূর্ব্বপঞ্চের থণ্ডন করা একটা স্বতম্ব প্রস্তাব বলিয়া আমরা তাহা হইতে একণে বিরত হইলাম। উপস্থিত বিষয় বিচার করা একণে আবশুক ইইতেতে।

আমরা সচরাচর সীতা, সাবিত্রী, শকুন্তলা প্রস্তৃতি নারীগণকে সতীত্ব ধর্মের আদর্শ বলিয়া নির্দ্দেশ করিয়া থাকি। কি কি গুণে তাঁহারা সেই মহৎ নামের অধি- কর্মরিণী হইরাছেন তাহার আলোচনা করিলেই প্রতীত হইবে, আনাদিগের সতীত্বের ভাব কি প্রকার। প্রথমতঃ আনরা দেবিতে পাই বে, ইইারা সকলেই প্রম পতি-প্রারণা ছিলেন। অতএব পাতিব্রত্য-ধর্ম যে সতীত্ব প্রেমর অভ্যতর অঙ্গ, তাহার আর সংশয় নাই। এজনে দেশা বাউক, আনাদিগের পাতিব্রত্য-ধ্যেমর ভাব কি প্রকার।

পরিণয় সংস্থারে আবদ্ধ হইলে, স্বামীর প্রতি কলত্রের নে প্রকাব অন্তবাগ হওবা উচিত এবং তজ্জনিত যে সমস্ত ক হব্য কার্য্য বিধেয় হয়, আমাদিগের পাতিব্রত্য ধন্মে ত্রপেকা অধিকতর অনুসাগ ও অব্থা কর্ত্রসাপনের অবিশ্যক। আমাদিগের শাস্ত্রে কহে পতিই, পত্নীর পার্থিব দেবতা। অতি শৈশবকাল হইতে আমাদিগের বামাগণ এই পাতিব্রত্য-ধর্মে দীক্ষিত হন। শুধ দীক্ষিত নন, পিত্রালয়ে বালিকাবস্থা হইতে মাতৃ-पृष्ठी छ हेरात जापन (पृथित्व शास्त्र । प्रसंद्रार ও দর্মজনের মুখেই এই ধর্ম্মের শিক্ষা প্রাপ্ত হইতে থাকেন। প্রতিবেশিনীগণও ইহাই শিকা দেন। ভাঁচারা শিক্ষা দেন :--তাঁহাদিগের স্থামীর কতদূর প্রভৃত্ব; সেই স্থানীর অনুবাগভাগিনী হইবার জন্ত, তাঁহারা কতই মত্ন ও ক্লেশ স্বীকার করেন, এবং কত কন্ত্র স্বীকার করিয়াও সয় ত কেহ কেহ কতার্থ হইতে পারেন না। তাঁহারা শিক্ষা দেন, পতিই সকলের একমাত্র গতি। যথন কোন শিক্ষা ष्पात्रष्ठ इस नारे, यथन कान भानतिक वृद्धित क्षा हि रूप

ন ট, বধন সমদাৰ জ্ঞান সংস্কারমাত্র, যথন সংস্কার প্ৰণ দ্য়াত না হইতে হইতে হনুৱে বন্ধন হইলা যায়, কিছুই বিচারস্থানীয় হয় না,—সেই জ্ঞানবিরহিত শৈশব-কলি হইতে বালিকারা অহরহঃ পতিপরায়ণতায় পরা-বাষ্ঠা দৰ্বত্ৰ দেদীপ্ৰমান দেখিতে থাকে। দেখে পতি-বিবৃত্তি কত অবলার যন্ত্রণার আর ইয়ন্তা নাই। তংগক্ষে ভিজা পারে, পতি কামিনীকুলের কি অমল্যাধন : গাছীব জীবন বিনিময়েও সে ধনের মৃল্য হয় না ৷ কেলে কাত বিরহ-বিধুরা পত্নী শোকাত্তরা হইয়া দিনযাগিনী অৰু বিমোচন করিতেছে। দেখে, পতি নিতাত নিজ্য হই তে খ পরী নিরতিশয় যত্নের সহিত তাঁহার ভশ্লবায় প্রবঙ আছেন এবং দিবারাত্র চেষ্টা করিতেছেন, কি প্রকারে তাহার সম্ভোষ উৎপাদন করিতে পারিবেন। পতি আত্র ও অক্ষ, মূর্থ ও কোপনসভাব, নির্ফোধ ও शानामक, धवः शहम इस् छ इडेन, वालिका (मर्टर, তথাপি সেই পতি গৃহে আসিলে স্ত্রীর নিক্ট তাঁহাব সমানুষের পরিসীমা নাই। পতি হাসিলে পত্নীকে হাসিতে इटेरव: कॅानिस्न, कॅानिस्ट इटेरव। পञ्जीत প্রতি পতি ্যে প্রকার বাক্য প্রয়োগ করন না কেন, পত্নীকে অতি সাবধানে এরূপ উত্তর দিতে হুইবে, যেন কোন মতে আর্যাপুত্রের অসম্ভোষ না জন্মায়। পতি কথন কি আদেশ করেন, পত্নীকে তজ্জন্ম সহস্র কার্য্য পরিত্যাগ করিয়া, পতির অনুগামিনী হইয়া সেই আদেশ বিহন করিতে হইবে। পতি যদি ছর্কাক্য প্রয়োগ করেন অথবা প্রহার

করেন, নিরীহ নেবের ন্যাম পত্নীকে তাহা সহ্ করিয়া থাকিতে হইবে। পতির প্রতি ছ্র্রাক্য প্রয়োগ করা অথবা কোন প্রকার ছর্র্য্যবহার করা পত্নীর পক্ষে নিতান্ত নিন্দনীয় ও গুরুতর পাতক। পতিপরায়ণতার এই প্রকার দৃষ্টান্ত বালিকা চারিদিকেই দেখিতে থাকেন। নিরক্ষরা বালিকা সেই তরুণ বয়সে আর কিছুরই শিক্ষা পান না। তাহার হৃদয়ে পাতিত্রত্য-ধর্ম যেমন বন্ধমূল হইয়া যায় এমত আর কিছুই নহে। আশৈশব তাহার এই সংকার জন্মায় যে, পতিই স্ত্রীর সর্ব্বেশন, সে ধন বিরহিত হইয়া জীবন ধারশ করা বিজ্বনা মাত্র, সে ধন লাতের জন্ম প্রাণ পর্যান্ত বিস্কান দেওয়া অনাবশ্রক নহে।

বালিকার এই সংফার এতদ্র বদ্ধন্ল হইয়া যায় য়ে, 'ইহা ক্রমশঃ রিপুর আকারে পরিণত হয়। বাস্তবিক পতির প্রতি অনুরাগ, বঙ্গবামার হৃদয়ে এক প্রকার অন্ধ রিপুর কার্য্য করে। এই অন্ধ রিপুর বশবর্তিনী হইয়া সাবিত্রী মৃতপতির অনুবর্তিনী হইয়াছিলেন। নহিলে কিছুদিনের মধ্যে সত্যবানের প্রতি সাবিত্রীর তত প্রগাঢ় অনুরাগ জন্মিবার সন্তাবনা ছিল না। সীতাকে বরং একদা প্রণমান্থরোধে পতি সঙ্গে বনগানিনী হইতে দেখিলে আমরা তাহা সন্তাবিত জ্ঞান করি, কিন্তু সত্যবানের প্রতি সাবিত্রীর অনুরাগ কথন সন্তাবিত বোধ হয় না। অতএব সাবিত্রীর পতিপরাবণতাকে আমরা একটা অন্ধ রিপুর কার্য্য ভিন্ন আর কিছুই বলিতে

পারি না। সে পতিপরারণতার মহত্ব আছে বটে, জিন্ত তাহার কতদূর ধর্মনৈতিক গৌরব আছে, তাহা ঠিক নির্ণয় করা স্কঠিন। আমাদিগের অনুমান এই, এবম্বিধ পতিপরারণতার শিক্ষা দিবার জন্তই কৃষ্ণদৈপায়ন সাবিত্রীর উপক্থার সৃষ্টি করিয়াছেন।

এক দিকে ভার্যা। এইরূপ উপদিষ্ট হইয়া যেমন পতির নিতান্ত আমুগত্য প্রকাশ করেন, পতিও তেমনি আপনাকে ভার্য্যার সম্পূর্ণ প্রভু জানিয়া তাহার উপর একাধিপত্য বিস্তার করিতে থাকেন। আমাদিগের এমনি সামাজিক ও পারিবারিক ব্যবস্থা যে, স্ত্রীকে যত অবজ্ঞা করন ক্ষতি নাই, কিন্তু স্বামীর কথা ভার্য্যাকে অবশু শুনিতে ও মানিতে হইবে। স্বামী ক্লরেত্র इहेरन अ खीत कथा श्वनिर्वन ना, भन्नी छाहात अपः পরামর্শের অধীন হইয়া চলিতে বাধা.—স্থামীর মনে এতদূর প্রভুত্বের ভাব থাকা নিতান্ত দৃষণীয় বলিয়া অবশু স্বীকার করিতে হইবে। এই প্রভুত্বের ভাব এতদুর প্রবন যে, গৃহে প্রবেশ মাত্র তাঁহার মনে সেই ভাবজনিত দম্ভ উপস্থিত হয়। তথন বোধ হয় তিনি যেন একটা বিশাল রাজ্যের রাজা, অমনি তাঁহার মেজাজ রুক্স হয়, ভাষা কর্কশ ও স্বর গম্ভীর হইয়া উঠে। তাঁহার বাহিরের ভাব গৃহে আসিয়া সমুদায় পরিবর্ত্তিত হইয়া যায়। স্ত্রীর প্রতি পতি হাজার নিষ্ঠ্রাচরণ করুন, কেহ দৃষিবে না; কিন্তু माधु वावश्व कवित्व अत्मद्भ देखन विवय। निका ७ উপহাস করিবে। পরস্পরের এইরূপ মনের ভাব যে

ক্ত অনিষ্টের কারণ ইইয়াছে, তাহা অনেকে জানেন না।
জানিলেও পুরুষজাতি প্রভুত্ব ছাড়িতে রাজি নহেন।
যাহার কোন থানে প্রভুত্ব নাই, গৃহে সাসিয়া কণকালের
জন্মও তিনি প্রভুত্বইয়া মনের ইছ্ছা পরিভুত্ত করেন, ও
মনের ক্ষোভ নিবারণ করেন। এমন বিনা মূল্যের
একাধিপত্য কে পরিত্যাগ করিতে স্বীক্ত হইবে ?

জীজাতির প্রতি আমাদিগের এই প্রকার অসমুচিত ব্রেহার সক্ষাত্র বিদ্যমান দেখা যার। জীজাতি আমাদিগের উপর সম্পূর্ণ নির্ভর করে ও নিতান্ত অধীনতা প্রকাশ করিয়া থাকে। এই প্রকার অধীনতা পাতিরত্য ধর্মের পরিচয় বলিয়া গ্রহণ করা হয়। সামাজিক অবস্থানিতকে আমাদিগের বামাগণ যে অধীনতা প্রকাশ করিয়া থাকে, যে অনুবাধ বাহিরে দেখাইতে থাকে, প্রত্ত্বপর্কান্ধ প্রব্রজাতি তাহাই পরম পরিশুদ্ধ পাতিরতা ধর্মের নিদর্শন বলিয়া গ্রহণ করিয়া থাকেন, কিন্তু আমাদিগের বামাগণকে পতিরতা বলিবার অগ্রে বিবেচনা করা উচিত, তাহাদিগের সেই পতিপরায়ণ্ডা কতদূর বিশুদ্ধ, কাতদূর সামাজিক অবস্থার অবশ্রন্থাবী কল, কতদূর প্রকৃত প্রেমান্থরাগের পরিচয়।

লোকে বলে স্ত্ৰীজাতি স্বভাৰতঃ ত্ৰ্বলা, তাহাৱা সাধীনভাগে চলিতে সম্থা নহে। তাহাৱা বাহিৱে কিছু ত্ৰাল বটে, কিন্তু আমৱা যত ত্ৰ্বলা বলি, তাহাৱা স্বভাৰতঃ যে তত ত্ৰ্বলা নয়, তাহা বলা বাছল্য মাত্ৰ। সানেক প্ৰিমাণে আমৱা তাহাদিগকে ত্ৰ্বলা কৰিয়াছি, অভ্যাপ ও অজ্ঞতা তাহাদিগকে গুরুলা করিয়াছে, দেশের আচার ব্যবহার তাহাদিগকে তুম্মলা ও অবৈধ পরিমাণে পরাধীন করিকছে। এক্ষণে স্ত্রীজাতি বেরূপ ছুর্নলা হুইয়া প্রতিয়াছে, তাহাতে আমাদিগের উপর তাহাদিগের নির্ভর করা সমূচিত বটে, কিন্তু তা বলিয়া কি প্রাদির ভাষ তাহাদিগকে আমাদিগের সেবায় নিয়োজিত করা কর্তব্য ? আমরা কি নীচ, যে ছকলের উপর পীড়ন করি। আমরা কি মনে করিয়াছি, আমাদিগের এই নীচভাব চিরকাল স্তর্জিত থাকিবে । পৃথিবীতে কি সাধুভাবের উদর হইবে না? সংসাররূপ কারাগারে আবদ্ধ করিয়া আমরা স্ত্রীজাতির উপর নিপীড়ন করিব, ইহা কোন ধৰ্মো ও শাস্ত্ৰে উক্ত হইয়াছে ? স্ত্ৰীজাতিকে আমরা অজ্ঞ করিয়া রাথিয়াছি, তাহাদিগের জ্ঞানচক্ত অন্ধ করিয়া দিয়াভি। তাহাদিগের বিষয়বিজ্ঞতা ও পাথিববিজ্ঞতা জন্মাইবার শক্তি আমরা হরণ করিবাছি। সাংসারিক কোন কার্য্যে তাহারা একটু অসাবধান হটন, काम अवक्य कतिन, आमानिधात अकी आहन। শুনিতে বিলম্ব করিল, অমনি আমবা প্রাথত হই। এইরূপে আমরা ভাহাদিগের ভীক্তা প্রবল কবিষা भियाणि, ध्वर (महे जीलाठात स्वितिश गरेवा धार्क। আমাদিগের প্রতি তাহাদিগের কোন কথা বলিতে সাহস হয় না, বলিলে তৎকণাৎ তিরস্কৃত ও দণ্ডিত হয়, সূতরাং নিক্লায় স্বীজাতি ব্ৰীভূত না থাকিয়া কি করিবে ?

মালুৰ, সামাজিক অবহার দাব। তাহতে আাবে

আমাদিগের অবলাগণের কোন শক্তি নাই। নির্ফুরা ও বিবেচনাহীনা হইয়া তাহারা আপনাদিগের অবস্থাও সম্যকরপে ব্রিতে পারে না। যথন বিভান্ত নিপীডিত रुत, यथन निर्मन्न श्रुक्षकां जित्र कर्छात्र वात्रहारत एनर জর্জারিত হয়, তথন একবার শিরে করায়াত করিয়া আপনাদিগকে হতভাগিনী বলিয়া চীৎকার করিয়া উঠে। किन्छ ভাহাদিগের সেই আৰ্ক্সাদ পর্যান্তই সকলি শেষ। তাহার অতীত আর কোন উপায় নাই। তাহাদিগের এমত জ্ঞান নাই যে. পতিবশ্বর্ত্তিতার সীমা কোথার, এবং স্ত্রীকর্ত্তব্যের সহিত দাসীষ্ক্রের প্রভেদ কোথায়, তাহা বিচার করিয়া লয়। পতি জাহাদিগকে যত দূর অধীনে আনিতে চান, তাহারা তত্ত্বর বশবর্ত্তিনী হইয়া থাকে। শৈশবলন পাতিব্রতাধন্মীয় সংস্কারের বশবর্ত্তিনী হইয়া তাহারা সামীকে দেবতুলা জ্ঞানে পূজা করে, পতির সহস্র দোষসত্ত্বেও ডাহাদিগের দেবভক্তি অপনীত হইবাব নহে। যে ব্ৰতে স্বামীর পূজা আদিষ্ট আছে, দেই ব্ৰতই मर्ख अथान विनया शहर करत, अवः मर्खिविधारय श्रामीत সম্পূর্ণ দাসী হইয়া মন্ত্রয়পূজার একশেষ প্রকাশ করিতে গাকে 1

বে পাতিব্রতাধর্মে এই প্রকার মন্থ্যপূজা নিয়োজিত আছে, সেই পাতিব্রত্য কতদ্র ধর্মসঙ্গত তাহা অনায়াসেই উপলব্ধি হইতে পারে। কিন্তু আমাদিগের স্ত্রীজাতির কি গভীর জ্ঞানান্ধতা! তাহারা জ্ঞানে না বে, যাহাকে তাহারা সর্কোংকৃষ্ট ধর্ম বলিয়া অবলম্বন করিয়াছে,

তাহা বাস্তবিক ধর্ম নহে, তাহা ঘোর অধর্ম, তাহা মহুষ্যপূজা।

আমাদিগের বামাগণের পাতিব্রত্যধর্মের প্রকৃতি কি, তাহা আমরা বোধ হয় কিয়ৎপরিমাণে নির্দেশ করিয়াছি। আমরা দেখাইয়াছি, এইধর্ম কতদূর কর্ত্তব্যজ্ঞানে শাসিত ও নিয়মিত হয়, এবং পতির প্রতি যৎপরোনাস্তি অমুরাগ ও পতির পূজা কেমন বামাগণের সামাজিক অবস্থার ফল। আমরা প্রদর্শন করিয়াছি যে, এই ধর্ম তাহাদিগের (कामन क्रमरत्र (यन तिश्वर कार्या करत्। छाङाङ। সেছামত পুরুষজাতির নিতান্ত বশবর্ত্তিনী হইয়াছে বটে, কিন্তু তাহাদিগের স্বাধীন ইচ্ছা অবস্থাগতিকে কেমন অধীনতায় বিনত হইয়াছে। দেশের আচারব্যবহারের বশবর্ত্তিতা, আশৈশব অভ্যাদ, সামাজিক দৃষ্টান্ত ও মৃঢতার প্রভাব তাহাদিগের ইচ্ছাকে এতদর বিনত করিয়াছে যে, তাহাদিগের সেই দাসীম্ব যেন স্বাভাবিক ও পশুসংস্কারবৎ হইয়া পডিয়াছে। সেই দাদীত্বে বৃদ্ধিনীল ও স্বাধীনপ্রাণীর স্বাভিপ্রেত বশবর্ত্তিতা, অথবা নির্ভর-ভাবের কিছুই নাই। তাহাতে যেন জড়পদার্থের নমনীয়তা প্রতীয়মান হয়। তাহাদিগের পতিপ্রায়ণত। ও পতির প্রতি অনুরাগ স্থির কর্ত্তব্য জ্ঞান হইতে সমুখিত **ছইতে পারে না।** পুর্নো **প্রকৃতিকে অস্বা**ভাবিক করিয়া ইহা তাহাতে পশু-সংস্থারবৎ বদ্ধমূল করিয়া • দেওমা হইয়াছে, স্কুতরাং ইহা তাহাদিণের ক্রদয়ে পশু-সংস্থারবং সতঃই সমুদিত হয়। ইহা পত্তর অমুরাগ, জড়সদয়ের অনুবাগ। ইহা সাধীনভাবে উথিত হয় না।
ইহান্থ্যপ্রাগতিকে নিয়োজিত হয়। ইহা নদীর স্বাভাবিক স্বোত নহে, ইহা বাত্যাতাড়িত তরঙ্গ। ইহাতে স্বাধীন ও কর্ত্তব্যক্তানের সম্পর্ক নাই। স্বাধীন ইচ্ছা ও কর্ত্তব্যক্তানের কার্য্যবিরহিত হওয়াতে ইহার কতদূর ধর্মনৈতিক মূল্য, তাহা অনায়াসেই অনুমিত হইতে পারে।

সীতা এবং সাবিত্রীর **চ**রিত্রে আমরা যে কেবল পাতিব্রভাধমের পরাকাল কেথিতে পাই এমত নহে। তাঁহারা আরও শিক্ষা দেন, শতী নামের যোগ্যা হইতে হইলে, একমাত্র পতি ভিন্ন অন্ত পুরুষদংদর্গ পরিত্যাগ করা নিতান্ত প্রয়োজনীয়। স্কতীত ধর্মের ইহাই স্বপ্রধান ও প্রথম লক্ষ্ব। এ গুণ ক্ষাহার নাই, স্মন্ত সহস্র গুণ থাকিলেও তিনি সতী বলিয়া গণনীয় হন না। একমাত্র পতি ভিন্ন অন্ত পুরুষের সংস্থা করা এতদেশে ব্যভিচার বলিয়া অভিহিত হয়। এই ব্যভিচার দোষ পরিবর্জন করাই সতীত্বধর্ম। লোকসমাজে ইহা ধর্ম নামে অভিহিত হইয়াছে বটে, কিন্তু বাস্তবিক ইহাতে কতদুর ধর্ম ভাব বিদ্যমান আছে, তাহা একবার পরীক্ষা করা কর্ত্তবা। আমরা জানি, এই পরীক্ষায় আমাদিগের অভিপ্রায় সাধারণ জনগণের চিরপোষিত বদ্ধমূল সংস্থারের বিরোধী হইবে, এবং তজ্জন্ত আমরা হয় ত তাঁহাদিগের নীতরাগের ভাজন হইব; কিন্তু তা বলিয়া কি করিব ? আমরা যাহা সত্য বলিয়া স্থির করিয়াছি, তাহার অপ-লাপ করা আমাদিগের কথনই অভিপ্রেত হইতে পারে না।

मीर्जापनी (य मजीय धरमाँ त आपमाँ (पन, माविजी-প্রদত্ত আদর্শ হইতে তাহা বিভিন্ন। পতির সহিত সীতাদেবী বহুকাল সহবাস করিয়াছিলেন। রঘুকুল-তিলক রামচন্দ্র বহুগুণাধার ছিলেন বলিয়া সীতাদেবীর নিতান্ত মনোহরণ করিয়াছিলেন। তুরু তি রাবণ তাঁহাকে বলপূর্মক হরণ করিয়াছিল। এমত স্থলে সীতাদেবীর মন স্বভাবতঃ রামচন্দ্রের দিকেই আরুষ্ট ও রাবণের দিকে বীতরাগ হইবার সম্পূর্ণ সম্ভাবনা। সাবিত্রীর দৃষ্টান্তে এরপ ঘটে নাই। সাবিত্রী বড পতিসংসর্গ করেন নাই। সত্যবানের গুণেও সাবিত্রীর বণীভূত হইবার কারণ ছিল না। সাবিত্রীর হৃদয়ে পতির প্রতি আন্তরিক অমুরাগ ও প্রণয় জন্মিবার কোন কারণ ছিল না। সত্যবান আবার জীবিত ছিলেন না। তথাপি সতাবানের জন্য সাবিত্রীকে লালায়িত হইতে হইয়াছিল। তথাপি সত্যবান ভিন্ন আর কেহই তাঁহার প্রণয়ভাজন হইবার যে। নাই। আমাদিগের অনেক বালিকা-বিধবা কথন পতিদংদর্গ করে নাই। প্রণয় কিরূপ তাহারা হয় ত তাহার আস্বাদও প্রাপ্ত হয় নাই। অথচ তাহাদিগকে চিরদিন সতী থাকিতে হইবে এবং যাহাকে স্বপ্নেও মনে পড়ে না, সেই পতির জন্ম চিরজীবন শোকার্ভ হইরা থাকিতে হইবে। প্রকৃতি যাহা করিতে স্থাত নহে, তাহা তাহাদিগের অবশ্র করিতে হইবে। প্রকৃতি यिन ना कारन, अवश कानाहरू इहरव। अक्री यिन পুক্ষসংদৰ্গ ব্যতীত না থাকিতে পারে, তাহাকে রগ

করাও শের, তথাপি অন্য পতি গ্রহণ করা শ্রের নহে। অন্তা পতি গ্রহণ করা, আর ব্যভিচারিণী হওয়া, সমান কগা। সাবিত্রীর চরিত্রে এই সতীত্বের আদর্শ। সাবিত্রীকে বরং কবি বহুকালের পর সত্যবানে সহিত সন্মিলিত করিয়া দিয়া তদীয় সতীত্ব ধর্ম প্রকৃতি-সঙ্গত ও স্থারক্ষিত করিয়াছেন, কিন্তু বঙ্গীয় বালিকা বিধবার সে আশাও নাই। তাহাকে আজীবন পুরুষ সংসর্গ-বিরহিতা হইয়া সতী নাম ক্রয় করিতে হইবে। অতএব পতি জীবিত থাকিতে যেমন অন্ত-পুরুষ-সংসর্গ পরিবর্জন করা আবশ্রক, সঃসর্গের পূর্বের স্বামী সংস্থিত হইলেও তদ্ধপ পবিত্র থাকা সভীত ধন্মের লক্ষণ। আবার শকুন্তলার দৃষ্টান্তে আমরা দেখিতে পাই যে, যে পুরুষের সহিত একবার সংসর্গ হয়, ভিনিই রমণীর পতি এবং সেই পতি স্ত্রী বলিয়া গ্রহণ করুন আর নাই করুন, অন্তবে পতিতে বরণ করা নিষিদ্ধ, এবং অন্ত পুরুষের সংস্ পরিহার করা নিতান্ত আবশ্রক। চির্দিন কেন জীবিং পতির সহিত বিচ্ছেদ ঘটুক না, চিরদিন কেন তৎসহবাস হইতে বিরহিত থাকুক না, তথাপি অপ্রপুরুষ বঙ্গবামার গ্রহণীয় নছে। অপর পুরুষের সহিত প্রণয় করা, অথবা পুনরার পরিণয়ে আবদ্ধ হওয়া, সামাজিক নিয়ম-বিকৃদ্ধ। এই প্রকার সতীত্বধন্ম কতদূর মানব প্রকৃতি-সঙ্গত তাহা व्यनाशार्मरे व्यक्षभिक रहेरक शारत। धवस्थकात भव সাধন করিতে হইলে যে, প্রাক্তিক নিয়ম লঙ্গন করিতে इय, তাহা অনামাদেই প্রদর্শন করা যাইতে পারে

আমাদিগের সহবোগী, "বিবাহ ও পুত্রস্থ বিষয়ে মন্ত্র মত" নামক গ্রন্থের স্থবিজ্ঞ সমালোচক, যোগেক্র বাবৃ, উক্ত সতীত্বধমের পাপময় ফলাফল প্রদর্শন করিয়া প্রতিপন্ন করিয়াছেন যে, তাহা বাস্তবিক ধর্ম নহে, তাহাকে অবগ্র অধর্ম বিলিয়া অভিহিত করিতে হইবে। অথচ বঙ্গবামাকে এই ধর্মের বশবর্ত্তিনী থাকিতে হইবে; এবং বাস্তবিক বাহা অধর্ম তাহা ধর্ম স্থরূপ জ্ঞান করিয়া তদন্বর্ত্তনে ধর্ম শীলা বলিয়া তাঁহাকে থ্যাতিলাভ করিতে হইবে। নহিলে জন-সমাজ তাঁহাকে গ্রহণ করিবে না। আহা! বঙ্গবামার ধর্ম নৈতিক অবস্থা কি ভয়য়র, কি শোচনীয়! কত দিনে তিনি এই অবস্থা হইতে মুক্ত হইবেন, কে বলিতে পারে ?

বামাগণের পক্ষে সতীত্বধর্মের নিয়ম এত কঠিন বটে, কিন্তু আশ্চর্যের বিষয় এই যে, বঙ্গীয় সমাজে পুরুষজাতির পক্ষে সেই একই নিয়ম কেমন শিথিল। এক ধর্ম বিভিন্ন জাতির প্রতি প্রযুক্ত হইলে তাহার যে এত বৈপরীত্য ঘটে, এ বড় বিচিত্র কথা। জাতিবিশেবে একই ধর্মের নিয়ম যে বছবিধ হইবে, ইহা ধর্মের প্রকৃতিগত নহে। যাহা ধর্মে, তাহার বিপরীত অবশ্র অধর্ম। খেত কথন রুম্ভ হইতে পারে না, রুম্ভ কথন খেত হইতে পারে না। কিন্তু আমাদিগের বঙ্গীয় সমাজে, তাহা সঙ্গত। পুরুষের পক্ষে যাহা শ্রার ও ধর্ম্মান্ত, স্ত্রীর পক্ষে তাহা ঘোর অর্থম্ম। স্ত্রীজাতির মধ্যে একাধিক বিবাহ অসিক, অথচ পুরুষের মধ্যে তাহা বিলক্ষণ প্রচলিত

আছে। বহুবিবাহ यनि পুরুষের পক্ষে ধর্মবৈধ হয়. স্ত্রীজাতির পক্ষে তাহার বিপরীত হইবে কেন, আমরা স্থলবৃদ্ধিতে বুঝিতে পারি না। আবার আমাদিগের বিবাহদংস্কারের ধর্মাবন্ধন প্র্যালোচনা করিলে অধিকতর আশ্চর্যা হইতে হয়। এক বিবাহে বরক্তা উভয়েই ধর্মপ্রতিজ্ঞার আবদ্ধ হইলেন। স্ত্রীকে চিরজীবনের জন্য সেই প্রতিজ্ঞা পালন করিছে হইবে। স্ত্রী আর দ্বিতীয় পুরুষের পাণিপ্রহণে ধর্মতঃ সমর্থানহে। কিন্তু পুরুষ-জাতি আবার অন্ত রম্পার পাণিপীতনে ধর্মতঃ সমর্থ। সামী, দ্বিতীয় অথবা তত্ত্রীয়বার দার পরিগ্রহ করিয়া অনায়াদে প্রথম পরিণয়ের সম্দায় প্রতিজ্ঞা ভঙ্গ করিতে সমর্থ হয়েন: স্ত্রীকে পরিত্যক্ষ্যা করিয়াও রাখিতে পারেন, তাহাকে যথেচ্ছা হতাদর করিতে পারেন। স্ত্রী কিন্ত সেরূপ করিতে পারেন **না। স্বা**মী অনায়াদে সহ ধর্মিণীকে পরিত্যাগ করিয়া অপর ভার্য্যার সহিত প্রথয়স্থতে আবদ্ধ হইলেন। স্থামী অনায়াদে প্রথম পরিণয়ের সমুদায় প্রতিজ্ঞা ভঙ্গ করিলেন, কিন্তু স্ত্রীর পক্ষে এ নিয়ম শাস্ত্রদঙ্গত নহে। স্ত্রীকে পরিণয়েব সম্দায় প্রতিজ্ঞা পালন করিতে হইবে। একজনের পকে যে বিবাহের বন্ধম অলজ্যনীয় এবং যে প্রতিজ্ঞা পালনীয় অনা জনের পকে তাহা নহে। পতির সম্বন্ধে বিবাহের নিয়ম পরিবর্ত্তিত হইতে পারিবে, কিন্তু স্ত্রীর मश्रतक नरह। एवं निवारहत और लोकात सिधिल भया-নৈতিক বন্ধন, তাহাকে কি বাস্তবিক বিবাহ বলা যায়।

যে বিবাহ এক পক্ষে প্রপাতী, যে প্রতিজ্ঞা ও বিয়ন ছজনের মধ্যে অন্যতরের প্রফে কেবল প্রযুক্ত হইবে, সে বিবাহ এবং সে প্রতিজ্ঞা কতদূর ধ্যাবল, তাহা অনা-য়াসেই উপলব্ধ হইতে পালে। যে ধর্ম্মণস্কার একপক্ষে ভঙ্গপ্রবণ, তাহা অন্য পঞ্চে কেন স্কুদ্য-বন্ধন হইবে, তাহা বুঝা যায় না। কিন্তু প্রুপাতী পুরুষের নিকট সকলি সম্ভব, ধম্মের নিকট নহে। ধ্যা কহিবে বে, যাহা ধর্ম্মতঃ ভঙ্গপ্রবণ তাহা কথন আবার ধর্মতঃ দ্ববন্ধন হইতে পারে না। অতএব পুরুষের পক্ষ ইতে দেখিতে গেলেও আমা-দিণের বিবাহ পদ্ধতির কিছুই ধর্মবন্ধন উপলব্ধ হয় না। কারণ যাহা শর্মতঃ শিথিল, তাহা ধর্মতঃ অচ্ছেদ্য হইতে পারে না। যে বিবাহের কিছু ধর্মনৈতিক বন্ধন নাই সে বিবাহকে কোনমতে ধ্রম-বিবাহ বলা যাইতে পারে না, এবং তাহাতে দম্পতীর অন্যতর কেহই ধর্মতঃ আবদ্ধ নহে। কিন্তু হার। এই বিবাহের উপর স্ত্রীজাতির সতীত্বধর্ম স্থাপিত রহিষাছে। যিনি ধন্মতঃ স্ত্রার পতি নহেন, তাঁহাকে অব্ধা তাঁহার পতি বলিয়া গ্রহণ করিতে হুটুরে, এবং এই হাসাক্র বিবাহের যাবতীয় প্রতিজ্ঞা কেবল তাহার পক্ষে চিঃজাৰন পালনীয়। যে বিবাহ প্রকৃত বিবাহ নহে, সেই বিবাহ-নিদিষ্ট একজন পতি হটল, এবং সেই পতি ভিন্ন অন্য প্রক্ষের সংস্ক্র পরিবর্জন করা আবার সতীভ্ধন্ম হইল। আশ্চর্য্য আমাদিগের ধ্য জ্ঞান, আশ্চর্যা আমাদিগের কর্মকাণ্ড, আশ্চর্য্য আমা-দিগের ব্যবস্থা, বিবাহ, সভীত্বধর্ম ও আচার ব্যবহার।

প্রক্ষের পক্ষ হইতে বিচার করিয়া আমাদিগের পরিণয়সংস্থারের কতদুর ধর্মনৈতিক বন্ধন, তাহা স্পষ্টই প্রতিপন্ন হইল। পূর্বের আমরা দেখিয়াছি, স্ত্রীপক্ষ ছইতে দেখিলেও বালিকাবিবাহের কিছু ধর্ম নৈতিক বন্ধন উপলব্ধ হয় न।। कि श्रुक्ष, कि श्री, উভয় পক্ষ হইতে বিচার করিয়া যে উদ্বাহ কার্য্যের ধর্ম-বৈধতা প্রতীত হয় না, সেই উদ্বাহ-সংস্থারে কেবল অবলাগণকে অতি দৃঢ়-ৰন্ধনে আবদ্ধ করা হয়। কিন্তে বিচার করিতে গেলে প্রতিপন্ন হয় যে, কি স্বপক্ষ, कि স্বামীপক্ষ, কোন পক্ষের বিচারে আমাদিণের বামাগণের প্রকৃত বিবাহ হয় না। শাস্ত্রপক্ষীয়গণ যদি এই কুট্ট তর্ক উত্থাপিত করেন যে, পুরুষে তিতীয় বা চতুর্থবার বিবাহ করিলেও তাঁহার প্রথম ও দ্বিতীয় বারের বিকাহ-বন্ধন খণ্ডিত হয় না. তিষ্কিন্দে আমরা কেবল এই পর্যান্ত বলিতে চাহি যে, তাহা আশ্চর্য্যরূপে বৈধ করা হইয়াছে। তাহা কেবল বিধানে বৈধ, ধন্মতঃ এবং যুক্তিতে নহে। পুরুষ জাতির হাতে শাস্ত্র এবং পুরুষ জাতিই প্রবল; স্থতরাং পুরুষজাতি আপনাদিগের স্থবিধার্থ যাহা ইচ্ছা, তাহাই ব্যবস্থা করিয়া গিয়াছেন। কে তাহার যুক্তি এবং ধর্ম-নৈতিক মূল বিচার করিয়া দেখিবে ? স্ত্রীজাতির জ্ঞান-ধ্বনি যদি কোন কালে প্রবল হয় তথন সে তর্ক উঠিবার কথা। ধন্ম রাজ্যের উচ্চ বিচারে যথন এই সমস্ত পক্ষপাতী ব্যবস্থার নৈতিক মূল আলোচিত হইবে, তথন ইহাদিগের সিকতাময় ভিত্তিমূল অবশ্বই প্রকাশিত হইবে। কত

দিনে সেই শুভদিনের উদয় হইবে, এই আমাদিগৈর আশা, এই আমাদিণের সদয়ের একান্ত বাসনা।

. কিন্তু মনে করুন, আমাদিগের বিবাহ ধন্মতঃ বৈধ. এবং স্ত্রী পুরুষের মধ্যে কেহই তাহার ধর্ম বন্ধন ছেদন করিলেন না। স্ত্রী যেমন পতির প্রতি, পতিও তেমনি এক মাত্র স্ত্রীর প্রতি চিরদিনের জন্য অমুরক্ত রহিলেন। প্রচলিত বিবাহরূপ রুত্রিম বন্ধনে আবন্ধ হইয়া গুট বিভিন্ন-রুচি ও প্রকৃতি-বিশিষ্ট ব্যক্তির চিরজীবনের জনা •একঅসহবাস ও নিল্ন স্বাভাবিক, কি অস্বাভাবিক, মানবের প্রকৃতি-সঙ্গত, কি অসঙ্গত, তাহা আমাদিগের বিচার্য্য নতে *। এক্ষণে বিচার্য্য এই, আমাদিগের গৃহ লন্ধীদিগের যে সভীত্ব ধন্মের আমরা এত অহন্ধার করি, তাহাব **ধমনৈ**তিক গৌরব কতদূর। কোন কার্যোব ধর্মনৈতিক গৌরব পরীকা করিতে হইলে দেখিতে হটবে যে, সেই ধল্ম-কার্য্য সাধন-পক্ষে অনুষ্ঠাতার কতদ্ব স্বাধীনকর্ত্ত আছে, অথবা কি অবস্থায় তাহা সম্পাদিত হইতেছে। অতএব, পতি ভিন্ন প্রপ্রক্ষেব সংস্কা প্রিহাব করাকে যুথন আমতা সতীত্ব ধর্ম বলিয়া অভিহিত করি, তথ্য সেই ধর্মা প্রীকার সম্য দেখিতে হইবে, প্রথমতঃ দ্বীজাতির পক্ষে প্রপুর্যের সহিত সংসর্গ ঘটিবার কতদ্ব অবসর ও স্কুযোগ আছে ; দিতীয়তঃ, সেই সমস্ত অবসব ও স্বযোগ পাইলে আন্তরিক ধর্মবল দাবা প্রলোভনকে প্রতিবোধ করিয়া কুপ্রবৃত্তির উপর স্বপ্রবৃত্তির প্রভৃত্ব

[·] See "Th. Elements of Social Science" on Marriage.

থাপন করা কতদ্র সাধ্য। এই নিক্ষে যদি তাহাদিগের সতীত্ব ধর্মের নির্মালতা প্রতিপাদিত হয়, তবে আমরা দে ধর্মের গৌরব করিতে পারি; নহিলে আমরা বলিব, আপনাদিগের সন্ত্রির জন্ম, স্ত্রীজাতিকে আমরা ধরিরা ও বাহ্মিয়া সতী করিয়াছি, এবং এইরূপে সতী করিয়া পরের নিক্ট অহন্ধার করি, আমাদিগের স্ত্রীজাতির মত সতী আর পৃথিবীতে নাই।

প্রথমতঃ। আমাদিগের বামাগণের পক্ষে পতি ভিন্ন প্রপুরুষের সহিত সংস্থা ঘটিবার অবসর ও স্পুযোগ প্রায়ই হটিয়া উঠে না। সামাজিক স্বাধীনতা না হইলে সেরপ ঘটিবার অন্নই সন্তাবলা। আমরা পূর্বেই উলেগ কবিয়াছি, আমাদিগের পুরুষজাতি ঈর্ষাপরবশ হইয়া কত্রর সাবধানতা সহকারে বামাগণকে অন্তঃপুর্মণ্যে অবরুদ্ধ করিয়া রাথেন[°]। তাঁহারা আপনাদিগের সন্তুপ্তির জ্যু এইমাত্র চান, যেন কোন মতে কুল্কামিনীগণ অপর পুরুষের দৃষ্টিপথে পতিত না হয়, এবং তাহার অসং-প্রলোভনে না পডে। তাঁহারা আন্তরিক সতীত্বের প্রতি তত দৃষ্টি করেন না, দৈহিক পবিত্রতা রক্ষা হইলেই যথেষ্ঠ জ্ঞান করেন। তাঁহারা বিলক্ষণ জানেন, আমাদিগের রমণীকুল অন্তঃপুর হইতে একবার বহির্গত হইলে অমনি অপ্রক্রি হইয়া যাইবে। তাঁহারা বিধ্বাগণের প্রতি অহরহঃ নেত্র উন্মীলিত করিয়া আছেন। অতি সম্তর্পণে বিধবা-কুলকামিনীগণকে গৃহমধ্যে আবদ্ধ করিয়া রাথেন। आंश्रनामित्शत वसूर्वासत् ७ आश्रीयश्रव यिन शृत्स्तीगत्वत

কুশলবার্ত্তা বিশেষ করিয়া জিজ্ঞাদা করেন, তাহাও আমে দিগের পুরুষজাতির পক্ষে অসহা জ্ঞান হয়। বাহিনে পুরাঙ্গনাগণের কোনপ্রকার রব শুনিতে তাঁহারা ভাল-বাদেন না। আমাদিগের বামাগণ পুরুষজাতির নিতাত্ত অধীন, মুতরাং তাহাদিগকে পুরুষজাতির দকল নিয়োগেরই বশবর্ত্তিনী হইতে হয়। সামাজিক আচার ব্যবহার অতিক্রম করিবার তাহাদিগের ক্ষমতা নাই। পুরুষজাতি যাহাকে স্থশীলতা বলিয়া নির্দেশ করিয়া দিয়াছেন, বামাগণ সেই স্থশীলতা লাভার্থ নিতান্ত যত্নতী হর। পুরুষজাতি যাহার উপর স্ত্রীজাতির মান ও মর্য্যাদ। স্থাপিত করিয়াছেন, রমণীকুল স্বতরাং সেই ব্যবহারের অমুবর্ত্তিনী হইয়া মানমর্য্যাদা রক্ষা করিবার জন্ম বতুনীন হয়। তাহাদিগের আস্তরিক ভাব কেন যাহাই হউক না, পুরুষজাতি তাহার প্রতি দৃষ্টি করেন না। পুরুষজাতি নিশ্চয় জানেন, তাহাদিগের আন্তরিক ভাব বড বিশুদ্ধ নহে। তাঁহারা স্ত্রীজাতিকে ক্ষণকালের জন্মও বিখান क्रत्वन ना । क्रांत्रभ, छाँशात्रा मरन मरन विलक्षभ ज्ञारनन বে, অবসর ও স্থয়োগ বিরহিত বলিয়াই তাহাদিগের স্ত্রীজাতির দৈহিক পবিত্রতা রক্ষা হইতেছে। বামাগ্র যদি একবার সমাজে মিশিতে পায়, তাহা হইলে কি রক্ষা আছে ৪ বাস্তবিক তথন আমরা দেখিতে পাইব, गाशानिरगत मञीच नश्या आमता गर्स कतिया रन्छा है, তাহারা চারিদিকে যথেজাচারিতার একেবারে এক শেষ করিতেছে। অতএব স্বাধীনতার্গ নিক্ষে প্রীক্ষা

ক্রিলে, তাহাদিগের সতীত্ব ধর্মের গৌরব কথন রক্ষিত হুইতে পারে না। তবে সে সতীত্বের ধর্মনৈতিক মূল্য কি ৪ ইহার ধর্মত্র্মলতা দেখিলে, আমরা ইহাকে কোঁন মতে প্রকৃত সভীত ধর্ম বলিয়া নির্দেশ করিতে পারি না। সতীত্ব ধর্মের পরীক্ষাত্মল স্বাধীনতা। সেই স্বাধীনতার পরিস্থাপিত হইয়া যে সতীত্ব পরীক্ষিত হয় নাই, তাহার ধর্মনৈতিক বল কতদূর, তাহা আমরা কিছুই অবগত নহি। তাহার ধর্মবল অবগত না হইর। আমরা কি সাহদে তাহার গৌরব করিতে উদ্যত হই ৭ যথন স্ত্ৰীজাতি স্বাধীন থাকিয়া স্কৃতীত্ব ধর্মে ভূষিতা হইবেন, তথ্ন আমরা একদা তাহাদিলগুর সতীত্ত্বের গৌরব করিতে পারিব। পরাধীন শত সহল কুলাম্বনার সতীত্ব, এক জন স্বাধীন রমণীর সতীব্বের সহিত তুল্যমূল্য নহে। কারণ, এক জন স্বাধীন রমণীর সতীত্ব পরীক্ষিত হইয়াছে। কারণ, এক জন স্বাধীন বামার সতীত্ব পর-বল-নিয়োজিত নহে। কারণ, স্বাধীন রমণী সামাজিক ধর্মনৈতিক অবসায় পরিস্থাপিত হইয়া আপনার ধর্ম সাধন করিতেছে। কিন্ত আমাদিগের রমণীকুল সামাজিক ধর্মনৈতিক অবস্থায় স্থাপিত নহে। স্বাধীন অবস্থাই ধর্মনৈতিক অবস্থার নিদান. ইহা পূর্বেই প্রতিপন্ন হইয়াছে। যাহারা দেই সাধীনতা বিরহিত, তাহাদিগের কোন ধর্মনৈতিক অবস্থা সম্ভবে ना। याद्यानिरगत धर्मारेन जिक व्यवशा नारे, जाद्यानिरगत धरमाँत मृला ७ किছू नारे। याशाता साधीन स्टेश कार्या করিতে পারে নাই, তাহাদিগের কার্য্যের আবার গৌরব কি

অতএব এক্ষণে বিলক্ষণ প্রতীত হইতেছে যে, আঁচা-দিগের স্ত্রীজাতির সতীত্ব-ধর্মের ধর্মমূল্য কিছুই নাই। তাহাদিগের মধ্যে তুই দশ জনের ধর্ম আন্তরিক হইলেও হইতে পারে, কিন্তু সে ধর্মের কতদূর বল, স্বাধীনতা বাতীত তাহার পরীক্ষা হইতে পারে না। আমাদিগের বামাগণ যে প্রকার অধীনভাবে অন্তঃপুরমধ্যে আবদ্ধা থাকেন, তাহাতে তাহাদিগের ধর্মাধর্মের স্বাধীনকর্ত্ত্ব কিছুই উপলব্ধ হয় না। তাঁহারা আপনার। সতী হন নাই, কিন্তু অবস্থা-গতিকে অসতী হইতে পারেন নাই। নিষ্ঠুর পুরুষজাতির প্রহার-ভয়ে তাহারা দর্মদা দশক্ষিত বলিয়া তাহাদিগের বিশেষ অপ্রেয় কার্য্য কবিতে সাহিদনী হইতে পারেন না। জানেন, সে কার্য্যে লিপ্ত হুইলে, চিবজীবনের জন্ম তাহাদিগের ইহকাল বিন্ত হইবে: সমাজ দারা পরিত্যক্ত হইবেন, মংপরোনাতি निक्लिक इटेरवन, প্রহারিক হইবেন, অল্লের জন্ম লালায়িক হইবেন, এবং ছুরবস্থার একশেষ হইয়া চিরদিন কাঙ্গালিনী হইয়া দিন্যাপন করিতে হইবে। এই ভয়ে তাঁহারা গ্রহমধ্যে আবদ্ধ থাকেন। অন্ন বন্ধের জন্ম নিতান্ত লালায়িত হওয়া অপেকা গৃহমধ্যে সকল বস্ত্রণা সহ করাকে তাঁহারা শ্রেষ জ্ঞান করিয়া থাকেন। সামাজিক বাবস্থা যদি এ প্রকার না হইত, তাহা ২ইলে আমরা দন্দেহ করি যে, আমাদিগের স্ত্রীজাতি এক্ষণকার মত • निक्षनक रहेया जामापिरगत लोतरतत कांत्र रहेरठ গাবিত কি না ?

দিতীয়তঃ আমাদিগের স্ত্রীজাতির আন্তরিক ধর্ম বল কতদূর তাহা পরীক্ষা করা উচিত। প্রথম বিষয়ের আলোচনায় অনেক দূর প্রতিপর হইয়াছে যে, আমা-দিগের বামাগণের আন্তরিক ধর্ম বল অত্যন্ত অন্নপরিমাণ। যে ভাগ্যবতী পুরস্ত্রীগণ চিরকাল পতির সহঘালে ও পতির তত্রাবধানে থাকিয়া জীবন অতিবাহিত করেন, কেবল তত্রাতীত দেগ, শত সহস্র পতিবিরহকাতরা কুলীন কন্তা, বৈধব্যদশাসম্পানা কুলাঙ্গনা, অন্নজ্ঞত বামাকুল, জ্রবহু নারীগণ, বঙ্গদেশেক কি পাপজ্যোতে প্লাবিত না করিতেছে? প্রাক্ষান্ত বেখাবৃত্তি যদি শ্রেষক্ষর হইত, তাহা হইলে বোধ হন্ন বঙ্গদেশের বেখাগণের সংখ্যা কোন দেশের সহিত সমত্ল্য হইত না। বাস্তবিক, আমরা যে সমস্ত নারীর দৃষ্টান্ত দিলাম, তাহাদিগের ধর্ম নৈতিক অবস্থা অত্যন্ত শোচনীয়।

কিন্তু আমরা সময়ে সময়ে দেখিতে পাই, ছুই এক জন স্ত্রীরত্ন অতি বীরত্বের সহিত সতীত্ব ধর্ম রক্ষা করিয়াছেন। দৃষ্টান্ত স্বরূপ আমরা বাজৰাহাছরেন হিন্দ্রাণীর বিষয় গ্রহণ করিলাম। তিনি বিষণানে চর্কান্ত আদম থাঁর হস্ত হইতে পরিজ্ঞাণ পান। এক্ষণে বিচার করিতে হইবে সেই রাজ্ঞী কিরূপ অবস্থায় স্থাপিত হইরা নাম্পান্টের লাল্স! সম্পূর্ণ করা অপেক্ষা প্রাণত্যাগও শ্রেমন্কর জ্ঞান করিয়াছিলেন। যেথানে সময় ও অবস্থার বিশেষ না দেখা যায়, সেথানে দৃষ্ট হয় যে, বীরাঙ্গনার সতীত্ব ধর্মার্ভি রিপুর্ব কার্য্য করিয়াছে। যাহা রিপুর্ব

কার্য্য করে, তাহার ধর্ম্মৃল্য অতি অল। তথে যে বীরাদ্দনাগণের সতীত্ব ধর্মভাব, সাধীন বানাগণের কর্ত্তর জ্ঞানের ন্যার কার্য্য করিয়াছে, তাহাদিগের সংখ্যা অতি অল। এত অল যে, তাহা সাধারণ নিয়মের নিপাতন-স্কর্মপ গ্রহণ করা যাইতে পারে। যে সমাজে স্রীজাতির স্থাধীনতা কিল্লং পরিমাণে প্রদত্ত হইলাছে, তথায় কর্ত্তরাজান দারা বানাগণ বেরূপে আপনাদিগেন সতীত্ব ধর্মভাবকে স্থাসনে নিয়মিত রাপিয়াছেন, সে প্রকাব সতীত্বের অধিকতর ধর্ম নৈতিক মূল্য। সে সতীত্বের আমরা প্রশংসা না করিয়া থাকিতে পারি না। কারণ, বিপু * অপেকা কর্ত্বরাজান † দারা পরিচালিত হওয়া অধিকতর গৌরবের বিষয়। বিনি ইহা না ব্রেন, তিনি রিপু এবং কর্ত্বরাজানের প্রকৃতি ও প্রভেদ বিবেচনা করিয়া দেখুন।

আর একপ্রকার আশুর্য্য সতীত্ব ধর্মের আদুর্শ নিম্নে বিরুত হইল। ইহা আমাদিগের কোন শিক্ষিতা মহিলার রচনা হইতে উদ্ধৃত করিয়া দিলাম। "ত্থের বিষয় এই, আমাদের হতভাগ্য দেশে যে পতি রাখিয়া মরিল, অথবা যে শুন্তর ভাশুর ও অন্ত পুক্ষ সকলকে দেপিয়া ভয়ে পলায়ন করে, ভাল কি মন্দ কোন কথাই মাহার মুগ ইইতে নিংস্ত ইইতে কেহ শুনে নাই, মেই পাছার হাকুরাণী, মোণাঠাকুরাণী, হবির পিশী, বামার মা, বিদ্যাধারর, বাচস্পতি, বিদ্যাবাণীশদের নিক্ট, সহা

^{*} Passion. | Principle.

উপশ্বি পাইয়া বদিল। যদি কোন বিদ্যাবতী ভগিনী দরলান্তঃকরণে ভাতৃস্থানীয় পুক্ষগণের সহিত একট্ দদালাপে প্রবৃত্ত হন, তবে অমনি উপরিউক্ত পণ্ডিতগণ চাঁৎকার করিয়া উঠেন—ছি ছি অমুকের বউটা কি নির্ম্ন জা" আমেরিকাবাদিগণ ক্রীতদাদের বশুতা অমুসারে তাহার প্রশংসা করিয়া থাকে। আমাদিগের বিটিশ গবর্ণমেন্ট রাজকীয় দাসত্বে বাহারা অধিকতব কার্য্যকুশল হন তাহাদিগকে রায় বাহাছর প্রভৃতি উপাধি দিয়া প্রতিষ্ঠিত করেন। আমাদিগের পুক্ষ জাতিও তেমনি স্বীজাতির জড়তা, নীর্ষতা, ও সহিষ্কৃতা দেখিয়া যে তাহাদিগের সতীত্বের প্রশংসা ও গৌরব করিবেন এবড় আশ্বর্যা নহে।

আমরা জ্ঞান কবি, স্বাধীন সমাজের স্ত্রীজাতি অধিকতর অসতী; ইহা আমাদিগের একটী কুদংস্কার মাত্র। এই কুদংস্কারটী আমাদিগের বিবেচনার দোষের ফল। আমরা যে সমাজে অবস্থিত আছি, সে সমাজের কঠিনতর নিয়মাদিতে আমরা চির-অভ্যন্ত হইয়াছি। আমাদিগের জ্ঞান হয়, ইহার কণঞ্জিৎ অন্যথায় ব্যভিচারের ইয়ভা থাকিবে না। এই মনের ভাব আমরা স্বাধীন সমাজে অর্পণ করি। কিন্তু স্বাধীন সমাজের প্রকৃতি ও ভাব কিছুই অবগত নহি। সময়ে সময়ে গৃই একটী ব্যভিচারের কণা শুনিয়া আমাদিগের কুদংস্কার আরও বদ্ধমূল হইতে থাকে। কারণ, অফুক্ল দৃষ্টান্ত কুদংস্কারকে ক্মশঃ বদ্ধমূল করিবেই করিবে। একবার কুদংস্কার

বন্ধমূল হইলে, তাহা শীঘ্র অপনীত হইবার নহে। স্বাধীন তার প্রতি কার্য্যে, প্রতি শিষ্টাচারে, প্রতি রীতিতে আমরা কেবল মপেচ্ছাচারিতারই নিদর্শন দেখিতে থাকি। যে সমস্ত দুখা আমাদিগের অভ্যাদের বহিভুতি, তাহাতেই সামরা অপবিত্র ভাব আরোপিত কবি। স্বাধীন সমাজে যে সমস্ত সামাত্ত কার্য্যে কিছুই অপবিত্র ভাব আরোপিত করে না, আমাদিগের অনভ্যাস নিবন্ধন, তাহাতে আমরা কুভাব আরোপিত না করিয়া থাকিতে পারি না তাহা আমাদিগেরই চক্ষের দোষ, মনের দোষ। স্বাধীন হইয়া ইতস্ততঃ গ্ৰনাগ্ৰন করাই প্রথমতঃ আ্যালিগের পকে অসহও পাপময় জ্ঞান হইয়াছে। স্বত্যাং তংপ্ৰে সকল ঘটনাই ছুনীতি বলিয়া বোধ হয়। কিন্তু আমর: শাণীন সমাজের ধর্মবল কিছুই অবগত নহি। সেথানে প্রণয় পরের বলকর্ত্তক আবদ্ধ নতে, তাহা স্পানীন ভাবে প্রবাহিত হয়। সেথানে এক প্রকার সমন্তর প্রথা প্রচলিত আছে। সেখানে চিরবৈধবা প্রচলিত নাই। সেখানে দ্বীব প্রতি স্থামীর যেমন শাসন, আবার স্থামীর প্রতি স্থারত তেমনি শাসন। দম্পতীরা, পরম্পরের স্কথে স্থী। ধ্রী স্থানিকিতা, পুরুষও স্থানিকিত। স্ত্রী যেমন পতির স্চ্চরী, পতিও তেমনি স্ত্রীর সহচর। লোকের চক্ষুঃলজা ও সামাজিক ভয় অধিকতর। স্বাধীন স্ত্রীমাত্রই যে বাভি চারিণী হইবে, এরপে সকলে জ্ঞান করিতে পারে না। প্রক্ষজাতির সম্ধিক বিবেচনা করিয়া চলিতে হয় : ক্রীজাতির ধর্মবল অধিকতর। পুরুষমাত্রই স্বায় ব্যতি

চারী চঠিতে পারে না। কারণ, বিবাহিত পুরুষমাত্রই দ্বারা স্বাকিত। এই প্রকার সকল বিষয় যদি আসরা সমাক্রণে স্থির বৃদ্ধিতে নিরপেক্ষ হইয়া বিবেচনা করি, তাহা হইলে আমরা সাধীন সমাজকে ব্যভিচারী সমাজ বলিয়া গণনীয় করিতে পারি না। সকল সমাজেরই ব্যবহা ও গঠন স্বতন্ত্র। কারণ বিশেষ বিশেষ কারণ জন্ম সকল সমাজেই বিশেষ বিশেষ নিয়ম ও শাসন-প্রণালী প্রবর্ত্তিত থাকে। ভদ্বারা সমাজের সংস্থিতি সাধিত হয়। এতদেশেও প্রাচীন কালে স্বাধীন সমাজ প্রতিষ্ঠিত ছিল; তথনকার কাছেলর আচার ব্যবহার এবং রীতি নীতিও স্বতন্ত্র ছিল।

ইদানীন্তন লোকসমাজে যে প্রকার সতীত্ব ধর্মের ভাব প্রচলিত আছে, তাঁহা ঝোধ হয় এক্ষণে অনেকাংশে প্রতীত হইতেছে। আমরা স্ক্রীজাতির আন্তরিক সতীত্ব বড় দৃষ্টি করি না, তাহাদিগের দৈহিক পবিত্রতা রক্ষা হইলেই আমরা সন্তুষ্ট থাকি। বাস্তবিক, হিল্পুণের মধ্যে সর্ক্রবিষয়েই চিত্তু দ্ধি অপেক্ষা দৈহিক পবিত্রতাই প্রধান ধর্ম বলিয়া গণনীয় হয়। গঙ্গামান, শুদ্ধাচার, অয় ও পানীয় শুচিতায় তাহাদিগের অধিকাংশ ধর্ম নির্তর করে। তাহাদিগের ধর্মের ভাবই এই প্রকার। দে যাহা হউক, পুরুষজাতি সহস্র স্ক্রীর পাণিগ্রহণ করিয়াও গুশ্চারী ও অসললাক বলিয়া অভিহিত হয়েন না, কিন্ম ক্রভাগ্য স্রীজাতি প্রেণম পতি ভিন্ন অন্ত পুরুষে গমন করিনেই হুশ্চারিশী ও অসতী বলিয়া অভিহিত হয়েন না

আমাদিগের সংপুরুষের লক্ষণ এক প্রকার, সতী ষ্ট্রীর লক্ষণ অন্তবিধ। এই লক্ষণদ্ধ প্রস্পর বিরোধী। অতএব আমাদিবের সতীত ধর্মের সংস্কার সম্বন্ধে বিলক্ষণ গোলযোগ আছে। এতদেশীয় স্কীজাতীর সতীত্ব ধর্ম্মের লক্ষণের সহিত অভাভ সভাসমাজের সতীত্ব ধর্মের লকণের बिल नारे। **(सरे धर्म এल्डिस**नीय श्रुक्षशत्वत सत्ता (य রূপ চলিত, তাহার সহিত বরং ইয়োরোপীয় সমাজের সতীত্ব ধর্মের লক্ষণের সামঞ্জন্ত আছে। এদেশে দিতীয় বা তৃতীয় বার বিবাহ করিয়া পুরুষগণ যেমন ব্যভিচারী নহে, ইয়োরোপীয় সমাজে স্ত্রীজাতিও তদ্ধপ করিয়া সূত্রী বলিয়া গণ্য হইয়া থাকেন। বিরোধী লক্ষণদ্বয় উভয়ই কিছু এক ধর্ম্মের প্রকৃত লক্ষণ হইতে পারে না। এদেশে পুরুষজাতীয় লক্ষণে যদি ধর্ম হয়, স্ত্রীজাতীয় লক্ষণে তবে অধন্ম। ধর্মা কথন এক ভিন্ন দ্বিতীয় প্রকার হইতে পারে না। তবে পুরুষজাতীয় লক্ষণে বে অনেক উদারত। ও মানব প্রকৃতির সহিত সঙ্গতি লক্ষিত হয়, তাহা কেত অস্থীকার করিতে পারিবেন না। বিশেষতঃ যথন আমরা বিরেচনা করি পুরুষজাতি শাস্ত্রকার হইয়। আপনাদের পকে কেন অবিচার করিবেন, তথন পুরুষজাতির লক্ষণে অনেকাংশে ধর্মভাব উপলব্ধ হয়। তবে সেই লক্ষণের একটা অঙ্গ আমাদিগের নিকট নিতান্ত মানবপ্রকৃতি-বিকৃদ্ধ বলিয়া প্রতীত হয়। এককালে বহুস্কীর পাণিগ্রহণ পর্ব্বক তাহাদিগের সহিত সহবাস কণন মানবপ্রকৃতি-সঙ্গত নহে। এই স্থলে পুরুষ জাতি অযুপা ক্ষমতা গ্রহণ

করিলাছে। এই নিয়ম্টী ব্যতীত সংপ্রক্ষের অন্তান্ত নিয়ম তত যুক্তি অথবা প্রকৃতি-বিকৃদ্ধ বলিয়া বোণ হয় না , সংপুরুষের বিশুদ্ধ নিয়ম যথন আমরা স্ত্রীজাতিতে আরোপ করি, তথন আমরা সতীত্ব ধর্মের একটা ন্তন ভাব উপল্পি করি। যাহা স্বাভাবিক মান্বীয় ধর্ম, তাহা আপনাদিগের মধ্যে প্রবর্ত্তিত রাখিয়াছি, এবং ্রপ্রমবিদেষপর্তন্ত্র হইয়া, স্ত্রীজাতির উপর প্রভৃত্বের অধিকার বিস্তার করিয়া, তাঁলাদিগের মধ্যে একটা স্বতন্ত্র ও মস্বাভাবিক নিয়ম প্রবর্ত্তিক করিয়াছি। তবে একণে সার কথা এই, যদি পুক্ষজাজিব লক্ষণ স্বাভাবিক বলিয়া মানবীয় ধর্মানুমত হয়, স্ত্রীজাতির লক্ষণ তবে অসাভা-াৰক বলিয়া অব্শু অধন্ম বলিয়া নিৰ্দেশ কৰিতে হইবে। কারণ, একই ধন্মের লক্ষণ কথ্য দিবিধ হইতে পারে না : এতকাল ধরিয়া আমাদিগেকস্তীজাতি যে একটা অপ্রা কতিক নিয়মের পরতন্ত্র হইয়া, বিক্লত সতীত্ব ধন্ম পালন কবিষা আদিতেছে, ইহাই তাহাদিগের গৌরব, ইংট তাহাদিগের সহিষ্ণুতার একশেষ বুলিতে হইবে। স্বাথী নতার অবস্থিত হট্যা সর্ববিষয়ে স্ত্রীজাতির ধর্মনৈতিক অবস্থাৰ প্ৰকৃত উন্ননি-সাধন না হইলে, এবং তাহাবা স্বাধীন ভাবে স্থানিকিতা না হইলে, মনুষ্য-সমাজের সম্বাক শ্রীবৃদ্ধি কথন প্রত্যাশ্য কথা যাইতে পারে না।

সপ্তমচিন্তা-উপসংহার।

স্থদেশীয় আচার-ব্যবহার ও রীতি-নীতিতে কতদুর অধীনতার ভাব, কতদুর দাসত্ব বিদামান আছে তাহা আমরা প্রদর্শন করিলাম। দেবতার লায় সন্মাননা প্রাথ হইয়া ব্রাহ্মণজাতি, স্বকীয় বিদ্যা ও বৃদ্ধি বলে, এদেশীয সভাতার নায়কস্কুপ হইয়াছিলেন; এবং আপনাদিগেরই প্রভুত্ব রক্ষা করিবার জন্ম তাঁহারা সমুদায় দেশ মধ্যে কেবল মুর্থতাও দাসত্বের প্রচার করিয়াছিলেন। তাঁহারা যে দিনে ক্ষত্রিয়গণকে একেবারে সম্পূর্ণ পরাভত করিয়া দিয়া দেশের সর্বেসর্বা প্রভু হইলেন, সেই দিন হইতে তাহাদিগের প্রভুত্ব আরও অপ্রতিহত প্রভাবে দ্বিগুণতর বাড়িতে লাগিল। তথন হইতে তাঁহারা আপনাদিগকে সেই কাল হইতে সর্বজাতি মধ্যে ঘোর দাস্তও ভাপন করিতে প্রবৃত্ত হইলেন। ক্ষত্রিয়গণ দেশের রাজসিংহাসন অধিকার করিয়াছিলেন বলিয়া, ব্রাহ্মণগণ যে প্রভুষ স্থাপন করিতে লাগিলেন, তাহা রাজকীয় ক্ষমতার নিরপেক্ষ করিলেন, তাহাকে রাজকীর ক্ষমতারও উপরে স্থাপন করিলেন। রাজা যেই হউন না কেন, তাহাতে তাহাদিগের প্রভুত্বের কিছুই হানি হইবে না। তাঁহা-দিগের প্রভুত্ব সমুদার জাতিমধ্যে, এবং সমাঞ্চের স্তরে স্তরে প্রবিষ্ট করিয়া দিলেন। রাজা বেই হউক না ন্কন, রাজকীয় ক্ষমতা যেরূপই হউক না কেন, তাঁহা-দিগের দেবার্চনা, সেবা, ও স্বার্থনাধন কিছুতেই গুহিত

করিতে পারিবে না,—তাঁহারা এইরূপ কৌশল পূর্ব্বক আপনাদিগের প্রভুত্ব স্থাপন করিলেন। জাতিভেদ আনিয়া ত্রাহ্মণেতর সমুদার জাতিকে পরস্পার বিচ্ছির করিয়া দিলেন। তাহার। সকলেই পরস্পর এত বিচ্ছিত্র হইয়া গেল, যেন সকলেই এক এক স্বতন্ত্র জাতি হইয়া পড়িল। তাহাদিগের পার্থক্য এতদুর যে, কাহারই সহিত কাহার অণুমাত্র সম্বন্ধ ও সহামুভূতি নাই। বিদেশীয় জাতিগণের মধ্যে পরস্পর যতদুর পার্থক্য, এই হিনুজাতি সমুদার এক ধর্মী, এক সমাজস্কুত, ও এক দেশীর হইরাও পরস্পর তত পৃথক, ততদ্ম সহামুভৃতি ও সম্পর্ক-বিরহিত। কেবল ব্রাহ্মণগণ তাহাদিগের সহিত আপনা-দিগের স্বার্থসিদ্ধির স্তত্র বন্ধন ইরিলেন। সকলকে পরস্পর পুথক করিয়া দিয়া, সকলেম সহিত কেবল আপনা-দিগের সম্বন্ধ রাখিলেন। একতা হিন্দুজাতি হইতে একেবারে অদুশু হইল। মুর্থতা সকল ত্রাহ্মণেতর জাতির প্রধান ধর্ম হইল। ক্রমে ব্রাহ্মণেতর সর্বজাতি ঘোর অজ্ঞানতায় আছের হইয়া বিবেচনা ও বৃদ্ধিবল সকলই হারাইল। তথন ব্রাহ্মণগণ তাহাদিগকে প্রভৃতায় আরও ঘেরিয়া লইলেন। নানাবিধ শাস্ত্র তাহাদিগের প্রভূতার অন্ত্র স্বরূপ হইল। সর্বাপান্তেই ব্রাহ্মণজাতির যমদণ্ডে তোমার সম্বনাশ হউক, তথাপি ব্রাহ্মণকে তোমার দান করিতেই ছইবে। ব্রাহ্মণগণ আশ্রমে বসিয়া। বসিদা ধ্যান করিতেন, কিন্তু তথায় শত অতিথি আসিলেও

পর্যাপ্ত আহার ও সংকারে সম্ভন্ত হইরা যাইত। সমাক্রর অর্থ-গ্রহণের কল পাতিয়া তাহারা অচ্ছন্দে ধ্যানে নিরত হইলেন। নির্জাবনার আহার করিতেন, আর ধ্যান করিতেন। সমাজকে অধংপাতে দেওয়াতেই তাহাদিগের স্বার্থসিদ্ধি। রাজা, প্রজা, সকলেই ব্রাহ্মণভরে কণ্ঠন্থ। সমাজের স্তরে স্তরে দাসত্ব অম্বিদ্ধ করিয়া দিয়া, দেশীয় আচার-ব্যবহারের সহিত দাসত্বের ভাব প্রবিষ্ট করিয়া দিয়া, ব্রাহ্মণেরা ক্রমশংই আপনাদিগের প্রভুত্ব বাড়াইতে লাগিলেন। তাহাই সমাজ মধ্যে বরাবর চলিয়া আসিতিছে। এই প্রভুত্ব রাজকীয় ক্রমতার নিরপেক্ষ বলিয়া ক্রমশং রাজকীয় ক্রমতা তুর্বল হইয়া গিয়াছে।

ইয়োরোপীয় সভ্যতার সহিত প্রাচ্য সভ্যতার প্রতিরতা এই বে, ইয়োরোপীয় সভ্যতার মূলে স্বাধীনতার ভাব বিদ্যমান আছে, প্রাচ্য সভ্যতার মূলে স্বাধীনতাই প্রবল। এজন্ত ইয়োরোপে যথন একদা পোপের প্রভুত্ব হাপন হইতে লাগিল, স্বাধীনতার ভাব তথন রাজকীয় বল ও প্রজাদিগের বীর্য্য রক্ষা করিতে লাগিল। অবশেষে পোপের প্রভৃত্ব যথন শনৈ: শনৈ: বাড়িয়া স্বস্থ হইয়া উঠিল, তথন স্বাধীনতা স্বার ধর্মশাসন মানিলেন না। আত্তে আত্তে ক্রমে আপনার স্বর ক্রতিত করিয়া তুলিতে লাগিলেন। এই সাধারণ স্বাধীনতার সহিত ইয়োরোপীয় প্রোহিত দলের ধর্মস্ব্রের বিবরণ ইয়োরোপীয় ইতিহাসে লিথিত আছে। প্রোহিতগণের পরাভব ও শাধারণ ক্রনগণের স্বাধীনতার জ্ব এই ইতিরতে স্পরাক্ষরে বিরত

হইশাছে। এই যুদ্ধে ইয়োরোপীয় স্বাধীনতা দিওণ বলে বলীয়ান হইয়া উঠিল। ধর্মশাসন রাজকীয় শাসনের অধান হইল। বাস্তবিক এই যুদ্ধের অবসান কাল হইতেই ইয়োরোপীয় সভ্যতার এত উন্নতি হইতে আরম্ভ হইয়াছে, ইয়োরোপীয় উন্নতির দিন দিন বৃদ্ধি হইয়াছে।

ইবোরোপে যে যুদ্ধ উন্নতির মূল, ভারতে সেই যুদ্ধ অবনতির মূল। ভারতে ব্রাহ্মণগণেরই জয় হইল, অন্ত সকল জাতির পরাজয় হইল। ভারতীয় সভ্যতার দাসত্ব ও অধীনতার ভাবই তাহার সামাজিক অবনতির কারণ।

এই গ্রন্থের প্রথম পরিক্লেদে ইয়োরোপীয় সভ্যতার কতিপয় প্রধান ধর্ম ও লক্ষৰ বিবৃত হইয়াছে। সেই ধর্মের মধ্যে প্রধান ধর্ম যে স্বাধীনতাভাব, তাহা চিন্তাণীল ব্যক্তি মাত্রেরই নিকট প্রতীষ্ঠ হইবে। স্বাধীন দেশে সাভাবিক সদেশামুরাগ ও স্বজাতি প্রেম শনৈঃ শনৈঃ সম্বর্দ্ধিত হইতে থাকে। স্বাধীনভাবে মানবপ্রকৃতির ফুর্ত্তি হইলে, তাহার সকল সংপ্রবৃত্তিরই ফুর্তিসাধন হয়। অত্তাব সদেশামুরাগ ও সজাতি-প্রেমের ক্ষতি অনেকাংশে স্বাধীনতার উপরই নির্ভর করে। ইয়োরোপীয় সভাতার বিবরণের পর আমরা ইয়োরোপীয়গণের চরিত্র-खन পर्यात्नाहना कतियाछि। ८ पटे পर्यात्नाहनाय पृष्टे হইয়াৰছ, মানবের যত উচ্চতর গুণ ইয়োরোপীয় চরিত্রে সমাৰিষ্ট আছে। যে গুণে মানব-সমাজের উন্নতিসাধন হয়, সেই গুণ সকল ইয়োরোপীয়গণের চরিত্রে পরিলক্ষিত হইয়া থাকে। স্বাধীনতা মানুবপ্রকৃতির, ক্ষ ডিসাধন

উপসংহার।

করিয়া যে সমস্ত গুণের উদ্রেক ও উত্তেজ করে, বেই সমস্ত মহৎগুণ ইয়োরোপীয় চরিত্রে ক্রি প্রাপ্ত হইয়াছে। উদ্যোগিতা, সাহস, তেজ, বল ও বীর্য্য ইয়োরোপীয় চরিত্রের প্রধান গুণ। যে উদ্যোগিতা ও অসমসাহসিকতা গুণে ইংরাজগণের এত উন্নতি, যে জন্ম তাঁহারা স্থদেশের সম্যক শ্রীহৃদ্ধি সাধন করিয়া ভ্বনবিজয়ী হইয়াছেন, স্বাধীনতাই তাহার মূল।

যে স্বাধীনতাভাব ইয়োরোপীয় সমাজের সর্কোন্নতির কারণ, আমাদিগের স্বদেশীয় আচার ব্যবহারে কতদূর তাহার অভাব, তাহাই পর্যালোচনা করা, এই গ্রন্থের দিতীয় পরিচ্ছেদের উদ্দেশ্র। সেই পরিচ্ছেদ পডিয়া প্রতীত হইবে বে, অধীনতা এ দেশীয় সমাজের স্পরে স্তবে প্রবিদ্ধ আছে। কি ব্যক্তিগত, কি পারিবারিক, কি সামাজিক, এদেশে কোন প্রকার স্বাধীনতাই নাই। আমাদিগের সমাজকে ঠিক ইয়োরোপীয় আদর্শে সংগঠিত করিয়া আনিতে বলা আমাদিগের উদ্দেশ্য নহে। কিছ আগরা বলি, আমাদিগের সমাজের অধীনতা ও দাসতের ভাৰ উন্মোচন করা একাস্ত কর্ত্তব্য হইয়াছে। কারণ, ইহাই আমাদিগের অধোগতির মূল। এতংপরিবর্তে ইয়োরোপীয় সমাজের স্বাধীনতার ভাব আমাদিগের গ্রহণ করা উচিত। আমাদিগের সমাজের মূলভিত্তিই দূষিত, সেই মূলভিত্তিকে একেবারে উৎপাটন করিয়া, সমাজকে আর এক নৃতন মূলভিত্তির উপর স্থাপন করা এক্ষণে একান্ত लारपाजनीय इरेग्राइ। ५ (मनीय ममाज जाबीनजाव

মূলভিত্তির উপর স্থাপিত হইলে যে, এই সমাজ ঠিক ইয়োরোপীয় সমাজের আকার ধারণ করিবে, তাহা আমহা বলিতে পারি না। কারণ, এদেশীয় বাহ্য প্রকৃতি বিভিন্ন, এবং মানব প্রকৃতিও তজ্জন্ত কিয়ৎ পরিমাণে বিভিন্ন আকার ধারণ করিয়া আসিবারই সম্ভাবনা।

যথেচ্ছাচারিতা, ও সামাজিক বিভাগের পরস্পর নির্ভর ভাব যে স্বাধীনতা হইতে বিভিন্ন, তাহা প্রদর্শন করা পোধ হয় আবশুক নহে। যাছারা স্বাধীনতার প্রকৃতি ব্ঝিয়া দেখিবেন, তাহারা এ বিভিন্নতা স্পষ্ট দেখিতে পাইবেন। মানব-সমাজ বিভক হইলেই যে সেই বিভাগ সকল প্রস্পর সাহায্যাবলম্ব করিয়া থাকে, তাহা অধীনতা ও দাস্ত্ব নহে, তাহ মানব-প্রকৃতির স্বাভাবিক ভাব, তাহা মানবসমাজের প্রয়োজন ও একান্ত আবশুক। তাহা স্বাধীনতার বিরোধী নােই, বরং তাহা স্বাধীনতার অবলম্বন ও বল। বথেচ্ছাচারিতা স্বাধীনতার ফল নতে. বরং ইহা অধীনতারই ফল। যে দেশে অঞ্চীনতা ও দাসত অত্যন্ত অধিক, সেই দেশেই প্রভুবল যথেচ্ছাচারী হইতে পারে। স্বাধীনতার উচ্ছেদেই যথেচ্চাচারিতার সম্ব। স্বাধীনতা হইতে যে যথেচ্ছাচারিতা প্রস্তুত হয়, তাহা নিজ দোষ সপ্রমাণ করাইয়া স্বাধীনতা হইতে কতদুর হেয়, তাহা প্রতিপন্ন করিয়া, স্বাধীনতারই সমাদর বর্দ্ধিত করিয়া দেয়।

বর্ত্তমান অদেশীয় সমাজে স্বাধীনতাভাবের কতদূর অভাব, তাহা আমরা প্রদর্শন করিতে চেষ্টা করিয়াছি; এক্ষণে তাহাতে স্বদেশামুরাগ ও স্বজাতিপ্রেম কতদুর বিদামান, তাহা একবার আলোচনা করিতে প্রবুত্ত হুইলাম। স্বদেশামুরাগ ও স্বজাতিপ্রেম মানব মনে স্বভাবতঃই স্ঞারিত হয়; স্বাধীনতার ক্র্রির সহিত সেই ভাবদ্বয়েরও ফুর্ত্তি-সাধন হয়; কিন্তু ভারতবর্ষে সেই ভাবদ্বর ক্রমশঃ কেমন লয় প্রাপ্ত হইয়াছে তাহা আমরা পূর্ম্বে কণঞ্চিৎ প্রদর্শন করিয়াছি। একণে নানাবিধ ভারতবাসিগণের মধ্যে সেই ভাবদ্বরের কেমন একান্ত অভাব হইয়াছে, তাহাই আমরা দেখাইতে চাহি। ভারতবর্ষ বাতীত অক্তান্ত প্রাচ্য দেশে ঘোর সামাজিক অধীনতা বিরাজিত থাকিলেও সেধানে স্বাভাবিক মদেশারুরাগ ও স্বজাতিপ্রেমের অভাব নাই। তাহার কারণ এই, সে সমস্ত জনপদবাসিগণ ভারতব্যীয়গণের লায় বিভিন্ন জাতিতে বিভক্ত ও বিচ্ছিন হইয়া পড়ে নাই। সকলেরই মধ্যে এক জাতীয়ভাব বিদ্যমান আছে। তাহাদিগের দেশ এক, ধর্ম এক, জাতি এক, পরিচ্ছদ এক, ভাষা এক, এবং সকলই এক রাজার অধীনত। (मर्टे जनभावामिशन मकरलप्टे এक छा- ऋष । তাহাদিগের মধ্যে পরস্পর স্বন্ধ ও মিলন-সূত্র বিচ্ছিন্ন नत्र। তাহাদিগের সদেশ कि, তাহার। সকলেই স্থানে। অনেকবার বিদেশীয় শত্রুর বিপক্ষে তাহারা স্থদেশের জন্ম অস্ত্র ধরিয়াছে: এবং তৎপরে ভবিষ্যৎ পরাজয় निवातवार्थ अरमभरक नाना वरण वशीयांन कवियार । यनि उ এক এক দেশের এক এক প্রকার সামাজিক অধীনতার জন্ত তাহাদিগের সভ্যতার উন্নতি হয় নাই; কিন্তু তাহাতে তাহাদিগের স্থদেশানুরাগ ও স্বজাতিপ্রেমের অধিক ব্লাস হয় নাই। তবে স্বাধীন ইয়োরোপীয় সমাজে য়েমন এই ছই ভাবের প্রকটন সর্বাদাই দেখা য়য়, উহাদিগের উদ্রেক ও সম্বর্জন-সাধনের কারণ য়েমন সর্বাদাই ঘটতেছে, এরূপ প্রাচ্য রাজ্যের অধীনক্ষেত্রে হইতে পারে না। মাহা হউক, ভারতবর্ষের নানাবিধ অধিবাসিগণের মধ্যে এই ছই ভাবের ক্ষেমন অভাব, তাহা এক্ষণে কপঞ্জিৎ পর্য্যালোচনা করা মাউক। এই পর্য্যালোচনার প্রবৃত্ত হইয়া আমরা জিজ্ঞাসা করিলাম,—ভারতবর্ষ কাহার দেশ।

এ কণার সহত্তর দেওয়া বা কঠিন ব্যাপার। বাঁহারা আজি ভারতের অধিপতি, সেই খেতাঙ্গ রাটণ জাতি কি ভারতকে আপনার বলিয়া স্বীকার করিবেন ? তাঁহারা আপনার বলিয়া স্বীকার করিবেন ? তাঁহারা আপনার বলিয়া স্বীকার করিলে ভারতের ভাগ্য একদিন ফিরিয়া য়ায়। তাঁহারা কেন দাসের দেশকে আপনার বলিবেন ? ঐ দেথ তাঁহারা গোরবে পূর্ণ হইয়া বলিতেছেন, ভারত কেন আমাদিগের হইবে, আমরা ভারতের হাজা, ভারত আমাদিগের বিজিত দেশ। আমরা ভারতেক যথাবিধ শাসন করিব, তাহাকে শিক্ষা দিব, তাহারে, সন্মার্গ দেখাইয়া দিব, এবং যতদ্র সাধা, তাহার উন্নতি-সাধন করিব। আমরা ভারতে প্রভুত্ব করিতে আদিয়াছি, বাণিজ্যার্থ আদিয়াছি, এবং আধুনিক সভ্যতার স্বর্থ স্বছ্বন্ডা ভারতে বিস্তার করিতে

আসিয়াছি। ভারত কেন আমাদিগের হইবে প ভাষতে বাস করিয়া কি আমরা উৎসর যাইব, বিলাসী হইব এবং আপনাদিগের স্বাধীন রাজ্য ত্যাগ করিয়া এথানকার একাধিপতোর বশবর্ত্তী হইব ? এরূপ কখন হুইবে না। আমাদিগের দেশ সেই স্থেময় স্বাধীনতার ধাম, যেগানে সকলই अष्ट्रिक, মনের আনন্দে বিচরণ করিয়া বেড়ায়। যেখানে বসন্ত ঋতু অগ্রে উদিত হইয়া দেশময় প্রস্থন নিকরে স্থশোভিত করেন। যেখানে প্রনদের পশ্চিম সমুদ্র হইতে সুশীতল হইয়া মুত্র মৃত্র শান্তি সঞ্চারণ ক্রিয়া বেড়ান। বেথানে স্বাধীনতা-দেবী স্বচ্ছদে বায়ুর মত সর্বতে বিচরণ করিয়া সকলকে সজীবতায়, উৎসাহে ও আনন্দে পূর্ণ করিতেছেন। যেখানে বাণিজ্য-পোত পতাকা বিস্তার করিয়া নানা দিক-দেশাৎ প্রভৃত धनतानि यानिया श्रष्ट श्रष्ट छालिया निर्छट । रायान সাম্ভ্রিক সেনা গৌরবের নিশান তুলিয়া সাগ্রময় রুটিশ वारकात जग्ररपाषणा कतिराहरून । राथारन द्राजमञ्जी ७ রাজনীতিজ্ঞেরা গম্ভীর ভাবে বসিয়া দেশের রাজকার্য্য প্র্যালোচনা ও পৃথিবীর ভাগা নির্ণয় করিতেছেন। যেখানে প্রতি দেশবাসী, প্রতি রমণীসদয় ৪ খদেশাসুরাগে পূর্ণ হইয়া দেশের মঙ্গল-সাধনে যথাসাধ্য যত্নীল ও উল্লোগী इटेट्डिफ्न। यथान উদ্যোগিতা, महिम, অধ্যবসায় ও সহিষ্ণৃতা একান্ত-পরিশ্রমে মানব-নামের গৌরব-বৃদ্ধি করিয়া পুরুষত্বের পরাকার্চা পুথিবীতে প্রদর্শন कतिराउएक । राथान स्थापन स्थापित स्था, रम स्वर्भन

কুরু পর্যন্ত দেশের ও গৃহের নিতান্ত অনুরাগী। বে
দেশ আমাদিগের দেশ, সে দেশ সাগরসন্ত ত রত্নমর বৃটিশদ্বীপ;—বে দ্বীপের মহারাজ্যে দিনদেব কথন অন্ত যান
না। আমরা সেই রত্নাকরের রত্ন-রাজ্যে জন্ম-পরিগ্রহ
করিয়া কেন অধমতম ভারতকে জননী ও স্বদেশ বলিতে
যাইব ? ভারত যদি আমাদিপের জননী হইতেন, তাহা
হইলে আজি ভারতের ভাগ্য কি এরূপ হয়! তাহা
হইলে আজি ভারতের দর্পে মেদিনী কম্পিত হইত,
ভারতের গৌরবে পৃথিবী পূর্ণ হইত, এবং ভারতের
মুক্টমণির উজ্জ্ল বিভার জগ্ত প্রভাসিত হইত।

আমাদিণের গৌরাঙ্গ প্রকৃদিণের এই কথা। আর
নাহারা এককালে আমাদিণের প্রভু ছিলেন, এখন নাহারা
ভারতের সর্ব্বত্তে অধিষ্ঠিত পাকিয়া পূর্ব্বকলঙ্ক স্বরূপ
জাজল্যমান রহিয়াছেন, দেই অগণ্য মুসলমানেরা কি
বলেন। তাঁহারা ত বহুকাল ভারতের অধিবাসী হইয়া
গিয়াছেন, তাহাতে তবু কি বলেন ? তাঁহারাও বলেন
ভারত কেন আমাদিণের হইবে ? আমরা নাহার বংশধর
তাহাদিণের নামে আজিও পৃথিবী কম্পিত হয় । আমরা
ভারতের বাদসাহের জাতি, নবাবের বংশ। দেখনি কি
এখনও আমাদিণের নবাবীচাল নায় নাই। আমরা বে
নবীব ও বাদসাহের দিংহাসনে বিদিয়া মনের সাধ
মিটাইয়া লইব। তোমরা, বাঙ্গালী, তোমরা দাদের
জাতি, তোমরা আমাদিণের সহিত্ব মিলিতে আস কেন ১

আজিও আমাদিগকে নবাব বলিয়া মান্ত কর। এ এ ভারত যে আমাদিগের এক কালের রাজ্য ছিল, এ ভারত আমাদিগের দেশ হইবে কেন? আমাদিগের দেশ তাতার, মঙ্গোলিয়া, পারক্ত ও মকা। আমাদিগের ভাষা দেশী ভাষা নহে, আমরা আরবী পড়ি, ফার্সী কণ্ঠস্থ রাখি, এবং ছাঁকা উর্দ্ধৃতে কথা কই। দেখনি কি আমাদিগের কথা বার্তায় এখনও সেই নবাবী ধরণ, নবাবী সেয়েস্তা, বোল চাল রহিয়াছে। মকা আমাদিগের তীর্থ স্থান, ভারত আমাদিগের কিছুই নহে। তুর্কেরা আমাদিগের স্বজাতি, এবং ভাহাদিগের অভ্যুদয়ের প্রতি আমরা অহরহঃ তাকাইয়া আছি। তোমরা হিন্দু আমাদিগের হইতে পৃথক্ থেক।

এই ত আমাদিগের পূর্ব্ব বাদসাহের কথা। দেখি যাহাদিগকে আমরা এদেশের আদিম অধিবাসী বলি, তাহারা কি বলে? সেই অসভ্য পাহাড়ীয়া ও বস্তু জাতিদিগের নিকট গিয়া জিজ্ঞাসা করাতে তাহারা বলিল, ভারত আবার কি ? ভারত আবার কোন্দেশ? তাহারা কথন ভারতের নাম মাত্র শ্রবণ করিয়াছে কি না সন্দেহ। তাহারা জানে, যে বনে আমরা বাঘ মারিয়া শিকার করিয়া স্থথ-স্বচ্ছন্দে বিচরণ করিয়া বেড়াই, ও এক এক বার এদিক ওদিক উঁকি মারিয়া দেখি কার কি আছে, সেই ঘনর্ক্ষাচ্ছাদিত, অস্থ্যমপশ্র, অরাতিবিদ্র, ছর্ভেদ্য ও নির্বিদ্ধ বস্থরাক্তা আমাদিগের স্থানেশ। তাহারা যেন কহিতেছে, তোমরা সে দেশকে যাই বলিয়া

ডাক্ত, আমরা তোমাদিগকে সে দেশের নাম পর্যান্তও জনাইব না, সে দেশের কোন বার্ত্তাও তোমাদিগকে দিব না। তোমরা কি জানিবে, আমাদিগের পার্বতীয় গহররের কত আদর-৫ তোমরা কি জানিবে, আমরা কেমন বীর জাতি ? আমরা সিংহ শাদি লের সহিত একত্রে বাস করি, স্থাে উপত্যকায় বিচরণ করিয়া বেডাই; পাবর্বতীয় প্রস্নরাশি আমাদিগের কামিনীর শিরোভূষণ হয়। বাহু জগতের সহিত **আমাদিগের স্লার্ক নাই। এই উপ**ত্যকা ভূমি নিৰ্ব্বিল্ন থাক, এই বনদেশ অকুৰ থাক, এই বাহতে বল থাক্, এই ধনুতে টফার-ধর্ম থাক্, এবং তৃণীরে তীর থাক, আমরা আর কিছুই हक न। আমরা পৃথিবীর अथ मन्भवित প্রামী নই, बैंडाতার স্থাভিলাষী নই, নরপতির তোষামোদ জানি না, আমরা তোমাদিগের দেশে গিয়া কি করিব। এথাইন আমাদিগের পর্বতের निर्बारत ও तुकाळानिक ननीटक निर्मान वाति चारह, वरन ও গহ্বরে অগণ্য শিকার আছে, বাছতে বল আছে, ভূমিতে ও বৃক্ষশিরে শ্যা আছে, আমরা তোমাদিগকে চাহি না, তোমাদিগের সহিত সম্পর্ক রাথিতে চাহি না, আমরা জঙ্গুলে, আমরা ধাঙ্গুড়, আমরা সব, আমাদিগের সহিত তোমাদিগের মিশিতে হইবে না। বথন ক্ষ্ণায় মরিব, ইংরাজগণের সঙ্গে জাহাজে চড়িয়া কোন দীপে সিয়া না হয় শরীর থাটাইয়া থাইব। তাহার জন্ত ভাবনা কি ? যদি কেহ জিজাসা করে ভোমরা কে ? বলিব আমরা জঙ্গুলে, তাহাদিগকে আমাদিগের দেশের

নাম পর্য্যন্তও বলিব না। ভারত **আবা**র কি, ভারত আবার কোন্দেশ ?

আর ঐ কিরিঙ্গি জাতি—যাহাদিগের পূর্ব্বপুরুষেরা অগ্রে পাশ্চাত্য, স্বদেশানুরাগী ইয়োরোপীয় জাতি বলিয়া গৌরব করিতেন.—তাহাদিগের বংশীয়গণ এক্ষণে ভারতের অধিবাদী হইয়া কি বলেন ? হায়, রজনী আসিলে কি পশ্চিম দেশে সূর্যা-গৌরবের কোন রশ্মি রেখা মাত্র থাকে না। কোন কোন ফিরিঙ্গির বাকাবাণ শুনিয়া আমরা স্কম্মিত হইয়া গিয়াছি। তাহারা বলে. কালা বাঙ্গালি, ফের যদি বলিবে ভারত আমাদিগের দেশ, একটী ঘুসিতে তোমাকে ভূমিদাৎ করিব। দেখনি কি, আমাদিগের জ্যাকেট আছে, পেণ্ট্রলন আছে, টুপী মাছে, আর আমাদিগের বিলাত আছে ? আমার জনক জননী যথন বিলাত হইতে আসে, আমি তথন সমুদ্রের মাঝে জাহাজের উপর জন্মগ্রহণ করি। আমি ইণ্ডিয়াতে জন্মি নাই; হাঁ, তবে সামার ছেলেপিলে এথানে জন্মিতেছে বটে; কিন্তু কি করি নাচার, আমি ভাহাদিগকে শীঘ বিলাতে পাঠাইয়া দিব। তুমি আমাকে এ দেশী বল না, আমি দাহেব লোক। জান, আনি আমার ধর্মবাপকে বলিয়া এখনি তোমার জন্দ করিতে পারি। জানিস আমি কিছু টাকা জমাইয়া কি আর এদেশে থাকিব। প্ৰেন্সন লইয়া বিলাত চলিয়া যাইব। কালা বাঙ্গালি, লিচ যাও। তোমনা হিন্দু, তোমনা চাকরের জাত। ছান, আমি সাহেব লোক। জন-স্থামার বাবার নাম।

আহ্বর মার নাম চুরী। তুমি এখন যাও, আমি জাহাজের কাপ্তেনের কাছে, দেশের কে কেমন আছে, খবর জানিতে যাইব। সাবধান, আর কখন জিজ্ঞাসা করিও না—তুমি কি ইণ্ডিয়ান ? ইণ্ডিয়ান বলিলে আমাদিগের লজ্জা ও মপমান হয়। ইউ ইণ্ডিয়ান ডগু, বি অফ্।

আর বঙ্গবাসি, তুমি যে এতদুর উচ্চ শিক্ষা পাইরাছ,
তোমার মূর্ত্তি ও রূপ দেথিয়া ভারত-জননী অবাক্ হইরা
গিয়াছেন। তুমি যথন শাকারের ক্ষীণ নাড়ীতে টই
টুম্ব করিয়া ব্রাণ্ডি ঢালিয়া ক্ষদ্র মূর্ত্তি ধারণ কর এবং
লেকচার দিতে দিতে গান ধরিশা উঠঃ—

"নেশাতে ঢুলু ঢুলু কতেছে নম্বন। কোথায় রহিল আমাল সে বিধুবদন॥"

বলিতে বলিতে টলিতে টলিতে গৃহে প্রবেশ কর, এবং তংপরে বাটীর মধ্য হইতে টীৎকারধ্বনি উঠে,—ভনিতে পাওয়া যায়, তোমার বৃদ্ধ মাতা মারের চোটে ধরাশায়িনী. নিরীহ ভার্যা ধরিতে গিয়া বিলক্ষণ ঘূসি থাইয়াছেন এবং শিশু সন্তানটী গলাটেপার দরুণ চীৎকার করিয়া কাঁদিতেছে। তোমার এই পশুবৎ ব্যবহারে ভারতজ্ঞননী নিতান্ত ভীত ও শক্ষিত হইয়াছেন। যাহার আত্মান্তান্ত ভীত ও শক্ষিত হইয়াছেন। যাহার আত্মান্তান্ত অনুরাগ হইবার সন্তাবনা আছে ? আর উনিকে, ঐ যে ট্যাসের মামা সাজিয়া চসমা নাকে প্রাতঃকালে বায়্-সেবন করিতে বহির্গত হইয়াছেন, উনি কি আমা-দিগের বিফর্মার ? উহাকে কি ভারত-জননী চিনিতে

পারিকেন ? কই উহাকে চিনিবার ত কোন চিহ্ন নাই। উহাকে গিয়া জিজাফা করাতে উনি বলিলেন, অগ্রে আপনার উন্নতি-সাধ্য কর, মতা হও, পরে বঙ্গসমাজের উন্নতি, পরে ভারতের কথা, যদি উন্নতির সোণানে উঠিতে চাও, ধর্মসাহসী হও, এবং পরিচ্ছদ পরিবর্ত্তন কর; বুদ্ধ ভারত জননীকে এক স্থট গাউন পরাও, তবে তিনি সভ্য সমাজে আদর্ণীর হুইবেন। আমার মত যথন তোমর। ধর্মনাহদী হইতে পারিবে, তথন তোমাদিগের উন্নতির পথ প্ৰিষ্কাৰ হুইয়া আদিৰে। আমি বিলাতে না যাইয়াও দেখ ক**ভ ধর্ম-সাহস খারণ ক**রি। **বাঁ**হারা বিলাতে গিয়াছেন, তাহায়া ত সাহেব সাজিবেনই, বেহেতু তাহা-দিগের জাত গিয়াছে। আমি বিলাতে না পিয়াও সাহেব। তোমরা সরিষার তৈক পরিত্যাগ কর, সাবান মাথ, পরিচ্ছদ পরিবর্ত্তন কর। অনেক দিন সাহেব হইয়াও আমার আঁতুড়ে তৈলের গন্ধ এখনও ঘুচিতেছে না, কিন্তু व्यत्नक शियारक, व्यात्र किक्रुमिन इटेरन मञ्जूमाय याटेरव। তোমরা কাছে আসিলেই আমি সরিষার তৈলের গন্ধ পাই। তোমরা এত পড়া শুনা কর কিসের জন্ত ? কবি গে তোমাদিপের মত জাতির জন্ম একটা সহপদেশ-পূর্ণ গল্প রচিয়াছেন ♦। কবি গের গল্প সমূহের কি মর্ম্মগ্রহ হয় নাই ৭ তবে তোমরা এখনও কেন বিলম্ব ক্রিতেছাঁ? শীঘ্র পরিচ্চদ পরিবর্ত্তন করিয়া ভারতের উন্নতির পথ

^{*} The Monkey who had seen the world.

প্রিক্ষার করিয়া দেও। আমাদিগের ভারত-সন্তান ও রিফর্মারের কথা শুনিয়া আমি অবাক হইয়া রহিলাম। পার্শে ভারত-জননী দাঁড়াইয়া কথা শুনিতেছিলেন, তিনিও अनिया क्रिनिक नीत्रव इहेया तहिरलन, शरत श्रविवीर्छ নিষ্ঠীবন পরিত্যাগ করিয়া কাঁদিতে কাঁদিতে সমুদ্রে জ্লমগ্র व्हेट शिलन।

বাঙ্গালী জাতির নিকট ভারত-জননী কি এই-আশা করিয়াছিলেন ? বাঙ্গালী জান্তির উচ্চ শিক্ষার কি এই পরিণাম হইল ? বাঙ্গালী জাতি কি কেবল বাক-পটু হইয়া থাকিলেন ? সেই জান্তির উচ্চ শিক্ষিত ছুই এক জন ভারত-সন্ধান বলিয়া কেঁচাইলেও ভারত-জননী তাহাকে কোলে করেন না; ংযেহেতু তিনি জানেন. দে রব তাঁহার হৃদয় হইতে উপিত হয় নাই। অতএব হে ক্লতবিদ্য বাঙ্গালি, তুমি কেন চেঁচাইয়া মর, আমি ভারত-সস্তান, ভারত-সন্তান। বঙ্গ কবি,তুমি ভারত-সন্তানের গীত গাইয়া কাহার হৃদয় উচ্চ করিতে চাও। ও ত তোমার স্বাভাবিক রব নহে। তুমি যেন পড়া পাথীর মত রব করিতেছ। কই উহাতে ত কাহারও মন ভিজে না. হৃদয় আর্দ্র হয় না। পাথীর স্বাভাবিক স্কুম্বর গীতের মত উহা ত হৃদয় মন মাতাইয়া তুলে না। কেবল পাখী কেশ্ব প্রভিতে শিথিয়াছে, এই দেখিয়া একট আনন্দ জন্মে মারে।

কৃত্বিদ্য জনকত বাঙ্গালী ছাডিয়া, সর্বসাধারণ বাঙ্গালী জাতিকে দেখ;—তাহারা কি বলেন আমরা

চারত-সভান ? তাহারা কুত্রিদাগণের নূত্র নূত্র কাৰ্য্য কলাপ দেখিয়া ও কথাবাৰ্ত্তা শুনিয়া আশ্চৰ্য্য হইমা গিয়াছেন। তাহারা চিরকালই ত বাঙ্গালার নাম লানিতেন। "ভারতবর্ষ" এখন তাহারা ছেলে পড়াইতে পড়াইতে ইংরাজী **অন্ত**্রাদ বা**ঙ্গালা** ভূগোলে দেথিয়াছেন। নহিলে পূর্ব্বে ইহার নামও গুনেন নাই। পূর্বে জানিতেন প্রথিবী ত্রিকোণ; এখন জানিলেন ভারত ত্রিকোণ, ঘতএব সিদ্ধান্ত করিয়াছেন, ভারত ত্রিলোণ-পৃথিৱী বিশেষ। তাহারা জানেন আমর। বাঙ্গালী জাতি: শনদার ভারতবর্ধের সহিত আমাদিগের সম্পর্ক কি⇒ 'দত্য আমরা জননী জন্ম ভূমিকে স্বর্গাদপি গরীয়দী তুলা নানি। কিন্তু সে জন্মভূমি ভারতবর্ষ নহে। আমা দিগেৰ জন্মভূমি কোন গ্ৰাম, পল্লী, অথবা পল্লীস্ত সেই কৃষ্টে প্রিদ্র স্থান মাত্র যেথানে আমর। ভূমিট ভইয়াছি। আমাদিগের উদাসীনেরা এক যুগের পর এক দিন আসিয়া জ্বাভূমি দেখিয়া বান, এবং মনে করেন তাহাতেই সতে তীর্থের পুণাসঞ্জ হইল।" আমরা শ্র নিড-জাল মালকে আপনার জ্ঞান করি। ধখন বিদেশে থাকি, বড জোর আমলা বলি, বঙ্গদেশ আমাদের দেশ, ভাষাতেও আবার প্রাপারত প্রবাদালাকে ছাড়িয় িট। করিণ, সে দেশ আমাদিগের বলিলে আম।-লিগের বাগ হয়: গালাগালি হয়। ভারতের অপরাপন ্দশবাদীকে আমর। কি সজাতীয় জ্ঞান করিও স্বজাতীয় ্জান কৰা দুৱে থাক, আমৰা জানিও ন। ভাইতেই কোঁথ্য

কোন জাতি বাস করে। ভারতের কোন জাতীয় ্লাককে বাঙ্গালায় নৃতন দেখিলে জ্ঞান হয়, তাহার। প্রবীর কোন দুর দেশস্থ লোক হইবে। একজন চীন কি মগ, কি মান্ত্রাজী, কি ফরাসী, কি পঞ্জাবী, কি ভটিয়া, কি মহারাষ্ট্রীয়, কি গুজরাটী, ইহাদিগের সকলকেই আমরা গমান চক্ষে দেখিয়া থাকি। কারণ, আমাদিগের প্রে इंडाता मकरलंड ममान विरामी। आमानिरगत (मन, ७क মামরা যেথানে বাস করি; তদ্যতীত আর সমুদায় বিদেশ, তৎপ্রতি আমাদিশের অথুমাত্র অন্তরাগ নাই কলিকাতা হইতে বাড়ী শাইবার সময় নিজ গ্রামের কুকুরটাও ছুটে আসিতে দেখিলে যত আনন্দ হয়, অপর ্রামের শিরোমণি মহাশয়কেও দেখিলে তত আনন্দ হয় না। বাঙ্গালীর ভারত, জাহার নিজ গ্রাম বা পল্লী. তাহার জন্মস্থান,—দ্বিপাদ মাত্র ভূমি-খণ্ড। তবে আমর। ভারত-সম্ভান, ভারত সম্ভান ৰলিয়া চেঁচাই কেন ? অগ্রে মন হইতে এই সমস্ত সন্ধীর্ণ ভাব বিদূরিত করি, স্বয়কে বিসারিত করিতে শিখি, অত্যে সকলকে ভালবাসিতে শিখি, সকলের জন্ম কাঁদিতে শিখি, তবে ত ভারতসন্তান विनाट (योगा इरेव। निहाल वोक्रांत विनालरे यथन চটিয়া উঠি, উড়েকে সম্বয় জ্ঞান করি না, তথন আমবং প্রানার ভারতসন্তান কি? সমগ্র ভারতের প্রতি কি আমাদিগের অনুরাণ আছে ? কণামাত্রও নহে। তবে ভারত কাহার গ

তবে ভারত কি ভারতবর্ষীয় সন্তান্ত জাতির ? এক

দিনের তরেও নহে। সে দিন মাত্র, সিপাহী-বিজ্রোচে, দিপাহীরা আমাদিগকে ইংরাজগণের সঙ্গে কুচি কুচি করিয়া কাটিয়াছে। তাহাদিগের কি জ্ঞান ছিল, বাঙ্গালী তাহাদিগের স্থদেশীয় ও স্বজাতি। কি পশ্চিমাঞ্চলে, কি বোদাইয়ে, কি ্কাৰে, কি মাল্রাজে, কি উভিয়ায়, ভারতের সর্বতেই একই ভাব। আমরাও যেমন বোষাই বাদীকে ভাবি, বোশাইবাদীও আমাদিগকে ঠিক তজ্ঞ ভাবে। তাহার অণুমাত্র প্রভেদ নাই। পঞাবীরা জ্ঞান করে, তাহাদিগের দেশ লাহোর। উডেরা জানে তাহা দিগের দেশ উড়িষা। মান্দ্রাজবাদীর সহিত বোধাই বাদীর কোন সম্পর্ক নাই। তজ্ঞপ মহারাষ্ট্রীয়ের সহিত ওজরাটীর; এবং গুজরাটীর সহিত তৈলঙ্গীর। পার্সীরাৎ জানে তাহাদিগের দেশ ভারতবর্ষ নহে; তাহান: বিদেশী। তাহারা যথন ভারতভূমিতে উপনিবেশী হয়. তথন গেমন আপনাদিগকে বিদেশী জ্ঞান করিত , এখন ও ঠিক তেমনিই কবে। তাহার। আজিও সমান বিদেশী ভইয়া আছে.—চিরকাল পাকিবে। আমরা আজিও, এত অধঃপতনের পরও যথন আপনাদিগকে আর্ঘাবংশীয ভাবিতেছি, আর ধাঙ্গড়, ভীল, কুকী জাতিকে আমা দিগের বিজিত জাতি ভাবিয়া স্থ দেখিতেছি, আমর্ ন্মার্য্য আর্য্য বলিয়া যথন গোর রব তুলিয়াছি, তথ্রন যে লাসীরা ভাবিবে, ভারত মামাদিগের নয়, ইহা আৰ বিচিত্ৰ কি গ

ভারত কোন কালেই কোন এক নির্দিষ্ট জাতির চয

নাই। ভারতকে কোন কালেই কেহ আপনার বলিয়া জ্ঞান করে নাই। ভারত চিরকাল বিভিন্ন দেশ, ও বিভিন্ন রাজ্যে বিভক্ত ছিল। এই সকল দেশ ও রাজ্য একেবারে নিঃসম্পর্কীয় ছিল। রামায়ণ দেখ, মহাভারত দেল, হিন্দুদিলের পূর্ব গ্রন্থাদি বিলোড়ন কর, দেখিতে াইবে, ভারত চিরকাল ক্ষুদ্র ক্ষুদ্রাজ্যে বিভক্ত ছিল। এই সমস্ত কুদ্র কুদ্র রাজ্য প্রায় সমান প্রতাপশালী ও হীনবল ছিল। কোন রাজা ক**খ**ন একটু বলবান হইয়া উঠিয়াছেন অমনি দিওজয়ে বি€গত হইয়াছেন। এক জন তাহার বাহুবলে প্রাস্ত হইলে স্কুলেই তাহার পরাভব স্বীকার করিয়াছে। কর্ত্রণ, সকলেই প্রায় সমান বলবান। দিথিজয়ী নরপাল क्रींट्र ফিরিয়া আসিয়াই ভাবিলেন, আমার সমুদায় ক্রীব্য শেষ হইল, আনি এখন অদিতীয় নরপাল হইলাম, আমার গৌরবের শেষ নাই। অমনি অশ্বনেধ যক্ত হইল। অশ্ব নিবিরোধেও যক্তে ক্রিয়া আদিল। আর তাংগ্র জ্বের দীমা কি ! সমস্ত ভূপালগণ তাহার করতলত্ব। তথ্য তিনি কাহার ও সহিত সন্ধিবদ্ধ করিলেন। কাহারও রাজ্য কাডিয়া পরকে দিলেন; তিনি আপনার মানে আপনি মনে মনে कृतिशा तिःशात्रा विभिन्न विश्वा विश्वास्त । किन्न तम विश्वास ল্ম 🚣 ত্নি পুর্বেও যেমন, এখনও তেমনি নিছ দেশের নুপতি মাত্র। ছুই দিন না যাইতে যাইতে আবার স্কলি নুতন হটর। গিরাছে, স্কলই পূর্মাবস্থ হট্যাছে। তাহাত উত্তরাধিকারী দেখেন, কোন রাজাই তাহার বশবর্ত

নহে। অশ্বনেধের বোড়া যতদ্র বেড়িয়া ফিরিয়া আসিঁতি পারে, ততদ্র জয় করিয়া দিখিজয়ী মনে করিয়াছিলেন, আমি সদাগরা পৃথিবীর অধীশর হইয়াছি। তাহার সদাগরা পৃথিবী সেই অশ্বের ভ্রমণ-দেশ পর্যান্ত, আর তাহার অধীশ্বর সেই যজ্ঞ পর্যান্ত। কেহ কথন জানেন নাই, ভারত আমার রাজা, আমি ভারতের একাধীশ্বর।

মুদলমান রাজত্বের সময়েও ভারতে সকলেই স্ব-স্থ প্রধান। ভারত অসংখ্য ক্ষুদ্র কুদ্র নবাবীতে ও রাজত্বে বিভক্ত। তথন সকলেই আপন আপন দেশের অধিস্বামী। এই অধিস্বামীগণের রাজ্য ব্যতীত সকল দেশেই গগুগোল, গোলবোগ, বিদেশ, বীরভূমি। সেথানে যাইবার যো নাই, থাকিবার যো নাই। আপনি যে স্থানে আছি সেই পর্য্যন্ত আপনার। সমুদার ভারতকে আপনার ভাবা দূরে থাক, কেহ কথন সমুদার ভারতকে স্বপ্রেও দেগে নাই।

ভারত চিরকাল এইরপ নিঃসম্পর্কীয় আছে।
ভারতকে কেহ কপন আপনার বলিয়া জানে নাই।
ভারত-সন্তানগণ আপনার জননীকে কপন চিনিতে
পারেন নাই। দশজনের জননী হইয়াও যদি তাহার।
চননী বলিয়া চিনিতে পারিত তবুও কিয়ৎ পরিমাণে
ভাঁহার ছঃখ-মোচন হইত। কিন্তু যথন তিনি চিরকীলই
অপরিচিত ছিলেন, তপন তাঁহার প্রতি সন্তানগণের
অফুরাগের আর সন্তাবনা কি
থ সেই জন্ম ভারতের এই
ছর্দণা, ভারত প্রকীয় হক্তে পতিত হইয়াছেন। ভারত

প্রথম বন্দিনী, এখন খারের দাসী। তব্ এখনও ভারত সন্তানগণের মোহতক হর নাই; এখনও তাঁহাকে চিনিতে পারে নাই। হার, ভারতের ভাগ্য কি শোচনীয়! ধিক ভারত-সন্তানের অকুরাগ!

স্বাভাবিক স্বদেশাস্থরাগ ও স্বন্ধাতি-প্রেম ভারত इटेट अदक्वादा चमुना इटेग्नाइ। कि कि कातरा अक्रम ঘটিয়াছে, তাহা আমরা প্রথম চিন্তার কথঞিৎ পর্যালোচনা করিয়াছি। যে যে কারণে ঘটুক, সে কারণ-নির্ণায়ক প্রস্তাবের এক্ষৰে আবশ্যক হইতেছে না। সে কারণ সমুদার আমরা নির্ণয় ক্রিডে পারি, আর নাই পারি, তাহাতে আমাদিগের ककिनाङ নাই। আমাদিগের অভাব বাহা আমরা ছেখিতে পাইরাছি; তাহাই যথেই। একণে সেই অভাবের বাছাতে বিমোচন হয়, তাহাই করা কর্ত্তব্য। যাহাতে স্বলেশ মধ্যে এই ছই অনুবাগের বীজ রোপিত হয়, এবং তাহার অন্ধুরোৎপত্তি হইয়া সেই ্ৰস্থুৱাগ যাহাতে শনৈঃ শনৈঃ প্ৰবন্ধিত হইতে থাকে, তাহাই করা এক্ষণে একান্ত কর্ত্তবা হইমা পডিয়াছে। ইয়োরোপীর সমাজে এই অসুরাগন্বর কত প্রবল, তাহা আমরা প্রথম চিন্তার প্রেমর্শন করিয়াছি। তজ্জনা ইয়োবোপীর রাজ্য সমুদার এখন অটল ভিত্তিতে স্থাপিত, ইংগ্রাবোপীর সমাজের এখন দিন দিন উন্নতি, এবং ইরোরোপীয় দেশ সমূহ স্থ-সমৃদ্ধিতে পরিপূর্ণ। এদেশে স্বাধীনভার সহিতই ঐ হুই সদম্বাপের বীজ বপন করা একান্ত আবশাক হটবাছে। यहि আমরা কোন সবল

ভিত্তির উপর সমাজকে স্থাপিত করিতে চাই, ফদি
সামাজিক ও বদেশীয় এবিদ্ধিসাধন আমাদিগের লক্ষ্য হয়,
যদি স্থ-সমৃদ্ধি আমাদিগের স্পৃহনীয় হয়, এবং সর্কবিধ
উরতি ও মঙ্গল যদি আমাদিগের প্রার্থনীয় হইয়া থাকে,
তবে গুদ্ধ স্বাধীনতার বীজ বপন করিয়া আমরা ক্ষান্ত
থাকিব না; তাহাব সহিত স্বদেশান্ত্রাগ ও স্ক্রাতিপ্রেমের
ও গাহাতে বৃদ্ধি হয় তৎপক্ষেও যদ্ধীল হইব।

যদি কেহ এমত কণা বলেন যে, ঐ তুই অফুরাগ ত প্রাচীন গ্রীশ ও রোমে বিলক্ষণ প্রবল ছিল, তবে সেই ছই রাজ্যের ধ্বংস হইল কেন ? এতছন্তরে আমরা এই মাত্র বলিতে চাই যে, যেখানে স্বাধীনতার স্থলে খোর সামাজিক অধীনতা ও তৎসক্ষে এক জাতির অসীম ক্ষমতা ও প্রভুত্ব ঘটে, সে সমাজের ক্রমশঃ অবনতি ঘটিয়া আইদে। প্রাচীন গ্রীশ ও রোমের ধ্বংসের কারণ আমরা পূর্বেই পর্য্যালোচনা করিয়াছি। সামাজিক অধীনতাতে দেশকে হুর্বল করিয়া আনে, লোকের ক্ষুর্ত্তি তিরোহিত হয়, স্বতরাং দেই অমুরাগেরও ক্রমশঃ ব্রাস হইয়া যায়। অধীনতার নিপীড়নে লোকে জর্জারিত হইয়া সকল সদ্যু-রাগকে বিসর্জন দেয়। যে সমস্ত দেশে লোকের স্বাধীনতা नाहे, क्वत अधीनलाहे अवन, तम ममछ तम अक तोल-বীয় বল ও কথঞ্চিৎ সদেশামুরাগ এবং সন্ধাতিকপ্রমি বৃক্তিত হইয়া থাকে। যখন এই রাম্বকীয় বল বিদেশীয় শক্রবলের নিকট পরাভৃত হয়, তথন তাহা স্থতরাং বিদেশীয় রাজার অধীনস্থ হইয়া পড়ে। প্রাচীন গ্রীশ ও

রেরমের এই অবস্থা ঘটিরাছিল। ভারতের এক্ষণে এই অবস্থা। এদিরার অস্থান্য রাজ্যে রাজ্কীয় বল প্রবল থাকাতে, দে সমস্ত রাজ্য আজি ও দণ্ডায়মান আছে।

তবে একণে প্রতিপন হইতেছে, স্বাধীনতার ক্রি-সাধন করিলেই দেশের বলোপচয় হয়। আধুনিক ইয়ো-রোপীয় সমাজ ইহার দৃষ্টান্ত। ইয়োরোপের এক্ষণে যে যে দেশে এই স্বাধীনতার ভাব যে পরিমাণে বিরাজিত ও রক্ষিত, সেই সেই দেশে লোকের বলবীর্য্যের ক্ষুর্ত্তির সহিত তাহার উন্নতি ও বলাধানও সেই পরিমাণে জ্মিয়াছে। ইয়োরোপীয় কশে এক্ষণে ক্লাজকীয় প্রভুতার সহিত সামাজিক স্বাধীনতার বিঘর্ষ উশস্থিত হইয়াছে। তাহার পরিণাম ভবিষাতের হতে। কিন্তু ইয়োরোপীয় অন্যান্য সমাজে স্বাধীনতার ভিত্তি অত্যন্ত প্রবল। কি ব্যক্তিগত সাধীনতা, কি পারিবারিক স্বাধীনতা, কি সামাজিক প্রাধীনতা, কি রাজনৈতিক স্বাধীনতা, সর্ববিধ স্বাধীনতার পূৰ্পন হইয়া এক্ষণে ইয়োরোপীয় সমাজ জুর্দমনীয়ভাবে উন্নত ও প্রতাপশালী হইয়া উঠিতেছে। ফরাশী-বিদ্রোহের বৃহ্ৎ সামান্ত্ৰিক বিপ্লবের কাল হইতে ইয়োরোপীয় সমাজে অজেয় মানসভূর্ণ মধ্যে স্বাধীনতা স্থাপিত হইয়াছে ;—যে ওর্গের চারিদিকে স্বদেশাসুরাগ ও স্বজাতিপ্রেমের অলজ্য প্রাচীর বেষ্টিত রহিয়াছে।

এই আদর্শ আমরা পুস্তকের প্রারম্ভেই প্রদান করিয়াছি। তৎপরে আমরা প্রদর্শন করিয়াছি দে, যে বলে ইয়োরোপীয় সমাজ এত, বলবান, যে কারণে

ইয়োরোপীয় স্মাজের এত উন্নতি, সেই স্বাধীনতাৰ্ক্সপ মহারত্ব ভারতব্যীয় সমাজে একান্ত চুর্লভ। আমরা ভারতীয় সমাজের স্তর স্তর বিশ্লেষণ করিয়া দেথিয়াছি, তাহার কোন থানে অণুমাত্র স্বাধীনতার ভাব •বিদ্যমান দেখি নাই। দেশীয় আচার-বাবহারে এবং সমাজ্ঞ সাধারণ জনগণের মনে কেবল অধীনতার ভাবই বিদামান। এই সমস্ত আচার-ব্যবহার অভাত কারণে শুভ বলিয়া গণনীয় হইতে পারে, কিন্তু সে চক্ষে তাহাদিগের প্রতি আমরা দৃষ্টিপাত করি নাই। আমরা শুদ্ধ স্বাধীনতার ভাবে তাহা-দিগকে প্রীক্ষা ক্রিয়াছি, এবং এই ভাবের অভাব দেখিয়া আনুৱা তাহাদিগকে দূষিত বলিয়া কলস্কিত করিয়াছি। অভ তুলে হয় ত তাহাদিগের মূল্য সমধিক দাড়াইতে शास्ता किन्न धर्मन कथा धरे, आमानित्वत वर्डमान अवस्रात কোন তুলে তাহাদিগকে পরিমাণ করা উচিত। কোন বিবেচনা এফণে স্লিপেকা তেষ্ঠি । এফণে যদি সামাণি ই মহল ও স্বদেশীর হিত্যাধন আনাদিগের প্রার্থনীয় হইয়া। থাকে, তবে অব্ভাস্বীকার করিতে ২ইবে, আমাদিগের পরিমাণই এইণীয়। এই পরিমাণে একণে আমরা স্নাজের ভিত্তিমূল পরীক্ষা করিয়া দেখিব; এবং এই ভিত্তিমূল যদি দূষণীয় হয়, সমাজকে ত**বে খতন্ত্র ভিত্তিতে স্থা**পিত করিব। সেই ভিত্তির আদর্শ ইয়োরোপ দিয়াছে। ইয়োরোপের যাহা সর্কোৎকৃষ্টধন, তাহা আমাদিণের গ্রহণ করা উচিত। त्मे जानमी, तमहे महाई मन्नि जिल्ला सी निर्णात अमृता রত।



